# স্থানীয় সরকার বিভাগের আওতায় ২০১৪-১৫ অর্থ বছরে এডিপিভুক্ত সমাপ্ত প্রকল্পের মূল্যায়ন প্রতিবেদনের ওপর সার-সংক্ষেপ

| ক্রমিক নং | মন্ত্রণালয়/ বিভাগের নাম | মোট সমাপ্ত প্রকল্পের সংখ্যা | সমাপ্ত প্রকল্পের ধরণ | | | মূল সময় ও ব্যয়ের তুলনায় | | | | |
|---|---|---|---|---|---|---|---|---|---|---|
| | | | বিনিয়োগ প্রকল্পের সংখ্যা | কারিগরি সহায়তা প্রকল্পের সংখ্যা | জেডিসিএফ ভুক্ত প্রকল্পের সংখ্যা | সময় ও ব্যয় উভয়ই অতিক্রান্ত প্রকল্পের সংখ্যা | সময় অতিক্রান্ত প্রকল্পের সংখ্যা | সময় অতিক্রান্ত শতকরা হার (%) সর্বনিম্ন সর্বোচ্চ | ব্যয় অতিক্রান্ত প্রকল্পের সংখ্যা | ব্যয় অতিক্রান্তের শতকরা হার (%) সর্ব নিম্ন-সর্বোচ্চ |
| ১ | ২ | ৩ | ৪ | ৫ | ৬ | ৭ | ৮ | ৯ | ১০ | ১১ |
| ১ | স্থানীয় সরকার বিভাগ | ২৮টি | 2৭টি | ১টি | - | 15 টি | 25 টি | 7.75 % - 266.67 % | 16টি | 3.36% 4.73% |

১। সমাপ্ত প্রকল্পের সংখ্যা: ২৮

২। সমাপ্ত প্রকল্পের ব্যয় ও মেয়াদ বৃদ্ধির কারণ:

পরিকল্পনা অনুযায়ী নির্ধারিত সময়ে ঠিকাদার নিয়োগ প্রক্রিয়া সম্পন্ন না করা, ক্রয় কার্যক্রম নির্ধারিত সময়ে সম্পন্ন করতে না পারা, প্রকল্প বাস্তবায়নে বাস্তবায়নকারী সংস্থার প্রাতিষ্ঠানিক সক্ষমতার অভাব, প্রকল্পের কোন অঙ্গের ডিজাইন পরিবর্তন, পূর্ণাঙ্গ ফিজিবিলিটি স্টাডি ছাড়া প্রকল্প গ্রহণ ও বাস্তবায়ন, নতুন স্কীম সংযোজন/বিয়োজন ইত্যাদি।

৩। সমাপ্তকৃত প্রকল্প বাস্তবায়নের ক্ষেত্রে প্রধান প্রধান সমস্যা ও সুপারিশ:

| | সমস্যা | | সুপারিশ |
|---|---|---|---|
| ৩.১ | জমি অধিগ্রহণ, সরকারি অন্য সংস্থার জমি প্রাপ্তি, অবৈধ দখলদারদের উচ্ছেদ ও আদালতে মামলার কারণে প্রকল্প বাস্তবায়নে বিলম্ব হয়; | ৩.১ | প্রকল্প বাস্তবায়নে বিলম্ব কমিয়ে আনার লক্ষ্যে সরকারি সংস্থার জমি গ্রহণ, অবৈধ দখলদারদের উচ্ছেদ ইত্যাদি কার্যক্রম ডিপিপি প্রণয়ণকালে গ্রহণ করতে হবে; |
| ৩.২ | অনুমোদিত বাস্তবায়নকাল অনুযায়ী প্রকল্প সমাপ্ত করতে না পারা; | ৩.২ | সঠিকভাবে সময় নিরুপন করে প্রকল্পের মেয়াদ নির্ধারণ ও যথাসময়ে বাস্তবায়নের ব্যবস্থা করতে হবে; |
| ৩.৩ | মেয়াদ ও ব্যয় বৃদ্ধির প্রবণতা; | ৩.৩ | অনেক প্রকল্পে মেয়াদ ও ব্যয়বৃদ্ধির প্রবণতা এবং সমাপ্তির জন্য নির্ধারিত বছরে সংশোধন করার প্রবণতা পরিহার করার জন্য সঠিকভাবে ফিজিবিলিটি স্টাডি ও এপ্রাইজাল করে প্রকল্প পরিকল্পনা ও বাস্তবায়নের উদ্যোগ নিতে হবে; |
| ৩.৪ | বাস্তবভিত্তিক কর্মপরিকল্পনার অভাব; | ৩.৪ | বাস্তবভিত্তিক কর্মপরিকল্পনা প্রণয়ন করে প্রকল্প বাস্তবায়ন করতে হবে; |
| ৩.৫ | ঘন ঘন প্রকল্প পরিচালক পরিবর্তন; | ৩.৫ | প্রতিটি প্রকল্পের বিপরীতে একজন পূর্ণকালীন প্রকল্প পরিচালক নিয়োগ করতে হবে এবং প্রকল্প সমাপ্ত না হওয়া পর্যন্ত যথাসম্ভব প্রকল্প পরিচালককে বদলী করা যাবেনা; |
| ৩.৬ | প্রকল্প প্রণয়নের সময় পরিপার্শ্বিক বিষয়াদি বিবেচনায় না আনা; | ৩.৬ | প্রকল্প প্রণয়নের সময় শুধুমাত্র বিদ্যমান রাস্তা/হাটবাজারের উন্নয়নের বিষয় চিন্তা না করে অন্যান্য পরিপার্শ্বিক বিষয়াদি যেমন উপজেলা/ইউনিয়ন/গ্রোথ সেন্টারগুলোর মধ্যে যথাযথ সংযোগ সাধনে বাধা চিহ্নিতকরণ ও সমাধানের পরিকল্পনা, স্থাপিত/নির্মিত অবকাঠামোর ক্ষতি না হওয়া এবং তা হতে অব্যাহত সুফল পাওয়া সর্বোপরি পরিবেশের উপর বিরুপ প্রভাব |

| | সমস্যা | | সুপারিশ |
|---|---|---|---|
| | | | যাতে না পড়ে ইত্যাদি বিষয় বিবেচনা করে প্রকল্প পরিকল্পনা করা প্রয়োজন; |
| ৩.৭ | প্রকল্প বাস্তবায়নে বাস্তবায়নকারী সংস্থাসমূহের প্রাতিষ্ঠানিক সক্ষমতার প্রয়োজনীয়তা রয়েছে; | ৩.৭ | বাস্তবায়নকারী সংস্থাসমূহের জনবল বৃদ্ধি ও প্রয়োজনীয় প্রশিক্ষণসহ বিভিন্ন উদ্যোগ গ্রহণ করে সক্ষমতা বাড়াতে হবে; |
| ৩.৮ | নির্মিত অবকাঠামোর সৃষ্ট নাগরিক সুবিধা টেকসই করার জন্য এগুলো সংরক্ষণ করা প্রয়োজন; | ৩.৮ | নির্মিত অবকাঠামোর সৃষ্ট নাগরিক সুবিধা টেকসই করার লক্ষ্যে এগুলো সংরক্ষণ করার জন্য সংশ্লিষ্ট সংস্থাকে প্রয়োজনীয় উদ্যোগ গ্রহণ করতে হবে; |
| ৩.৯ | বিভিন্ন সংস্থার সমন্বয়হীনতার অভাব। | ৩.৯ | প্রকল্প বাস্তবায়নের সাথে সংশ্লিষ্ট সকল সংস্থাকে সমন্বয়ের মাধ্যমে প্রকল্প গ্রহণের প্রয়োজনীয় উদ্যোগ গ্রহণ করতে হবে। |

## “ঢাকা উত্তর সিটি কর্পোরেশন এলাকায় বেড়ীবাঁধ থেকে মোহাম্মদপুর বাসষ্ট্যান্ড পর্যন্ত সংযোগ সড়ক নির্মাণ প্রকল্প (১ম সংশোধন)” শীর্ষক প্রকল্পের সমাপ্ত মূল্যায়ন প্রতিবেদন।

**(সমাপ্ত: জুন ২০১৫)**

**১। প্রশাসনিক মন্ত্রণালয়/বিভাগ** : স্থানীয় সরকার বিভাগ, স্থানীয় সরকার, পল্লী উন্নয়ন ও সমবায় মন্ত্রণালয়।

**২। বাস্তবায়নকারী সংস্থা** : ঢাকা উত্তর সিটি কর্পোরেশন (DNCC) ও বাংলাদেশ সেনাবাহিনী।

**৩। প্রকল্পের বাস্তবায়ন সময় ও ব্যয় :**

(লক্ষ টাকায়)

| প্রাক্কলিত ব্যয় | | প্রকৃত ব্যয় | পরিকল্পিত বাস্তবায়নকাল | | প্রকৃত বাস্তবায়নকাল | অতিক্রান্ত ব্যয় (মূল ডিপিপি’র চেয়ে %) | অতিক্রান্ত সময় (মূল ডিপিপি’র চেয়ে %) |
|---|---|---|---|---|---|---|---|
| মূল | সর্বশেষ সংশোধিত | | মূল | সর্বশেষ সংশোধিত | | | |
| ১ | ২ | ৩ | ৪ | ৫ | ৬ | ৭ | ৮ |
| ৫১৩০.২৯ (জিওবি-৪৬১৭.২৭ ডিএনসিসি-৫১৩.০২) | ৫৫২২.০৫ (জিওবি-৪৯৬৯.৮৫ ডিএনসিসি-৫৫২.২০) | ৫৫১২.০ | জানু: ২০১২ হতে ডিসে: ২০১৩ | জানু: ২০১২ হতে ডিসে: ২০১৪ | জানু: ২০১২ হতে জুন ২০১৫ | ৩৮১.৭৬ (৭.৪৪%) | ১ বছর ৬ মাস (৭৫%) |

**৪। প্রকল্পের পটভূমি :**

ঢাকা শহরের জনসংখ্যা যে হারে বেড়ে চলেছে সে অনুপাতে রাস্তার পরিমাণ/সংখ্যা বৃদ্ধি পাচ্ছে না। একটা আধুনিক শহরে রাস্তার পরিমাণ মোট আয়তনের ২৫% থাকা আবশ্যক হলেও ঢাকা শহরে তা মাত্র ৭%। কাজেই প্রয়োজনে নতুন রাস্তা নির্মাণ এবং পুরাতন রাস্তাগুলো সংস্কার হওয়া জরুরি। বুড়িগঙ্গা নদীর উপরে বেড়ীবাঁধ সংলগ্ন নির্মিত শহীদ বুদ্ধিজীবী সেতু (৩য় বুড়িগঙ্গা সেতু) উদ্বোধনের ফলে ঢাকা মহানগর সম্প্রসারণের সুযোগ সৃষ্টি হওয়ায় রায়ের বাজার, জিগাতলা, ধানমন্ডি ও মোহাম্মদপুর এলাকায় জনসংখ্যা ও যানবাহনের চাপ কিছুটা হলেও হ্রাস পাবে। কিন্তু উক্ত সেতুতে যাতায়াতের জন্য পর্যাপ্ত এবং প্রশস্ত রাস্তার অভাব রয়েছে। এ সংযোগ সড়কটি এক্ষেত্রে সহায়ক ভূমিকা রাখবে। এছাড়া এ সড়কটি বেড়ীবাঁধ হয়ে গাবতলী এবং সাভারের পথে আমিন বাজারের সঙ্গেও যোগাযোগ রক্ষার ক্ষেত্রে সংযোগ সড়ক হিসাবে ব্যবহৃত হবে। এ বিবেচনায় ‘বেড়ীবাঁধ থেকে মোহাম্মদপুর বাসষ্ট্যান্ড পর্যন্ত সংযোগ সড়ক নির্মাণ’-শীর্ষক প্রকল্প বাস্তবায়নের জন্য গত ০৩/০১/২০১২খ্রি: তারিখে একনেক কর্তৃক অনুমোদিত হয়। উল্লেখ্য, এ প্রকল্পটি ঢাকা ট্রান্সপোর্ট কো-অর্ডিনেশন বোর্ড (DTCB) প্রণীত Stratagic Transport Plan (STP)-এর অন্তর্ভুক্ত একটা অগ্রাধিকার প্রকল্প।

**৫। প্রকল্পের উদ্দেশ্য :** প্রকল্পের উদ্দেশ্য হলো-

(১) প্রকল্প এলাকায় আর্থ-সামাজিক অবস্থার উন্নয়ন;

(২) সড়ক যোগাযোগ ব্যবস্থার উন্নয়ন;

(৩) যানবাহন চলাচল ব্যবস্থার উন্নতি ও শহরে ট্রাফিক জ্যাম কমানো; এবং

(৪) পথচারীদের চলাচলে সুবিধা প্রদান।

**৬। প্রকল্পের প্রধান কার্যসমূহ :** প্রকল্পের প্রধান কার্যসমূহ হলো-

| | **পরিমাণ** |
|---|---|
| ▪ Land acquisition | ১.৬২৮৭ একর |
| ▪ Land development with Mechanical Compaction | ২৩৪৮৯ কিউবিক মি: |
| ▪ Protective work | ০.২৫১ কি:মি: |
| ▪ Construction of flexible pavement | ০.৫৪৮ কি:মি: |
| ▪ Construction of Box Culvert | ৭৪.০০ মিটার |
| ▪ Construction of Median | ০.৫২১ কি:মি: |
| ▪ Construction of Footpath with duct & drain | ১.১৬১ কি:মি: |
| ▪ Installation of traffic sign | ০৬টি |
| ▪ Road Marking | ৪.০৫ কি:মি: |
| ▪ Electrification work (pole) (Shifting & installation of DPDC Pole & Street light | ৪৬টি |

**৭। প্রকল্পের অঙ্গভিত্তিক বাস্তবায়ন :** স্থানীয় সরকার বিভাগ প্রেরিত পিসিআর অনুসারে প্রকল্পের অঙ্গভিত্তিক কার্যক্রম বাস্তবায়ন সংক্রান্ত তথ্য নিম্নরূপ-

**(লক্ষ টাকায়)**

| ক্রঃ নং | অনুমোদিত সংশোধিত ডিপিপি অনুযায়ী কাজের অঙ্গ | একক | অনুমোদিত সংশোধিত ডিপিপি অনুযায়ী লক্ষ্যমাত্রা | | প্রকৃত বাস্তবায়ন |
|---|---|---|---|---|---|
| | | | বাস্তব | আর্থিক | আর্থিক |
| ১ | ২ | ৩ | ৪ | ৫ | ৬ |
| **A. Revenue Component** | | | | | |
| | (1) Advertisement | L.S | L.S | 0.50 | 0.50 |
| | (2) Consultancy Service and Allowances | L.S | L.S | 40.00 | 40.00 |
| | (3) Survey work | L.S | L.S | 1.00 | 1.00 |
| | (3) Soil Investgation | L.S | L.S | 1.00 | 1.00 |
| | **Sub-Total (A)** | | | **42.50** | **42.50** |
| **B. Capital Component** | | | | | |
| | (1) Land acquisition & Compensation of Existing Structure | Acre | 1.6287 | **3476.57** | **3476.57** |
| | (b) **Sub-Total (B)** | | | **3476.57** | **3476.57** |
| | **C. Capital Component** | | | | |
| | (1) Land development with Mechanical Compaction | cum | 23489.0 | 196.47 | 196.47 |
| | (2) Protective work | km | 0.251 | 228.37 | 228.37 |
| | (3) Construction of new flexible pavement | km | 0.548 | 639.42 | 639.42 |
| | (4) Box Culvert | m | 74 | 390.20 | 390.20 |
| | (5) Central Reservation (Median) | km | 0.521 | 49.31 | 49.31 |
| | (6) Footpath with duct & drain | km | 1.161 | 266.91 | 266.91 |
| | (7) Traffic Signal | Nos | 02 | 78.00 | 78.00 |
| | (8) Installation of traffic sign | Nos | 6.00 | 2.00 | 2.00 |
| | (9) Road Marking | Km | 4.05 | 6.19 | 6.19 |

| ক্রঃ নং | অনুমোদিত সংশোধিত ডিপিপি অনুযায়ী কাজের অঙ্গ | একক | অনুমোদিত সংশোধিত ডিপিপি অনুযায়ী লক্ষ্যমাত্রা | | প্রকৃত বাস্তবায়ন |
|---|---|---|---|---|---|
| | | | বাস্তব | আর্থিক | আর্থিক |
| ১ | ২ | ৩ | ৪ | ৫ | ৬ |
| | (10) Electrification work (pole) (Shifting & installation of DPDC Pole & Street light | Nos | 46 | 143.71 | 143.71 |
| | **Sub-total (C)** | | -- | **2000.58** | **2000.58** |
| | **(A+B+C) Total** | | -- | **5519.65** | **5519.65** |
| | (-) Salvage value of materials (as per market value) | (-) | -- | (-) 7.60 | (-) 7.60 |
| | **Total** | | -- | **5512.05** | **5512.05** |
| | Physical Contingency | | L.S | 5.00 | -- |
| | Price Contingency | | L.S | 5.00 | -- |
| | **Grand Total** | | | **5522.05** | **5512.05** |

৮। **প্রকল্প পরিচালক সম্পর্কিত তথ্য :** প্রকল্প পরিচালক হিসাবে ঢাকা উত্তর সিটি কর্পোরেশন এবং সেনাবাহিনী হতে ০১ জন করে কর্মকর্তা দায়িত্ব পালন করেছেন। নিম্নে প্রকল্প পরিচালক সংক্রান্ত তথ্যাদি প্রদান করা হলো-

| নাম ও পদবি | নিয়মিত দায়িত্ব | অতিরিক্ত দায়িত্ব | দায়িত্ব গ্রহণ | দায়িত্বকাল | মন্তব্য |
|---|---|---|---|---|---|
| মোঃ শরীফ উদ্দীন তত্ত্বাবধায়ক প্রকৌশলী | × | √ | ১৭/০২/১২ | প্রকল্প বাস্তবায়ন পর্যন্ত | ডিএনসিসি পক্ষে |
| লে. কর্নেল সাইফুল ইসলাম বিএসপি, পিএসসি | × | √ | ২৫/০৪/১৩ | প্রকল্প বাস্তবায়ন পর্যন্ত | সেনাবাহিনী পক্ষে |

৯। **ক্রয় সংক্রান্ত তথ্য :** PCR-এ প্রাপ্ত তথ্যানুযায়ী ২০০ লক্ষ টাকার উর্ধ্বে ব্যয় সম্বলিত ০৪টি প্যাকেজের আওতায় আলোচ্য প্রকল্পে দরপত্র আহবানপূর্বক ঠিকাদার নিয়োগ করা হয় যা নিম্নরূপ-

**(লক্ষ টাকায়)**

| ক্রমিক নং | প্যাকেজ | RDPP-তে প্রাক্কলিত ব্যয় ও কার্যাদেশ-মূল্য | চুক্তি স্বাক্ষর ও চুক্তি অনুযায়ী কার্য সম্পাদনের তারিখ | প্রকৃত কার্য সম্পাদনের তারিখ | ঠিকাদারী প্রতিষ্ঠান |
|---|---|---|---|---|---|
| ১ | ২ | ৪ | ৫ | | ৬ |
| 01 | Protective work | 228.37<br>228.37 | 22.04.2014<br>30.06.2015 | **25**.06.2015 | M/S Bhuiyan & Brother, South Bishil, Mirpur-1, Dhaka. |
| 02 | Construction of new flexible pavement | 639.42<br>639.42 | 22.04.2014<br>30.06.2015 | 25.06.2015 | M/S Bhuiyan & Brother, South Bishil, Mirpur-1, Dhaka. |
| 03. | Box Culvert | 390.20<br>390.20 | 22.04.2014<br>30.06.2015 | 25.06.2015 | M/S Bhuiyan & Brother, South Bishil, Mirpur-1, Dhaka. |
| 04. | Footpath with duct & drain | 266.91<br>266.91 | 23.04.2014<br>30.06.2015 | 25.06.2015 | M/S Bhuiyan & Brother, South Bishil, Mirpur-1, Dhaka. |

*সেনাবাহিনীর অনুমোদিত PIP অনুসরণে ঠিকাদার নিয়োগকৃত।

**১০। সংশোধিত অনুমো**দিত **ডিপিপি-তে সংস্থান, এডিপি বরাদ্দ, অবমুক্ত ও ব্যয় সংক্রান্ত তথ্য** (জিওবি অংশ) **:** প্রকল্পের সংশোধিত ডিপিপি অনুযায়ী বছরওয়ারী অর্থের সংস্থান এবং এডিপি বরাদ্দ, অবমুক্ত ও ব্যয় সংক্রান্ত তথ্য নিম্নরূপ-

**(লক্ষ টাকায়)**

| অর্থবছর | সংশোধিত ডিপিপি অনুযায়ী সংস্থান | এডিপি বরাদ্দ | অবমুক্তি | ব্যয় | মন্তব্য |
|---|---|---|---|---|---|
| ১ | | ২ | ৩ | ৪ | ৫ |
| ২০১১-১২ | - | - | - | - | PCR-এ প্রদত্ত তথ্যানুয়ায়ী |
| ২০১২-১৩ | ২৫০০.০০ | ২৫০০.০০ | ২৫০০.০০ | ২৫০০.০০ | |
| ২০১৩-১৪ | ১৩৫০.০০ | ১৩৫০.০০ | ১৩৫০.০০ | ১৩৫০.০০ | |
| ২০১৪-১৫ | ১১১৯.৮৫ | ১১১০.০০ | ১১১০.০০ | ১১১০.০০ | |
| মোট | ৪৯৬৯.৮৫ | ৪৯৬০.০০ | ৪৯৬০.০০ | ৪৯৬০.০০ | |
| | | | | | |

**১১। প্রকল্পের অনুমোদন ও সংশোধন :** (লক্ষ টাকায়)

| | বাস্তবায়ন মেয়াদ | প্রাক্কলিত ব্যয় |
|---|---|---|
| মূল অনুমোদিত ডিপিপি | জানু: ২০১২ হতে ডিসে: ২০১৩ | ৫১৩০.২৮৬ (জিওবি- ৪৬১৭.২৬৬ ডিএনসিসি-৫১৩.০২) |
| ১ম সংশোধন ডিপিপি | জানু: ২০১২ হতে ডিসে: ২০১৪ | ৫৫২২.০৫ (জিওবি- ৪৯৬৯.৮৫ ডিএনসিসি- ৫৫২.২০) |
| ব্যয় বৃদ্ধি ব্যতিরেকে মেয়াদ বৃদ্ধি | জানু: ২০১২ হতে জুন ২০১৫ | - |

[

**১২। প্রকল্প পরিদর্শন :**

প্রকল্পটির বাস্তাবয়ন কার্যক্রম গত ৩০/০৬/২০১৫খ্রি: তারিখে সমাপ্তির পর স্থানীয় সরকার বিভাগ থেকে ১৯/০৭/২০১৬খ্রি: তারিখের ৩১৯ নং স্মারকের মাধ্যমে PCR প্রেরণ করা হয়। তৎপ্রেক্ষিতে আইএমইডি-থেকে পরিচালক (স্থানীয় সরকার) জনাব মোঃ আবু সাইদ ফকির গত ২৪/০৮/২০১৬ তারিখে প্রকল্পটি বাস্তায়ন-উত্তর পরিদর্শন করেন। আইএমইডি'র সহকারী পরিচালক ( ডিপিএইচই) জনাব মোঃ ফজলুর রহমান তাঁর সংঙ্গে ছিলেন। পরিদর্শনকালে সেনাবাহিনী পক্ষে উপস্থিত ছিলেন লে: কর্নেল মামুন উর রশিদ ও ক্যাপ্টেন রশিদ শাহরিয়ারসহ কয়েকজন সেনাসদস্য এবং উত্তর সিটি কর্পোরেশন পক্ষে সহকারী প্রকৌশলী জনাব মোঃ মহিউদ্দিন আহমেদ। তাঁদের সহযোগে নির্মিত রাস্তা ও অন্যান্য কার্যক্রম তথা ড্রেন, ফুটপাথ ও Box Culvert পর্যবেক্ষণ করা হয়।




**প্রকল্প ম্যাপ (১নং চিত্র)**



**নির্মিত সড়ক (২নংচিত্র)**

নাতিদীর্ঘ এ সড়কের নির্মাণ/সংস্কার কার্যক্রম সাধারণভাবে ভালই দেখা গেছে (২নং চিত্র)। তবে পর্যবেক্ষণকালে নিম্ন-বর্ণিত কিছু ত্রুটি/বিষয় পরিলক্ষতি হয়-

১২.১ সড়কের দু'পাশে ফুটপাত এবং নীচ দিয়ে ড্রেন নির্মাণ করা হয়েছে। এ সড়কের সাথে একটি ছোট রাস্তার সংযোগস্থানে ফুটপাতে নামা-উঠার স্লোপ বেশ খাড়াভাবে (কম-বেশী ১ ফুট উচু) নির্মিত। এছাড়া নির্মিত ফুটপাতের দু'/একটি স্থানে ইট খুলে ও আলগা হয়ে গেছে **(৩ ও ৪নংচিত্র)**;



**ফুটপাতের স্লোপে ত্রুটি (৩নং চিত্র)**



**ফুটপাতের ইট খুলে যাওয়া (৪নং চিত্র)**

১২.২ নির্মিত ফুটপাতের কিছু স্থানে দোকানের মালামাল ও তেলের ড্রামসহ অন্যান্য মালামাল রাখা হয়েছে **(৫নংচিত্র)**। এ ছাড়া ফুটপাতের উপর কয়েকটি অস্থায়ী দোকানও দেখা গেছে;

১২.৩ ফুটপাতের নীচে নির্মিত ড্রেনে রাস্তার পানি নির্গমনের প্রবেশমুখে (Spout) কয়েকটি স্থানে আবর্জনা জমে থাকতে দেখা যায় **(৬নংচিত্র)**;



ফুটপাতে মালামাল (৫নংচিত্র)



Spout-এর মুখে আবর্জনা (৬নংচিত্র)

**১৩। কাজ অসম্পূর্ণ থাকলে তার কারণ :** PCR-এ প্রাপ্ত তথ্যানুয়ায়ী প্রকল্পের আওতায় রাস্তা ও অন্যান্য কার্যক্রম তথা ড্রেন, ফুটপাত ও Box Culvert-এর কাজ অনুমোদিত আরডিপিপি অনুযায়ী সমাপ্ত হয়েছে।

**১৪। প্রকল্পের উদ্দেশ্য অর্জন :**

| প্রকল্পের মূল উদ্দেশ্য | অর্জন |
|---|---|
| (১) প্রকল্প এলাকায় আর্থ-সামাজিক অবস্থার উন্নয়ন; | (১) প্রকল্প বাস্তবায়নের ফলে জনগণের চলাচলে ও প্রয়াজনীয় মালামাল বহনে সুবিধা হওয়ায় রাস্তার দু'ধারে দোকানপাট স্থাপিত হচ্ছে। এ ছাড়া নির্মিত ড্রেন ও Box Culvert দ্রুত পানি নিষ্কাশন ও পরিবেশের জন্য সহায়ক হবে। কাজেই এলাকায় আর্থ-সামাজিক অবস্থার উন্নয়নে প্রকল্পটির প্রভাব ইতিবাচক। |
| (২) সড়ক যোগাযোগ ব্যবস্থার উন্নয়ন; | (২) প্রশস্ত পাকা সংযোগ সড়ক নির্মিত হওয়ায় মোহাম্মদপুর বাসষ্ট্যান্ড হতে বেড়ীবাঁধ পর্যন্ত যোগাযোগ ব্যবস্থার উন্নতি হয়েছে। |
| (৩) যানবাহন চলাচল ব্যবস্থার উন্নতি ও শহরে ট্রাফিক জ্যাম কমানো; এবং | (৩) শহীদ বুদ্ধিজীবী সেতু (৩য় বুড়িগঙ্গা সেতু), গাবতলী এবং সাভারের সঙ্গে যোগাযোগের ক্ষেত্রে ট্রাফিক জ্যাম কিছুটা হলেও কমেছে। |
| (৪) পথচারীদের চলাচলে সুবিধা প্রদান। | (৪) সড়কের দু'পাশে প্রশস্ত ফুটপাত নির্মিত হওয়ায় পথচারীগণ চলাচলে সুবিধা পাচ্ছেন। |

**১৬। পূর্ববর্তী পরিদর্শন:** প্রকল্পটি বাস্তায়নকালে সর্বশেষ গত ৩১/০১/২০১৫খ্রি: তারিখে আইএমইডি-থেকে একজন পরিচালক কর্তৃক পরিদর্শন করা হয়েছে। উক্ত পরিদর্শন প্রতিবেদনে প্রদত্ত মতামত ও তার উপর গৃহিত ব্যবস্থা সংক্রান্ত তথ্য নিম্নরূপ-

| প্রতিবেদনে প্রদত্ত মতামত | গৃহিত ব্যবস্থা |
|---|---|
| (১) Box Culvert-এর Retaining Wall-এর Expansion Joint মেরামতকরণ; এবং | (১) প্রকল্প সংশ্লিষ্ট সেনা কর্মকর্তা জানান যে, Retaining Wall-এর Expansion Joint মেরামত করা হয়েছে। |
| (২) প্রকল্পটি জুন ২০১৫-এর মধ্যে সমাপ্তির লক্ষ্যে সময়ভিত্তিক কর্ম-পরিকল্পনা প্রণয়নপূর্বক কার্যক্রম গ্রহণ। | (২) প্রকল্পটির বাস্তায়ন কার্যক্রম জুন ২০১৫-এর মধ্যে সমাপ্ত হয়ছে। |

**১৭। প্রকল্প বাস্তবায়নে সমস্যা :** ব্যক্তিমালিকাধীন জমি অধিগ্রহণ, সরকারি অন্য সংস্থার জমি প্রাপ্তি, অবৈধ দখলদারদের উচ্ছেদ ও আদালতে মামলার কারণে কিছুটা বিলম্ব হলেও প্রকল্পটি বাস্তবায়নে সমস্যা হয়নি মর্মে সংশ্লিষ্ট কর্মকর্তাগণ জানিয়েছেন।

১৮। **ভূমি অধিগ্রহণ :** প্রকল্পের অনুমোদিত মূল ডিপিপিতে ২.৬৭৬ একর ভূমি অধিগ্রহণের জন্য ৩৭৬৩.৮১ লক্ষ টাকা ব্যয় ধরা ছিল। ঢাকা জেলা প্রশাসকের কার্যালয় কর্তৃক সম্ভাব্যতা যাচাই শেষে প্রয়োজনীয় ২.৯২৭৫ একর ভূমি অধিগ্রহণের জন্য কেন্দ্রীয় ভূমি বরাদ্দ কমিটির অনুমোদনের জন্য প্রস্তাব প্রেরণের পর উক্ত কমিটির ২৭/০৩/২০১৩খ্রি: তারিখের সভায় তা অনুমোদিত হয়। উল্লখ্যে, এর মধ্যে ইত:পূর্বে অধিকরণকৃত ঢাকা ওয়াসা ও পানি উন্নয়ন বোর্ডের জমি ১.২৯৮৮ একর বাদ দিয়ে ব্যক্তিমালিকানাধীন ১.৬২৮৭ একর ভূমি অধিগ্রহণপূর্বক ৩০/০১/২০১৪খ্রি: তারিখে সিটি কর্পোরেশন-কে বুঝিয়ে দেওয়া হয়। হিসাব মতে ভূমি অধিগ্রহণের লক্ষ্যে ০৮/১০/২০১২খ্রি: তারিখে প্রশাসনিক অনুমোদন জন্য প্রস্তাব প্রেরণের পর ৩০/০১/২০১৪খ্রি: তারিখে দখল বুঝিয়ে পাওয়া পর্যন্ত সব মিলিয়ে ভূমি অধিগ্রহণে ১৯ মাস সময় লেগেছে ।

**১৯। অডিট সংক্রান্ত :** প্রকল্প সংশ্লিষ্ট সেনা কর্মকর্তাদের সঙ্গে আলোচনায় জানা যায় যে, প্রকল্পটি বাস্তবায়নকালে তাদের নিয়মানুযায়ী নিয়মিত Internal অডিট হয়েছে এবং তাদের অংশে কোন অডিট আপত্তি নেই। তবে সিটি কর্পোরেশন সরবরাহকৃত তথ্যানুযায়ী External অডিটে উথ্থাপিত ৭.৬০ কোটি টাকার আপত্তি এখনো অনিস্পন্ন রয়েছে ।

২০। **সাধারণ পর্যবেক্ষণ :**

**২০.১** একনেক কর্তৃক ০৩/০১/২০১২খি: তারিখে অনুমোদিত হওয়ার ১৯ মাস পর স্থানীয় সরকার বিভাগ কর্তৃক ১৯/০৮/২০১৩খ্রি: তারিখে বাংলাদেশ সেনাবাহিনীকে প্রকল্পটি বাস্তবায়নের জন্য বলা হয়। সিটি কর্পোরেশনের সংশ্লিষ্ট কর্মকর্তা জানান যে, ব্যক্তি মালিকানাধীন জমি অধিগ্রহণ এবং সরকারি সংস্থার জমি গ্রহণ কার্যক্রম সম্পন্ন হতে সময় লাগার **(অনুচ্ছেদ ১৮দ্র:)** কারণে সেনাবাহিনিকে প্রকল্প বাস্তবায়নের অনুরোধ জানাতে বিলম্ব হয়;

**২০.২** প্রকল্পটি বাস্তবায়নে বিলম্বের কারণ হিসাবে আরো জানা যায় যে, পূর্ব থেকে রাস্তা হিসাবে ব্যবহৃত সরকারি সংস্থার ও রাস্তার কিছু জমি অবৈধ দখলমুক্ত করতে এবং রাস্তার অংশ বিশেষ জমি নিয়ে মহামান্য হাইকোর্টে বিচারধীন কিছু মামলা নিস্পত্তিতে বেশ সময় লেগে যায়;

**২০.৩** প্রকল্পের আওতায় রাস্তাটির নির্মাণের ফলে বেড়ীবাঁধের সঙ্গে সংযোগ হওয়ায় একদিকে শহীদ বুদ্ধিজীবী সেতু এবং অপরদিকে গাবতলী ও আমিন বাজারের দিকে যানবাহন চলাচলের সুবিধা সৃষ্টি হয়েছে;

২০.৪ জনসাধারণ বিশেষ করে বয়স্কদের চলাচলের সুবিধার্থে ফুটপাতে নামা-উঠার স্লোপ ঢালুভাবে নির্মাণ করা বা প্রয়োজনে সিঁড়ির মত ধাপ নির্মাণ করা দরকার ছিল। এছাড়া ইট খুলে ও আলগা হয়ে যাওয়ায় নির্মিত ফুটপাতের স্থায়িত্ব বিঘ্নিত হবে **(অনুচ্ছেদ ১৩.১ দ্র:)**;

২০.৫ ফুটপাতে দোকানের মালামাল রাখায় ও দোকান বসায় ফুটপাতটি জনগণের ব্যবহারের ক্ষেত্রে অসুবিধা হচ্ছে **(অনুচ্ছেদ ১৩.২ দ্র:)**;

২০.৬ রাস্তার পানি ড্রেনে নির্গমনের প্রবেশমুখে (Spout) আবর্জনা জমার **(অনুচ্ছেদ ১৩.৩ দ্র:)** কারণে বর্ষায় পানি জমে রাস্তার স্থায়িত্ব বিঘ্নিত হওয়াসহ চলাচল অসুবিধা সৃষ্টি হবে। নাগরিক সচেতনতার অভাব এবং পরিচ্ছন্নকর্মীর দায়িত্বে অবহেলার কারণে রাস্তায় আবর্জনা জমে।

২০.৭ প্রকল্পটির জন্য সিটি কর্পোরেশনের নিয়মিত প্রকল্প পরিচালক ছিলেন। প্রকল্প বাস্তবায়নে জড়িত সংশ্লিষ্ট সেনাসদস্যদের সঙ্গে আলোচনায় জানা যায় যে, সিটি কর্পোরেশন পক্ষের মনিটরিং তেমন ছিল না। এহেন প্রকল্প বাস্তবায়নে সিটি কর্পোরেশন তাদের পক্ষ থেকে মনিটরিং কার্যক্রম বাড়ালে প্রকল্পের গুণগত মান যথাযথ হওয়ার বিষয়টি নিশ্চিত হয় এবং বাস্তবায়নকারীদের জন্যও তা সহায়ক হয়;

২০.৮ প্রকল্পের Salvage Materials বিক্রয়লব্ধ অর্থ ৭.৬০ লক্ষ টাকা যথানিয়েম সিটি কর্পোরেশনের তহবিলে জমা প্রদান করা হয়েছে;

২০.৯ অডিটে উত্থাপিত ৭.৬০ কোটি টাকার আপত্তি এখনো অনিস্পন্ন রয়েছে **(অনুচ্ছেদ ১৯ দ্র:)**।

**২১। আইএমইডি'র সুপারিশ :**

২১.১ মূল প্রকল্পের বাস্তবায়ন মেয়াদ ছিল ২ বছর। প্রকল্পটি বাস্তবায়নে ৩ বছর ৬ মাস অতিক্রান্ত হয়েছে অথাৎ ৭৫% সময় অতিরিক্ত লেগেছে। এর ফলে মূল প্রকল্প-ব্যয়ের তুলনায় প্রকল্প-ব্যয় বেড়েছে এবং প্রকল্পের সুফল পেতে বিলম্ব হয়েছে। এহেন পরিস্থিতি পরিহারকল্পে প্রকল্পের ডিজাইন বাস্তব সম্মতভাবে প্রণয়ন করতে মন্ত্রণালয় ও সংস্থা সচেষ্ট হবে;

২১.২ সিটি কর্পোরেশন ভবিষ্যতে এরূপ প্রকল্পের বাস্তবায়ন-বিলম্ব কমিয়ে আনার লক্ষ্যে সরকারি সংস্থার জমি গ্রহণ, অবৈধ দখলদারদের উচ্ছেদ ইত্যাদি কার্যক্রম ডিপিপি প্রনয়ণকালে গ্রহণ করতে পারে **(অনুচ্ছেদ ২০.১, ২০.২ দ্র:)**;

২১.৩ আলোচ্য রাস্তায় নির্মিত ফুটপাতে নামা-ওঠার উচু স্থানে চলাচলে সুবিধার জন্য প্রয়োজনে সিঁড়ির মত ধাপ নির্মাণের ব্যবস্থা এবং ইট খুলে যাওয়া ও আলগা হয়ে যাওয়ার স্থানে প্রাথমিক পর্যায়েই মেরামতের পদক্ষেপ নিতে হবে **(অনুচ্ছেদ ২০.৪ দ্র:)**;

২১.৪ ফুটপাতের উপর দোকানের মালামাল না রাখা এবং অস্থায়ী দোকান না দেওয়ার বিষয়ে সচেতনতা সৃষ্টিসহ প্রয়োজনে নিয়মিতভাবে উচ্ছেদ কার্যক্রম পরিচালনা হওয়া প্রয়োজন **(অনুচ্ছেদ ২০.৫ দ্র:)**;

২১.৫ সিটি কর্পোরেশন কর্তৃক রাস্তার পানি ড্রেনে নির্‌গমণের প্রবেশমুখ (Spout) পরিস্কার রাখার ব্যবস্থা নিতে হবে **(অনুচ্ছেদ ২০.৬ দ্র:)**;

২১.৬ অন্য সংস্থা কর্তৃক সিটি কর্পোরেশনের বাস্তবায়নাধীন প্রকল্পের কাজের গুণগতমান নিশ্চিত করার লক্ষ্যে প্রত্যাশী সংস্থা হিসাবে প্রয়োজনীয় মনিটরিংয়ের ব্যবস্থা নিতে হবে **(অনুচ্ছেদ ২০.৭ দ্র:)**; এবং

২১.৭ অডিটে উত্থাপিত ৭.৬০ কোটি টাকার আপত্তি দ্রুত নিষ্পত্তির লক্ষ্যে ব্যবস্থা নিতে হবে **(অনুচ্ছেদ ১৯)**।

২২। অনুচ্ছেদ ২১-তে বর্ণিত সুপারিশের আলোকে প্রযোজ্য ক্ষেত্রে স্থানীয় সরকার বিভাগ ও ঢাকা উত্তর সিটি কর্পোরেশন যথোপোযুক্ত ব্যবস্থা গ্রহণ করবে এবং তা আগামী এক মাসের মধ্যে আইএমইডি-কে অবহিত করতে হবে।

**"বাংলাদেশ ঘূর্ণিঝড় উপদ্রুত এবং সিডর আক্রান্ত উপকূলীয় এলাকায় পানি সরবরাহ ও স্যানিটেশন"** শীর্ষক প্রকল্পের সমাপ্ত মূল্যায়ন প্রতিবেদন

(সমাপ্তঃ জুন, ২০১৫)

১। **প্রশাসনিক মন্ত্রণালয়/বিভাগ** : স্থানীয় সরকার, পল্লী উন্নয়ন ও সমবায় মন্ত্রণালয়/স্থানীয় সরকার বিভাগ।

২। **বাস্তবায়নকারী সংস্থা** : জনস্বাস্থ্য প্রকৌশল অধিদপ্তর (ডিপিএইচই)।

৩। **প্রকল্পের অবস্থান** : গোপালগঞ্জ, শরিয়তপুর, লক্ষীপুর, পটুয়াখালী, বড়গুনা, বরিশাল, পিরোজপুর, ঝালকাঠি, ভোলা, চট্টগ্রাম, কক্সবাজার, খুলনা, বাগেরহাট, সাতক্ষীরা, নোয়াখালী ও ফেনী জেলা।

৪। **প্রকল্পের বাস্তবায়ন সময় ও ব্যয়:**

(লক্ষ টাকায়)

| প্রাক্কলিত ব্যয় | | প্রকৃত ব্যয় | পরিকল্পিত বাস্তবায়নকাল | | প্রকৃত বাস্তবায়ন কাল | অতিক্রান্ত ব্যয় (মূল প্রাক্কলিত ব্যয়ের %) | অতিক্রান্ত সময় (মূল বাস্তবায়ন কালের %) |
|---|---|---|---|---|---|---|---|
| মূল (প্র: সা:) | সর্বশেষ সংশোধিত (প্র: সা:) | | মূল | সর্বশেষ সংশোধিত | | | |
| ১ | ২ | ৩ | ৪ | ৫ | ৬ | ৭ | ৮ |
| ১২০৩১.৭১ (১০০২২.২৫) | ১২১৯৮.৭১ (১০০২২.২৫) | ৯৩৭৫.৩০ | জুলাই, ২০১০ হতে জুন, ২০১৩ | জুলাই, ২০১০ হতে জুন, ২০১৫ | জুলাই, ২০১০ হতে জুন, ২০১৫ | (-)২৬৫৬.৪১ (২২.০৭%) | ২ বছর (৬৬.৬৭%) |

নোটঃ মূল প্রকল্পের অনুমোদিত ব্যয় অপেক্ষা প্রকৃত ব্যয় ২৬৫৬.৪১ লক্ষ টাকা হ্রাস পেয়েছে।

৫। **প্রকল্পের পটভূমি ও উদ্দেশ্যঃ**

৫.১ **প্রকল্পের পটভূমিঃ**

প্রকল্পের আওতায় উপকূলীয় অঞ্চলে প্রাকৃতিক দুর্যোগ একটি নৈমিত্তিক ব্যাপার। সাইক্লোন সিডর ২০০৭ সালের ১৫ই নভেম্বর আঘাত হানে। এতে পানি সরবরাহ ও স্যানিটেশন ব্যবস্থার প্রভূত ক্ষতিসাধিত হয়। জনস্বাস্থ্য প্রকৌশল অধিদপ্তর কর্তৃক প্রণীত রিপোর্ট অনুযায়ী ৫৫২৭৯টি স্যানিটারি ল্যাট্রিন এবং ১৩০০৯ টি Water Point ক্ষতিগ্রস্ত হয়। সিডরের পূর্বে টিউবওয়েল ও Pond Sand Filter (PSF) এর কার্যকারিতা ছিল প্রায় ১০০% যা সিডর পরবর্তী সময়ে যথাক্রমে ৭৩% ও ৭৬% এ নেমে আসে। অন্যদিকে পুকুরের কার্যকরিতা ৯৯% হতে ২২% এ নেমে যায়। এ প্রেক্ষাপটে ঘূর্ণিঝড় প্রবণ উপকূলীয় এলাকায় নিরাপদ পানি সরবরাহ নিশ্চিতকরণের জন্য আলোচ্য প্রকল্পটি গ্রহণ করা হয়।

৫.২ **প্রকল্পের উদ্দেশ্যঃ**

(ক) ঘূর্ণিঝড় প্রবণ উপকূলীয় এলাকায় নিরাপদ পানি সরবরাহ নিশ্চিতকরণ;

(খ) এনভায়রণমেন্টাল স্যানিটেশন ব্যবস্থা উন্নয়নের মাধ্যমে পানি বাহিত রোগ এবং সাইক্লোন পরবর্তী ঝুঁকি হ্রাসকরণের জন্য ৭০০০ টি স্বল্প মূল্যের স্যানিটারি ল্যাট্রিন স্থাপন; এবং

(গ) সামাজিক উদ্বুদ্ধকরণের মাধ্যমে স্বাস্থ্য পরিচর্যা ও অভ্যাসের ব্যাপারে জনগণকে সচেতন করা এবং কমিউনিটির অংশগ্রহণ নিশ্চিত করা।

৬। **প্রকল্পের প্রধান কার্যক্রমসমূহঃ**

| | | |
|---|---|---|
| Improvement and reconstruction of existing water supply options. | : | 1400 Nos |
| Rain water harvesting | : | 550 Nos |
| Pond Sand Filter | : | 290 Nos |
| Dug Well with Sand Filter | : | 50 Nos |
| Community Based Desalination Plant | : | 10 Nos |
| Deep Tube Well with raised platform | : | 7000 Nos |
| Shallow shrouded Tube well | : | 285 Nos |
| Very Shallow Shrouded Tube well | : | 150 Nos |
| No. 6 Shallow Tube well | : | 150 Nos |
| Tara Dev. Shallow Tube well | : | 75 Nos |
| Exploratory drilling in islands and difficult areas | : | 300 Nos |
| Low cost sanitary latrine | : | 7000 Nos |
| Pick-up mounted mobile water treatment plant | : | 8 Nos |
| Water Carrier | : | 8 Nos |
| Double Cabin Pick-up | : | 2 Nos |

৭। **প্রকল্পের অংগভিত্তিক বাস্তবায়ন (পিসিআর অনুসারে):**

(লক্ষ টাকায়)

| ক্রমিক নং | ডিপিপি অনুযায়ী কাজের অংগ | একক | আরডিপিপি অনুযায়ী পরিকল্পিত লক্ষ্যমাত্রা | | প্রকৃত বাস্তবায়ন | |
|---|---|---|---|---|---|---|
| | | | বাস্তব | আর্থিক | বাস্তব (%) | আর্থিক (%) |
| ১ | ২ | ৩ | ৪ | ৫ | ৬ | ৭ |
| 1. | Manpower | Nos | 16 | 69.29 | 6 | 50.66 |
| 2. | PMU operating cost | LS | LS | 200.00 | 9 | 111.57 |
| 3. | Capacity Building (Hygiene Education and Awareness building, Caretaker training, Technical training) | LS | LS | 80.00 | LS | 32.71 |
| 4. | water Quality Testing, Monitoring & Surveillance | LS | LS | 10.00 | LS | 0.39 |
| 5. | Consulting Services for technical support and supervision | LS | LS | 321.96 | LS | 297.01 |
| 6. | Project startup Workshop and Familiarization visit to IDB | LS | LS | 13.42 | LS | 8.89 |
| 7. | Project financing and auditing | LS | LS | 16.00 | LS | 10.65 |

| ক্রমিক নং | ডিপিপি অনুযায়ী কাজের অংগ | একক | আরডিপিপি অনুযায়ী পরিকল্পিত লক্ষ্যমাত্রা | | প্রকৃত বাস্তবায়ন | |
|---|---|---|---|---|---|---|
| | | | বাস্তব | আর্থিক | বাস্তব (%) | আর্থিক (%) |
| ১ | ২ | ৩ | ৪ | ৫ | ৬ | ৭ |
| 8. | Improvement and reconstruction of existing water supply options. | Nos | 1400 | 210.00 | 1220 | 161.80 |
| 9. | Rain water harvesting | Nos | 550 | 158.00 | 521 | 133.87 |
| 10. | Pond Sand Filter | Nos | 290 | 230.00 | 290 | 179.02 |
| 11. | Dug Well with Sand Filter | Nos | 50 | 50.00 | 50 | 42.80 |
| 12. | Community Based Desalination Plant | Nos | 10 | 152.00 | 10 | 144.14 |
| 13. | Deep Tube Well with raised plat-form | Nos | 7000 | 5700.00 | 7000 | 4931.53 |
| 14. | Shallow shrouded Tube well | Nos | 285 | 72.50 | 279 | 60.41 |
| 15. | Very Shallow Shrouded Tube well | Nos | 150 | 37.50 | 145 | 30.39 |
| 16. | No. 6 Shallow Tube well | Nos | 150 | 37.50 | 150 | 26.69 |
| 17. | Tara Dev. Shallow Tube well | Nos | 75 | 30.00 | 75 | 27.54 |
| 18. | Exploratory drilling in islands and difficult areas | Nos | 300 | 300.00 | 280 | 277.69 |
| 19. | Low cost sanitary latrine | Nos | 7000 | 359.64 | 6235 | 319.94 |
| 20. | Establishment of Laboratory at suitable location | LS | LS | 150.00 | LS | 148.67 |
| 21. | Field Kits for water testing | Nos | 960 | 86.39 | 960 | 86.39 |
| 22. | O & M tools for caretakers | Sets | 8150 | 81.50 | 8150 | 81.50 |
| 23. | Pick-up mounted mobile water treatment plant | Nos | 8 | 630.00 | 8 | 560.00 |
| 24. | Water Carrier | Nos | 8 | 385.00 | 8 | 336.00 |
| 25. | Double Cabin Pick-up | Nos | 2 | 55.80 | 2 | 55.80 |
| 26. | Furniture, office equipment and tools | Nos | LS | 40.00 | LS | 25.71 |
| 27. | Computer with Accessories includ-ing printer | Nos | 5 | 4.30 | 4 | 2.98 |
| 28 | Photocopier (normal) | Nos | 2 | 2.92 | 2 | 2.92 |
| .29. | Physical contingency | -- | 2% | 210.12 | -- | 0.00 |
| 30. | Price Contingency | -- | 5% | 519.50 | -- | 0.00 |
| | **Total=** | - | - | **12198.71** | | **9375.30** |

৮। **প্রকল্প পরিচালক সম্পর্কিত তথ্যঃ** প্রকল্পের শুরু থেকে শেষ পর্যন্ত জনাব মোঃ রশিদুল হক পূর্ণকালীন প্রকল্প পরিচালকের দায়িত্ব পালন করেছেন।

৯। **দরপত্র সংক্রান্ত তথ্য (পিসিআর অনুযায়ী):** প্রকল্পের দরপত্র সংক্রান্ত পূর্ণাঙ্গ তথ্য প্রেরিত পিসিআরে অর্ন্তভুক্ত করা হয়নি। পিসিআর এ প্রাপ্ত তথ্যানুযায়ী ৩টি প্রধান প্যাকেজের আওতায় দরপত্র আহবানপূর্বক ঠিকাদার নিয়োগ করা হয় যা নিম্নরূপ:

| Description of Procurement (Goods/works/Consultancy as per bid Document) | Tender/Bid/proposal Cost (in crore taka) | | Tender/Bid/Proposal | | Date of completion of works/services and supply of goods | |
|---|---|---|---|---|---|---|
| | As per PP | Contracted value | Invitation date | Contract signing/L.C opening date | As per contract | Actual |
| Procurement of 08 (Eight) Pickup Mounted Mobile Water Treatment Plants (MWTP) | 6.30 | 5.60 | 19/09/2013 | 23/02/2014 | 23/06/2014 | 02/06/2014 |
| Procurement of 08 (Eight) Water Carriers (WCs) | 3.85 | 3.36 | 19/09/2013 | 23/02/2014 | 23/06/2014 | 20/06/2014 |
| Consultancy Services for technical Assistance and Supervision of Project Activities. | 2.47 | 2.47 | 26/06/2011 | 04/04/2012 | 03/10/2014 | 03/10/2014 |

১০। **সংশোধিত ডিপিপি অনুযায়ী এডিপি বরাদ্দ ও অগ্রগতিঃ**

প্রকল্পের শুরু হতে জুন, ২০১৫ পর্যন্ত ক্রমপুঞ্জিত আর্থিক অগ্রগতি হয়েছে ৯৩৭৫.৩০ লক্ষ টাকা যা অনুমোদিত ব্যয় ১২১৯৮.৭১ লক্ষ টাকার ৭৬.৮৫%। পিসিআর অনুযায়ী প্রকল্পের বছরভিত্তিক সংশোধিত এডিপি বরাদ্দ, অবমুক্ত ও ব্যয়ের চিত্র নিম্নরূপঃ

(লক্ষ টাকায়)

| অর্থ বছর | সংশোধিত ডিপিপি'তে সংস্থান | | | সংশোধিত এডিপি বরাদ্দ | | | টাকা অবমুক্তি | ব্যয় | | |
|---|---|---|---|---|---|---|---|---|---|---|
| | মোট | টাকা | প্রঃ সাঃ | মোট | টাকা | প্রঃ সাঃ | | মোট | টাকা | প্রঃসাঃ |
| ১ | | | | ২ | ৩ | ৪ | ৫ | ৬ | ৭ | ৮ |
| ২০১০-২০১১ | | | | - | - | - | - | - | - | - |
| ২০১১-২০১২ | ৪৩.০৯ | ২৬.২৮ | ১৬.৮১ | ৬৪.০০ | ৩২.০০ | ৩২.০০ | ৩২.০০ | ৪৩.০৯ | ২৬.২৮ | ১৬.৮১ |
| ২০১২-২০১৩ | ২৪০২.৬৩ | ৪৪৭.১০ | ১৯৫৫.৫৩ | ২৪৫০.০০ | ৪৫০.০০ | ২০০০.০০ | ৪৫০.০০ | ২৪০২.৬৩ | ৪৪৭.১০ | ১৯৫৫.৫৩ |
| ২০১৩-২০১৪ | ৪৪০২.৬৫ | ৮৫৩.১৯ | ৩৫৪৯.৪৬ | ৪৭০০.০০ | ৯০০.০০ | ৩৮০০.০০ | ৯০০.০০ | ৪৪০২.৬৫ | ৮৫৩.১৯ | ৩৫৪৯.৪৬ |
| ২০১৪-২০১৫ | ৫৩৫০.৩৪ | ৮৪৯.৮৯ | ৪৫০০.৪৫ | ৩০৫০.০০ | ৬৫০.০০ | ২৪০০.০০ | ৬৫০.০০ | ২৫২৬.৯৩ | ৫৬৮.৬৬ | ১৯৫৮.২৭ |
| মোটঃ | **১২১৯৮.৭১** | **২১৭৬.৪৬** | **১০০২২.২৫** | **১০২৬৪.০০** | **২০৩০.০০** | **৮২৩২.০০** | **২০৩০.০০** | **৯৩৭৫.৩০** | **১৮৯৫.২৩** | **৭৪৮০.০৭** |

১১। **কাজ অসমাপ্ত থাকলে তার কারণঃ**

- বরিশাল জেলায় ১৯৯ (৪৬৫-২৬৬)টি ল্যাট্রিন এবং ৯০টি উচু পাটাতন (সম্পূর্ণ কাজ) নির্মাণ করা হয়নি । কারন হিসেবে নির্বাহী প্রকৌশলী জানান যে, অনুমোদিত ডিপিপি'তে ১টি উচু পাটাতন নির্মাণ কাজের প্রাক্কলিত ব্যয় ছিল ১১,৭৮০.০০ টাকা এবং ১টি ল্যাট্রিন নির্মাণ কাজের প্রাক্কলিত ব্যয় ছিল ৪৫২৯.০০ টাকা। যা উক্ত সময়ে বাজারদরের সাথে সংগতিপূর্ণ ছিল না বলে ঠিকাদার প্রতিষ্ঠান মনে করায় কাজগুলো সমাপ্ত করেনি। ঠিকাদার প্রতিষ্ঠান উক্ত প্রাক্কলিত মূল্যে চুক্তি স্বাক্ষর করে কাজ না করায় ঠিকাদার প্রতিষ্ঠানকে কালো তালিকাভুক্ত করার জন্য উর্ধ্বতন কর্তৃপক্ষের নিকট সুপারিশ করা হয়েছে বলেও তিনি জানান;
- কিছু জেলায় জনসাধারণ rain water hervestors এবং SST(shallow shrouded tubewell) স্থাপন করতে আগ্রহী না হওয়ায় সেসব জায়গায় এগুলো স্থাপন করা হয়নি; এবং
- কয়েকবার দরপত্র আহবান করার পরও ঠিকাদার প্রতিষ্ঠান কর্তৃক quoted rate খুব বেশি হওয়ায় চট্টগ্রামে ৪৬৫টি স্বল্প মূল্যের ল্যাট্রিন স্থাপন করা সম্ভব হয়নি।

১২। **প্রকল্পের অনুমোদন ও সংশোধনঃ**

| | মেয়াদকাল | প্রাক্কলিত ব্যয় (লক্ষ টাকায়) |
|---|---|---|
| মূল | ০১/০৭/২০১০ হতে ৩০/০৬/২০১৩ পর্যন্ত | ১২০৩১.৭১ |
| ১ম বার ব্যয় বৃদ্ধি ব্যতিরেকে মেয়াদ বৃদ্ধি | ০১/০৭/২০১০ হতে ৩০/০৬/২০১৪ পর্যন্ত | ১২০৩১.৭১ |
| ১ম সংশোধিত অনুমোদিত | ০১/০৭/২০১০ হতে ৩০/০৬/২০১৪ পর্যন্ত | ১২১৯৮.৭১ |
| ২য় বার ব্যয় বৃদ্ধি ব্যতিরেকে মেয়াদ বৃদ্ধি | ০১/০৭/২০১০ হতে ৩০/০৬/২০১৫ পর্যন্ত | ১২১৯৮.৭১ |
| ২য় সংশোধিত অনুমোদিত | ০১/০৭/২০১০ হতে ৩০/০৬/২০১৫ পর্যন্ত | ১২১৯৮.৭১ |

১৩। **প্রকল্প পরিদর্শনঃ**

প্রকল্পটি ঘূর্ণিঝড় আক্রান্ত উপকূলীয় ১৬টি জেলায় বাস্তবায়িত হয়েছে। বাস্তবায়িত বিভিন্ন জেলার মধ্যে আইএমইডি'র সহকারী পরিচালক জনাব নূর মোহাম্মদ হোসাইনি কর্তৃক গত ০১/০৯/২০১৬ ও পটুয়াখালী জেলার সদর উপজেলা এবং ২৮/০৯/২০১৬ ও ২৯/০৯/২০১৬ তারিখে বাগেরহাট জেলার সদর, ফকিরহাট ও কচুয়া এই ৩টি উপজেলায় ডিপিএইচই'র আওতায় স্থাপিত বিভিন্ন নলকূপ, পিএসএফ এবং রেইন ওয়াটার হার্ভেস্টিং সিস্টেম পরিদর্শন করা হয়। তাছাড়া, সহকারী পরিচালক জনাব মোঃ ফজলুর রহমান কর্তৃক গত ২০/০৮/২০১৬ তারিখে বরিশাল জেলার সদর, গৌরনদী, আগৈলঝাড়া, বাবুগঞ্জ উপজেলা এবং ২১/০৮/২০১৬ তারিখে ঝালকাঠি জেলার সদর ও নলছটি উপজেলার প্রকল্পের কার্যক্রম পরিদর্শন করা হয়। পরিদর্শন পর্যবেক্ষণ নিম্নরূপঃ

**১৩.১ বাগেরহাট জেলাঃ**

নলধা-মৌভোগ ইউনিয়নের দেওর মৌভোগ গ্রামে স্থাপিত প্রথম পিএসএফটির ব্যবহার অত্যন্ত আশাব্যঞ্জক। সুপেয় পানির তীব্র সংকট থাকায় গ্রামের মানুষ এই পুকুরের পানির উপর চরমভাবে নির্ভরশীল। ব্যবহারকারী গ্রামবাসীদের মধ্যে এই পিএসএফের পানির চাহিদা অনেক। এর পানির মান ভাল এবং এটি নিয়মিতভাবে রক্ষণাবেক্ষণ করা হয়। গ্রামবাসী, স্থানীয় জনপ্রতিনিধসহ সকলের অংশগ্রহণ রয়েছে। ফলে এখানে স্থাপিত পিএসএফটি পানির চাহিদা মেটাতে ভূমিকা রাখছে। ব্যাপক চাহিদার পরিপ্রেক্ষিতে এখানে আরো অত্যন্ত একটি পিএসএফ স্থাপন প্রয়োজন বলে গ্রামবাসী জানিয়েছেন।





চিত্রঃ ফকির হাটের দেওর মৌভোগ গ্রামে পিএসএফ হতে পরিশোধিত পানি নেয়ার জন্য দীর্ঘ লাইন।

দ্বিতীয়টি বাগেরহাটের কচুয়া উপজেলার বাঁধাল ইউনিয়নের বাঁধাল গ্রামের দুলাল চন্দ্র মিত্রের বাড়িতে স্থাপিত পিএসএফটি পরিদর্শন করা হয়। এই পিএসএফ ব্যবহারে কিছু সমস্যা হচ্ছে বলে ব্যবহারকারী জানান। পুকুরের সাথে সংযোগকারী পানির পাইপে ময়লা আটকে যাওয়ায় পানি কম আসে। এছাড়া পিএসএফের নিয়মিত রক্ষণাবেক্ষণ কম হয় বলে জানা যায়।



চিত্রঃ বাঁধাল গ্রামের দুলাল চন্দ্র মিত্রের বাড়িতে স্থাপিত পিএসএফ।




চিত্রঃ সাংদিয়া গ্রামের উচিত কুমার দাশের বাড়িতে স্থাপিত রেনওয়াটার হার্ভেস্টিং সিস্টেম।

কচুয়া উপজেলার বাঁধাল ইউনিয়নের সাংদিয়া গ্রামে উচিত কুমার দাশের বাড়িতে রেনওয়াটার হার্ভেস্টিং সিস্টেমটি সঠিকভাবে কাজ করছে। এতে বৃষ্টির সময় পানি ধরে রেখে শুকনো মৌসুমে দেড়/দুইমাস পর্যন্ত ব্যবহার করা যায় বলে জানান। তবে পানির চাহিদা আরো বেশি। ব্যবহারকারী পরিবারের মধ্যে এবিষয়ে সচেতনতা পরিলক্ষিত হয়। এটি নিয়মিতভাবে পরিষ্কার-পরিচ্ছন্ন রাখা এবং রক্ষণাবেক্ষণ করা হয়। তবে পানির ট্যাংক রাখার বেজটি ফেটে গেছে।



চিত্রঃ নোনাডাঙ্গা গ্রামের দক্ষিণ পাড়ার নূর মো. শেখ এর বাড়িতে স্থাপিত নলকূপ।



চিত্রঃ কাড়াপাড়া গ্রামের খন্দকার জিয়াউল ইসলামের বাড়িতে স্থাপিত নলকূপ।

বাগেরহাট সদরের সদরের কাড়াপাড়া ইউনিয়নের নোনাডাঙ্গা গ্রামের জনাব শেখ সেলিম, পিতা আনসার আলি এর বাড়িতে স্থাপিত নলকূপ পরিদর্শন করা হয়। একই গ্রামের দক্ষিণ পাড়ার নূর মো. শেখ পিতা মোসলেহউদ্দিন দক্ষিণ নোনাডাঙ্গা এর বাড়িতে স্থাপিত নলকূপটির অবস্থা ভাল এবং এটির দেয়াল দিয়ে উপরে টিনের চাদ দেয়া হয়েছে, তবে এর ফলে এটি পাড়ার অন্যান্যের কাছে কতটা accessible তা নিয়ে সন্দেহের অবকাশ রয়ে যায়।
এছাড়া কাড়াপাড়া ইউনিয়নের কাড়াপাড়া গ্রামের খন্দকার জিয়াউল ইসলাম(পিতা সফিউদ্দিন)এর বাড়িতে স্থাপিত নলকূপ পরিদর্শন করা হয়। নলকূপের গায়ে জং ধরা এবং কোনরুপ রং করা হয়নি।

## ১৩.২ পটুয়াখালী জেলাঃ

পটুখালী জেলা সদরের এছাড়া ইটবাড়িয়া ইউনিয়নের সাড়িকখালী গ্রামের শান্তি রানী দাসের এর বাড়িতে স্থাপিত নলকূপ পরিদর্শন করা হয়। নলকূপের পানির মান ভাল এবং এটি এলাকার সবার উপকারে আসছে। এর চারপাশ পরিষ্কার পরিচ্ছন্ন রয়েছে।



চিত্রঃ পটুখালীর ইটবাড়িয়া ইউনিয়নের সাড়িকখালী গ্রামের শান্তি রানী দাসের বাড়িতে স্থাপিত নলকূপ



চিত্রঃ পটুখালী সদরের বদরপুর ইউনিয়নের গাবুয়া গ্রামের রহিম হাওলাদারের বাড়িতে স্থাপিত নলকূপ।

পটুখালী সদরের বদরপুর ইউনিয়নের গাবুয়া গ্রামের রহিম হাওলাদারের এবং জয়নাল মৃধার বাড়িতে স্থাপিত নলকূপ। পশ্চিম গাবুয়া গ্রামের আবদুল মান্নান হাওলাদারের বাড়িতে স্থাপিত নলকূপের আশে পাশে পরিস্কার করে রাখা হয়নি; নোংরা আবর্জনা ফেলে রাখা হয়েছে।

## ১৩.৩ বরিশাল জেলা:

প্রকল্পের আওতায় বরিশাল জেলার ১০ টি উপজেলায় মোট ৫০৫টি গভীর নলকূপ, ৪৬৫টি স্বল্প মূল্যের ল্যাট্রিন, ৯০টি উচু পাটাতন নির্মাণের সংস্থান ছিল। ডকুমেন্ট পর্যালোচনায় দেখা যায়, ৫০৫টি গভীর নলকূপ, ২৬৬টি ল্যাট্রিন নির্মাণ/স্থাপন করা হয়েছে। কিন্তু কোনো উচু পাটাতন নির্মাণ করা হয়নি। এ বিষয়ে নির্বাহী প্রকৌশলী জানান যে, অনুমোদিত ডিপিপি'তে ১টি উচু পাটাতন নির্মাণ কাজের প্রাক্কলিত ব্যয় ছিল ১১,৭৮০.০০ টাকা এবং ১টি ল্যাট্রিন নির্মাণ কাজের প্রাক্কলিত ব্যয় ছিল ৪৫২৯.০০ টাকা যা উক্ত সময়ে বাজারদরের সাথে সংগতিপূর্ণ ছিল না বলে ঠিকাদার প্রতিষ্ঠান মনে করে। ঠিকাদার প্রতিষ্ঠান উক্ত প্রাক্কলিত মূল্যে চুক্তি স্বাক্ষর করে কাজ (৯০টি উচু পাটাতন ও ৪৬৫-২৬৬=১৯৯টি ল্যাট্রিন নির্মাণ) না করায় ঠিকাদার প্রতিষ্ঠানকে কালো তালিকাভুক্ত করার জন্য উর্ধ্বতন কর্তৃপক্ষের নিকট সুপারিশ করা হয়েছে বলেও তিনি জানান। মাঠ পর্যায়ে বরিশাল জেলার ৪টি উপজেলায় মোট ৯টি নলকূপ, ৩টি ল্যাট্রিন পরিদর্শন করা হয়। উপজেলাওয়ারী পরিদর্শন পর্যবেক্ষণ নিম্নরূপঃ

### ১৩.৩.১ বরিশাল সদর:

| ক্র: নং | ব্যবহারকারীর নাম ও পিতার নাম | গ্রাম ও ইউনিয়ন | মন্তব্য/পরিদর্শন পর্যবেক্ষণ |
|---|---|---|---|
| ১. | আব্দুস ছালাম<br>মৃত আসমত আলী | ধর্মাদী<br>রায়পাশা-কড়াপুর | ব্যবহারকারীর সাথে কথা বলে জানা যায়, নলকূপের পানির সাথে মাঝে মাঝে কিছুটা ময়লা আসে। নলকূপের মুখে কাপড় বেধে রাখতে দেখা যায়। |
| ২. | জাহাঙ্গীর আলম<br>মৃত সফিউদ্দিন মিয়া | চন্ডিপুর<br>জাগুয়া | নলকূপের পানিতে মাঝে মাঝে কিছুটা দুর্গন্ধ পাওয়া যায় বলে ব্যবহারকারী জানিয়েছেন। তাছাড়া নলকূপটিতে মরিচা পড়ে কিছুটা ক্ষতিগ্রস্ত হতে দেখা যায়। এ বাড়িটি অন্যান্য বাড়ি হতে কিছুটা দূরে অবস্থিত হওয়ার নলকূপটির ব্যবহারকারীর সংখ্যা অপেক্ষাকৃত কম বলে জানা যায়। |



চিত্র: আব্দুস ছালাম-এর বাড়িতে স্থাপিত নলকূপে ময়লা আসায় মুখে কাপড় বেধে রাখা হয়েছে

### ১৩.৩.২ গৌরনদী উপজেলা:

| ক্র: নং | ব্যবহারকারীর নাম ও পিতার নাম | গ্রাম ও ইউনিয়ন | মন্তব্য/পরিদর্শন পর্যবেক্ষণ |
|---|---|---|---|
| ১. | লক্ষণকাঠি বাজার | লক্ষণকাঠি<br>বাটাজোর | নলকূপের পানির সাথে মাঝে মাঝে কিছুটা ময়লা আসায় নলকূপের মুখে কাপড় বেধে রাখতে দেখা যায়। |
| ২. | নান্না মিয়া<br>জলিল উদ্দিন বেপারী | লক্ষণকাঠি<br>বাটাজোর | নলকূপের ময়লা ও দুগন্ধমুক্ত পানি সারাবছর ব্যবহার করতে পারেন বলে ব্যবহারকারী জানিয়েছেন। ৩টি পরিবার এ নলকূপটি ব্যবহার করেন বলে জানা যায়। |
| ৩. | গৌরনদী গেজেটেড কোয়ার্টার | টিকাসার<br>মাহিলারা | ব্যবহারকারীর সাথে কথা বলে জানা যায়, নলকূপের পানির সাথে মাঝে মাঝে সাদা লালা জাতীয় ময়লা আসে। |

### ১৩.৩.৩ আগৈলঝাড়া উপজেলা:

| ক্র: নং | ব্যবহারকারীর নাম ও পিতার নাম | গ্রাম ও ইউনিয়ন | মন্তব্য/পরিদর্শন পর্যবেক্ষণ |
|---|---|---|---|
| ১. | ইউসুফ মোল্লার বাড়ি | পূর্ব সুজনকাঠি<br>গইলা | ব্যবহারকারীর সাথে কথা বলে জানা যায়, তারা সারাবছর এ নলকূপের পানি ব্যবহার করেন এবং পানিতে ময়লা ও লবণাক্ততা নেই। |

| ক্র: নং | ব্যবহারকারীর নাম ও পিতার নাম | গ্রাম ও ইউনিয়ন | মন্তব্য/পরিদর্শন পর্যবেক্ষণ |
|---|---|---|---|
| ২. | আব্দুর রহিছ সেরনিয়াবাদ | ফুলশ্রী বাকাল | নলকূপের ময়লা ও দুগন্ধমুক্ত পানি সারাবছর ব্যবহার করতে পারেন বলে ব্যবহারকারী জানিয়েছেন। নলকূপটির উপরে মরিচা পড়ে কিছুটা ক্ষতিগ্রস্ত হতে (নাট খুলে যেতে ) দেখা যায়। তাছাড়া নলকূপের পাশে ঘাস উঠে ময়লা জমে থাকতে দেখা যায়। |



চিত্র: আব্দুর রহিছ সেরনিয়াবাদ-এর বাড়িতে স্থাপিত নলকূপের আশেপাশে ঘাস উঠে আবর্জনা সৃষ্টি করেছে

১৩.৩.৪ বাবুগঞ্জ উপজেলা:

| ক্র: নং | ব্যবহারকারীর নাম ও পিতার নাম | গ্রাম ও ইউনিয়ন | মন্তব্য/পরিদর্শন পর্যবেক্ষণ |
|---|---|---|---|
| ১. | খোরশেদ আলম মৃত আব্দুল বারী | মাধবপাশা মাধবপাশা | ব্যবহারকারী জানিয়েছেন যে, তারা সারাবছর নলকূপের ময়লা ও দুগন্ধমুক্ত পানি ব্যবহার করতে পারেন এবং পানিতে লবণাক্ততা নেই। |
| ২. | গৌতম হালদার বিশেশ্বর হালদার | পূর্ব দেহেরগতি দেহেরগতি | নলকূপের ময়লা ও দুগন্ধমুক্ত পানি সারাবছর ব্যবহার করতে পারেন বলে ব্যবহারকারী জানিয়েছেন। |

১৩.৩.৫ ডকুমেন্ট পর্যালোচনায় দেখা যায়, প্রতিটি টিউবওয়েলের জন্য আর্সেনিক পরীক্ষা করা হয়েছে এবং পানিতে আর্সেনিকের উপস্থিতি (সেবন মাত্রার অতিরিক্ত আর্সেনিক) নেই।

১৩.৩.৬ বাবুগঞ্জ উপজেলায় ১টি ল্যাট্রিন এবং আগৈলঝাড়া উপজেলায় ২টি ল্যাট্রিন পরিদর্শন করা হয়। ব্যবহারকারীরা জানান যে, বাশের মুলির বেড়া এবং টিনের ছাউনি দিয়ে ল্যাট্রিন নির্মাণ করা হয়েছিল। পরবর্তীতে বেড়া এবং ছাউনি নষ্ট হয়ে যাওয়ায় তারা নিজ খরচে টিনের বেড়া দিয়ে ল্যাট্রিন মেরামত করেছে।

## ১৩.৪ ঝালকাঠি জেলা:

প্রকল্পের আওতায় ঝালকাঠি জেলার ৪টি উপজেলায় মোট ৪৭৫টি গভীর নলকূপ, ৪৬৫টি স্যানিটারী ল্যাট্রিন এবং ৯০টি উচু প্লাটফরম নির্মাণ/স্থাপনের সংস্থান ছিল। ডকুমেন্ট পর্যালোচনায় দেখা যায়, প্রকল্পের আওতায় সংস্থানকৃত

সবকয়টি আইটেম নির্মাণ/স্থাপন করা হয়েছে। এ জেলার ২টি উপজেলায় ৬টি নলকূপ, ৩টি ল্যাট্রিন ও ১টি উচু প্লাটফরম পরিদর্শন করা হয়েছে। উপজেলাওয়ারী পরিদর্শন পর্যবেক্ষণ নিম্নরূপঃ

### ১৩.৪.১ ঝালকাঠি সদর উপজেলা:

| ক্র: নং | ব্যবহারকারীর নাম ও পিতার নাম | গ্রাম ও ইউনিয়ন | মন্তব্য/পরিদর্শন পর্যবেক্ষণ |
|---|---|---|---|
| ১. | নারায়ন চন্দ্র সরকার<br>মৃত নিশিকান্ত সরকার | নংগ্রামনীল<br>কেওড়া | নলকূপের ময়লা ও দুগন্ধমুক্ত পানি সারাবছর ব্যবহার করতে পারেন বলে ব্যবহারকারী জানিয়েছেন। |
| ২. | কীর্তিপাশা বাজার | কীর্তিপাশা<br>কীর্তিপাশা | প্রকল্পের আওতায় স্থাপিত নির্ধারিত নলকূপটির স্থলে অন্য একটি নলকূপ দেখা যায়। ব্যবহারকারী একজন জানান যে, প্রকল্পের আওতায় স্থাপিত নলকূপটি নষ্ট হয়ে যাওয়ায় তারা নিজ খরচে নতুন এ নলকূপটি প্রতিস্থাপন করেছে। বর্তমানে তারা ময়লা ও দুগন্ধমুক্ত পানি ব্যবহার করতে পারছে এবং পানিতে লবণাক্ততা নেই বলেও জানিয়েছেন। |
| ৩. | বিপ্লব দেবনাথ | কীর্তিপাশা<br>কীর্তিপাশা | ব্যবহারকারী জানিয়েছেন যে, তারা সারাবছর নলকূপের ময়লা ও দুগন্ধমুক্ত পানি ব্যবহার করতে পারেন এবং পানিতে লবণাক্ততা নেই। |
| ৪. | আব্দুল ছাত্তার মোল্লা<br>ছদর মোল্লা | গোবিন্দধবল<br>কীর্তিপাশা | ল্যাট্রিনের রিং এর উপর স্লাব বসানো আছে কিন্তু ল্যাট্রিনের বেড়া ও ছাউনি দেখা যায়নি। এ বিষয়ে ব্যবহারকারী জানান, ঝড়ে ল্যাট্রিনের উপর গাছ ভেঙ্গে পড়ে বেড়া ও ছাউনি নষ্ট হয়ে গেছে। তারা নিজ খরচে অন্য একটি স্যানিটারী ল্যাট্রিন নির্মাণ করেছে। |
| ৫. | বাদল মিয়া<br>জাবেদ সরকার | গোবিন্দধবল<br>কীর্তিপাশা | ল্যাট্রিনের বেড়া রয়েছে কিন্তু ছাউনি দেখা যায়নি। ব্যবহারকারী জানিয়েছেন ঝড়ে ল্যাট্রিনের ছাউনি নষ্ট হয়ে গেছে। |



চিত্র: কীর্তিপাশা বাজারে নিজ খরচে প্রতিস্থাপিত নলকূপ

### ১৩.৪.২ নলছটি উপজেলা:

| ক্র: নং | ব্যবহারকারীর নাম ও পিতার/স্বামী নাম | গ্রাম ও ইউনিয়ন | মন্তব্য/পরিদর্শন পর্যবেক্ষণ |
|---|---|---|---|
| ১. | ফাতেমা বেগম<br>দেলোয়ার হোসেন | ডুবিল<br>মগড় | পানিতে হালকা লবণাক্ততা রয়েছে বলে প্রতীয়মান হয়। |
| ২. | আমিরাবাদ বাজার মসজিদ | ডুবিল<br>মগড় | নলকূপের ময়লা ও দুগন্ধমুক্ত পানি সারাবছর ব্যবহার করতে পারেন বলে ব্যবহারকারী জানিয়েছেন। |
| ৩. | জাহানারা বেগম<br>ইউসুফ আলী | উত্তর মগড়<br>মগড় | ব্যবহারকারী জানিয়েছেন যে, তারা সারাবছর নলকূপের ময়লা ও দুগন্ধমুক্ত পানি ব্যবহার করতে পারেন এবং পানিতে লবণাক্ততা নেই। |
| ৪. | আমিরাবাদ বাজার | ডুবিল<br>মগড় | নলকূপের গোড়ায় উচু প্লাটফরম নির্মাণ করা হয়েছে। |
| ৫. | ফিরোজ খান<br>অজেদ আলী খান | আমিরাবাদ<br>মগড় | ল্যাট্রিনের মুলি বাশের বেড়া নষ্ট হয়ে যাওয়ায় ব্যবহারকারী নিজ খরচে টিনের বেড়া প্রতিস্থাপন করেছে। |



চিত্র: মুলির বাশের বেড়া নষ্ট হয়ে যাওয়ায় নিজ খরচে প্রতিস্থাপিত টিনের বেড়া

## ১৪। **প্রকল্পের উদ্দেশ্য অর্জনঃ**

| পরিকল্পিত উদ্দেশ্য | অর্জিত ফলাফল |
|---|---|
| • ঘুর্ণিঝড় প্রবণ উপকূলীয় এলাকায় নিরাপদ পানি সরবরাহ নিশ্চিতকরণ; | পিসিআর পর্যালোচনায় দেখা যায়, প্রকল্পের আওতায় বিভিন্ন ধরণের ৮৫১০টি Water point, ১০ টি আর্সেনিক Removal unit, ১০টি desalination plant স্থাপন করা হয়েছে। তাছাড়া ৮৭টি পুকুর পুনঃখনন করা হয়েছে। |
| • এনভায়রণমেন্টাল স্যানিটেশন ব্যবস্থা উন্নয়নের মাধ্যমে পানি বাহিত রোগ এবং সাইক্লোন পরবর্তী ঝুঁকি হ্রাসকরণের জন্য ৭০০০ টি স্বল্প মূল্যের স্যানিটারি ল্যাট্রিন স্থাপন; এবং | ৬২৩৫ টি স্বল্প মূল্যের স্যানিটারী ল্যাট্রিন নির্মান করা হয়েছে। |
| • সামাজিক উদ্বুদ্ধকরণের মাধ্যমে স্বাস্থ্য পরিচর্যা ও অভ্যাসের ব্যাপারে জনগণকে সচেতন করা এবং কমিউনিটির অংশগ্রহণ নিশ্চিত করা। | সামাজিক উদ্বুদ্ধকরণের মাধ্যমে স্বাস্থ্য পরিচর্যা ও অভ্যাসের ব্যাপারে জনগণকে সচেতন করাসহ কমিউনিটির অংশগ্রহণ নিশ্চিত করা হয়েছে। |

১৫। **<u>উদ্দেশ্য পুরোপুরি অর্জিত না হলে এর কারণঃ</u>**

- কিছু জেলায় rain water hervestors এবং SST(shallow shrouded tubewell) স্থাপন করতে না পারা;
- কয়েকবার দরপত্র আহবান করার পরও ঠিকাদার প্রতিষ্ঠান কর্তৃক quoted rate খুব বেশি হওয়ায় চট্টগ্রামে ৪৬৫টি স্বল্প মূল্যের ল্যাট্রিন স্থাপন করা সম্ভব হয়নি; এবং
- বরিশাল জেলায় ১৯৯ (৪৬৫-২৬৬)টি ল্যাট্রিন এবং ৯০টি উচু পাটাতন (সম্পূর্ণ কাজ) নির্মাণ করা হয়নি ।

১৬। **<u>অডিট সংক্রান্তঃ</u>** মন্ত্রণালয় হতে প্রেরিত পিসিআর পর্যালোচনায় দেখা যায় প্রকল্পটির জন্য Internal অডিট সম্পন্ন করা হয়নি। উন্নয়ন সহযোগী আইডিবি কর্তৃক নির্ধারিত অডিট ফার্ম প্রতি অর্থবছরে অডিট সম্পন্ন করেছে।

১৭। **<u>পর্যবেক্ষণঃ</u>**

১৭.১ মূল অনুমোদিত প্রকল্পের বাস্তবায়নকাল ছিল ৩ বছর। সর্বশেষ সংশোধিত প্রকল্পের মেয়াদ ছিল ৫ বছর। প্রকল্পটি মূল অনুমোদিত ডিপিপি'র বাস্তবায়ন মেয়াদ শেষ হওয়ার ২(দুই) বছর পরে সমাপ্ত হয়েছে অর্থাৎ ৬৬.৬৭% মেয়াদ বৃদ্ধি পেয়েছে (অনুচ্ছেদ-৪);

১৭.২ অনেকে নলকূপের যত্ন নিচ্ছেনা এবং কয়েকটিতে মরিচা পড়ে গেছে। আশের পাশের পরিবেশ নোংরা আবর্জনা ফেলে নষ্ট করে রাখছে। ফলে নিরাপদ পানি ও স্যানিটেশনের জন্য তা হুমকীস্বরূপ;

১৭.৩ নলকূপ পাড়ার সকলের ব্যবহারের জন্য স্থাপন করা হলেও কিছু কিছু ক্ষেত্রে এর ব্যবহার সীমিত করা হচ্ছে। তাছাড়া বেড়া দিয়ে ঘেরা বা বাথরুমের পাশে স্থাপিত নলকূপে বাইরের মানুষ কতটা Access রয়েছে তা নিয়ে সন্দেহের অবকাশ রয়েছে;

১৭.৪ পিএসএফ এর সফলতা এর নিয়মিত রক্ষণাবেক্ষণের উপর নির্ভরশীল এবং জনগণের পার্টিসিপেশন খুবই গুরুত্বপূর্ণ। যেখানে জনগণের উৎসাহ এবং চাহিদা রয়েছে সেখানে সফলভাবে ব্যবহৃত হচ্ছে কিন্তু অনেক জায়গায় স্থাপিত পিএসএফ কাজে আসছে না। নিয়মিত রক্ষণাবেক্ষণ না হবার ফলে অকেজো হয়ে পড়ে থাকছে;

১৭.৫ বরিশাল ও ঝালকাঠি জেলার কিছু নলকূপের পানিতে ময়লা এবং দুর্গন্ধের উপস্থিতি লক্ষ্য করা যায়। তাছাড়া ঝালকাঠিতে একটি নলকূপের পানিতে লবণাক্ততা রয়েছে;

১৭.৬ বরিশাল জেলায় ৯০টি উচু পাটাতন নির্মাণের সংস্থান থাকলেও কোনো উচু পাটাতন নির্মাণ করা হয়নি। তাছাড়া বরিশালে ৪৬৫টি স্বল্প মূল্যের ল্যাট্রিন নির্মাণের সংস্থান থাকলেও ২৬৬টি ল্যাট্রিন নির্মাণ করা হয়েছে। অর্থাৎ ১৯৯টি ল্যাট্রিন নির্মাণ করা হয়নি; এবং

১৭.৭ বরিশাল ও ঝালকাঠি জেলার অধিকাংশ ল্যাট্রিনের মুলির বাশের বেড়া ও ছাউনি নষ্ট হয়ে যাওয়ায় ব্যবহারকারী নিজ খরচে তা সংস্কার করেছে।

১৮। **<u>সুপারিশঃ</u>**

১৮.১ প্রকল্পের সর্বশেষ সংশোধিত অনুমোদিত ব্যয় ১২১৯৮.৭১ লক্ষ টাকা। প্রকল্পটি বাস্তবায়নে ৯৩৭৫.৩০ লক্ষ টাকা ব্যয় হয়েছে যা সংশোধিত অনুমোদিত ব্যয়ের ৭৬.৮৫%। অনুমোদিত ব্যয়ের একটা বড় অংশ ২৮৩২.৪১ লক্ষ টাকা (২৩.১৫%) অব্যয়িত আছে। ভবিষ্যতে প্রকল্প প্রণয়নকালে অন্যান্য বিষয়সহ ব্যয় নির্ধারণে এমনভাবে সচেষ্ট হতে হবে যাতে প্রকৃত ব্যয় অনুমোদিত ব্যয়ের সমতুল্য থাকে;

১৮.২ যেসব নলকূপের পানিতে ময়লা/দুর্গন্ধ/লবণাক্ততার উপস্থিতি রয়েছে সেসব নলকূপ চিহ্নিত করে তা দ্রুত সমাধানের জন্য প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করতে হবে;

১৮.৩ নলকূপ রং করাসহ আশেপাশের পরিবেশ পরিষ্কার পরিচ্ছন্ন রাখার জন্য জনসচেতনতা বৃদ্ধির লক্ষ্যে ডিপিএইচই প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করতে পারে;

১৮.৪ স্থাপনকৃত নলকূপে যেন আশেপাশের জনসাধারণের Access থাকে সে বিষয়ে ডিপিএইচই মনিটরিং কার্যক্রম গ্রহণ করবে;

১৮.৫ পিএসএফ সচল রাখার জন্য রক্ষণাবেক্ষনের বিষয়ে জনসাধারণের মধ্যে সচেতনতা বৃদ্ধির বিষয়ে ডিপিএইচই'কে উদ্দ্যেগ নিতে হবে;

১৮.৬ যেসব ঠিকাদার প্রতিষ্ঠান প্রকল্পের আওতায় কাজ করার জন্য চুক্তি স্বাক্ষর করে কাজ অসমাপ্ত রেখেছে চুক্তি অনুযায়ী তাদের বিরূদ্ধে প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য মন্ত্রণালয় উদ্যোগ গ্রহণ করতে পারে; এবং

১৮.৭ উপরের ১৮.১ হতে ১৮.৬ অনুচ্ছেদের সুপারিশ অনুযায়ী গৃহীত ব্যবস্থা সম্পর্কে আগামী ০১ (এক) মাসের মধ্যে বাস্তবায়ন পরিবীক্ষণ ও মূল্যায়ন বিভাগ-কে অবহিত করতে হবে।

## Hydrological & Morphological Study, EIA Study, Preparation of Detailed Design & Bidding Document for construction of Two large Bridge over Kachipara Karkhana River & Pandop paira Rive of Patuakhali & Barisal District. (1st-Revised)" শীর্ষক প্রকল্পের সমাপ্ত মূল্যায়ন প্রতিবেদন

**(সমাপ্তঃ জুন/২০১৫)**

১। **প্রশাসনিক মন্ত্রণালয়/বিভাগ** : স্থানীয় সরকার, পল্লী উন্নয়ন ও সমবায় মন্ত্রণালয়/স্থানীয় সরকার বিভাগ ।

২। **বাস্তবায়নকারী সংস্থা** : স্থানীয় সরকার প্রকৌশল অধিদপ্তর (এলজিইডি)।

৩। **প্রকল্পের অবস্থান** : বরিশাল জেলার বাকেরগঞ্জ উপজেলা এবং পটুয়াখালী জেলার বাউফল ও ধুমকী উপজেলা।

৪। **প্রকল্পের বাস্তবায়ন সময় ও ব্যয়:**

(লক্ষ টাকায়)

| প্রাক্কলিত ব্যয় | | প্রকৃত ব্যয় | পরিকল্পিত বাস্তবায়নকাল | | প্রকৃত বাস্তবায়নকাল | অতিক্রান্ত ব্যয় (মূল প্রাক্কলিত ব্যয়ের %) | অতিক্রান্ত সময় (মূল বাস্তবায়নকালের%) |
|---|---|---|---|---|---|---|---|
| মূল | সর্বশেষ সংশোধিত | | মূল | সর্বশেষ সংশোধিত | | | |
| ১ | ২ | ৩ | ৪ | ৫ | ৬ | ৭ | ৮ |
| ১৪০.০০ | ১৫৩.৯৫ | ৮৩.০০ | অক্টোবর, ২০১২ হতে জুন, ২০১৩ | অক্টোবর, ২০১২ হতে জুন, ২০১৫ | অক্টোবর, ২০১২ হতে জুন, ২০১৫ | (-)৫৭.০০ (৪০.৭১%) | ২ বছর (২৬৬.৬৭%) |

নোটঃ মূল প্রকল্পের অনুমোদিত ব্যয় অপেক্ষা প্রকৃত ব্যয় ৫৭.০০ লক্ষ টাকা হ্রাস পেয়েছে।

### ৫। প্রকল্পের পটভূমি ও উদ্দেশ্যঃ

### ৫.১ প্রকল্পের পটভূমি:

বাংলাদেশের শতকরা ৮৫ জন লোক পল্লী অঞ্চলে বসবাস করে। এজন্য বাংলাদেশের উন্নয়ন বলতে পল্লী অঞ্চলের উন্নয়নকেই বুঝায়। তাদের আর্থ-সামাজিক উন্নয়নই সার্বিকভাবে বাংলাদেশের উন্নয়নে অবদান রাখে। পল্লী উন্নয়নের উদ্দেশ্যই হলো দরিদ্র জনগোষ্ঠীর জীবনমান উন্নয়ন যাতে তাদের অর্থনৈতিক উন্নয়ন সাধিত হয়। সে লক্ষ্যে বাংলাদেশ সরকার পল্লী সড়ক যোগাযোগের উপর গুরুত্ব আরোপ করছেন যাতে মানুষ সহজে যাতায়াত করতে পারে ও উৎপাদিত কৃষি পণ্যের উপযুক্ত মূল্য পায়। দরিদ্র জনগোষ্ঠীর ক্রয় ক্ষমতা বৃদ্ধি পায় এবং তাদের আর্থ-সামাজিক উন্নয়নের সাথে সাথে জীবনমান ও উন্নত হয়।

বরিশাল ও পটুয়াখালী অঞ্চলের গ্রামীণ সড়ক যোগাযোগ ও নেটওয়ার্ক উন্নয়ন তথা উক্ত অঞ্চলের গ্রামীণ জনগনের জীবনমান উন্নয়নের জন্য এলজিইডি বিভিন্ন প্রকল্পের মাধ্যমে পদক্ষেপ নিয়েছে। এ নেটওয়ার্কে দু'টি বৃহৎ সেতু (ক) বরিশাল জেলার বাকেরগঞ্জ ও পটুয়াখালী জেলার বাউফল উপজেলার কাছিপাড়া-কারখানা নদীর উপর সেতু এবং (খ) পটুয়াখালী জেলার দুমকী উপজেলা ও বরিশাল জেলার বাকেরগঞ্জ উপজেলার মধ্যবর্তী পান্ডব-পায়রা নদীর উপর সেতু নির্মাণ করা প্রয়োজন। তাছাড়া, কলাপাড়া উপজেলার কুয়াকাটা দেশের ২য় পর্যটন কেন্দ্র হওয়ায় প্রতিদিন হাজার হাজার পর্যটক কুয়াকাটার সমুদ্র সৈকতে ভ্রমনের উদ্দেশ্যে যাতায়াত করছে এবং উপকূলীয় অঞ্চলের বিভিন্ন দর্শনীয় স্থানসমুহে ভ্রমন করছে; যা অত্র অঞ্চলের আর্থ-সামাজিক উন্নয়নে অবদান রাখছে। কাজেই অত্র অঞ্চলের যোগাযোগ নেটওয়ার্ক উন্নয়নের জন্যও সেতু দু'টি নির্মাণ করা প্রয়োজন।

বর্ণিত সেতু ২(দুই)টির নির্মাণস্থল উপকূলীয় অঞ্চলের অন্তর্গত হওয়ায় প্রায়শই সাইক্লোন, বন্যা ও জলোচ্ছাসের আঘাতে অবকাঠামো তথা রাস্তা, সেতু, এ্যাপ্রোচ সড়ক ও যোগাযোগ ব্যবস্থা মারাত্মকভাবে ক্ষতিগ্রস্থ এবং হুমকীর সম্মুখীন হয়। উক্ত সেতু দু'টি এবং উহার এ্যাপ্রোচ সড়কগুলো যাতে সাইক্লোনের সৃষ্ট জলোচ্ছাসের আঘাতে ক্ষতিগ্রস্ত না হয় এবং যাতে ইহার স্থায়ীত্ব বৃদ্ধি পায় এবং টেকসই নির্মাণ নিশ্চিতের নিমিত্ত হাইড্রোলজিক্যাল ও মরফোলজিক্যাল সমীক্ষা কার্যক্রম এবং সেতুর Detailed Design প্রস্তুতসহ Bidding Document তৈরির লক্ষ্যে আলোচ্য প্রকল্পটি গ্রহণ করা হয়।

**৫.২. প্রকল্পের উদ্দেশ্য:** প্রকল্পের মূল উদ্দেশ্য হলো-

বরিশাল ও পটুয়াখালীতে যথাক্রমে কচিপাড়া-কারখানা ও পান্ডব-পায়রা নদীর ওপর ব্রিজ নির্মাণের লক্ষ্যে উক্ত এলাকায় Hydrological, Morphological Study, Environmental Impact Assessment Study এবং ব্রীজের Detailed Design প্রস্তুতসহ Bidding Document তৈরি করা।

**৬। প্রকল্পের প্রধান কার্যক্রমসমূহঃ**

- Hydrological, Morphological Study & EIA Study;
- Feasibility & Design of Bridge including approach road & economical analysis (EIRR & FIRR)

**৭। cKí Ab‡gv`b Ges ms‡kvab t**

মূল প্রকল্পটি গত ১২/১১/২০১২ তারিখে স্থানীয় সরকার, পল্লী উন্নয়ন ও সমবায় মন্ত্রণালয়ের মাননীয় মন্ত্রী কর্তৃক ১৪০.০০ লক্ষ টাকা প্রাক্কলিত ব্যয়ে অক্টোবর/২০১২ হতে জুন/২০১৩ মেয়াদে বাস্তবায়নের জন্য অনুমোদিত হয়। প্রকল্প বাস্তবায়নকালীন সময়ে বিআইডব্লিউটিএ কর্তৃক নেভিগেশন ক্লিয়ারেন্স সংশোধন করায় প্লান/ডিজাইন পরিবর্তনের জন্য প্রকল্পটির মেয়াদ ব্যয় বৃদ্ধি ব্যতিরেকে জুন/২০১৪ পর্যন্ত বৃদ্ধি করা হয়। পরবর্তীতে পান্ডব-পায়রা নদীর উপর বাস্তবায়নের জন্য প্রস্তাবিত ব্রিজ সড়ক ও জনপথ অধিদপ্তরের সড়কের এলাইনমেন্টে অবস্থিত হওয়ায় এবং সড়ক ও জনপথ অধিদপ্তরের আওতায় বরিশাল-পটুয়াখালী সড়কের নিকটবর্তী হওয়ায় ব্রিজটির সমীক্ষা কার্যক্রম বাদ দিয়ে বাস্তব অবস্থার প্রেক্ষিতে প্রকল্পটির মেয়াদ জুন/২০১৫ পর্যন্ত বৃদ্ধিসহ ১৫৩.৯৫ লক্ষ টাকা প্রাক্কলিত ব্যয়ে সমীক্ষা প্রকল্পটি ১ম সংশোধন অনুমোদিত হয়।

**৮। প্রকল্প অনুকূলে বরাদ্দ ও অগ্রগতি:**

(লক্ষ টাকায়)

| অর্থ বছর | সংশোধিত ডিপিপি'তে সংস্থান | সংশোধিত এডিপি অনুযায়ী বরাদ্দ | টাকা অবমুক্তি | ব্যয় |
|---|---|---|---|---|
| ২০১২-১৩ | ৫০.০০ | ৫০.০০ | ৫০.০০ | ৫০.০০ |
| ২০১৩-১৪ | ২৫.০০ | ২৫.০০ | ২৫.০০ | ২৫.০০ |
| ২০১৪-১৫ | ৭৮.৯৫ | ৮.০০ | ৮.০০ | ৮.০০ |
| মোট | ১৫৩.৯৫ | ৮৩.০০ | ৮৩.০০ | ৮৩.০০ |

**৯। প্রকল্পের অংগভিত্তিক বাস্তবায়ন (পিসিআর অনুসারে):**

(লক্ষ টাকায়)

| অংগের নাম | একক | সংশোধিত ডিপিপি অনুযায়ী লক্ষ্যমাত্রা | | প্রকৃত অগ্রগতি | | বিচ্যুতির কারণ |
|---|---|---|---|---|---|---|
| | | আর্থিক | বাস্তব | আর্থিক | বাস্তব | |
| ১ | ২ | ৩ | ৪ | ৫ | ৬ | ৭ |
| Hydrological, Morphological Study & EIA Study | LS | ৩৮.০০ | - | ৩৮.০০ | - | • সমীক্ষা প্রকল্পের কাজ চলমান পর্যায়ে কাচিপাড়া-কারখানা ব্রিজের জন্য নির্ধারিত স্থানের নিকটবর্তী এলাকায় দেশের ৩য় সমুদ্র বন্দর নির্মাণের জন্য সিদ্ধান্ত গৃহীত হওয়ায় ব্রিজের প্লান/ডিজাইন |
| Feasibility & Design consultant including approach road & including economical | LS | ১০৬.২০ | - | ৩৮.৫২ | - | |

| অংগের নাম | একক | সংশোধিত ডিপিপি অনুযায়ী লক্ষ্যমাত্রা | | প্রকৃত অগ্রগতি | | বিচ্যুতির কারণ |
|---|---|---|---|---|---|---|
| | | আর্থিক | বাস্তব | আর্থিক | বাস্তব | |
| ১ | ২ | ৩ | ৪ | ৫ | ৬ | ৭ |
| analysis (EIRR & FIRR) | | | | | | প্রণয়নের পরিবর্তনের প্রয়োজন দেখা দেয়। |
| Fee for Enviromental Clearance for DOE & Associated cost (purchase of navigational rout map) | LS | ২.০০ | - | ০.০০ | - | • সেজন্য নৌ চলাচলের উপযোগী করার লক্ষ্যে BIWTA কর্তৃক আলোচ্য ব্রিজের Vertical Clearance ১২.২০মিঃ (৪০ ফুট) এর পরিবর্তে ১৮.৩০মিঃ (৬০ ফুট) পুনঃনির্ধারণ করা হয়। |
| Contingency & Stationary, Seal, Stamps, Honorium, Advertisement etc. | LS | ৭.৭৫ | - | ৬.৪৮ | - | • পুনঃনির্ধারিত Vertical Clearance অনুযায়ী অর্থাৎ Vertical Clearance বৃদ্ধি পাওয়ায় নিয়োজিত পরামর্শক প্রতিষ্ঠানের Revised Inception Report অনুযায়ী আলোচ্য ব্রিজের দৈর্ঘ্য ৭৮০.০০মিটার এর স্থলে ১৯১০.০০মিঃ নির্ধারিত হয়।<br>• সে প্রেক্ষিতে সরকারি নির্দেশনা অনুযায়ী আলোচ্য ব্রিজের দৈর্ঘ্য ১৫০০.০০মিটারের অধিক হওয়ায় ব্রিজটির বাস্তবায়ন কর্তৃপক্ষ হবে সেতু বিভাগ।<br>• সেতু বিভাগ কর্তৃক বাস্তবায়ন নিমিত্ত স্থানীয় সরকার বিভাগের মাধ্যমে প্রণয়নকৃত যাবতীয় দলিলাদি সেতু বিভাগের নিকট স্থানান্তর করা হয়েছে। |
| **মোট** | | **১৫৩.৯৫** | **-** | **৮৩.০০** | **-** | |

**১০। কোন অংগের বাস্তবায়ন অসম্পূর্ণ আছে কিনা?**

- কচিপাড়া-কারখানা নদীর উপর প্রস্তাবিত ব্রিজটি (দৈর্ঘ্য ১৫০০.০০মিটার এর বেশি হওয়ায়) এলজিইডি'র কাজের আওতাভূক্ত নয় বিধায় ব্রিজটির নির্মাণ বিষয়ে এলজিইডি কর্তৃক পরিবেশ অধিদপ্তরের ছাড়পত্র গ্রহণ করা হয়নি।

- Feasibility & Design consultant কর্তৃক কাচিপাড়া-কারখানা ব্রিজটির জন্য Inception Report প্রণয়ন করা হয়েছে যাতে ব্রিজের দৈর্ঘ্য ১৯১০.০০মিটার নির্ধারণ করা হয়েছে। কিন্তু ব্রিজের বিস্তারিত ডিজাইন প্রণয়ন করা হয়নি।

## ১১। প্রকল্পের ক্রয় কার্যক্রমঃ

Av‡jvP¨ cK‡íi AvIZvq Hydrological, Morphological Study & EIA Study Gi Rb¨ e¨q ms¯vb wQj ৩৮.০০ j¶ UvKv এবং Feasibility & Design consultant including approach road & including economical analysis (EIRR & FIRR) Gi Rb¨ e¨q ms¯vb wQj ১০৬.২০ j¶ UvKvI cKí cwiPvj‡Ki `ß‡i µq msµvšÍ Kvhµg chv‡jvPbv K‡i †`Lv hvq †h, cKíwUi AvIZvq mgx¶v Kvhµg‡K ডিপিপি অনুযায়ী `wU মূল c¨v‡K‡R fvM Kiv nq| এর মধ্যে একটি প্যাকেজকে কাজের ধরণ অনুযায়ী ৪টি সাব-প্যাকেজে ভাগ করা হয়। µq Kvhµg msµvন্ত Z_¨ wb‡¤œi mviYx‡Z †`qv n‡jv (এলজিইডি কর্তৃক সরবরাহকৃত তথ্যানুযায়ী):

(লক্ষ টাকায়)

| | Description of Procurement | Tender/Bid/Proposal cost (In crore taka) | | | Date of completion of Works/Services and Supply of Goods | |
|---|---|---|---|---|---|---|
| | | Contracted value | Invitation Date | Contract Signing | Asper Contract | Actual |
| | ১ | ৩ | ৪ | ৫ | ৬ | ৭ |
| 1 | Hydrological, Morphological Study & EIA Study | 857.95 | 17.03.2009 | 07.12.2010 | 06.12.2012 | 15.04.2013 |
| 2 | Feasibility & Design consultant including approach road & including economical analysis (EIRR & FIRR) | | | | | |
| | i) Detail Structural design, estimate technical specification etc. | 74.90 | 16/11/2013 | 20/05/2014 | 19/4/2015 | 19/04/2015 |
| | ii) Digital Survey | 7.78 | 14/05/2013 | 22/05/2013 | 22/06/2013 | 22/06/2013 |
| | iii) Design, Estimate & BOQ for box culvert | 2.90 | 27/10/2013 | 10/06/2013 | 20/06/2013 | 20/0//2013 |
| | iv) Economic & Financial analysis | 1.25 | 27/10/2013 | 06/11/2013 | 16/11/2013 | 16/11/2013 |

## ১২। বাস্তবায়ন কার্যক্রম সরেজমিনে পরিদর্শনঃ

গত ২৭ জুন, ২০১৬ তারিখে আইএমইডি'র সহকারী পরিচালক জনাব মোঃ ফজলুর রহমান কর্তৃক সমীক্ষা প্রকল্পের সমাপ্ত কার্যক্রম পরিবীক্ষণ করা হয়।

## ১৩। প্রকল্প পরিচালক সম্পর্কিত তথ্যঃ

প্রকল্পের শুরু (অক্টোবর/২০১২) থেকে শেষ (জুন/২০১৫) পর্যন্ত নির্বাহী প্রকৌশলী জনাব মোঃ মতিয়ার রহমান নিজ দায়িত্বের অতিরিক্ত হিসেবে প্রকল্প পরিচালকের দায়িত্ব পালন করেন।

## ১৪। অডিট সংক্রান্তঃ

মন্ত্রণালয় হতে প্রেরিত পিসিআর পর্যালোচনায় দেখা যায় প্রকল্পটির জন্য Internal অডিট সম্পন্ন করা হয়েছে। কিন্তু External Audit করা সম্পন্ন করা হয়নি।

**১৫। প্রকল্পের উদ্দেশ্য অর্জনঃ**

| পরিকল্পিত উদ্দেশ্য | অর্জিত ফলাফল |
|---|---|
| বরিশাল ও পটুয়াখালীতে যথাক্রমে কচিপাড়া-কারখানা ও পান্ডব-পায়রা নদীর ওপর ব্রিজ নির্মাণের লক্ষ্যে উক্ত এলাকায় Hydrological, Morphological Study, Environmental Impact Assessment Study, ব্রীজের Detailed Design প্রস্তুতিসহ Bidding Document তৈরি করা। | প্রকল্পের Hydrological ও Morphological এবং EIA স্ট্যাডি BUET এর IWFM কর্তৃক বাস্তবায়ন করা হয়েছে। কচিপাড়া-কারখানা নদীর ওপর ব্রিজ নির্মাণের লক্ষ্যে Inception Report/Revised Inception Report সম্পাদন করা হয়েছে। যাতে ব্রিজের দৈর্ঘ্য ১৯১০.০০ মিটার নির্ধারণ করা হয়েছে। |

*পান্ডব-পায়রা নদীর ওপর ব্রিজ নির্মাণের জন্য সমীক্ষা কার্যক্রম সংশোধিত প্রকল্প হতে বাদ দেয়া হয়েছে।

**১৬। উদ্দেশ্য পুরোপুরি অর্জন না হলে এর কারণঃ**

পরামর্শক প্রতিষ্ঠান কর্তৃক প্রণীত Revised Inception Report অনুযায়ী কচিপাড়া-কারখানা ব্রিজের দৈর্ঘ্য ৭৮০.০০মিটার এর স্থলে ১৯১০.০০মিঃ নির্ধারিত হয়। সরকারি নির্দেশনা অনুযায়ী ব্রিজের দৈর্ঘ্য ১৫০০.০০মিটারের অধিক হলে তা সেতু বিভাগ বাস্তবায়ন করবে। এ প্রেক্ষাপটে প্রকল্পের আওতায় পরবর্তী কার্যক্রম যেমন-ব্রিজের Detailed Design সহ Bidding Document তৈরি করা হয়নি। ব্রিজটি নির্মাণের বিষয়ে পরবর্তী প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করার জন্য Revised Inception Report টি সেতু বিভাগে প্রেরণ করা হয়েছে।

**১৭। আইএমইডি’র পর্যবেক্ষণঃ**

১৭.১ BUET এর IWFM কর্তৃক প্রকল্পের Hydrological, Morphological & Environmental Study এর পূর্ণাঙ্গ রির্পোট প্রণয়ন করা হয়েছে।

১৭.২ পরামর্শক প্রতিষ্ঠান Umar Munshi Associates & SARM Associates (JV) কর্তৃক প্রণীত প্রকল্পের Inception Report/Revised Inception Report, Topographical Survey, Sub-soil investigation Report প্রণয়নের কাজ সম্পাদন করা হয়েছে।

১৭.৩ বর্ণিত Design Consultant কর্তৃক প্রণিত Revised Inception Report অনুযায়ী আলোচ্য ব্রিজের দৈর্ঘ্য ১৫০০.০০ মিটারের অধিক (১৯১০.০০ মিটার) হওয়ায় সরকারি নীতিমালা অনুযায়ী এলজিইডি কর্তৃক বাস্তবায়ন সম্ভব হয়নি বিধায় স্থানীয় সরকার বিভাগের মাধ্যমে প্রকল্পটি যথাযথ বাস্তবায়নের জন্য সেতু বিভাগে স্থানান্তর করা হয়েছে।

১৭.৪ পান্ডব-পায়রা নদীর উপর বাস্তবায়নের জন্য প্রস্তাবিত ব্রিজ সড়ক ও জনপথ অধিদপ্তরের সড়কের এলাইনমেন্টে অবস্থিত হওয়ায় এবং সড়ক ও জনপথ অধিদপ্তরের আওতায় বরিশাল-পটুয়াখালী সড়কের নিকটবর্তী হওয়ায় ব্রিজটির সমীক্ষা কার্যক্রম বাদ দিয়ে বাস্তব অবস্থার প্রেক্ষিতে প্রকল্পটি সংশোধন করা হয়েছে।

**১৮। <u>সুপারিশঃ</u>**

১৯.১ ভবিষ্যতে এ ধরণের প্রকল্প গ্রহণের ক্ষেত্রে সংশ্লিষ্ট মন্ত্রণালয়/বিভাগের সাথে সমন্বয় করে প্রকল্প গ্রহণ করা যেতে পারে। (অনুচ্ছেদ-১৯.৪);

১৯.২ এ ব্রিজটি নির্মাণের জন্য পরবর্তী কার্যক্রমসমূহ সেতু বিভাগ কর্তৃক সম্পাদনের বিষয়ে এলজিইডি সেতু বিভাগের সঙ্গে সমন্বয় করবে; এবং

১৯.৩ প্রকল্পের External Audit দ্রুত সম্পন্ন করতে হবে। (অনুচ্ছেদ-১৬);

১৯.৪ উপরের ১৯.১ হতে ১৯.৩ অনুচ্ছেদের সুপারিশ অনুযায়ী গৃহীত ব্যবস্থা সম্পর্কে আগামী ০১ (এক) মাসের মধ্যে বাস্তবায়ন পরিবীক্ষণ ও মূল্যায়ন বিভাগ-কে অবহিত করতে হবে।

## “চাঁপাইনবাবগঞ্জ জেলার নাচোল উপজেলার গুরুত্বপূর্ণ সড়ক উন্নয়ন (১ম সংশোধিত)”

## শীর্ষক প্রকল্পের সমাপ্ত মূল্যায়ন প্রতিবেদন।

**(সমাপ্ত: জুন ২০১৫)**

১। বাস্তবায়নকারী সংস্থা : স্থানীয় সরকার প্রকৌশল অধিদপ্তর

২। প্রশাসনিক মন্ত্রণালয়/বিভাগ : স্থানীয় সরকার, পল্লী উন্নয়ন ও সমবায় মন্ত্রণালয়/স্থানীয় সরকার বিভাগ

৩। প্রকল্পের বাস্তবায়ন সময় ও ব্যয় :

(লক্ষ টাকায়)

| প্রাক্কলিত ব্যয় (প্রঃসাঃ) | | প্রকৃত ব্যয় (প্রঃ সাঃ) | পরিকল্পিত বাস্তবায়নকাল | | প্রকৃত বাস্তবায়নকাল | অতিরিক্ত ব্যয় (মূল প্রাক্কলিত ব্যয়ের %) | অতিরিক্ত সময় (মূল বাস্তবায়নকালের %) |
|---|---|---|---|---|---|---|---|
| মূল | সর্বশেষ সংশোধিত | | মূল | সর্বশেষ সংশোধিত | | | |
| ১ | ২ | ৩ | ৪ | ৫ | ৬ | ৭ | ৮ |
| ২০৭৯.১৬ (-) | ২০৭৫.০০ (-) | ২০৭৫.০০ (-) | ০১/০১/২০১৩ হতে ৩০/০৬/২০১৪ | ০১/০১/২০১৩ হতে ৩০/০৬/২০১৫ | ০১/০১/২০১৩ হতে ৩০/০৬/২০১৫* | -- | ৬৬.৬৬% |

*প্রকল্পের মেয়াদ ব্যয় বৃদ্ধি ব্যতিরেকে ৩০/০৬/২০১৫ পর্যন্ত০১ (এক) বছর বৃদ্ধি করা হয়েছে।

৪। **প্রকল্পের অঙ্গভিত্তিক বাস্তবায়ন(পিসিআর অনুসারে):**

(লক্ষ টাকায়)

| ক্রমিক নং | অনুমোদিত সংশোধিত ডিপিপি অনুযায়ী কাজের অঙ্গ | একক | অনুমোদিত সংশোধিত ডিপিপি অনুযায়ী লক্ষমাত্রা | | প্রকৃত বাস্তবায়ন জুন ২০১৫ পর্যন্ত | |
|---|---|---|---|---|---|---|
| | | | আর্থিক | বাস্তব | আর্থিক (%) | বাস্তব (%) |
| ১ | ২ | ৩ | ৪ | ৫ | ৬ | ৭ |
| (A) Revenue component: | | | | | | |
| 1. | Sub total | - | 0 | - | 0 | - |
| (B) Capital component: | | | | | | |
| 1. | Improvement of Bridge/Culvert | m | 96.13 | 100% | 96.13 | 100% |
| 2. | Slope Protection | m | 14.31 | 100% | 14.31 | 100% |
| 3. | Improvement of Upozila road | km | 477.43 | 100% | 477.43 | 100% |
| 4. | Improvement of Union road | km | 366.82 | 100% | 366.82 | 100% |
| 5. | Improvement of Village road | km | 1120.31 | 100% | 1120.31 | 100% |
| 6. | Physical contingcy | L.S | - | - | - | - |
| 7. | Price contingcy | L.S | - | - | - | - |
| 8. | **Total Capital Component** | L.S | **2075.00** | 100% | **2075.00** | 100% |
| | **Total =(A+B)** | | **2075.00** | | **2075.00** | |

৫। **কাজ অসম্পূর্ণ থাকলে তার কারণ:**_অনুমোদিত ডিপিপি অনুযায়ী কাজ সমাপ্ত হয়েছে।

৬। **সাধারণ পর্যবেক্ষণ:**

৬.১ **প্রকল্পের পটভূমি:**

চাঁপাই নবাবগঞ্জ জেলার নাচোল উপজেলার মোট এলাকা ২৮৩.৬৮ বর্গকিলোমিটার, ২৩৭৭০টি খানা, মোট জনসংখ্যা ১৫১৪০৫ জন। আন্দিপুর, কেন্দুয়া, ঘাসুরা, শিবনগর, মান্দা, গোলাপাড়, মল্লিকপুরসহ নাচোল উপজেলার এলাকার জনগন বিপ্লবী নেত্রী ইলামিত্রের নেতৃত্বে ১৯৫০ সালে তেভাগা আন্দোলনে অংশগ্রহণ করেন। চাঁপাই নবাবগঞ্জ জেলার অধীন নাচোল উপজেলার কেন্দুয়ায় তাঁর সম্মানার্থে জেলা পরিষদের অর্থায়নে স্মৃতিস্তম্ভ তৈরী করা হয়েছে। লোকজন দূরদূরান্ত থেকে উক্ত স্মৃতিস্তম্ভ পরিদর্শনে আসেন। কিন্তু যোগাযোগ ব্যবস্থা উন্নয়নের সিদ্ধান্ত গ্রহণ করেন যাতে পরিদর্শকগন সহজে পরিদর্শন করতে পারেন এবং তেভাগা আন্দোলনের তীর্থভূমি লড়াকু মানুষের অতি প্রিয় নেত্রী বিপ্লবী ইলামিত্রের স্মৃতিচারন করতে পারেন। এ উদ্দেশ্যে ''চাপাই নবাবাবগঞ্জ জেলার নাচোল উপজেলার গুরুত্বপূর্ণ সড়ক উন্নয়ন'' শীর্ষক প্রকল্প টি ২০.৭৫ কোটি টাকা প্রক্কলিত বায়ে মার্চ-২০১২ মেয়াদে বাস্তবায়নের লক্ষে লক্ষ্যে গ্রহণ করা হয়।

৬.২ **প্রকল্পের উদ্দেশ্য:**

প্রকল্পের মূল উদ্দেশ্য হচ্ছে- উন্নতর যোগাযোগ ব্যবস্থার সংযোগ স্থাপন করে গ্রামীণ যোগাযোগ এবং বাজারজাত ব্যবস্থার টেকসই উন্নয়ন।

**সুনির্দিষ্ট উদ্দেশ্যঃ**

১। চাপাই নবাবগঞ্জ জেলার গ্রামীণ যোগাযোগ নেটওয়ার্ক স্থাপনের মাধ্যমে যাতায়ত ব্যয় কমানো, কৃষিপণ্য বাজারজাত করণের ব্যবস্থার উন্নয়ন, কৃষিপণ্যের উৎপাদন সুবিধা বৃদ্ধিসহ প্রকল্প এলাকায় আর্থ-সামাজিক অবস্থার উন্নয়ন;

২। উপজেলার গুরুত্বপূর্ণ স্থানসহ সার্বিক যোগাযোগ নেটওয়ার্ক গড়ে তোলা এবং

৩। গ্রামীণ অবকাঠামো উন্নয়নে স্থানীয় জনগণকে সম্পৃক্ত করে কৃষি ও অ-কৃষি খাতে স্বল্প ও দীর্ঘ মেয়াদী কর্মসংস্থানের সুযোগ সৃষ্টির মাধ্যমে পল্লীর দারিদ্র জনগনের দারিদ্র হ্রাসকরণ।

৬.৩ **প্রকল্পের অনুমোদন ও সংশোধন:**

প্রকল্পটি ২৪/০৩/২০১৩ তারিখে ২০৭৯.১৬ লক্ষ টাকা প্রাক্কলিত ব্যয়ে জুলাই ২০১৩ থেকে জুন ২০১৪ মেয়াদে বাস্তবায়নের নিমিত্ত মাননীয় পরিকল্পনা মন্ত্রী কর্তৃক অনুমোদিত হয়েছে। পরবর্তীতে প্রকল্পটির মেয়াদ ব্যয় বৃদ্ধি ব্যতিরেকে জুন ২০১৫ পর্যন্ত নির্ধারণ করা হয়। ২০৭৫.০ লক্ষ টাকা ব্যয়ে এবং জুলাই ২০১৩ হতে জুন ২০১৫ পর্যন্ত মেয়াদকালে বাস্তবায়নের জন্য প্রকল্পটি ১ম সংশোধন করা হয়।

৭। **পরিদর্শন:**

প্রকল্পটি ২৭/০৩/২০১৬ তারিখে আইএমইডি'র সহকারী পরিচালক জনাব নূর মোহাম্মদ হোসাইনী কর্তৃক পরিদর্শন করা হয়। পরিদর্শনকালে নির্বাহী প্রকৌশলী, উপজেলা প্রকৌশলীসহ প্রকল্প সংশ্লিষ্ট অন্যান্য কর্মকর্তাগণ উপস্থিত ছিলেন। প্রকল্প সংশ্লিষ্ট কর্মকর্তাদের সঙ্গে আলোচনা, প্রকল্প তথ্য বিশ্লেষণ এবং পিসিআর এর তথ্যের ভিত্তিতে প্রতিবেদনটি প্রণয়ন করা হয়েছে।

৭.১ প্রকল্পের আওতায় ৬.৬৫ কিমি উপজেলা সড়ক, ৬.১৭ কিমি ইউনিয়ন সড়ক এবং ২৩.১৩ কিমি গ্রাম সড়ক নির্মিত হয়েছে। স্থানীয় সরকার প্রকৌশল অধিদপ্তরের নির্ধারিত মান অনুযায়ী উপজেলা সড়ক ৩.৬৬মি, ইউনিয়ন সড়ক ৩.০০মি এবং গ্রাম সড়ক ২.৫মি প্রশস্তায় করা হয়েছে। পরিদর্শনকালে কেন্দুয়া নওদাপাড়া সড়ক,নওদা পাড়া

শিংড়োইল সড়ক দুটির রাস্তার প্রশস্ততা, শোল্ডার ও সড়ক বাঁধের স্লোপ মেপে দেখা হয়- যা ডিজাইনের সাথে সামঞ্জস্যপূর্ণ বলে প্রতীয়মান হয়। তবে বেশ কয়েকটি স্থানে সড়ক বাঁধের স্লোপ ডিজাইন অনুযায়ী ঠিক ছিলনা।





**চিত্র-১:** প্রকল্পের আওতায় নির্মিত ইউনিয়ন সড়ক

এবিষয়ে জানতে চাইলে নির্বাহী প্রকৌশলী জানান যে জমির পাশে নিয়মানুযায়ী স্লোপ তৈরী করা হলেও অনেকসময় জমিতে ব্যবহৃত ট্রাকটর ও অন্যান্য যানবাহনের ব্যবহারের ফলে স্লোপ ক্ষতিগ্রস্ত হয়েছে। তবে এতে রাস্তার জন্য বড় ধরণের ক্ষতির শংকা নেই।





**চিত্র-২:** কালভার্ট নির্মাণের পর নিচের মাটি এবং পড়ে থাকা বিভিন্ন নির্মাণ সামগ্রী সরানো হয়নি যার ফলে বর্ষার সময় পানি নিষ্কাশনে সমস্য হতে পারে।

৭.২। উপজেলার বিভিন্ন সড়কের প্রয়োজনীয় স্থানে প্রকল্পের আওতায় ৪০.৮০মি ব্রীজ ও কালভার্ট নির্মিত হয়েছে। পরিদর্শনকালে রুদ্রকুন্ড খাড়ি নামক স্থানে কালভার্টটির নিচে বেশ কিছু নির্মাণ সামগ্রী পড়ে থাকতে দেখা গেছে। যা দ্রুত অপসারণ করা প্রয়োজন বলে মনে হয়েছে।



**চিত্র-৩:** রাস্তা থেকে কালভার্টের উচ্চতা কম এবং এখানে রাস্তার ফিনিশিং ঠিকভাবে করা হয়নি ফলে যানবাহনে প্রতিবার ঝাঁকি খেতে হয়।





**চিত্র-৪:** দুটি ভিন্ন প্রশস্ততার কালভার্টের রেলিং।

৭.৩। পূর্বে তৈরীকৃত ৩.৫মি প্রশস্ততার কালভার্টির সাথেই নতুন ৩.৬৬মি প্রশস্ততার কালভার্ট নির্মাণ করা হয়েছে এবং দুটির রেলিং সামঞ্জস্যপূর্ণ হয়নি। পুরো কালভার্টটি সমান প্রশস্ততার হওয়া উচিত ছিল। এছাড়া কালভার্টের উচ্চতা এপ্রোচ রোড হতে বেশি বা সম উচ্চতার হওয়া বাঞ্চনীয়- এক্ষেত্রে তা করা হয়নি। এছাড়া প্রকল্পের আওতায় ২৭১.০০মিটার স্লোপ প্রোটেকশন কাজ করা হয়েছে, বিশেষত পুকুর, নালা, খাল ও নীচু জমির পাশে নির্মিত রাস্তায় স্লোপ প্রোটেকশনের কাজ করা হয়েছে।

৮। **ক্রয় সংক্রান্ত তথ্যাদি:**

প্রকল্পের আওতায় সমগ্র নির্মাণকাজ ১০টি প্যাকেজের আওতায় সম্পন্ন করা হয়েছে। পরিদর্শণকালে দৈবচয়ন ভিত্তিতে একটি প্যাকেজের ক্রয় কাযর্ক্রম খতিয়ে দেখা হয়। এই প্যাকেজের প্রাক্কলিত মূল্য ছিল ১৬০.৬৬ লক্ষ টাকা। দৈনিক ইত্তেফাক ও ডেইলী সান পত্রিকায় যথাক্রমে ২৭.০৯.২০১৩ ও ২৫.০৯.২০১৩ তারিখে দরপত্র বিজ্ঞপ্তি প্রকাশিত হয়।

এতে অংশগ্রহণকারীর সংখ্যা ৪০ এবং রেসপন্সিভ দরদাতার সংখ্যা ছিল ৩৭। তন্মধ্যে যথাযথ কর্তৃপক্ষের অনুমোদন সাপেক্ষে চূড়ান্তভাবে রিদ্র এন্টারপ্রাইজ নামক প্রতিষ্ঠান কার্যাদেশ লাভ করে ০৯.০১.২০১৪ তারিখে। এই প্যাকেজের চুক্তিমূল্য ছিল ১৩৪.৬৮ লক্ষ টাকা এবং চূড়ান্তভাবে ১৩৩.০৩ লক্ষ টাকা ব্যয়ে ১৮.১২.২০১৪ তারিখে কাজ সমাপ্ত করা হয়। প্রাপ্ত তথ্যাদি বিশ্লেষণ করে দেখা যায় যে এক্ষেত্রে পিপিআর ২০০৮ পালন করা হয়েছে। এছাড়া প্রকল্প কার্যালয় হতে প্রাপ্ত দরপত্র সংক্রান্ত বিস্তারিত তথ্যাদি **পরিশিষ্ট-ক'**তে সন্নিবেশিত করা হলো।

৯। (ক) **ডিপিপি বরাদ্দ ও অগ্রগতি:**

প্রকল্পের পিসিআর ও সংস্থা কর্তৃক সরবরাহকৃত তথ্য অনুযায়ী আলোচ্য প্রকল্পের অনুকূলে বছরওয়ারী অর্থ বরাদ্দ, অবমুক্তি এবং ব্যয় নিম্নরূপ:

(লক্ষ টাকায়)

| অর্থবছর | ডিপিপি অনুযায়ী পরিকল্পিত লক্ষ্যমাত্রা | | | | অর্থবছর | সংশোধিত ডিপিপি অনুযায়ী পরিকল্পিত লক্ষ্যমাত্রা | | | |
|---|---|---|---|---|---|---|---|---|---|
| | মোট | টাকা | প্রকল্প সাহায্য | বাস্তব লক্ষমাত্রা % | | মোট | টাকা | প্রকল্প সাহায্য | বাস্তব লক্ষমাত্রা % |
| ১ | ২ | ৩ | ৪ | ৫ | ৬ | ৭ | ৮ | ৯ | ১০ |
| | | | | | - | | | | |
| ২০১২-১৩ | ৫৫০.০০ | ৫৫০.০০ | - | ২৬.৫% | ২০১২-১৩ | - | - | - | - |
| ২০১৩-১৪ | ১৫২৯.১৬ | ১৫২৯.১৬ | - | ৭৩.৫% | ২০১৩-১৪ | ৫০০.০০ | ৫০০.০০ | - | ২৪% |
| ২০১৪-১৫ | | | - | | ২০১৪-১৫ | ১৫৭৫.০০ | ১৫৭৫.০০ | - | ৭৬% |
| **মোট=** | **২০২৯.১৬** | **২০২৯.১৬** | **-** | **১০০%** | | **২০৭৫.০০** | **২০৭৫.০০** | **-** | **১০০%** |

**(খ) এডিপি/সংশোধিত আরএডিপি বরাদ্দ ও অগ্রগতি:**

প্রকল্পের পিসিআর ও সংস্থা কর্তৃক সরবরাহকৃত তথ্য অনুযায়ী আলোচ্য প্রকল্পের অনুকূলে বছরওয়ারী অর্থ বরাদ্দ অবমুক্তি এবং ব্যয় নিম্নরূপ:

(লক্ষ টাকায়)

| অর্থবছর | সংশোধিত বরাদ্দ ও লক্ষ্যমাত্রা | | | | টাকা অবমুক্তি | ব্যয় ও বাস্তব অগ্রগতি | | | |
|---|---|---|---|---|---|---|---|---|---|
| | মোট | টাকা | প্রকল্প সাহায্য | বাস্তব লক্ষমাত্রা % | | মোট | টাকা | প্রকল্প সাহায্য | বাস্তব অগ্রগতি % |
| ১ | ২ | ৩ | ৪ | ৫ | ৬ | ৭ | ৮ | ৯ | ১০ |
| ২০১২-১৩ | | | - | | | | | | |
| ২০১৩-১৪ | ৫০০.০০ | ৫০০.০০ | - | ২৪.০০% | | ৫০০.০০ | ৫০০.০০ | - | ২৪.০০% |
| ২০১৪-১৫ | ১৫৭৫.০০ | ১৫৭৫.০০ | - | ৭৬.০০% | | ১৫৭৫.০০ | ১৫৭৫.০০ | - | ৭৬.০০% |
| **মোট=** | **২০৭৫.০০** | **২০৭৫.০০** | **-** | **১০০.০০%** | | **২০৭৫.০০** | **২০৭৫.০০** | **-** | **১০০.০০%** |

প্রাপ্ত তথ্যাদি বিশ্লেষণে দেখা যায় যে, প্রকল্পের মূল অনুমোদিত ডিপিপি'র লক্ষ্যমাত্রা অনুযায়ী প্রকল্পটি বাস্তবায়ন শুরু করা হয়নি। পরবর্তীতে প্রকল্পের শেষ দিকে এসে ডিপিপি সংশোধন করা হয়েছে। তাই সংশোধিত ডিপিপি'র লক্ষ্যমাত্রা প্রকৃত বাস্তবায়ন অবস্থার উপর ভিত্তি করে নির্ধারণ করা হয়েছে। ফলে এর লক্ষ্যমাত্রা ও বাস্তবায়ন অবস্থা পুরোপুরি মিলে গেছে। প্রকল্পের অনুকূলে এডিপিতে বছরওয়ারী অর্থ প্রাপ্তি, প্রকল্প বাস্তবায়নে বাস্তবায়নকারী সংস্থার প্রাতিষ্ঠানিক সক্ষমতা ইত্যাদি বিষয়াবলী বিবেচনায় এনে ডিপিপি'র বছরওয়ারী লক্ষ্যমাত্রা ও কর্ম-পরিকল্পনা নির্ধারণ করা প্রয়োজন।

১০। **অন্যান্য যন্ত্রপাতি/গাড়ি ক্রয়/স্থান:**

প্রকল্পের আওতায় কোন যন্ত্রপাতি/গাড়ি ক্রয় করা হয়নি।

১১। **প্রকল্পের উদ্দেশ্য অর্জন:**

| পরিকল্পিত | উদ্দেশ্য অর্জন |
|---|---|
| ১। চাপাই নবাবগঞ্জ জেলার গ্রামীণ যোগাযোগ নেটওয়ার্ক স্থাপনের মাধ্যমে যাতায়াত ব্যয় কমানো, কৃষিপণ্য বাজারজাতকরণ ব্যবস্থার উন্নয়ন, কৃষিপণ্যের উৎপাদন সুবিধা বৃদ্ধিসহ প্রকল্প এলাকায় আর্থ-সামাজিক অবস্থার উন্নয়ন;<br>২। উপজেলার গুরুত্বপূর্ণ স্থানসহ সার্বিক যোগাযোগ নেটওয়ার্ক গড়ে তোলা এবং<br>৩। গ্রামীণ অবকাঠামো উন্নয়নে স্থানীয় জনগণকে সম্পৃক্ত করে কৃষি ও অ-কৃষি খাতে স্বল্প ও দীর্ঘ মেয়াদী কর্মসংস্থানের সুযোগ সৃষ্টির মাধ্যমে পল্লী অঞ্চলের দরিদ্র জনগনের দারিদ্র হ্রাসকরণ। | এ বিভাগের নিকট প্রেরিত প্রকল্প সমাপ্তি প্রতিবেদন, মাঠ পর্যায়ে সরেজমিনে পরিদর্শনে দেখা যায় যে, প্রকল্পের আওতায় ব্রীজ/কালর্ভাট নির্মাণ, স্লোপ প্রোটেকেশন, উপজেলা সড়ক, ইউনিয়ন সড়ক ও গ্রাম সড়ক নির্মাণ করা হয়েছে। ফলে উপজেলার যোগাযোগ নেটওয়ার্ক উন্নত ও শক্তিশালী হয়েছে যা এলাকার আর্থ-সামাজিক উন্নয়ন অবদান রাখবে। তবে এ বিভাগের মতামত এ প্রতিবেদনের পরিদর্শন, সমস্যা ও সুপারিশ অংশে বিস্তারিতভাবে উল্লেখ করা হয়েছে। |

১২। **উদ্দেশ্য অর্জিত না হয়ে থাকলে তার কারণ:** প্রযোজ্য নয়।

১৩। **প্রকল্প পরিচালক সংক্রান্ত তথ্যাদি:**

| ক্রমিক নং | প্রকল্প পরিচালকের নাম ও পদবী | দায়িত্বের ধরণ | কর্মকাল |
|---|---|---|---|
| ১ | ২ | ৩ | ৪ |
| ১. | জনাব মোঃ শরিফুল ইসলাম,<br>প্রকল্প পরিচালক | খন্ডকালীন | ০৭.০৪.২০১৩-৩০.০৬.২০১৫ |

১৪। **অডিট সংক্রান্ত**:

স্থানীয় সরকার বিভাগ হতে প্রেরিত পিসিআর পর্যালোচনায় দেখা যায় যে প্রকল্পটির Internal ও Eternal Audit করা হয়নি।

১৫। **প্রকল্প বাস্তবায়ন সমস্যা:**

১৫.১ প্রকল্পটি বাস্তবায়নের ক্ষেত্রে মূল অনুমোদিত মেয়াদ ০১/০১/২০১৩ থেকে ৩০/০৬/২০১৪ পর্যন্ত ছিল। পরবর্তীতে প্রকল্পটির মেয়াদ ব্যয় বৃদ্ধি ব্যতিরেকে জুন ২০১৫ পর্যন্ত বৃদ্ধি করা হয়। এর ফলে প্রকৃত বাস্তবায়নকাল দাঁড়ায় ০১/০১/২০১৩ থেকে৩০/০৬/২০১৫ পর্যন্ত। অর্থাৎ প্রকল্পের মেয়াদ ৬৬.৬৬% বৃদ্ধি পায়;

১৫.২ পরিদর্শনকালে দেখা যায় যে রুদ্রকুন্ড খাঁড়ি গ্রামের কালভার্টটি পূর্বের ৩.৫মি কালভার্টের সাথেই নতুনভাবে ৩.৬৬মি প্রশস্ততায় বানানো হয়েছে। ফলে দুইটি ভিন্ন ভিন্ন প্রশস্ততার কালভার্ট একত্রে রয়েছে। কালভার্টদুটির রেলিংও সামঞ্জস্যপূর্ণ নয়- যা নির্মাণ ত্রুটি হিসেবে গণ্য;

১৫.৩ উক্ত কালভার্টের এপ্রোচ রোড হতে ও কালভার্টের উচ্চতা কম- যা বাঞ্চনীয় নয়। এছাড়া কালভার্টটির নীচে মাটি এবং অন্যান্য নির্মাণ সামগ্রী সরানো হয়নি ফলে বর্ষার সময় পানি নিষ্কাশনে সমস্য হতে পারে;

১৫.৪ নির্মিত রাস্তার অনেক স্থানেই তা পার্শ্ববর্তী বাড়িঘরের চেয়ে নীচু এবং পাশে কোন ড্রেন না থাকায় বাড়িঘর বা গোয়াল ঘরের পানিসহ আবর্জনা সরাসরি রাস্তায় এসে পড়ছে- যা রাস্তার স্থায়িত্বের জন্য হুমকীস্বরুপ।

১৬। **মতামত/সুপারিশ:**

১৬.১ ভবিষ্যতে প্রকল্প গ্রহণের সময় প্রকল্পের অনুকূলে এডিপিতে বছরওয়ারী অর্থ প্রাপ্তি, প্রকল্প বাস্তবায়নে বাস্তবায়নকারী সংস্থার প্রাতিষ্ঠানিক সক্ষমতা ইত্যাদি বিষয়াবলী বিবেচনায় এনে ডিপিপি'র বছর ওয়ারী লক্ষ্যমাত্রা নির্ধারণ করা যেতে পারে (অনুচ্ছেদ-১০);

১৬.২ প্রকল্প মেয়াদের শেষ প্রান্তে এসে প্রকল্প সংশোধন করার প্রবণতা পরিহার করতে হবে এবং ভবিষ্যতে অনুমোদিত মেয়াদের মধ্যে প্রকল্প বাস্তবায়নের কাজ সম্পন্ন করতে স্থানীয় সরকার প্রকৌশল অধিদপ্তরের সচেষ্ট হওয়া প্রয়োজন (অনুচ্ছেদ-১০-খ );

১৬.৩ রুদ্রকুন্ডি খাঁড়ি গ্রামে নির্মিত কালভার্ট দুটির প্রশস্ততা, রেলিং ও এপ্রোচ রাস্তার সাথে উচ্চতার তারতম্যসহ সব নির্মাণ ত্রুটি মেরামত এবং এবিষয়ে অধিকতর তদন্ত করার জন্য সংস্থাকে প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করতে হবে (অনুচ্ছেদ-৮.২);

১৬.৪ বর্ষার আগেই পানি নিষ্কাশনের সুবিধার্থে কালভার্টটির নীচে মাটি এবং অন্যান্য নির্মাণ সামগ্রী সরানোর প্রয়োজনীয় উদ্যোগ গ্রহণ করতে হবে (অনুচ্ছেদ-৮.৩);

১৬.৫ প্রকল্পটির ইন্টারনাল এবং এক্সটারনাল অডিট দ্রুত সম্পাদনের উদ্যোগ গ্রহণ করতে হবে এবং এতে কোন আপত্তি উত্থাপিত হলে তা নিষ্পত্তির উদ্যোগ গ্রহণ করা যেতে পারে (অনুচ্ছেদ-১৫);

১৬.৬ উপরের অনুচ্ছেদ-১৭.৩, ১৭.৪ ও ১৭.৫ অনুযায়ী গৃহীত ব্যবস্থা সম্পর্কে স্থানীয় সরকার বিভাগ আইএমইডি-কে অবহিত করতে হবে।

# Project Name: IIRCN
## LGED, Dist: Chapainawabganj.

| স্কীমের নাম | দৈর্ঘ্য | প্রাক্কলিত মূল্য | চুক্তি মূল্য | কার্যাদেশের তাং | ঠিকাদারের নাম | ব্যয় | অগ্রগতি (%) | কাজ সমাপ্তির তাং | দরপত্র দাখিলের সংখ্যা | Respon-sive সংখ্যা | দরপত্র প্রকাশের তাং |
|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|
| ১ | ২ | ৩ | ৪ | ৫ | ৬ | ৭ | ৮ | ৯ | ১০ | ১১ | ১২ | ১৩ |
| Part-A.Improvement of road from Kendua-Nowdapara ch.0.00-2718m Part-B. Construction of 2.00x2.00m Box culvert at ch.2258m and 0.60x0.60m Box Culvert at ch.1532m,m&1763m on the same road | Road 2.72 str 3.20 | [illegible] | [illegible] | ০৯.০১.১৪ | মিম এন্টারপ্রাইজ, রাজশাহী | [illegible] | ১০০% | ১৭.১২.১৪ | ৪০ | ৫৭ | The daily sun 25.09.2013 দৈনিক ইত্তেফাক ২৭.০৯.২০১৩ |
| Part-A. Improvement of Road from Singroil-Nowdapara at ch.0.00-1300m Part-B. Construction of 0.6x0.6m Box culvert at ch.385m on the same road | Road 1.30 Str 0.60 | [illegible] | [illegible] | ১২.০১.১৪ | [illegible], চাঁপাইনবাবগঞ্জ | [illegible] | ১০০% | ০৩.০৪.১৪ | ৪৬ | ৪৫ | DO |
| Part-A. Improvement of Road from Amnura-Nezampur(R&H) Road ch.3600-9200m Part-B. Construction of 4.00x4.00m Box culvert at ch.5998m and 0.60x0.60m at ch.4060m,5461m,7090m,7358,7546m&7770 m on the same road | Road 5.60 Str 7.60 | [illegible] | [illegible] | ১৭.০১.১৪ | [illegible], রাজশাহী | [illegible] | ১০০% | ২৫.০৬.১৫ | ২৯ | ২৫ | DO |
| Improvement of Markoil - (R&H) Ghion Road Ch. 365.00m-3250m under Nachole U.P. Upazila: Nachole, Dist. Chapai Nawabganj. | Road 2.89 | [illegible] | [illegible] | ২৪.০৪.১৪ | [illegible], শিবগঞ্জ | [illegible] | ১০০% | ১৪.০৬.১৫ | ১৮ | ১৫ | The Financial Express 14.02.14 দৈনিক কালের কণ্ঠ ১৫.০২.১৪ |
| Part A) Improvement of Road Bijlipara - Shibpura Road at Ch. 1230.00m-5230.00m under Nachole U.P. Upazila: Nachole, Dist. Chapai Nawabganj. Part-B) Const. of 0.60mx0.60m box culvert at ch. 1574m, 3579m, 5176m on Bijlipara-Shibpura road under Nachole UP, Upazila: Nachole, Dist. Chapai Nawabganj. | Road 4.00 Str 1.80 | [illegible] | [illegible] | ১৮.০৯.১৩ | [illegible], চাঁপাইনবাবগঞ্জ | [illegible] | ১০০% | ২৯.০৫.১৪ | ২৯ | ২৫ | The News Today 19.06.2013 দৈনিক আমাদের সময় ১৯.০৬.২০১৩ |
| Part A)Improvement of Singroil - Kusmadanga Road Ch. 00.00m-1370.00m under Nachole U.P. Upazila: Nachole, Dist. Chapai Nawabganj. Part-B) Const. of 0.60mx0.60m box culvert at ch. 108m, 269m, 725m, 822m & 952m on 952m on Singroil-Kusmadanga road under Nachole UP, Upazila: Nachole, Dist. Chapai Nawabganj. | Road 1.37 Str 3.00 | [illegible] | [illegible] | ২৩.০৯.১৩ | [illegible], শিবগঞ্জ | [illegible] | ১০০% | ০১.১২.১৪ | ৫৯ | ৫৫ | The News Today 19.06.2013 দৈনিক আমাদের সময় ১৯.০৬.২০১৩ |

I:\Progress\Prog-Contractor -List.doc

MS

| | | | | | | | | | | | |
|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|
| Part-A) Improvement of Markoi – (R&H) Ghion Road Ch. 3250.00m-8500.00m under Nachole U.P. Upazila: Nachole, Dist. Chapai Nawabganj.<br>Part-B) Const. of 0.60mx0.60m box culvert at ch. 3267m, 3628m, 3900m, 4223m, 4857m, 5093m, 5275m, 6933m, 7585m & 7609m on Markoi –(R&H) Ghion road under Nachole UP, Upazila: Nachole, Dist. Chapai Nawabganj.Part-C) Const. of palasiding work at ch. 3802m-3817m on Markoi – (R&H) Ghion road under Nachole UP, Upazila: Nachole, Dist. Chapai Nawabganj. | Road 5.25<br>Str 6.00<br>15.00 | [illegible] | [illegible] | [illegible] | [illegible] | [illegible] | ১০০% | [illegible] | [illegible] | [illegible] | The News Today<br>19.06.2013<br>[illegible] |
| Part-A) Improvement of Road from Bakoi GC-Rajbari GC road Ch. 7300.00m-10250.00m under Nachole U.P. Upazila: Nachole, Dist. Chapai Nawabganj.<br>Part-B) Const. of 0.6mx0.6m box culvert at ch. 7331m, 7365m, 8706m, 9280m, 9511m, 9664m, 9854m & 9932m on the same road.<br>Part-C) Const. of palasiding work at ch. 8684m, 8704m, 10122m & 10172m on the same road. | Road 2.95<br>Str 4.80<br>0.70 | [illegible] | [illegible] | [illegible] | [illegible] | [illegible] | ১০০% | [illegible] | [illegible] | [illegible] | The Financial Express<br>14.05.13<br>[illegible] |
| Part-A) Improvement of Road from Nezampur U.P. Office-Dogachi hat via Khoriban Ch. 00.00m-6165.00m under Nachole Upazila: Nachole, Dist. Chapai Nawabganj.<br>Part-B) Const. of box culvert at different chainage on the same road i) 4.0mx3.6m 1No box culvert at ch. 2150m (ii) 1.6mx1.3m 2 nos. at ch. 3247m & 5680m on and (iii)0.6mx0.6m 5 nos box culvert at ch.430.675m,3034m, 3412m & 3750m.<br>Part-C) Const. of palasiding work at ch. 161m-194m, 1540m-1595m & 4244m-4267m on the same road. | Road 6.17<br>10.20<br>1.11 | [illegible] | [illegible] | [illegible] | [illegible] | [illegible] | ১০০% | [illegible] | [illegible] | [illegible] | The Financial Express<br>14.05.13<br>[illegible] |
| Part-A) Improvement of Road from Bakoi GC-Rajbari GC road Ch. 3800.00m-7300.00m & Link road length 200m under Nachole Upazila: Nachole, Dist. Chapai Nawabganj.<br>Part-B) Const. of 0.6mx0.6m box culvert at ch. 4092m, 4503m, 4900m, 5719m, 5980m & 6550m on the same road.<br>Part-C) Const. of palasiding work at ch. 4966m, 5016m, 5369m & 5394m on the same road. | Road 3.70<br>Str 3.60<br>0.75 | [illegible] | [illegible] | [illegible] | [illegible] | [illegible] | ১০০% | [illegible] | [illegible] | [illegible] | The Financial Express<br>14.05.13<br>[illegible] |

Progress/Prog-Contractor-List.doc2

MS

## “বৃহত্তর কুমিল্লা পল্লী অবকাঠামো উন্নয়ন” শীর্ষক প্রকল্পের সমাপ্ত মূল্যায়ন প্রতিবেদন

## (সমাপ্ত : জুন, ২০১5)

১। **নির্বাহী সংস্থা** : স্থানীয় সরকার প্রকৌশল অধিদপ্তর

২। **প্রশাসনিক মন্ত্রণালয়** : স্থানীয় সরকার, পল্লী উন্নয়ন ও সমবায় মন্ত্রণালয়

৩। **প্রকল্পের অবস্থান** : কুমিল্লা, ব্রাহ্মণবাড়ীয়া ও চাঁদপুর জেলা।

৪। **প্রকল্পের বাস্তবায়ন সময় ও ব্যয় :**

(লক্ষ টাকায়)

| অনুমোদিত ব্যয় | | প্রকৃত ব্যয় | অনুমোদিত বাস্তবায়নকাল | | প্রকৃত বাস্তবায়নকাল | অতিক্রান্ত ব্যয় (মূল অনুমোদিত ব্যয়ের %) | অতিক্রান্ত সময় (মূল বাস্তবায়ন কালের %) |
|---|---|---|---|---|---|---|---|
| মূল | সর্বশেষ সংশোধিত | | মূল | সর্বশেষ সংশোধিত | | | |
| ১ | ২ | ৩ | ৪ | ৫ | ৬ | ৭ | ৮ |
| ১৭৮৬০.৭৫ | ১৯৭৩১.৯০ | ১৮৯২৬.৮২ | জুলাই,২০১০ থেকে জুন’২০১৩ | জুলাই,২০১০ থেকে জুন’২০১৫ | জুলাই,২০১০ থেকে জুন’২০১৫ | ১০.৪৮% | ৬৬.৬৭% |

৫। **অংগ ভিত্তিক অগ্রগতি: পরিশিষ্ট-ক**

৬। **কাজ অসমাপ্ত থাকলে তার কারণ:** প্রকল্পের প্রয়োজনীয় কোন অংগের কাজ অসমাপ্ত নেই।

৭। **মূল্যায়ন পদ্ধতি** (**Methodology**) : আলোচ্য প্রকল্পের মূল্যায়ন প্রতিবেদনটি প্রণয়নে নিম্নোক্ত বিষয়/পদ্ধতি অনুসরণ করা হয়েছে :

- PSC সভার কার্যবিবরণী পর্যালোচনা;
- ডিপিপি পর্যালোচনা;
- মন্ত্রণালয় কর্তৃক প্রেরিত প্রকল্পের বাস্তবায়ন অগ্রগতি পর্যালোচনা;
- পিসিআর পর্যালোচনা;
- কাজের বাস্তব অগ্রগতি যাচাই এবং তথ্য সংগ্রহের জন্য সরেজমিনে পরিদর্শন ;
- স্টিয়ারিং কমিটির কার্যবিবরণী পর্যালোচনা;
- প্রাপ্ত তথ্যের ভিত্তিতে সংশ্লিষ্ট কর্মকর্তাদের সাথে আলোচনা।

৮। **প্রকল্পের উদ্দেশ্য:**

(1) Dc‡Rjv moK , BDwbqb moK I ¸iæZপূর্ণ Mªvg moK Dbqbmn D³ moKmg‡n †mZ /Kvj fvU© wbgvণের gva¨‡g DbZ †hvMv‡hvM e¨e¯'v cÖZôv Kiv;

(2) ‡Mªv_ †m›Uvi Ges Mªvgxণ nvUevRvi Dbq‡bi gva¨‡g Rxeb hvÎvi gvb Dbqb Kiv Ges ewণজ্যিক Kvhµg ew×i gva¨‡g `wi`ª we‡gvP‡b Ae`vb ivLv;

(3) গ্রাম moK e¶ †ivc‡bi gva¨‡g cwi‡e‡ki Dbqb mvab Kiv|

৯। **প্রকল্পের পটভূমি:**

enËi Kwgল্লা †Rjvi Dc‡Rjv, BDwbqb I Mvg moK Dbqb Ges D³ mo‡K †mZ/Kvj fvU wbgvY Ges †Mv_ †m›Uvi I MvgxY nvU-evRvi Dbq‡নi gva¨‡g MvgxY RbM‡Yi DbZ †hvMv‡hvM e¨e¯v cwZôv Ges Rxeb hvÎvi gvb Dbq‡নi Ges Kgms¯v‡bi m‡hvM mwó Kivi j‡¶¨ cKíwU cbqY Kiv nq| MZ 27/01/2010 খ্রি: Zwi‡L wcBwm mfvq cKíwU Ab‡gv`‡bi Rb¨ mcwik Kiv nq| Zr†cwi¶‡Z 01/06/2010 Bs Zwi‡L AbwôZ GK‡bK mfvq cKíwU 17860.75 লক্ষ UvKvq e¨q a‡i cKíwU Ab‡gw`Z nq|

১০। **প্রকল্পের সংশোধন ও অনুমোদন:** প্রকল্পটি 17860.75 লক্ষ টাকা ব্যয়ে এবং জুলাই, ২০১০ হতে জুন, ২০১3 মেয়াদে বাস্তবায়নের জন্য ০1/০6/২০১০ তারিখে একনেক কর্তৃক অনুমোদিত হয়। প্রকল্পটির ১৯৭৩১.৯০ লক্ষ টাকা সংশোধিত ব্যয় অনুমোদনসহ মেয়াদ বৃদ্ধি করে জুন, ২০১৫ পর্যন্ত নির্ধারণ করা হয়।

১১। **প্রকল্পের মূল কার্যক্রম:** প্রকল্পের মূল কার্যক্রম হলো:

- উপজেলা সড়ক উন্নয়ন-24.44 কিঃমিঃ
- উপজেলা সড়ক ব্রীজ/কালর্বাট নির্মাণ-119.71 মিঃ
- ইউনিয়ন সড়ক উন্নয়ন-101.10 কিঃমিঃ
- ইউনিয়ন সড়ক ব্রীজ/কালর্বাট নির্মাণ-163.15**কিঃ**মিঃ
- গ্রাম সড়ক উন্নয়ন-270.79কিঃমিঃ
- গ্রাম সড়ক ব্রীজ/কালর্বাট নির্মাণ-844.15**মিঃ**
- গ্রোথ সেন্টার/গ্রামীণ বাজার উন্নয়ন-8টি
- রক্ষাপদ কাজ-10250মিঃ
- বৃক্ষ রোপন-13কিঃমিঃ

১২। **প্রকল্প পরিচালক সম্পর্কিত তথ্য:**

| ক্রঃ নং | প্রকল্প পরিচালকের নাম | পদবী | পূর্ণকালীন/ খন্ডকালীন | সময়কাল |
|---|---|---|---|---|
| ১। | জনাব ফরাজী শাহাবুদ্দীন আহমেদ | নির্বাহী প্রকৌশলী | **পূর্ণকালীন** | ২4/1০/২০10 হতে 08/০6/২০১1 |
| ২। | জনাব নিরঞ্জন দাস | নির্বাহী প্রকৌশলী | **পূর্ণকালীন** | 09/০6/২০১1 হতে 30/০6/২০১5 |

১৩। **প্রকল্প পরিদর্শন:**

প্রকল্পটি 13/০1/২০১6 খ্রি. তারিখে কুমিল্লা জেলায় বাস্তবায়িত স্কীম আইএমইডি'র উপ-পরিচালক জনাব পরিমল চন্দ্র বসু কর্তৃক পরিদর্শিত হয়। পরিদর্শনকালে সাবেক প্রকল্প পরিচালক জনাব নিরঞ্জন দাস, কুমিল্লা জেলার এলজিইডি'র নির্বাহী প্রকৌশলী জনাব এ, এস, এম মহসিন উপস্থিত ছিলেন।

১৪। **পর্যবেক্ষণ:**

১৪.১ প্রকল্পের আওতায় সম্পাদিত দাউদকান্দি উপজেলার দাউদকান্দি-বায়নগর রাস্তা পরিদর্শন করা হয়। রাস্তার দৈর্ঘ্য ১৭০০ মিটার এবং প্রস্থ ৩ মিটার। রাস্তার ডিজাইন অনুযায়ী রাস্তার সোল্ডার ৩ ফুট থাকবার কথা কিন্তু অধিকাংশ স্থানে সোল্ডার তিন ফিট নেই। এ বিষয়ে প্রকল্প পরিচালককে জিজ্ঞাসা করা হলে তিনি জানান যে, এলজিইডি'র রাস্তা নির্মাণে ভূমি অধিগ্রহণের সংস্থান নেই, তাছাড়া রাস্তার পাশের জমি থেকে মাটি পাওয়া যায় না। যার ফলে অনেক ক্ষেত্রেই ডিজাইন সোল্ডারের পরিমান সঠিক রাখা সম্ভব হয় না। এছাড়া নির্মিত রাস্তার কয়েকটি স্থানে ভাংগন দেখা গেছে। রেইনকাটের মাধ্যমে এ ভাংগন সৃষ্টি হয়েছে। পরিমাপমত সোল্ডার না থাকা এবং ঠিকমত কমপেকশন না করবার কারণে এ ধরণের ভাংগন সৃষ্টি হয়েছে মর্মে প্রতীয়মান হয়;



**চিত্র-১: দাউদকান্দি-বায় নগর বাজার রোড**



**চিত্র-২: দাউদকান্দি-বায়নগর বাজার রোড (রেইন কাট)**

১৪.২ আলাদা একটি প্যাকেজের আওতায় দাউদকান্দি-বায়নগর বাজার রোডে চেইনেজ ১৭০০ মিটার হতে চেইনেজ ২২৫০ মিটার পর্যন্ত ৮৫০ মিটার রাস্তা নির্মাণ কাজ সম্পাদন করা হয়েছে। এ রাস্তার কয়েকটি স্থানেও সোল্ডারের পাশে ভাংগন দেখা গেছে। সোল্ডার পরিমান মতো না থাকা এবং বিটুমিনের নিম্ন মানের কারণে এ ধরণের ভাংগন সৃষ্টি হয়েছে মর্মে প্রতীয়মান

হয়েছে। এ সকল স্থান দ্রূত মেরামত করা না হলে রাস্তা ভাংগনের সম্মূখীন হবে। প্রকল্প পরিচালককে এ ভাংগন মেরামতের জন্য জরূরী ব্যবস্থা গ্রহণ করতে অনুরোধ করা হয়;



**চিত্র-৩: দাউদকান্দি-বায় নগর বাজার রোড (ডেন্স কার্পেটিং, ১৭০০ মি: হতে ২২৫০ মি: = ৮৫০ মি:)**

১৪.৩ চান্দিনা উপজেলার চান্দিনা-মাধাইয়া-রহিমা নগর রাস্তার উপর নির্মিত একটি ব্রীজ পরিদর্শন করা হয়। ব্রীজটির দৈর্ঘ্য ১২ মিটার এবং প্রস্থ ৭.৩ মিটার। ব্রীজের দৈর্ঘ্য ও প্রস্থ সরেজমিনে মেপে দেখা হয় এবং তা সঠিক পাওয়া যায়। ব্রীজের এ্যাপ্রোচ রোড সংরক্ষণের জন্য রাস্তার পাশে ব্লক দ্বারা স্লোপ সংরক্ষণ করা হয়েছে। ডিজাইন অনুযায়ী স্লোপ ১ : ১.৫০ থাকলে প্রকৃতপক্ষে স্লোপের পরিমান ডিজাইন হতে কম। স্লোপ কম হওয়ায় ব্রীজের এ্যাপ্রোচ রোডের স্থায়ীত্ব কম হবে বা অল্প সময়ের ব্যবধানে মেরামতের প্রয়োজন হবে;



**চিত্র-৪: চান্দিনা উপজেলা-মাধাইয়া-রহিমা নগর রাস্তায় ব্রীজ।**

১৪.৪ প্যাকেজ ডব্লিউ-৭ এর আওতায় সম্পাদিত বরুড়া উপজেলার আড্ডা-খাজুরিয়া ৮৫০ মিটার রাস্তা, ১০৫০ মিটার জানুরা-নারায়ণপুর রোড এবং ৭৫০ মিটার দোঘাই-একনারায়ণপুর রাস্তা পরিদর্শন করা হয়। ডিজাইন অনুযায়ী এ সকল রাস্তার স্লোপ ১: ১.৫, কিন্তু অধিকাংশ ক্ষেত্রেই ডিজাইন অনুযায়ী রাস্তার স্লোপ নির্মাণ করা হয়নি। এছাড়াও রাস্তায় পর্যাপ্ত পরিমান shoulder নেই। সংশ্লিষ্ট নির্বাহী প্রকৌশলী এবং প্রকল্প পরিচালক জানান যে, প্রকল্পের আওতায় ভূমি অধিগ্রহণের সংস্থান না থাকায় মাটি ও ভূমির অভাবে যথাযথ স্লোপ নির্মাণ করা সম্ভব হয় না। রাস্তার স্থায়ীত্বের জন্য সোল্ডার ও স্লোপ যথাযথ হওয়া প্রয়োজন। তবে রাস্তার কার্পেটিংয়ের মান ভাল মর্মে প্রতীয়মান হয়েছে;



**চিত্র-৫: আড্ডা-খাজুরিয়া রোড**

১৪.৫ উপরোক্ত অনুচ্ছেদ: ১৫.১ হতে ১৫.৪ বর্ণিত পরিদর্শিত সকল রাস্তার দৈর্ঘ্য ও প্রস্থ পরিমাপ করা হয়েছে এবং তা ডিজাইন অনুযায়ী সঠিক আছে;

**১৫। বিশেষ পর্যবেক্ষণ:** এলজিইডি কর্তৃক নির্মিত অধিকাংশ রাস্তারই ডিজাইন অনুযায়ী সোল্ডার ও স্লোপ নির্মাণ করা হয় না। যার ফলে রাস্তা পাশ দিয়ে ভেঙ্গে যায় এবং স্থায়ীত্ব অনেক কমে যায়। ডিজাইন অনুযায়ী সোল্ডার ও স্লোপ নির্মাণের জন্য খুব বেশী ভূমির প্রয়োজন হয় না। ফলে ভূমি অধিগ্রহণ না করে ক্ষতিপূরণ বাবদ অর্থ বরাদ্দ রেখে ভূমির মালিকদের ক্ষতিপূরণ দিয়ে ডিজাইন অনুযায়ী রাস্তার স্লোপ ও সোল্ডার নির্মাণ করা প্রয়োজন। এ ছাড়াও এলজিইডি কর্তৃক নির্মিত অধিকাংশ ব্রীজের এ্যাপ্রোচ রোড সব সময় ভাংগন কবলিত বা ঝুঁকিপূর্ণ দেখা যায়। কারণ ব্রীজের এ্যাপ্রোচ রোডে ডিজাইন অনুযায়ী যথাযথ স্লোপ নির্মাণ করা হয় না। ব্রীজ টেকসই-এর প্রয়োজনে ব্রীজের এ্যাপ্রোচ সড়কে বাঁধের স্লোপ ডিজাইন অনুযায়ী নির্মাণ নিশ্চিত করা প্রয়োজন।

**১৬। প্রকল্পের উদ্দেশ্য অর্জন:**

| লক্ষ্য | অর্জন | মন্তব্য |
|---|---|---|
| ১) উপজেলা সড়ক, ইউনিয়ন সড়ক ও গুরুত্বপূর্ণ গ্রাম সড়ক উন্নয়নসহ উক্ত সড়কসমূহে সেতু/কালবার্ট নির্মাণের মাধ্যমে উন্নত যোগাযোগ প্রতিষ্ঠা করা;<br>২) গ্রোথ সেন্টার এবং গ্রামীণ হাটবাজার উন্নয়নের মাধ্যমে জীবন যাত্রার মান উন্নয়ন করা এবং বাণিজ্যিক কার্যক্রম বৃদ্ধির মাধ্যমে দারিদ্র বিমোচনে অবদান রাখা;<br>৩) গ্রাম সড়কে বৃক্ষ রোপনের মাধ্যমে পরিবেশের উন্নয়ন সাধন করা। | সড়ক উন্নয়নসহ উক্ত সড়কসমূহে সেতু/কালভার্ট নির্মাণের মাধ্যমে উন্নত যোগাযোগ ব্যবস্থা প্রতিষ্ঠিত হয়েছে। গ্রোথ সেন্টার এবং গ্রামীণ হাটবাজার উন্নয়নের মাধ্যমে বাণিজ্যিক কার্যক্রম বৃদ্ধি, জীবন যাত্রার মান উন্নয়ন এবং দারিদ্র বিমোচনে অবদান রাখছে। গ্রাম সড়কে বৃক্ষ রোপনের মাধ্যমে পরিবেশের উন্নয়ন সাধিত হচ্ছে। | সমাপ্ত প্রকল্পটি ৩টি জেলায় (কুমিল্লা, ব্রাক্ষ্মণবাড়িয়া এবং চাঁদপুর) বাস্তবায়িত হয়েছে। কিন্তু একটি জেলা (কুমিল্লা) পরিদর্শন করা হয়েছে। এ কারণে প্রকল্পটির উপর মূল্যায়ন সামগ্রিক নয়। তবে যেহেতু বৃহত্তর কুমিল্লার একই ভৌগলিক অবস্থানে এবং একই কর্মকর্তার অধীনে প্রকল্পটি বাস্তবায়িত হয়েছে সেহেতু অন্য জেলাগুলোর কার্যক্রম পরিদর্শিত জেলার কার্যক্রমের মতোই হবে মর্মে প্রতীয়মান হয়। |

**১৮.০ আইএমইডি'র মতামত:**

১৮.১ নির্মিত রাস্তার যে সকল অংশ ক্ষতিগ্রস্থ হয়েছে তা অবিলম্বে মেরামতের ব্যবস্থা করতে হবে;

১৮.২ নির্মিত রাস্তা টেকসই করবার লক্ষ্যে রাস্তার সোল্ডার এবং ঢাল ডিজাইন অনুযায়ী যাতে নির্মাণ করা যায় সে বিষয়ে ব্যবস্থা গ্রহণ করতে হবে। এ লক্ষ্যে প্রয়োজনবোধে জমি অধিগ্রহণ না করে ক্ষতিপূরণ খাতে অর্থ বরাদ্দ রাখা যেতে পারে;

১৮.৩ এলজিইডি কর্তৃক নির্মিত সকল ব্রীজের এ্যাপ্রোচ রোডের ঢাল ১:২ মাপে নির্মাণ করে তা সংরক্ষণ করা যেতে পারে;

১৮.৪ প্রকল্পটির External Audit সম্পাদন এবং উপ-অনুচ্ছেদ: ১৮.১ ও ১৮.৩ এ উল্লিখিত সুপারিশের বিষয়ে গৃহিত পদক্ষেপ আইএমইবিভাগকে অবহিত করতে হবে।

**পরিশিষ্ট-ক**

**প্রকল্পের অংগভিত্তিক ব্যয় বিভাজন ও অগ্রগতি:**

**(লক্ষ টাকায়)**

| ক্র: নং: | অংগের নাম | একক | ডিপিপি লক্ষ্যমাত্রা | | জুন/২০১৫ পর্যন্ত বাস্তব ও আর্থিক অগ্রগতি | |
|---|---|---|---|---|---|---|
| | | | বাস্তব | আর্থিক | বাস্তব | আর্থিক |
| ১। | উপজেলা সড়ক উন্নয়ন | কি:মি: | ২৪.৪৪ | ১২৩৯.০৫ | ২৪.১৯ | ১১৯৯.০০ |
| ২। | উপজেলা সড়কে সেতু/কালভার্ট নির্মাণ | মি: | ১১৯.৭১ | ৩২১.৪৬ | ১১৯.৭১ | ৩০১.৭৮ |
| ৩। | ইউনিয়ন সড়ক উন্নয়ন | কি:মি: | ১০১.১ | ৩৯৭১.৯৪ | ৯৮.৯৯ | ৩৮৬৩.৭০ |
| ৪। | ইউনিয়ন সড়কে সেতু/কালভার্ট নির্মাণ | মি: | ১৬৩.১৫ | ৩৪৯.৯৩ | ১৬৩.১৫ | ৩৪৯.৯৩ |
| ৫। | গ্রামীণ সড়ক এ এবং বি উন্নয়ন | কি:মি: | ২৭০.৭৯ | ৯৯০৩.০০ | ২৬৯.৬৪ | ৯৫৬৬.৬০ |
| ৬। | গ্রামীণ সড়কে সেতু/কালভার্ট নির্মাণ | মি: | ৮৪৪.১৫ | ১৮৫৬.৩৭ | ৮৪৪.১৫ | ১৮৫৬.৩৭ |
| ৭। | গ্রোথ সেন্টার/গ্রামীণ হাটবাজার | সংখ্যা | ৮টি | ২২০.০৫ | ৮টি | ১৭০.৬৫ |
| ৮। | ঢাল সংরক্ষণ | মি: | ১০২৫০ | ১৫৩৭.৫০ | ১০২৫০ | ১৩৩৭.৬৫ |
| ৯। | বৃক্ষ রোপন | কি:মি: | ১৩.০০ | ১৩.০০ | ১৩.০০ | ১৩.০০ |
| ১০। | কম্পিউটার এন্ড এক্সসরিস | সংখ্যা | ৪টি | ৪.০০ | ৪টি | ৪.০০ |
| ১১। | অফিস ইক্যুপমেন্ট (ফটোকপিয়ার) | সংখ্যা | ১টি | ১.৫০ | ১টি | ১.৫০ |
| ১২। | অফিস ফার্ণিচার | থোক | থোক | ০.৮৫ | থোক | ০.৮৫ |
| ১৩। | টেলিফোন সামগ্রী | সংখ্যা | ৩টি | ০.২০ | ৩টি | ০.২০ |
| ১৪। | জনবল | সংখ্যা | ১৪ জন | ২১৪.৪০ | ১৪ জন | ১৭৪.০৬ |
| ১৫। | সরবরাহ ও সেবা এবং মেরামত ও সংরক্ষণ | থোক | থোক | ৯৮.৬৫ | থোক | ৮৬.৭৭ |
| | | | **মোট:** | **১৯৭৩১.৯০** | | **১৮৯২৬.৮২** |

## ঢাকা সিটি কর্পোরেশনের ক্ষতিগ্রস্ত রাস্তা, নর্দমা, ও ফুটপাত উন্নয়ন প্রকল্প, (১ম সংশোধনী)" শীর্ষক প্রকল্পের সমাপ্ত মূল্যায়ন প্রতিবেদন

**(সমাপ্ত: ডিসেম্বর ২০১৪)**

১। **প্রশাসনিক মন্ত্রণালয়/বিভাগ** : স্থানীয় সরকার বিভাগ, স্থানীয় সরকার, পল্লী উন্নয়ন ও সমবায় মন্ত্রণালয়।

২। **বাস্তবায়নকারী সংস্থা** : স্থানীয় সরকার বিভাগ।

(স্থানীয় সরকার বিভাগ এ প্রকল্পের কাজ এলজিইডি, বাংলাদেশ সেনাবাহিনীর SWO, ঢাকা দক্ষিণ সিটি কর্পোরেশন ও ঢাকা উত্তর সিটি কর্পোরেশনের মাধ্যমে বাস্তবায়ন করেছে।)

৩। **প্রকল্পের বাস্তবায়ন সময় ও ব্যয় :**

**(লক্ষ টাকায়)**

| প্রাক্কলিত ব্যয় | | প্রকৃত ব্যয় | পরিকল্পিত বাস্তবায়নকাল | | প্রকৃত বাস্তবায়নকাল | অতিক্রান্ত ব্যয় (মূল ডিপিপি'র %) | অতিক্রন্ত সময় (মূল ডিপিপি'র %) |
|---|---|---|---|---|---|---|---|
| মূল ডিপিপি | সর্বশেষ সংশোধিত | | মূল ডিপিপি | সর্বশেষ সংশোধিত | | | |
| ১ | ২ | ৩ | ৪ | ৫ | ৬ | ৭ | ৮ |
| **২৬৬৭২.৭১** (জিওবি-২২৬৭১.৮০ ডিসিসি-৪০০০.৯১) | **২৮৯৬৮.৬৯** (জিওবি-২৪৬২৩.৩৯ ডিসিসি-৪৩৪৫.৩০ | **২৭৭৫৭.৪৪** (জিওবি-২৩৫৯৩.৮২ ডিসিসি-৪১৬৩.৬২) | জুলাই ২০১১ হতে জুন ২০১৩ | জুলাই ২০১১ হতে জুন ২০১৪ | জুলাই ২০১১ হতে ডিসে: ২০১৪ | ১০৮৪.৭৩ (৪.০৬%) | ০১ বছর ০৬ মাস (৭৫%) |
| *পরিকল্পনা কমিশন কর্তৃক ব্যয় বৃদ্ধি ব্যতিরেকে বাস্তবায়ন মেয়াদ জুন ২০১৪ হতে ডিসেম্বর ২০১৪ পর্যন্ত বৃদ্ধি করা হয়। | | | | | | | |

৪। **প্রকল্পের পটভূমি** : ঢাকা সিটি-তে ক্রমবর্ধমান জনসংখ্যার জন্য প্রয়োজনীয় রাস্তাঘাট, নর্দমা ও ফুটপাত অপ্রতুল। রাস্তায় অত্যধিক যানবাহন চলাচলের কারণে নিয়মিতভাবে ক্ষতিগ্রস্ত রাস্তাঘাটের মেরামত ও উন্নয়ন করা প্রয়োজন হয়। তদুপরি প্রতি বছরই বন্যা ও অতিবৃষ্টিতে ক্ষতিগ্রস্ত রাস্তাসহ নর্দমা ও ফুটপাতের সংখ্যা বেশ বেড়ে যায়। এছাড়া বিভিন্ন সংস্থা (WASA, DESA, T&T) কর্তৃক মাঝে মাঝে বিভিন্নস্থানে রাস্তা, নর্দমা ও ফুটপাতের অংশ বিশেষ খননের কারণে মহানগরীতে জনগণের চলাচলে অসুবিধা সৃষ্টি হয়। ফলে বন্যা ও অতিবৃষ্টিতে এবং বিভিন্ন সংস্থা কর্তৃক খননের কারণে ক্ষতিগ্রস্ত রাস্তা নর্দমা ও ফুটপাত মেরামত/উন্নয়ণের লক্ষ্যে Project for the Improveent of Damaged Roads, Drains & Footpath of Dhaka City Corporation- শীর্ষক প্রকল্পটি স্থানীয় সরকার বিভাগের আওতায় গ্রহণ করা হয়। প্রকল্পটি ২২ মার্চ ২০১১খ্রি: তারিখে ECNEC সভায় অনুমোদন পায়। প্রকল্পটি যখন অনুমোদিত হয় তখন ঢাকা সিটি কর্পোরেশন অবিভক্ত ছিল। বাস্তবায়ন পর্যায়ে সিটি কর্পোরেশন বিভক্ত হওয়ার ফলে পরিধিভুক্ত এলাকায় প্রকল্পের কার্যক্রম ঢাকা দক্ষিণ সিটি কর্পোরেশন ও ঢাকা উত্তর সিটি কর্পোরেশনের আওতায় বাস্তবায়িত হয় এবং তদানুযায়ী সংশোধিত অনুমোদিত ডিপিপি-তে বিধান রাখা হয়।

**৫। প্রকল্পের উদ্দেশ্য :** প্রকল্পটি বাস্তবায়নের মূল উদ্দেশ্য ছিল-

(ক) সিটি করপোরেশন এলাকার রাস্তা, নর্দমা ও ফুটপাত উন্নয়ন করে নাগরিক সুবিধা বৃদ্ধি করা;

(খ) যানজট হ্রাস করা, নির্বিঘ্নে যানবাহন চলাচল ও পথচারীদের চলাচলে সুবিধা প্রদান করা;

(গ) ড্রেনেজ ব্যবস্থা উন্নয়নের মাধ্যমে রাস্তা থেকে জলাবদ্ধতা দূর করা; এবং

(ঘ) পরিবেশগত ও আর্থ সামাজিক অবস্থার উন্নয়ন করা।

**৬। প্রকল্পের প্রধান কার্যসমূহ :** প্রকল্পের প্রধান কার্যসমূহ হলো-

| প্রধান কার্যসমূহ | পরিমাণ |
|---|---|
| ▪ Bituminous road | ৮৮.৬৪ কি:মি: |
| ▪ Cement Concrete road | ১১১.৬৬ কি:মি: |
| ▪ Brick pavement road | ৩.১৪৪ কি:মি: |
| ▪ Construction of Footpath | ৪৭.৬৫১ কি:মি: |
| ▪ Construction of Drains | ১৭৫.২৫৮ কি:মি: |

**৭। প্রকল্পের অঙ্গভিত্তিক বাস্তবায়ন (পিসিআর অনুসারে) :**

**(লক্ষ টাকায়)**

| ক্র. নং | সংশোধিত ডিপিপি অনুযায়ী কাজের | একক | সংশোধিত ডিপিপি | | প্রকৃত |
|---|---|---|---|---|---|
| | | | বাস্তব | আর্থিক | আর্থিক |
| ১ | ২ | ৩ | ৪ | ৫ | ৬ |
| A. | (i) Advertisement | L.S | L.S | ৪.০০ | ৬.৫০ |
| | (ii) Honorium for TEC | L.S | L.S | ৪.০০ | ১.৫০ |
| | **Sub-Total (A)** | - | - | **৮.০০** | **৮.০০** |
| B.1 | Improvement of roads:<br>i) Bituminous road | km | ৮৮.৬৪ | ৯৩১৪.৪৯ | ৮৮৫৪.২৯ |
| | ii) Cement Concrete road | km | ১১১.৬৬ | ৭৯৫৩.০১ | ৭৭৮৩.২৮ |
| | iii) Brick pavement road | km | ৩.১৪৪ | ৬২৫.২৯ | ৫৭৫.৩৬ |
| | **Sub-Total (Road)** | - | **২০৩.৪৪** | **১৭৮৯২.৭৯** | **১৭২১২.৯৩** |
| B.2 | Construction of Footpath | km | ৪৭.৬৫১ | ১৬৩২.০০ | ১৫৯০.৮৯ |
| B.3 | Construction of Drains | km. | ১৭৫.২৫৮ | ৯৪২৫.৯০ | ৮৯৪৫.৬২ |
| | **Sub-Total (B)** | - | - | **২৮৯৫০.৬৯** | **২৭৭৪৯.৪৪** |
| C. | Physical Contingency | L.S | L.S | ৫.০০ | - |
| D. | Price Contingency | L.S | L.S | ৫.০০ | - |
| | **Grand Total (A+B+C+D)** | - | - | **২৮৯৬৮.৬৯** | **২৭৭৫৭.৪৪** |

**৮। প্রকল্প পরিচালক সম্পর্কিত তথ্য :** ঢাকা সিটি কর্পোরেশন বিভক্ত হওয়ার ফলে পরবর্তীতে পরিধিভুক্ত এলাকায় প্রকল্পের কার্যক্রম ঢাকা দক্ষিণ সিটি কর্পোরেশন ও ঢাকা উত্তর সিটি কর্পোরেশনের আওতায় বাস্তবায়নের বিধান করা হয়। এছাড়া উত্তর সিটি কর্পোরেশনের অধিভুক্ত কিছু এলাকায় প্রকল্পের কার্যক্রম বাংলাদেশ সেনাবাহিনীর

SWO এবং এলজিইডি'র মাধ্যমে বাস্তবায়িত হলেও বরাবরই ঢাকা দক্ষিণ সিটি কর্পোরেশন হতে ০১ জন কর্মকর্তা প্রকল্প পরিচালক হিসাবে দায়িত্ব পালন করেছেন। প্রকল্প পরিচালক সংক্রান্ত তথ্যাদি নিম্নরূপ-

| নাম ও পদবি | নিয়মিত দায়িত্ব | অতিরিক্ত দায়িত্ব | দায়িত্ব গ্রহণ | দায়িত্বকাল | মন্তব্য |
|---|---|---|---|---|---|
| জনাব মোঃ নূরুল আমিন<br>অতিরিক্ত প্রধান প্রকৌশলী। | × | √ | ১৭/০২/১২ | প্রকল্প বাস্তবায়ন পর্যন্ত। | ঢাকা দক্ষিণ সিটি কর্পোরেশনের কর্মকর্তা। |

**৯। ক্রয় সংক্রান্ত তথ্যাদি :**

**পণ্য, কার্য ও সেবা ক্রয়_:** স্থানীয় সরকার বিভাগ প্রেরিত PCR-এ প্রাপ্ত তথ্যানুয়ায়ী ২.০০ কোটি টাকার উর্ধ্বে ব্যয় সম্বলিত নিম্ন-বর্ণিত ১৫টি প্যাকেজের আওতায় আলোচ্য প্রকল্পের কাজ দরপত্র আহবানপূর্বক ঠিকাদার নিয়োগের মাধ্যমে সম্পাদন করা হয়- **(কোটি টাকায়)**

| **ক্র: নং** | **প্যাকেজ** | **দরপত্র আহবান ও চুক্তি** | **প্রাক্কলিত ব্যয় ও চুক্তিমূল্য** | **চুক্তিমতে ও প্রকৃত কাজ সম্পাদন** |
|---|---|---|---|---|
| ১ | ২ | ৩ | ৪ | ৫ |
| ০১ | বাসাবো মাদারটেক প্রধান সড়ক হো: নং ২১৩ হতে নন্দীপাড়া ব্রীজ পর্যন্ত রাস্তা ও নর্দমা মেরামত কাজ। | ২৮/০৯/১১<br>৩১/০১/১২ | ৩.২৭<br>৩.২৭ | ০৬/০৮/১২<br>১৫/১০/১২ |
| ০২ | মিরপুর সেকশন- ২ হাজী রোড (চিড়িয়াখানা রোড হতে এভিঃ ৪ পর্যন্ত প্রশস্তকরণ ও উন্নয়ন কাজ) | ২৮/১০/১০<br>০২/০২/১১ | ২.৮৫<br>২.৮৫ | ১৯/০৩/১১<br>১৭/০৩/১১ |
| ০৩ | মিরপুর সেকশন- ১, চিড়িয়াখানা প্রধান সড়ক প্রশস্তকরণসহ রোড মিডিয়ান নির্মাণ কাজ। | ২৮/১০/১০<br>০৮/০৫/১১ | ৫.৫৫<br>৫.৫৪ | ১৩/০৭/১১<br>০৭/১২/১১ |
| ০৪ | গোড়ান দক্ষিণ বনশ্রী প্রধান সড়ক হো: নং বি-৫৮ হতে ইস্টার্ন বনবিথী মার্কেট পর্যন্ত নর্দমাসহ রাস্তা উন্নয়ন কাজ। | ২৭/০২/১২<br>২৪/০৬/১২ | ৩.৩২<br>৩.৩১ | ১২/১১/১২<br>৩০/০৬/১৩ |
| ০৫ | মিরপুর সেকশন- ১১, এভিনিউ- ৮ প্রশস্তকরণসহ ফুটপাত ও নর্দমা নির্মাণ কাজ। | ২৭/০৩/১২<br>০৩/০৭/০১২ | ২.৩২<br>২.৩২ | ০৪/১১/১২<br>০৪/১১/১২ |
| ০৬ | মিরপুর সেকশন- ২, চিড়িয়াখান রোড, এভি: ১ হতে এভি: ২ হয়ে এভি: ৪ পর্যন্ত রাস্তা প্রশস্তকরণসহ ফুটপাত ও নর্দমা নির্মাণ কাজ। | ০১/০২/১২<br>০৬/০৬/১২ | ২.৮০<br>২.৫০ | ০৯/১০/১২<br>২৫/১১/১২ |
| ০৭ | মিরপুর সেকশন-১, গুদারাঘাট প্রধান সড়ক (মুক্তিযোদ্ধা মার্কেট হতে গুদারাঘাট পানির ট্যাংক পর্যন্ত) প্রশস্তকরণসহ ফুটপাত নির্মাণ কাজ। | ০১/০২/১২<br>১০/০৬/১২ | ৩.১৫<br>৩.১৪ | ১১/১০/১২<br>২০/১২/১২ |
| ০৮ | মিরপুর সেকশন- ১১, এভিনিউ- ৪ এর রাস্তা প্রশস্তকরণসহ নর্দমা নির্মাণ কাজ। | ২০/০৩/১২<br>১০/০৭/১২ | ৩.০৪<br>৩.০৪ | ১০/০১/১৩<br>১৬/০৬/১৩ |
| ০৯ | ঢাকা-নারায়নগঞ্জ রোড (বীর উত্তম এ. টি. এম হায়দার আলী সড়ক)-এর উন্নয়ন কাজ (যাত্রাবাড়ী গোলচত্বর হতে সালাউদ্দিন আশ-শিফা হাসপাতাল পর্যন্ত) | ২২/০৪/১৩<br>১১/০৯/১৩ | ৭.২৭<br>৭.২৩ | ২৭/০১/১৪<br>১৭/০৫/১৪ |
| ১০ | ধোলাইপাড় কবরস্থান হতে বিশ্বরোড পর্যন্ত রাস্তার উন্নয়ন কাজ। | ০৭/০৮/১৩<br>২৮/১০/১৩ | ৯.২৭<br>৯.২০ | ০২/০৪/১৪<br>০২/০৪/১৪ |

| ক্র: নং | প্যাকেজ | দরপত্র আহবান ও চুক্তি | প্রাক্কলিত ব্যয় ও চুক্তিমূল্য | চুক্তিমতে ও প্রকৃত কাজ সম্পাদন |
|---|---|---|---|---|
| ১ | ২ | ৩ | ৪ | ৫ |
| ১১ | ৫৮ নং ওয়ার্ডস্থিত কালুনগর বক্স কালভার্ট হতে হাজারীবাগ চৌরাস্তা-এর হোঃ নং- ৭/৮/১ পর্যন্ত বিভিন্ন বাইলেনের উন্নয়ন ও পাইপ নর্দমা নির্মাণ কাজ। | ০৫/০৯/১৩<br>১৬/০১/১৪ | ২.১০<br>২.১০ | ২৮/০৪/১৪<br>২৮/০৪/১৪ |
| ১২ | ধানমন্ডি আবাসিক এলাকার ভাষা সৈনিক তোয়াহা রোডের পাইপ নর্দমা নির্মাণ ও ক্ষতিগ্রস্থ রাস্তার উন্নয়ন কাজ (হোঃ ৫০ হতে ৫৭, ৮৩, ১০৩, ১২১ হয়ে ১৩৫ পর্যন্ত)। | ১২/০৮/১৩<br>২৮/১০/১৩ | ২.০৭<br>২.০৬ | ১৭/০১/১৪<br>১৭/০১/১৪ |
| ১৩ | ধানমন্ডি আ/এ বীর উত্তম এম. এ. রব সড়কের (২ নং রোড) পাইপ নর্দমা নির্মাণ কাজ (হোঃ নং- ৩২ হতে হোঃ নং- ১৮ হয়ে সায়েন্স ল্যাব পর্যন্ত)। | ০৫/০৯/১৩<br>১৬/০১/১৪ | ২.৯৫<br>২.৯৪ | ২৮/০৪/১৪<br>২৮/০৪/১৪ |
| ১৪ | ধানমন্ডি আ/এ ভাষা সৈনিক ডাঃ গোলাম মাওলা সড়ক (১ নং রোড)-এর নর্দমা, ফুটপাথ ও রাস্তার উন্নয়ন কাজ (হোঃ নং- ১ হতে ৪৭ ও টাই রোডসমূহ। | ০৫/০৯/১৩<br>১৬/০১/১৪ | ২.৭০<br>২.৬৯ | ২৮/০৪/১৪<br>২৮/০৪/১৪ |
| ১৫ | মিরপুর সেকশন- ১২, রোড নং- ৫ (কালশী রোড হতে সিরামিক রোড পর্যন্ত) উন্নয়ন কাজ। | ২৩/০৪/১৪<br>১৯/০৬/১৪ | ৩.০০<br>২.৯৯ | ১৭/০৯/১৪<br>২৫/১২/১৪ |

**১০। সংশোধিত অনুমোদতি ডিপিপি-তে সংস্থান, এডিপি বরাদ্দ, অবমুক্ত ও ব্যয় সংক্রান্ত তথ্য** (জিওবি অংশ) **:** প্রকল্পের সংশোধিত ডিপিপি বছরওয়ারী অনুযায়ী অর্থের সংস্থান এবং এডিপি বরাদ্দ, অবমুক্ত ও ব্যয় সংক্রান্ত তথ্য নিম্নরূপ-

**(লক্ষ টাকায়)**

| অর্থবছর | সংশোধিত ডিপিপি অনুযায়ী সংস্থান | এডিপি বরাদ্দ | অবমুক্তি | ব্যয় | মন্তব্য |
|---|---|---|---|---|---|
| ১ | | ২ | ৩ | ৪ | ৫ |
| ২০১১-১২ | ২৫০৭.০০ | ২৫০৭.০০ | ২৫০৭.০০ | ২৫০৭.০০ | PCR-এ প্রদত্ত তথ্যানুয়ায়ী। |
| ২০১২-১৩ | ১০৫১১.০৪ | ৯৭০০.০০ | ৯৭০০.০০ | ৯৭০০.০০ | |
| ২০১৩-১৪ | ১১৬০৫.৩৫ | ১১৪০০.০০ | ১১৪০০.০০ | ১১৩৮৬.৮২ | |
| ২০১৪-১৫ | - | ১০০০.০০ | ৫০০.০০ | - | |
| মোট | ২৪৬২৩.৩৯ | ২৪৬০৭.০০ | ২৪১০৭.০০ | ২৩৫৯৩.৮২ | |
| নোট: (১) এডিপি বরাদ্দ হতে ৫০০.০০ লক্ষ টাকা কম ছাড় হয়েছে;<br>(২) এডিপি বরাদ্দ হতে ছাড়কৃত অর্থের মধ্যে ৫১৩.১৮ লক্ষ টাকা কম | | | | | |

**১১। প্রকল্পের ডিপিপি অনুমোদন ও সংশোধন:**

**(ক) মূল ও সংশোধিত ডিপিপি-**

**(লক্ষ টাকায়)**

| ডিপিপি | বাস্তবায়ন মেয়াদ | প্রাক্কলিত ব্যয় |
|---|---|---|
| মূল অনুমোদিত ডিপিপি | জুলাই ২০১১ হতে জুন ২০১৩ | ২৬৬৭২.৭১<br>(জিওবি- ২২৬৭১.৮০<br>ডিসিসি- ৪০০০.৯১) |
| ১ম সংশোধিত ডিপিপি | জুলাই ২০১১ হতে জুন ২০১৪ | ২৮৯৬৮.৬৯<br>(জিওবি- ২৪৬২৩.৩৯<br>ডিসিসি- ৪৩৪৫.৩০) |

| ডিপিপি | বাস্তবায়ন মেয়াদ | প্রাক্কলিত ব্যয় |
| --- | --- | --- |
| ব্যয় বৃদ্ধি ব্যতিরেকে মেয়াদ বৃদ্ধি | জুলাই ২০১১ হতে ডিসেম্বর ২০১৪ | - |

নোট: ডিসিসি বলতে উত্তর ও দক্ষিণ উভয় সিটি কর্পোরেশন।

**(খ) ডিপিপি অনুমোদন ও সংশোধন-**

একনেক কর্তৃক ২২ মার্চ ২০১১খ্রি: তারিখে অনুমোদিত মূল ডিপিপি-তে উন্নয়নের জন্য রাস্তা, নর্দমা ও ফুটপাতের সংখ্যা ছিল ৪০৯টি। প্রকল্পের বাস্তবায়ন বিলম্ব হওয়ায় প্রকল্পভুক্ত বেশ কিছু রাস্তা জরুরি ভিত্তিতে ডিসিসি'র রাজস্ব খাত হতে উন্নয়ন করা হয়। ফলে রাজস্ব খাতে উন্নয়নকৃত ঐ সকল রাস্তা বাদ দিয়ে নতুন কিছু গুরুত্বপূর্ণ ক্ষতিগ্রস্ত রাস্তা সংশোধিত ডিপিপি-তে অন্তর্ভুক্ত করা হয়েছে। স্থানীয় সরকার মন্ত্রণালয় কর্তৃক ১১ আগষ্ট ২০১৩খ্রি: তারিখে অনুমোদিত ১ম সংশোধিত ডিপিপিতে মোট রাস্তা, নর্দমা ও ফুটপাতের সংখ্যা দাঁড়ায় ৩৮১টি এবং প্রাক্কলিত ব্যয় ২৮৯৬৮.৬৯ লক্ষ টাকা যা মূল ডিপিপি'র প্রাক্কলিত ব্যয় ২৬৬৭২.৭১ লক্ষ টাকা অপেক্ষা ৮.৬০% বেশী। PCR অনুযায়ী ব্যয় বৃদ্ধির কারণ হলো- (১) ডিপিপি প্রণয়নের পর বাস্তবায়নে বিলম্ব হওয়ায় রাস্তা ক্ষতিগ্রস্তের পরিমাণ বেড়ে য়ায়; এবং (২) প্রকল্পের ব্যয়-প্রাক্কলন অবিভক্ত ঢাকা সিটি কর্পোরেশনের ২০০৯ সালের দর-তালিকা অনুযায়ী করা হয়েছিল। পরবর্তীতে দক্ষিণ সিটি কর্পোরেশন ও উত্তর সিটি কর্পোরেশনের প্রণীত ২০১২ সালের দর-তালিকা অনুসৃত হওয়ায় ব্যয় বৃদ্ধি পায়।

১২। **পরিদর্শন:** প্রকল্পটির বাস্তবায়ন কার্যক্রম গত ৩০ ডিসেম্বর ২০১৫খ্রিঃ তারিখে সমাপ্তির পর স্থানীয় সরকার বিভাগ থেকে ২৪/০৫/১৫খ্রিঃ তারিখের ২০৮ নং স্মারকের মাধ্যমে PCR প্রেরণ হয়। তৎপ্রেক্ষিতে আইএমইডি থেকে পরিচালক (স্থানীয় সরকার) জনাব মোঃ আবু সাইদ ফকির গত ২০/০৮/১৬খ্রি: তারিখ শনিবার প্রকল্পটির ধানমন্ডি, হাজারিবাগ ও মিরপুর এলাকায় প্রকল্পের আওতায় সম্পাদিত কিছু কার্যক্রম পরিদর্শন করেন। আইএমইডি'র সহকারী পরিচালক (এলজিইডি) জনাব নূর মোহাম্মদ হোসাইনী এবং কিছু সময়ের জন্য মহা-পরিচালক (যোগাযোগ ও স্থানীয় সরকার) পরিদর্শনকালে সঙ্গে ছিলেন। বাস্তবায়নকারী সংস্থার পক্ষে উপস্থিত থেকে সহযোগিতা করেন প্রকল্প পরিচালক জনাব মোঃ নরূল আমিন ও তাঁর কয়েকজন সহকর্মী। এরপর গত ২৯/০৯/১৬খ্রি: তারিখে প্রকল্পের আওতায় নিকুঞ্জ ও উত্তরা এলাকায় বাস্তবায়িত কিছু কার্যক্রম পরিদর্শন করা হয়। এ সময় প্রকল্প পরিচালক এবং উত্তর সিটি কর্পোরেশন পক্ষে উপ-সহকারী প্রকৌশলী জনাব মোঃ শহিদুর রহমান সঙ্গে ছিলেন। পরিদর্শনকালে সমাপ্তকৃত কাজের মধ্যে ধানমন্ডি আবাসিক এলাকায় (১) রোড নং- ২, ৩ -এর টাই রোডের ক্ষতিগ্রস্থে পাইপ নর্দমা, ফুটপাত ও রাস্তা উন্নয়ন কাজ, (২) কাঠালবাগান বাইলেনের পাইপ নর্দমা স্থাপনসহ ক্ষতিগ্রস্ত সড়কের উন্নয়ন কাজ; হাজারিবাগ এলাকায় (১) মাজার বটতলার হতে বেড়ীবাঁধ পর্যন্ত মাটি ভরাট করে রাস্তা ও পাইপ নর্দমা নির্মাণ কাজ; মিরপুর এলাকায় (১) মিরপুর সেকশন- ১, চিড়িয়াখান প্রধান সড়ক প্রশস্তকরণসহ রোড মিড়িয়ান নির্মাণ কাজ, (২) মিরপুর সেকশন- ১, এভিনিউ- ১, চিড়িয়াখানা রোড হতে গুদারাঘাট পানির ট্যাংক পর্যন্ত রাস্তা প্রশস্থকরণ সহ নর্দমা নির্মাণ কাজ; নিকুঞ্জ-২ আবাসিক এলাকায় সেনাবাহিনী কর্তৃক বাস্তবায়িত কয়েকটি রাস্তা; উত্তরা এলাকায় (১) সেক্টর ৯, ১১, ১২ ও ১৩-এর সোনারগাঁও জনপথ-এর উভয় পার্শ্বে নর্দমা নির্মাণ কাজ, (২) সেক্টর ১৩-এর গরীবে নেওয়াজে সড়কের উভয় পার্শ্বে নর্দমা নির্মাণ কাজ পর্যবেক্ষণ করা হয়। এ পর্যবেক্ষণকালে সাধারণভাবে নিম্নরূপ ক্রটি/বিষয় পরিক্ষিত হয়-

১২.১ নির্মিত/সংস্কারকৃত রাস্তার বেশ কয়েকটি স্থানে ওয়াসা কর্তৃক পানির সংযোগদানের জন্য কর্তন করা হয়েছে **(১নংচিত্র)** এবং দেখে প্রতীয়মান বেশ পূর্বে কর্তনকৃত । রাস্তার মাঝে মাঝে কর্তনকৃত এ অংশগুলো মেরামত না হওয়ায় গর্তের সৃষ্টি হয়েছে;



**ওয়াসা কর্তৃক রাস্তা কর্তন (১নংচিত্র)**

১২.২ মূল রাস্তার সাথে পার্শ্ব-রাস্তার সংযোগস্থল এবং বাসা-বাড়ির প্রবেশমুখে কয়েক স্থানে ফুটপাতে উঠা-নামার স্লোপ দেখা যায় বেশ খাড়াভাবে নির্মিত। এছাড়া নির্মিত ফুটপাথের দু'/একটি স্থানে ইট খুলে ও আলগা হয়ে গেছে **(২নংচিত্র)**;



**ফুটপাথের অবস্থা (২নংচিত্র)**

১২.৩ ফুটপাতের নীচ দিয়ে রাস্তার পানি নর্দমায় নির্গমনের প্রবশমুখে (Spout) কয়েকটি স্থানে আবর্জনা জমে থাকতে দেখা যায় **(৩নংচিত্র)**;



**Spout-এর মুখে আবর্জনা (৩নংচিত্র)**

১২.৪ নির্মিত ফুটপাতের উপর অস্থায়ী দোকান বসা এবং পার্শ্বস্থ দোকানের মালামাল রাখতে দেখা যায় **(৪নংচিত্র)**;





**ফুটপাতে দোকান (৪নংচিত্র)**

**১৩। কাজ অসম্পূর্ণ থাকলে তার কারণ :** প্রকল্প সংশ্লিষ্টেদের সংঙ্গে আলোচনাক্রমে এবং PCR পর্যালোচনায় দেখা যায় যে, কোন কাজ অসমাপ্ত নেই। তবে সংশোধিত ডিপিপিতে অন্তর্ভুক্ত ৩৮১টি রাস্তা, নর্দমা ও ফুটপাতের মধ্যে ২৬টির উন্নয়ন কার্যক্রম আলোচ্য প্রকল্পের আওতায় বাস্তবায়িত হয়নি। জরুরি প্রয়োজন হওয়ায় সেগুলোর কাজ সিটি কর্পোরেশনের নিজস্ব অর্থায়নে বাস্তবায়ন করা হয়েছে। এর ফলে PCR-এর তথ্যানুযায়ী ৩৫৫টি রাস্তা, নর্দমা ও ফুটপাতের উন্নয়ন কার্যক্রম সম্পাদন করা হয়েছে এবং প্রকৃত ব্যয় হয়েছে ২৭৭৫৭.৪৪ লক্ষ টাকা।

**১৪। প্রকল্পের উদ্দেশ্য অর্জন:**

| পরিকল্পিত | উদ্দেশ্য অর্জন |
|---|---|
| (ক) সিটি করপোরেশন এলাকার রাস্তা, নর্দমা ও ফুটপাত উন্নয়ন করে নাগরিক সুবিধা বৃদ্ধি করা; | প্রকল্পের আওতায় রাস্তা, নর্দমা ও ফুটপাতের উন্নয়ন হওয়ায় নাগরিক সুবিধা বৃদ্ধি পেয়েছে মর্মে প্রতীয়মান। |

| পরিকল্পিত | উদ্দেশ্য অর্জন |
|---|---|
| (খ) যানজট হ্রাস, নির্বিঘ্নে যানবাহন চলাচল ও পথচারীদের চলাচলে সুবিধা প্রদান করা; | রাস্তা ও ফুটপাতের উন্নয়ন হওয়ায় যানজট হ্রাসে এবং যানবাহন ও পথচারীদের চলাচলে সুবিধা হয়েছে মর্মে প্রতীয়মান। |
| গ) ড্রেনেজ ব্যবস্থা উন্নয়নের মাধ্যমে রাস্তা থেকে জলাবদ্ধতা দূর করা; এবং | নর্দমার উন্নয়নের মাধ্যমে ড্রেনেজ ব্যবস্থা ভালো হওয়ায় পানি নিষ্কাশনের সুবিধা সৃষ্টির ফলে জলাবদ্ধতা হ্রাস পেয়েছে মর্মে উল্লেখ PCR-এ আছে। |
| (ঘ) পরিবেশগত ও আর্থ সামাজিক অবস্থার উন্নয়ন করা। | যানবাহন ও পথচারীদের চলাচলে সুবিধা এবং ড্রেনেজ ব্যবস্থা ভালো হওয়ায় সংশ্লিষ্ট এলাকার পরিবেশগত ও আর্থ সামাজিক অবস্থার উন্নয়নে প্রভাব পড়েছে মর্মে প্রতীয়মান। |

১৫। **পূর্ববর্তী পরিদর্শন:** প্রকল্পটি বাস্তায়নকালে প্রাপ্ত অভিযোগের পরিপ্রেক্ষিতে প্রকল্পের কার্যক্রম নিবিড়ভাবে পর্যবেক্ষণ ও পর্যালোচনা জন্য গঠিত আন্ত:মন্ত্রণালয় কমিটি গত ১৭/০২/১৩খ্রি: তারিখ এবং মেয়াদ বৃদ্ধির প্রস্তাবের পরিপ্রেক্ষিতে আইএমইডি থেকে ১৩/১১/১৪খ্রি: তারিখে পরিদর্শন করা হয়। উভয় পরিদর্শন প্রতিবেদনে প্রদত্ত মতামত ও তার উপর গৃহিত ব্যবস্থা সংক্রান্ত তথ্য নিম্নরূপ-

**(ক)** মেয়াদ বৃদ্ধির প্রস্তাবে পরিদর্শন:

| প্রতিবেদনে প্রদত্ত মতামত | গৃহিত ব্যবস্থা |
|---|---|
| ব্যয় বৃদ্ধি ব্যতিরেকে প্রকল্পের মেয়াদ ডিসেম্বর ২০১৪ পর্যন্ত মেয়াদ বৃদ্ধিতে কতিপয় শর্তে সম্মতি জ্ঞাপন-<br><br>ক) প্রকল্পের উদ্দেশ্য ও কর্মপরিকল্পনা যথাযথভাবে মেনে বাস্তবায়ন নিশ্চিতকরণ;<br>খ) বর্ধিত সময়ের আলোকে প্রকল্পের বাস্তবায়ন ম্যাট্রিক্স পুন:বিন্যাস করে আইএমইডি ও পরিকল্পনা কমিশনসহ সংশ্লিষ্টদেরকে প্রেরণ এবং তদানুযায়ী নির্ধারিত সময়ে বাস্তবায়ন কাজ সম্পন্নকরণ;<br>গ) ডিপিপিতে উল্লিখিত Specification অনুযায়ী কাজের গুনগতমান নিশ্চিতকরণ;<br>ঘ) যথাযথ কর্তৃপক্ষেরে অনুমোদন ব্যতীত প্রকল্পের এক অংগের অর্থ অন্য অংগে ব্যয় না করা; এবং<br>ঙ) যথাসময়ে প্রকল্পের সমাপ্তি প্রতিবেদন আইএমইডিতে প্রেরণ করা। | পরিকল্পনা কমিশন কর্তৃক উক্ত মতামত বিবেচনায় নিয়ে প্রকল্পের মেয়াদ বৃদ্ধিতে অনুমোদন দেওয়া হয় এবং স্থানীয় সরকার বিভাগ হতে তৎপ্রেক্ষিতে মেয়াদ বৃদ্ধির আদেশ জারি করা হয়। |

**(খ)** আন্ত:মন্ত্রণালয় কমিটির পরিদর্শন:

| প্রতিবেদনে প্রদত্ত উল্লেখযোগ্য মতামত | গৃহিত ব্যবস্থা |
|---|---|
| (ক) ডিপিপি অনুমোদনের পূর্বে মেয়র মহোদয়ের অনুমোদনক্রমে কার্যাদেশ প্রদানকৃত প্রকল্পভূক্ত তিনটি কাজের জন্য প্রকল্প থেকে ৪৬৪.৭৬ লক্ষ টাকা বিধি বহির্ভূতভাবে ব্যয়ের বিষয়ে ব্যবস্থা গ্রহণ।<br>[কাজ ০৩টি হলো- (১) মিরপুর সেকশন-৬, এভিনিউ-৪ প্রশিকা ভবন থেকে বিসিক ভবন পর্যন্ত সড়ক উন্নয়ন কাজের জন্য ব্যয় ১১২.৪৫ লক্ষ টাকা; (২) মিরপুর সেকশন-৬, এভিনিউ-৫ (এভিনিউ-৪ থেকে রোড নং৩ পর্যন্ত)-এর উন্নয়ন কাজের জন্য ব্যয় ৬৭.৩১ লক্ষ টাকা; এবং (৩) মিরপুর সেকশন-২, হাজী রোড (চিড়িয়াখানা রোড হতে এভি: ৪ পর্যন্ত) প্রশস্তকরণ ও উন্নয়ন কাজের জন্য ব্যয় ২৮৫.০০ লক্ষ টাকা।]<br>(খ) পরিকল্পনা-শৃঙ্খলা পরিপন্থিভাবে প্রায় ১০০% অর্থ ব্যয়ে ডিপিপি অনুমোদিত কাজের পরিমাণ কম/বেশী করার বিষয়ে দায়-দায়িত্ব নির্ধারণ ও প্রকল্প বাস্তবায়নকারী সংস্থাকে ভবিষ্যতে এহেন অনিয়ম পরিহারে নির্দেশনা প্রদান। | আন্ত:মন্ত্রণালয় কমিটির প্রতিবেদন ২৪/০৯/২০১৩খ্রি: তারিখে স্থানীয় সরকার বিভাগে প্রেরণ করা হয়। গৃহিত ব্যবস্থা সম্পর্কে কিছু জানা যায়নি। |

**১৬। অডিট সংক্রান্ত:** ২০১২-১৩, ২০১৩-১৪ ২০১৪-১৫ অর্থবছরে প্রকল্পের অডিট করা হয়েছে। অডিটে তেমন গুরুত্বপূর্ণ আপত্তি উথ্থাপিত না হওয়ার কথা PCR-এ উল্লেখ করা হলেও তথ্য পর্যালোচনায় বেশ বড় অংকের আপত্তি অনিষ্পন্ন রয়েছে মর্মে দেখা যায় যা নিম্নরূপ-

(ক) ২০১২-১৩ অর্থবছরের অডিটে ২,৪৫,৯৫,৪৪৬/- টাকা অতিরিক্ত পরিশোধের আপত্তি রয়েছে। এ আপত্তির কারণ সিটি কর্পোরেশনের ম্যাচিং ফান্ড ১৫% ব্যয় করা হয়নি। এ অর্থ ইতোমধ্যে সমন্বয় করা হয়েছে মর্মে অডিট আপত্তির জবাব পেশ করা হয়েছে। কিন্তু আপত্তিটি এখনও অনিস্পন্ন রয়েছে;

(খ) ২০১৩-১৪ অর্থবছরের অডিটে 'মিরপুর সেকশন-১ গুদারাঘাট প্রধান সড়ক (মুক্তিযোদ্ধা মার্কেট হতে গুদারাঘাট পানির ট্যাংক পর্যন্ত) প্রশস্তকরণ' কাজে নকশা বহির্ভূত বিটুমিনাস টেককোট কাজের জন্য ঠিকাদারী প্রতিষ্ঠানকে ১৮,৬৬,৩৪৩/- টাকা পরিশোধ করার আপত্তি রয়েছে। টেককোট আইটেম নকশায় থাকে না উল্লেখপূর্বক এ কাজটি প্রাক্কলনে থাকার যুক্তি তুলে ধরে অডিট আপত্তির জবাব পেশ করা হয়েছে। কিন্তু আপত্তিটি এখনও অনিস্পন্ন রয়েছে; এবং

(গ) ২০১৪-১৫ অর্থবছরের অডিটে প্রকল্প সাইট থেকে বক্সকাটিং এ উত্তোলিত বালির মূল্য ৩,৩৩,৬৮৮ টাকা ঠিকাদারের বিল হতে কর্তন না করায় আপত্তি তোলা হয়েছে। এ কাজে বালি পাওয়া যায়নি উল্লেখপর্বূক উত্তোলিত মাটি ও রাবিশ-এর মূল্য কর্তন করে ঠিকাদারের বিল পরিশোধকৃত মর্মে জবাব পেশ করা হয়েছে। কিন্তু আপত্তিটি এখনও অনিস্পন্ন রয়েছে।

**১৭। সাধারণ পর্যবেক্ষণ:**

**১৭.১।** ক্ষতিপূরণের অর্থ গ্রহণের পরই সিটি কর্পোরেশন কর্তৃক ওয়াসা-কে রাস্তা কর্তনের অনুমতি দেওয়া হয়েছে। রাস্তা ভালো থাকলেও কেবলমাত্র কর্তনকৃত অংশগুলো সময়মত মেরামতের অভাবে গর্ত সৃষ্টি হওয়ায় চলাচলে অসুবিধা হচ্ছে **(অনুচ্ছেদ ১৩.১)**;

**১৭.২।** জনসাধারণ বিশেষ করে বয়স্কদের চলাচলের সুবিধার্থে ফুটপাতে নামা-উঠার স্লোপ ঢালুভাবে নির্মাণ করা বা প্রয়োজনে সিঁড়ির মত ধাপ নির্মাণ করা দরকার ছিল। এছাড়া ইট খুলে ও আলগা হয়ে যাওয়ায় নির্মিত ফুটপাতের স্থায়িত্ব বিঘ্নিত হবে **(অনুচ্ছেদ ১৩.২ দ্র:)**;

**১৭.৩।** রাস্তার পানি ড্রেনে নির্গমনের প্রবেশমুখে (Spout) আবর্জনা জমার **(অনুচ্ছেদ ১৩.৩ দ্র:)** কারণে বর্ষায় পানি জমে রাস্তার স্থায়িত্ব বিঘ্নিত হওয়াসহ চলাচল অসুবিধা সৃষ্টি হয়। নাগরিক সচেতনতার অভাব এবং পরিচ্ছন্নকর্মীর দায়িত্বে অবহেলা রাস্তায় আবর্জনা জমার মূল কারণ;

**১৭.৪।** ফুটপাতে দোকানের মালামাল রাখায় ও দোকান বসায় ফুটপাতটি জনগণের ব্যবহারের ক্ষেত্রে অসুবিধা হচ্ছে **(অনুচ্ছেদ ১৩.৪ দ্র:)**;

**১৭.৫।** আন্ত:মন্ত্রণালয় কমিটি কর্তৃক এ মর্মে চিহ্নিত যে, ডিপিপি অনুমোদনের পূর্বে কার্যাদেশ প্রদানকৃত ০৩টি কাজের জন্য বিধি বহির্ভূতভাবে প্রকল্প থেকে ৪৬৪.৭৬ লক্ষ টাকা ব্যয় করা হয়েছে **[অনুচ্ছেদ-১৬ (খ) দ্র:]**। তবে PCR-এ প্রদত্ত তথ্যানুযায়ী প্রকল্পভুক্ত ২টি প্যাকেজের কাজের জন্য ডিপিপি অনুমোদনের পূর্বেই টেন্ডার আহবান হরা হয় এবং এর মধ্যে ১টির কার্যাদেশ দেওয়া হয় যার জন্য প্রকল্প থেকে ব্যয়ের পরিমাণ ২.৮৫ কোটি টাকা। উল্লেখ্য, এ প্রকল্পের ক্ষেত্রে বাস্তবায়নকারী সংস্থা স্থানীয় সরকার বিভাগ;

**১৭.৬।** পিসিআর অনুযায়ী প্রকল্পের জন্য মোট ব্যয়িত ২৭৭৫৭.৪৪ লক্ষ টাকার মধ্যে জিওবি'র অংশ ২৩৫৯৩.৮২ লক্ষ টাকা। এডিপি বরাদ্দ থেকে অবমুক্তকৃত অর্থের পরিমাণ ২৪১০৭.০০ লক্ষ টাকা। ফলে উদ্বৃত্ত ৫১৩.১৮ লক্ষ টাকা সরকারি কোষাগারে ফেরত দেওয়া প্রয়োজন। প্রকল্প সংশ্লিষ্ট কর্মকর্তাদের তথ্যমতে অদ্যাবধি এ অর্থ ফেরত দেওয়া হয়নি; এবং

**১৭.৭।** অডিটে উত্থাপিত ২,৬৭,৯৫,৪৭৭/- টাকার আপত্তি এখনো অনিষ্পন্ন রয়েছে **(অনুচ্ছেদ ১৭ দ্র:)**।

**১৮। আইএমইডি'র সুপারিশ :**

**১৮.১।** মূল প্রকল্পের বাস্তবায়ন মেয়াদ ছিল ২ বছর। প্রকল্পটি বাস্তবায়নে ৩ বছর ৬ মাস লেগেছে অর্থাৎ ৭৫% সময় অতিরিক্ত লেগেছে। এর ফলে মূল প্রকল্প-ব্যয়ের তুলনায় প্রকল্প-ব্যয় বেড়েছে এবং প্রকল্পের সুফল পেতে বিলম্ব হয়েছে। এহেন পরিস্থিতি পরিহারকল্পে প্রকল্পের ডিজাইন বাস্তব সম্মত প্রণয়ন করতে মন্ত্রণালয় ও সংস্থা সচেষ্ট হবে।

**১৮.২।** নির্মিত/সংস্কারকৃত রাস্তায় ওয়াসা কর্তৃক কর্তনকৃত অংশগুলো মেরামতপূর্বক চলাচলের অসুবিধা দূরীকরণের ব্যবস্থা নিতে হবে **(অনুচ্ছেদ ১৭.১)**;

**১৮.৩।** রাস্তায় নির্মিত ফুটপাথের ওঠা-নামার উঁচু স্থানে চলাচলে সুবিধার জন্য অপেক্ষাকৃত ঢালুভাবে কিংবা প্রয়োজনে সিঁড়ির মত ধাপ নির্মাণের ব্যবস্থা এবং ইট খুলে যাওয়া ও আলগা হয়ে যাওয়ার স্থানে প্রাথমিক পর্যায়েই মেরামতের পদক্ষেপ- নিতে হবে **(অনুচ্ছেদ ১৭.২)**;

**১৮.৪।** রাস্তার পানি ড্রেনে নির্গমণের প্রবেশমুখ (Spout) পরিস্কার রাখার ক্ষেত্র সিটি কর্পোরেশন প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করবে **(অনুচ্ছেদ ১৭.৩)**;

**১৮.৫।** ফুটপাথের উপর দোকানের মালামাল না রাখা এবং অস্থায়ী দোকান না দেওয়ার বিষয়ে সচেতনতা সৃষ্টিসহ প্রয়োজনে নিয়মিতভাবে উচ্ছেদ কার্যক্রম পরিচালনা হওয়া প্রয়োজন **(অনুচ্ছেদ ১৭.৪)**;

**১৮.৬।** ডিপিপি অনুমোদনের পূর্বে কার্যাদেশ প্রদানকৃত কাজের জন্য বিধি বহির্ভূতভাবে প্রকল্প থেকে অর্থ ব্যয়ের বিষয়ে ইতোমধ্যে ব্যবস্থা নেওয়া না হলে ব্যবস্থা নিতে হবে **(অনুচ্ছেদ ১৭.৫)**;

**১৮.৭।** জিওবি'র অংশের উদ্বৃত্ত ৫১৩.১৮ লক্ষ টাকা সরকারি কোষাগারে ফেরত দেওয়ার ব্যবস্থা নিতে হবে **(অনুচ্ছেদ ১৭.৬)**; এবং

**১৮.৮।** অডিটে উত্থাপিত ২,৬৭,৯৫,৪৭৭/- টাকার আপত্তি দ্রুত নিষ্পত্তির লক্ষ্যে ব্যবস্থা নিতে হবে **(অনুচ্ছেদ ১৭.৭)**।

**১৯।** অনুচ্ছেদ ১৯-তে বর্ণিত মতামতের আলোকে প্রযোজ্য ক্ষেত্রে স্থানীয় সরকার বিভাগ ও ঢাকা উত্তর ও দক্ষিণসিটি কর্পোরেশন যথোপোযুক্ত ব্যবস্থা গ্রহণ করবে এবং তা আগামী এক মাসের মধ্যে আইএমইডি-কে অবহিত করতে হবে।

## “রাজশাহী সিটি কর্পোরেশনের সিটি ভবন কমপ্লেক্স নির্মাণ (২য় পর্যায়) (১ম সংশোধিত)” শীর্ষক সমাপ্ত প্রকল্পের মূল্যায়ন প্রতিবেদন

**( সমাপ্ত : জুন, ২০১৫)**

১। **নির্বাহী সংস্থা** : রাজশাহী সিটি কর্পোরেশন।

২। **প্রশাসনিক মন্ত্রণালয়** : স্থানীয় সরকার, পল্লী উন্নয়ন ও সমবায় মন্ত্রণালয়/স্থানীয় সরকার বিভাগ।

৩। **প্রকল্পের অবস্থান** : নগর ভবন, রাজশাহী সিটি করপোরেশন

৪। **প্রকল্পের বাস্তবায়ন সময় ও ব্যয়** :

| অনুমোদিত ব্যয় | | প্রকৃত ব্যয় মোট জিওবি আরসিসি | অনুমোদিত বাস্তবায়নকাল | | প্রকৃত বাস্তবায়নকাল | অতিক্রান্ত ব্যয় (মূল অনুমোদিত ব্যয়ের (%) | অতিক্রান্ত সময় (মূল বাস্তবায়ন কালের (%) |
|---|---|---|---|---|---|---|---|
| মূল মোট জিওবি আরসিসি | সর্বশেষ সংশোধিত মোট জিওবি আরসিসি | | মূল | সর্বশেষ সংশোধিত | | | |
| ১ | ২ | ৩ | ৪ | ৫ | ৬ | ৭ | ৮ |
| ১৬৭১.৮৯<br>১৬৭১.৮৯<br>– | ২৩৯০.০৭<br>২৩১৮.২৬<br>৭১.৮১ | ২৩৮৪.৬৪৭১৯<br>২৩১৪.৭০২৯৮<br>৬৯.৯৪৪২১ | নভে:/২০১০ হতে জুন/২০১২ | নভে:/২০১০ হতে জুন/২০১৫ | নভে:/২০১০ হতে জুন/২০১৫ | 712.76<br>(৪২.৬৩%) | ৩৬ মাস<br>১৮০% |

৫। **অংগ ভিত্তিক অগ্রগতি:** পরিশিষ্ট-ক

৬। **কাজ অসমাপ্ত থাকলে তার কারণঃ** সমাপ্ত প্রকল্পের প্রেরিত পিসিআর মোতাবেক কোন কাজ অসমাপ্ত নেই।

৭। **মূল্যায়ন পদ্ধতি (Methodology)** আলোচ্য প্রকল্পের মূল্যায়ন প্রতিবেদনটি প্রণয়নে নিম্মোক্ত বিষয়/পদ্ধতি অনুসরণ করা হয়েছে ;

- RDPP পর্যালোচনা;
- মন্ত্রণালয় কর্তৃক প্রেরিত প্রকল্পের বাস্তবায়ন অগ্রগতি পর্যালোচনা;
- পিসিআর পর্যালোচনা;
- কাজের বাস্তব অগ্রগতি যাচাই এবং তথ্য সংগ্রহের জন্য সরেজমিনে পরিদর্শন;
- প্রাপ্ত তথ্যের ভিত্তিতে সংশ্লিষ্ট কর্মকর্তাদের সাথে আলোচনা।

৮। **প্রকল্পের মূল উদ্দেশ্য**

(১) উপযুক্ত পরিচালনা ও জবাবদিহিতা প্রতিষ্ঠার মাধ্যমে নাগরিক সুবিধাদি প্রদান নিশ্চিত করা;

(২) সন্তোষজনকভাবে মৌলিক নাগরিক সুবিধাদি প্রদানে পরিকল্পনা, পরিচালনা ও ব্যবস্থাপনা গড়ে তোলার নিমিত্তে কর্মচারীগণের কার্যকরী কর্ম পরিবেশ সৃষ্টি করা।

৯। **প্রকল্পের পটভূমি:**

বাংলাদেশে ক্রমবিকাশমান নগরীর মধ্যে রাজশাহী নগরী অন্যতম। প্রায় ৭.৫০ লক্ষ জনসংখ্যা অধ্যুষিত রাজশাহী নগরীর বর্তমান আয়তন ৯৩.০০ বঃকিঃ। রাজশাহী পৌরসভা ১৮৭৬ সালে প্রতিষ্ঠা লাভ করে যা ১৯৮৭ সালে সিটি করপোরেশনে উন্নীত হয়। অপর্যাপ্ত পরিসরে পুরাতন পৌরসভা ভবন কর্মদক্ষতা হারায়। পুরাতন পৌরসভা ভবনে নগরীয় সুবিধাদি কার্যকরীভাবে পরিচালনা করা সম্ভব না হওয়ার প্রেক্ষাপটে নতুন ভবন নির্মাণের নিমিত্তে প্রণীত মাষ্টার প্ল্যান গ্রহণ করা হয়। উক্ত মাষ্টার প্ল্যান অনুযায়ী ''সিটি ভবন নির্মাণ'' শীর্ষক একটি প্রকল্প গ্রহণ করা হয়। সম্পদের সীমাবদ্ধতা এবং কর্মকর্তা ও কর্মচারীগণের বসার স্থান সংকুলান করে কাজের পরিবেশ নিশ্চিত করণে জরুরী প্রয়োজনীয়তা ও ভবিষ্যত প্রয়োজনীয়তা বিবেচনায় প্রকল্পটি দুইটি পর্যায়ে বাস্তবায়নের পরিকল্পনা নেয়া হয়। প্রণীত মাষ্টার প্ল্যান অনুযায়ী ১০৭৫.০০ লক্ষ টাকা ব্যয় সাপেক্ষ সিটি ভবন কমপ্লেক্স নির্মাণ (১ম পর্যায়) প্রকল্প ২০০১-০২ অর্থ বছরে সমাপ্ত হয়। প্রায় ৮২৯ জন জনবল সম্বলিত সাংগঠনিক কাঠামোর আওতায় বিভিন্ন বিভাগ ও শাখার মাধ্যমে নাগরিকবৃন্দকে কার্যকরীভাবে নগরীয় সেবা সুবিধাদি প্রদানে কর্মরত কর্মকর্তা ও কর্মচারীগণের জন্য পর্যাপ্ত স্থান সংকুলানের নিমিত্তে সিটি ভবন কমপ্লেক্স নির্মাণ (২য় পর্যায়) প্রকল্পটি গ্রহণ করা হয়।

**১০। প্রকল্পের সংশোধন ও অনুমোদন:** রাজশাহী সিটি কর্পোরেশন কর্তৃক বাস্তবায়িত ''রাজশাহী সিটি কর্পোরেশনের সিটি ভবন কমপ্লেক্স নির্মাণ (২য় পর্যায়) (১ম সংশোধিত)'' প্রকল্পটির মূল ডিপিপি গত ৩০.১১.২০১০ খ্রি: তারিখে মোট ১৬৭১.৮৯ লক্ষ টাকা (সম্পূর্ণই বরাদ্দ জিওবি অনুদান) প্রাক্কলিত ব্যয় ও নভেম্বর, ২০১০ হতে জুন, ২০১২ মেয়াদে বাস্তবায়নের জন্য মাননীয় পরিকল্পনা মন্ত্রী কর্তৃক অনুমোদিত হয়। পরবর্তীতে নভেম্বর, ২০১০ হতে জুন, ২০১৫ মেয়াদে ২৩৯০.০৭ লক্ষ টাকা প্রাক্কলিত ব্যয় সাপেক্ষ প্রকল্পটির ১ম সংশোধীত ডিপিপি গত ০৮.০৯.২০১৪ তারিখে মাননীয় পরিকল্পনা মন্ত্রী কর্তৃক অনুমোদিত হয় যার মধ্যে জিওবি অনুদান ২৩১৮.২৬ লক্ষ এবং রাজশাহী সিটি করপোরেশনের নিজস্ব তহবিল ৭১.৮১ লক্ষ টাকা। পরবর্তীতে প্রকল্পটির পুনর্গঠিত আরডিপিপি (আন্তঃঅঙ্গ সমন্বয়) ৩০.০৬.২০১৫ তারিখে স্থানীয় সরকার পল্লী উন্নয়ন ও সমবায় মন্ত্রণালয়-এর মাননীয় মন্ত্রী কর্তৃক অনুমোদিত হয়।

১১। **প্রকল্পের প্রধান কার্যক্রমসমূহ :**

- ❖ প্রকল্পের আওতায় ৫তলা মূল নগর ভবনের উর্দ্ধমুখী ৬তলা হতে ১০তলা পর্যন্ত সম্প্রসারণ;
- ❖ নতুনভাবে ৪তলা এ্যানেক্স ভবন নির্মাণ, এ্যানেক্স ভবনের ৩য় ও ৪র্থ তলায় সিটি হল নির্মাণ;
- ❖ ২টি লিফ্ট সংযোজন, ৩০টি শীতাতপ যন্ত্র স্থাপন, ১টি ৩০০ কেভিএ জেনারেটর স্থাপন, ২৩৩ মিটার সংযোগ সড়ক এবং ১৬০ মিটার অভ্যন্তরীণ নর্দমা নির্মাণ।

**১২। প্রকল্প পরিচালক সম্পর্কিত তথ্য:**

| ক্রমিক নং | প্রকল্প পরিচালকের নাম | পদবী | পূর্ণকালীন/খন্ডকালীন | সময়কাল |
|---|---|---|---|---|
| ০১. | মোঃ সিরাজুম মুনীর | প্রধান প্রকৌশলী | খন্ডকালীন | ০১.১১.২০১০ থেকে ০৫.০২.২০১১ |
| ০২. | মুঃ গোলাম মুর্শেদ | নির্বাহী প্রকৌশলী | খন্ডকালীন | ০৮.০২.২০১১ থেকে ৩০.০৬.২০১৫ |

১৩। **প্রকল্প পরিদর্শন:**

প্রকল্পটি ০১ এপ্রিল, ২০১৬ খ্রি: তারিখে আইএমইডি'র উপ-পরিচালক জনাব পরিমল চন্দ্র বসু কর্তৃক পরিদর্শিত হয়। পরিদর্শনকালে রাজশাহী সিটি কর্পোরেশনের প্রধান প্রকৌশলী জনাব মোঃ আশরাফুল হক, প্রকল্প পরিচালক ও নির্বাহী প্রকৌশলী জনাব মুঃ গোলাম মুর্শেদ ও সহকারী প্রকৌশলী জনাব মোঃ আহসানুল হাবিব উপস্থিত থেকে সহযোগিতা প্রদান করেন।

১৪। **সাধারণ পর্যবেক্ষণ:**

১৪.১ প্রকল্পে আওতায় ১০ তলা ফাউন্ডেশনসহ ১ম–৪র্থ তলা পর্যন্ত এ্যানেক্স ভবন নির্মাণ করা হয়েছে। প্রকল্পের আওতায় ভবন নির্মাণসহ অন্যান্য সুবিধা নির্মাণ / স্থাপন কাজ মোট ৭টি প্যাকেজ যথা WP-01 হতে WP-07 অধীন সম্পাদন করা হয়। এ সকল প্যাকেজের আওতায় মূল ভবনের উর্দ্ধমূখী সম্প্রসারণ ও এ্যানেক্স ভবনের নির্মাণ কাজ অক্টোবর, ১১ হতে অক্টোবর, ১৪ এর মধ্যবর্তী বিভিন্ন তারিখে শুরু হয়ে জুন, ২০১৫ এর মধ্যে সমাপ্ত হয় মর্মে প্রকল্প পরিচালক জানান। এ্যানেক্স ভবনের ২য় তলার উপরে ও ৩য় তলার শুরূতে পুরো ভবন বরাবর দু'টি তলা জোড়া দেয়ার মত দাগ দেখা যায় যা ভবনের সৌন্দর্যকে নষ্ট করেছে। জানা যায় যে, দুটি প্যাকেজের আওতায় দুই জন ঠিকাদার দুই তলা করে পুরো ভবনটি নির্মাণ করেছে। প্রথম অংশের কাজের সাথে দ্বিতীয় অংশের কাজ ঠিকাদার মিলাতে পারেনি। এছাড়াও এ্যানেক্স ভবনের ২য় তলার বারান্দার রেলিং-এর এস.এস ক্লামের ওয়েল্ডিং খোলা অবস্থায় দেখা যায়। এ ত্রুটিসমূহ সংশোধন করতে প্রকল্প পরিচালককে পরামর্শ দেয়া হয়। জানা যায়, বর্ণিত নির্মাণ কাজের Defect Liability Period আগামী জুন, ২০১৬ পর্যন্ত। নির্ধারিত সময়ের মধ্যে নির্মিত কাজের সকল ত্রুটি ঠিকাদারী প্রতিষ্ঠান কর্তৃক মেরামত করার পরামর্শ দেয়া হয়;



**চিত্র-১: চার তলা বিশিষ্ট এ্যানেক্স ভবন**

১৪.২ প্রকল্পে আওতায় ৫ম তলা মূল ভবনের উর্দ্ধমূখী ৬ষ্ঠ তলা হতে ১০ম তলা পর্যন্ত সর্বমোট ৬৬০৩.৯০ বঃ মিঃ ক্ষেত্রফলের ভবন নির্মাণ কাজ করা হয়েছে। ১ম পর্যায়ে প্রকল্পে ১০তলা ফাউন্ডেশনসহ মূল ভবন ৫ম তলা পর্যন্ত ২০০২ সালে নির্মিত হয়। একই ফাউন্ডেশনের উপর উর্দ্ধমূখী অবশিষ্ট ৫টি তলা নির্মাণ করা হয়েছে। প্রকল্পের স্থাপত্য ও প্রকৌশল নক্সা প্রণয়নে পরামর্শক প্রতিষ্ঠান নিয়োগ করা হয়। নিয়োজিত পরামর্শক প্রতিষ্ঠান JPZ-RIDDHI JV Consulting (Bangladesh) Limited কর্তৃক প্রণীত নক্সা ও সার্বিক তদারকীতে নির্মাণ কাজ করা হয়। ৯ম তলায় সিটি কর্পোরেশনের বিশ্রামাগার নির্মাণ করা হয়েছে। তলা ভিত্তিক নির্মাণ কাজ পরিদর্শন করা হয়। পরিদর্শনকালে সিঁড়ির এস.এস রেলিং এবং কয়েক স্থানের প্লাস্টার ও গ্রীল-এর ফিনিসিং

কাজ ত্রুটিপূর্ণ পাওয়া যায়। সিঁড়ির নিম্নমানের এস.এস রেলিং পুনস্থাপন এবং প্লাস্টার ও গ্রীল-এর ফিনিসিং কাজ করতে প্রকল্প পরিচালককে পরামর্শ দেয়া হয়;



চিত্র-২: **মূল ভবনের উর্দ্ধমূখী সম্প্রসারণ**



**চিত্র-৩:** সিঁড়ির নিম্নমানের এস.এস রেলিং।

১৪.৩ প্রকল্পের কার্যক্রম এক বছর আগে সমাপ্ত হলেও ৬ষ্ঠ – ১০ম তলার সকল কক্ষে দাপ্তরিক কাজকর্ম শুরু হয়নি। এ প্রসঙ্গে প্রকল্প পরিচালক জানান, পর্যায়ক্রমে সিটি কর্পোরেশনের সাংগঠনিক কাঠামোতে অন্তর্ভূক্ত বিভাগ / শাখার কার্যক্রম অনুমোদিত ডিপিপিতে বর্ণিত বিন্যাস অনুযায়ী উর্দ্ধমূখী সম্প্রসারিত ভবনে প্রয়োজনীয় আসবাবপত্রের সরবরাহ ও স্থাপনপূর্বক স্থানান্তর করা হচ্ছে। তিনি আরো জানান যে, ৯ম তলায় সিটি বিশ্রামাগারের জন্য প্রয়োজনীয় উন্নতমানের আসবাবপত্র সিটি কর্পোরেশনের নিজস্ব অর্থায়নে ক্রয়ের ব্যবস্থা গ্রহণ করা হয়েছে। নতুন স্থানে অফিসসমূহ স্থানান্তর করে উন্নত কর্মপরিবেশ তৈরী করা প্রয়োজন;

১৪.৪ প্রকল্পে আওতায় নির্মিত এ্যানেক্স ভবনের ১ম তলায় গাড়ী পার্কিং ২য় তলায় দপ্তর কক্ষ এবং ৩য় ও ৪র্থ তলায় সিটি হল নির্মাণ করা হয়েছে। ১ম ও ২য় তলার পরিমাণ ৭৯৪.১২ বঃমিঃ এবং ১৫১ সিটের সিটি হলের পরিমাণ ৪২৩.৮৯ বঃমিঃ। সিটি হলটি সম্পূর্ণ শীতাতপ নিয়ন্ত্রিত। এছাড়াও সিটি হলে সাউন্ড সিষ্টেম, প্রজেক্টর, সিসি ক্যামেরাসহ বিভিন্ন আধুনিক সুবিধা স্থাপন

করা হয়েছে। সিটি হলটি  স্থানীয় ও আন্তর্জাতিক গুরুত্বপূর্ণ সভা / সেমিনার / অনুষ্ঠান  করার উপযোগী। সিটি হলের ডেকোরেশন ও শব্দ নিয়ন্ত্রণ কাজে ব্যবহৃত কাঠ, বোর্ড ও ফেবরিক্স উন্নতমানের বলে প্রতীয়মান হয়েছে;



**চিত্র-৪: নির্মিত সিটি হল**

১৪.৫  মূল ভবনের শিখরে একটি ডোম নির্মাণ করা হয়েছে। ডোমটির কার্ণিসের বিভিন্ন স্থানের ফিনিশিং কাজ  নিম্নমানের হওয়ায় গোলাকৃতি ডোমটি দৃষ্টি নন্দন হয়নি এবং ডোমটি সম্পূর্ণ গোলাকৃতিও মনে হয় না। ডোমটি দৃষ্টি নন্দন করতে ত্রুটিপূর্ণ ফিনিশিং কাজ মেরামত করা প্রয়োজন;



**চিত্র-৫: মূল ভবনের শিখরে নির্মিত ডোম।**

১৪.৬    ১০ জন বহন ক্ষমতার ৮০০ কেজি ধারণ ক্ষমতার  ইটালী’র তৈরী Movi Brand-এর ২টি লিফট ১ কোটি ২৯ লক্ষ টাকায় ক্রয় করা হয়েছে। প্রতিদিন বিভিন্ন কাজে নগর ভবনে বিপুল সংখ্যক ব্যক্তির আগমন ঘটে। সে প্রেক্ষিতে সংযোজিত লিফটের ধারণ ক্ষমতা প্রয়োজনের তুলনায় অত্যন্ত কম। এ প্রসঙ্গে প্রকল্প পরিচালক জানান যে ১ম পর্যায় প্রকল্পে লিফট স্থাপনের যে পরিসর রাখা ছিল সে অনুযায়ী লিফটের ধারণ ক্ষমতা নির্ধারণ করা হয়েছে। পূর্বের পরিসর বৃদ্ধি করা সম্ভবপর ছিল না। এ্যানেক্স ভবনে আরো একটি লিফট স্থাপনের সংস্থান রাখা হয়েছে যা সংযোজিত হলে অধিক সংখ্যক সেবা গ্রহণকারী এবং

কর্মকর্তা / কর্মচারীগণকে উর্দ্ধমূখী তলায় যেতে পারবে। প্রকল্পের ডিপিপিতে ১০০০ কেজি ধারণ ক্ষমতার দু'টি লিফট স্থাপনের সংস্থান ছিল। কিন্তু ৮০০ কেজি ধারণ ক্ষমতার দু'টি লিফট স্থাপন করা হয়েছে। লিফট সংগ্রহ কাজে পিপিআর-২০০৮ যথাযথভাবে অনুসরণ করা হয়েছে মর্মে প্রকল্প পরিচালক আশ্বস্থ করলেও লিফট দু'টির ক্রয় মূল্য বাজার মূল্য অপেক্ষা বেশী মর্মে প্রতীয়মান হয়েছে;



**চিত্র-৬: স্থাপিত লিফট্-এর একটি**

১৪.৭ প্রকল্পের আওতায় মূল ভবনের উর্দ্ধমূখী ৬ষ্ঠ – ১০ম তলায় ২.০০ টন ধারণ ক্ষমতার মোট ৩০টি General Brand'র শীতাতপ যন্ত্র স্থাপন করা হয়েছে;



**চিত্র-৭: স্থাপিত** শীতাতপ যন্ত্র।

১৪.৮ নগর ভবনসমূহে নিরবিচ্ছিন্ন বিদ্যুৎ সরবরাহ নিশ্চিতকরণে প্রকল্পের আওতায় ৩০০ কেভি অটো জেনারেটর স্থাপন করা হয়েছে। বিদ্যুৎ উন্নয়ন বোর্ডের বিদ্যুৎ সরবরাহ বন্ধ হওয়ার ১২ সেকেন্ডের মধ্যে স্বয়ংক্রিয় ভাবে জেনারেটর চালু হয় বলে প্রকল্প পরিচালক জানান। উক্ত জেনারেটর দ্বারা ভবনে সংযোজিত সকল বৈদ্যুৎতিক কাঠামো/সরঞ্জাম স্থাপিত জেনারেটরে সরবরাহকৃত বিদ্যুৎ দ্বারা চালু রাখা যাবে।

১৪.৯ মূল ভবনের ছাদে প্যাটেন্ট স্টোন ঢালাই দেয়া হয়েছে। লোহার রড দ্বারা আঁচড় দিয়ে ছাদের ২-৩টি স্থানে প্যাটেন্ট স্টোনের ঢালাই খুলে ফেলা সম্ভব হয়েছে। এ সকল স্থানে স্টোন-বালু-সিমেন্টের পরিমান সঠিক দেয়া হয়নি মর্মে প্রতীয়মান হয়েছে। প্রকল্প পরিচালক জানান যে, ঢালাইয়ের পর বৃষ্টি হওয়ার কারণে এ স্থানে পানি জমে যাওয়ায় সিমেন্ট জমেনি। অবিলম্বে ছাদ মেরামতের জন্য প্রকল্প পরিচালককে পরামর্শ দেয়া হয়। প্রকল্পটি পরিদর্শনের পর ঐ দিনই অর্থাৎ ০১ এপ্রিল, ২০১৬ তারিখ ছাদের পেটেন্ট স্টোনের কাজ মেরামত করে ০২ এপ্রিল পরিদর্শকারী কর্মকর্তাকে পুনরায় ছাদের কাজ দেখতে অনুরোধ করা হয়। কিন্তু অন্য একটি প্রকল্পের পরিদর্শন কাজ থাকায় ছাদের মেরামত কাজ দেখা সম্ভব হয়নি;



**চিত্র-৮: মূল ভবনের ছাদে স্টোন চিপস্-এর নিম্নমানের কাজ।**

১৪.১০ প্রকল্পের ড্রয়িং-ডিজাইন ও সুপারভিশন কাজের জন্য ৪৪.০০ লক্ষ টাকা ব্যয়ে JPZ-RIDDHI JV Consulting (Bangladesh) Limited নামক পরামর্শক প্রতিষ্ঠান নিয়োগ করা হয়। উক্ত পরামর্শক প্রতিষ্ঠান নির্মাণ কাজ সঠিকভাবে তদারকি করেনি বলে প্রতীয়মান হয়। যার কারণে ভবনের ছাদের পেটেন্ট স্টোনের কাজ, এ্যানেক্স ভবনের ২য়-৩য় তলার সংযোগে ত্রুটি, নিম্নমানের, রেলিং, বিল্ডিং-এর ডুম নির্মাণে ত্রুটি রয়েছে।

**১৫। ক্রয় কার্যক্রম পর্যালোচনা:**

খুব স্বল্প সময়ে প্রকল্পের আওতায় নিম্নবর্ণিত ২টি প্যাকেজভূক্ত ক্রয় কার্যক্রমের (দরপত্র সংক্রান্ত) নথিপত্র দেখা হয়েছে। দেখামতে বর্ণিত প্যাকেজভূক্ত কাজ ২টি বাস্তবায়নে দরপত্র আহবান, প্রাপ্ত দরপত্র মূল্যায়ন এবং Notification of Award জারী প্রক্রিয়া ও অনুমোদন পিপিআর-২০০৮ অনুসরণ করা হয়েছে বলে পরীক্ষান্তে দেখা গেছে।

| Package No. | Description of Procurement | Estimated Cost (Lac Tk.) |
|---|---|---|
| WP-01 | Construction of Vertical extension 6th to 10th floor of existing Building & Annex building 1st to 2nd floor work of City Bhaban. | 1735.05 |
| WP-06 | Construction of City hall Joining 3rd & 4th floor at Annex building of City Bhaban | 327.50 |

১৬। **প্রকল্পের সার্বিক অগ্রগতি** :

প্রকল্পটির বাস্তবায়নকাল নভেম্বর, ২০১০ হতে জুন, ২০১৫ পর্যন্ত। প্রাক্কলিত ব্যয় ২৩৯০.০৭ লক্ষ টাকার মধ্যে ব্যয় হয়েছে ২৩৮৪.৬৪ লক্ষ টাকা। অর্থাৎ ব্যয় হয়েছে ৯৯.৭৭% এবং বাস্তব অগ্রগতি হয়েছে প্রায় ১০০%।

১৭। **প্রকল্পের উদ্দেশ্যে অর্জন:**

| লক্ষ্য | অর্জন | মন্তব্য |
|---|---|---|
| (১) উপযুক্ত পরিচালনা ও জবাবদিহিতা প্রতিষ্ঠার মাধ্যমে নাগরিক সুবিধাদি প্রদান নিশ্চিত করা।<br><br>(২) সন্তোষজনকভাবে মৌলিক নাগরিক সুবিধাদি প্রদানে পরিকল্পনা, পরিচালনা ও ব্যবস্থাপনা গড়ে তোলার নিমিত্তে কর্মচারীগণের কার্যকরী কর্ম প্রতিষ্ঠা করা। | ১০ তলা ভবন কমপ্লেক্স ও সিটি হল সহ ৪ তলা এনেক্স ভবন নির্মিত হওয়ায় কর্মচারী/কর্মকর্তাদের কার্যকরীভাবে দাপ্তরিক কর্মকান্ডের স্পেস তৈরী হয়েছে। এতে নাগরিকগণের মাঝে সেবা সন্তোষজনকভাবে প্রদান করা সম্ভব হয়েছে/হবে। | প্রকল্পটি সমাপ্ত হওয়ায় নাগরিক সেবা স্বল্প সময়ে ও কার্যকরীভাবে প্রদানের সুযোগ সৃষ্টি হয়েছে। তবে নির্মিত ভবনের পূর্ণাঙ্গ কার্যক্রম এখনও শুরু হয়নি। |

১৮। **বাস্তবায়নোত্তর সমস্যা :**

১৮.১ ভবন নির্মাণ সম্পন্ন হলেও কোন কোন তলায় পুর্ণাঙ্গভাবে দাপ্তরিক কার্যক্রম শুরু করা হয়নি;

১৮.২ নগর ভবনসমূহের সকল পূর্ত/বৈদ্যুতিক/যান্ত্রিক কাঠামো ও সরঞ্জামাদি সুষ্ঠু রক্ষণাবেক্ষণ ও পরিচালনায় দক্ষ ব্যবস্থাপনার অভাব পরিলক্ষিত হয়েছে।

১৯। **সুপারিশ** :

১৯.১ কার্যকর নাগরিক সেবা প্রদানে খালি কক্ষসমূহে দ্রুত দাপ্তরিক কার্যক্রম চালু করে প্রয়োজনীয় পদক্ষেপ গ্রহণ করা যেতে পারে;

১৯.২ দক্ষ ব্যবস্থাপনার মাধ্যমে ভবন সমূহের সকল পূর্ত / বৈদ্যুতিক / যান্ত্রিক কাঠামো / সরঞ্জামাদি-এর নিয়মিতভাবে সুষ্ঠু রক্ষণাবেক্ষণ এবং পরিচালনা করা যেতে পারে;

১৯.৩ প্রকল্পের সুপারভিশন কাজে নিয়োজিত পরামর্শক প্রতিষ্ঠান JPZ-RIDDHI JV Consulting (Bangladesh) Limited-এর ক্রুটিপূর্ণ সুপারিভিশন বিষয়ে স্থানীয় সরকার বিভাগ ব্যাখ্যা চাইতে পারে;

১৯.৪ ভবনের ছাদে নিম্ন মানের পেটেন্ট স্টোনের কাজ, এ্যানেক্স ভবনের ২য়-৩য় তলার সংযোগে ক্রুটি, নিম্নমানের রেলিং, বিল্ডিং-এর ডুম নির্মাণে ক্রুটির বিষয় স্থানীয় সরকার বিভাগ পরীক্ষা করে প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করতে পারে;

১৯.৫  ভবন নির্মাণ কাজে চিহ্নিত ত্রুটিসমূহ দ্রুত মেরামত/পুনঃনির্মাণ করতে হবে;

১৯.৬  সমাপ্ত প্রকল্পটির আওতায় সম্পাদিত কার্যক্রম পরিচালনা ও রক্ষণাবেক্ষণের জন্য  প্রতি বছর প্রয়োজনীয় বরাদ্দ রাখতে হবে;

১৯.৭  প্রকল্পটির External Audit সম্পাদন এবং উপ-অনুচ্ছেদ: ১৯.১ হতে ১৯.৬ এ উল্লিখিত সুপারিশের বিষয়ে গৃহিত পদক্ষেপ আইএমইবিভাগকে  অবহিত করতে হবে।

**পরিশিষ্ট-'ক'**

**প্রকল্পের অংগভিত্তিক অগ্রগতি:**

(লক্ষ টাকায়)

| ক্রমিক নং | ডিপিপি অনুযায়ী কাজের অংগের নাম | একক | পরিকল্পিত লক্ষ্যমাত্রা | | প্রকৃত বাস্তবায়ন | |
|---|---|---|---|---|---|---|
| | | | বাস্তব পরিমাণ | আর্থিক | বাস্তব পরিমাণ (%) | আর্থিক (%) |
| ১ | ২ | ৩ | ৪ | ৫ | ৬ | ৭ |
| ১। | **সরবরাহ ও সেবা** | | | | | |
| | (ক) উর্দ্ধমুখী সম্প্রসারণ ও বর্দ্ধিত অংশ ভবন নির্মাণে স্থাপত্য, প্রকৌশল প্ল্যান ডিজাইন প্রণয়ন এবং তদারকি কাজে পরামর্শক নিয়োগ | মাস | ৪৬ | ৪৪.০০ | ৪৬ (১০০.০০) | ৪২.১৮ (৯৫.৮৭) |
| ২। | **নির্মাণ ও পূর্ত** | | | | | |
| | (ক) ৬ষ্ঠ তলা হতে ১০ম তলা পর্যন্ত সিটি ভবনের উর্দ্ধমুখী সম্প্রসারণ | বঃমিঃ | ৬৬০৩.৯০ | ১২৭৩.৭০ | ৬৬০৩.৯০ (১০০.০০) | ১২৭৩.৪৬ (৯৯.৯৮) |
| | (খ) ১০ তলা ফাউন্ডেশন বিশিষ্ট ১ম হতে ২য় তলা বর্দ্ধিত ভবন নির্মাণ | বঃমিঃ | ৭৯৪.১২ | ৪৬১.৩৫ | ৭৯৪.১২ (১০০.০০) | ৪৬১.১৫ (৯৯.৯৫) |
| | (গ) এ্যানেক্স ভবনের ৩য় ও ৪র্থ তলায় সিটি হল নির্মাণ | বঃমিঃ | ৪২৩.৮৯ | ৩২৭.৫০ | ৪২৩.৮৯ (১০০.০০) | ৩২৭.৩৩ (৯৯.৯৪) |
| | (ঘ) সিটি ভবনে শীতাতপ যন্ত্র সরবরাহ, স্থাপন ও চালুকরণ | টি | ৩০ | ৩৮.৬০ | ৩০ (১০০.০০) | ৩৮.১১ (৯৮.৭২) |
| | (ঙ) সিটি ভবনে অটো ৩০০ কেভি জেনারেটর সরবরাহ, স্থাপন ও চালুকরণ | টি | ১ | ৮২.৫৫ | ১ (১০০.০০) | ৮১.৫২ (৯৮.৭৫) |
| | (চ) অভ্যন্তরীণ নর্দমা নির্মাণ | মিঃ | ১৬০.০০ | ৬.৩৯ | ১৫৬.১০ (৯৭.৫৬) | ৬.০২ (৯৪.২১) |
| | (ছ) ১০০০ কেজি ভারক্ষম স্বয়ংক্রিয় লিফ্ট সরবরাহ, স্থাপন ও চালুকরণ | টি | ২ | ১৩০.০০ | ২ (১০০.০০) | ১২৯.০৯৬ (৯৯.৩০) |
| | (জ) এ্যানেক্স ভবনের সংযোগ সড়ক নির্মাণ | মিঃ | ২৩৩.০০ | ২৫.৯৮ | ২৮৭.৫০ (১২৩.৩৯) | ২৫.৭৯ (৯৯.২৮) |
| | | | | **২৩৯০.০৭** | | **২৩৮৪.৬৫** |

**"রাজশাহী মহানগরীর বিভিন্ন এলাকার ভৌত অবকাঠামো উন্নয়ন (১ম সংশোধিত)"**
**শীর্ষক প্রকল্পের সমাপ্ত মূল্যায়ন প্রতিবেদন**

**( সমাপ্ত : জুন, ২০১৫)**

১। **নির্বাহী সংস্থা** : রাজশাহী সিটি কর্পোরেশন।

২। **প্রশাসনিক মন্ত্রণালয়** : স্থানীয় সরকার, পল্লী উন্নয়ন ও সমবায় মন্ত্রণালয়/স্থানীয় সরকার বিভাগ।

৩। **প্রকল্পের অবস্থান** : নগর ভবন, রাজশাহী সিটি করপোরেশন

৪। **প্রকল্পের বাস্তবায়ন সময় ও ব্যয়** :

| অনুমোদিত ব্যয় | | প্রকৃত ব্যয় মোট জিওবি আরসিসি | অনুমোদিত বাস্তবায়নকাল | | প্রকৃত বাস্তবায়নকাল | অতিক্রান্ত ব্যয় (মূল অনুমোদিত ব্যয়ের (%) | অতিক্রান্ত সময় (মূল বাস্তবায়ন কালের (%) |
|---|---|---|---|---|---|---|---|
| মূল মোট জিওবি আরসিসি | সর্বশেষ সংশোধিত মোট জিওবি আরসিসি | | মূল | সর্বশেষ সংশোধিত | | | |
| | ২ | ৩ | ৪ | ৫ | ৬ | ৭ | ৮ |
| ৭৮৮১.৬২<br>৭৪৮৭.৫৪<br>৩৯৪.০৮ | ৮৬৬৮.৩৪<br>৮২৩৪.৯৩<br>৪৩৩.৪১ | ৮২২৪.২৮<br>৮২২৪.২৮<br>(-) | জুলাই/২০১০ হতে জুন/২০১২ | জুলাই/২০১০ হতে জুন/২০১৫ | জুলাই/২০১০ হতে জুন/২০১৫ | ৭৮৬.৭২<br>(৯.৯৮%) | ২৪ মাস<br>১০০% |

৫। **অংগ ভিত্তিক অগ্রগতি:** পরিশিষ্ট-ক

৬। **কাজ অসমাপ্ত থাকলে তার কারণঃ** সমাপ্ত প্রকল্পের প্রেরিত পিসিআর অনুযায়ী সিটি করপোরেশন হতে অর্থ না পাওয়ায় ৪.১০ কিলোমিটার বিটুমিনাস রাস্তা নির্মাণ করা হয় নাই।

৭। **মূল্যায়ন পদ্ধতি (Methodology)** আলোচ্য প্রকল্পের মূল্যায়ন প্রতিবেদনটি প্রণয়নে নিম্মোক্ত বিষয়/পদ্ধতি অনুসরণ করা হয়েছে ;

- RDPP পর্যালোচনা;
- পিসিআর পর্যালোচনা;
- কাজের বাস্তব অগ্রগতি যাচাই এবং তথ্য সংগ্রহের জন্য সরেজমিনে পরিদর্শন;
- প্রাপ্ত তথ্যের ভিত্তিতে সংশ্লিষ্ট কর্মকর্তাদের সাথে আলোচনা।

৮। **প্রকল্পের মূল উদ্দেশ্য**

(১) ক্রমবর্ধমান নগরায়নের প্রেক্ষাপটে নাগরিক চাহিদা পূরণে রাজশাহী সিটি করপোরেশন-এর বর্ধিত এলাকার ভৌত অবকাঠামো উন্নয়ন;

(২) নতুন রাস্তা, ড্রেন, ওয়াকওয়ে, ফুটপাথ, পার্ক, কাঁচা বাজার, সুপেয় পানি সরবরাহ এবং সড়ক আলোকায়ন ইত্যাদি উন্নয়নের মাধ্যমে মহানগরীর বর্ধিত এলাকার পরিবেশগত উন্নয়ন করা;

(৩) নাগরিক সুবিধাদি উন্নয়নের মাধ্যমে নগর দারিদ্র হ্রাসকরণ।

৯। **প্রকল্পের পটভূমি:**

বাংলাদেশে ক্রমবিকাশমান নগরীর মধ্যে রাজশাহী নগরী অন্যতম। প্রায় ৭.৫০ লক্ষ জনসংখ্যা অধ্যুষিত রাজশাহী নগরীর বর্তমান আয়তন ৯৩.০০ বঃকিঃ। রাজশাহী পৌরসভা ১৮৭৬ সালে প্রতিষ্ঠা লাভ করে যা ১৯৮৭ সালে সিটি করপোরেশনে উন্নীত হয়। বর্তমান রাজশাহী সিটি করপোরেশনে ৩০টি ওয়ার্ড রয়েছে। ১৯৮২ সালে পৌরসভার আয়তন ৩২.০০ বর্গ কিলোমিটার হতে বৃদ্ধি করে ৯৩.০০ কিলোমিটার করা হয়। পূর্ব দিকে কাজলা, ভারামপুর, খোজাপুর, দাসমারী, মেহেরচন্ডী, মহনপুর, মির্জাপুর, মাসকাটা দিঘী, বুধপাড়া, পশ্চিম বুধপাড়া, চাকপাড়া এবং জামালপুর। উত্তর দিকে কাইরদারা, সুজানগর, মথুরডাঙ্গা, নওদাপাড়া, বড় বনগ্রাম, ওমরপুর, পবা নতুন পাড়া, ছোঠ বনগ্রাম ইত্যাদি এলাকা। পশ্চিম দিকে ডিঙ্গাডোবা, মোল্লাপাড়া, দাশপুকুর, বহরমপুর, কাশিয়াডাঙ্গা, রায়পাড়া, কেশবপুর ইত্যাদি এলাকার রাস্তা, ড্রেন ইত্যাদি মূল সিটি করপোরেশনের মতো উন্নয়ন হয় নাই। এ সকল এলাকার রাস্তা সরূ যা যানবাহন চলাচলের উপযোগী নয়, অপর্যাপ্ত ড্রেন, অনেক রাস্তার সাথে ড্রেন নেই। রাস্তার বাতিও অপ্রতুল। সমগ্র সিটি করপোরেশনের সুষম উন্নয়নের লক্ষ্যে বর্ধিত এ সকল এলাকায় রাস্তা ও ড্রেন নির্মাণ এবং রাস্তায় বাতি স্থাপন, ফুটপাথ, ওয়াকওয়ে ও কিচেন মার্কেট নির্মাণ, বিদ্যমান বিনোদন কেন্দ্র ইত্যাদি উন্নয়নের লক্ষ্যে প্রকল্পটি গ্রহণ করা হয়।

১০। **প্রকল্পের সংশোধন ও অনুমোদন:** রাজশাহী সিটি কর্পোরেশন কর্তৃক বাস্তবায়িত ''রাজশাহী মহানগরীর বিভিন্ন এলাকার ভৌত অবকাঠামো উন্নয়ন (১ম সংশোধিত)'' প্রকল্পটির মূল ডিপিপি গত ০২.১১.২০১০ খ্রি: তারিখে মোট ৭৮৮১.৬২ লক্ষ (জিওবি অনুদান: ৭৪৮৭.৫৪ লক্ষ + সিটি করপোরেশন: ৩৯৪.০৮ লক্ষ) টাকা প্রাক্কলিত ব্যয় ও জুলাই, ২০১০ হতে জুন, ২০১২ মেয়াদে বাস্তবায়নের জন্য একনেক কর্তৃক অনুমোদিত হয়। পরবর্তীতে জুন, ২০১০ হতে জুন, ২০১৪ মেয়াদে বাস্তবায়নের লক্ষ্যে ৮৬৬৮.৩৪ লক্ষ (জিওবি অনুদান: ৮২৩৪.৯৩ লক্ষ + সিটি করপোরেশন: ৪৩৩.৪১ লক্ষ) টাকা প্রাক্কলিত ব্যয়ে মাননীয় মন্ত্রী স্থানীয় সরকার, পল্লী উন্নয়ন ও সমবায় মন্ত্রণালয় কর্তৃক ১৪/০৮/২০১৪ তারিখে প্রকল্পটির ১ম সংশোধিত ডিপিপি অনুমোদিত হয়। পরবর্তীতে ব্যয় বৃদ্ধি ব্যতিরেকে প্রকল্পের মেয়াদ জুন, ২০১৫ পর্যন্ত বৃদ্ধি করা হয়।

১১। **প্রকল্পের প্রধান কার্যক্রমসমূহ :**

- ❖ Construction of new roads and overlay, widening of existing roads-107.3 km (Estimated cost: 6532.70 lakh);
- ❖ Construction of RCC drain-29.36 km (Est. Cost:1368.10 lakh);
- ❖ Construction of Culverts-75.80 m(Est. cost: 9.86 lakh);
- ❖ Construciton of Walkway-1.05 km (Est. cost: 90.42 lakh);
- ❖ Construction of Boundary wall-1185 m(Est. cost: 124 lakh);
- ❖ Slope protection with walkway-1983 m(Est. cost: 258 lakh);
- ❖ Construction of car parking- 5562 s. m. (Est. cost: 85 lakh);
- ❖ Istallation of street light-500 pices (Est. cost:135.54 lakh).

১২। **প্রকল্প পরিচালক সম্পর্কিত তথ্য:**

| ক্রমিক নং | প্রকল্প পরিচালকের নাম | পদবী | পূর্ণকালীন/খন্ডকালীন | সময়কাল |
|---|---|---|---|---|
| ০১. | জনাব মোঃ আশরাফুল হক | প্রধান প্রকৌশলী | খন্ডকালীন | ১৫.০৬.২০১০ থেকে ৩০.০৬.২০১৫ |

১৩। **প্রকল্প পরিদর্শন:**

প্রকল্পটি ২৯ সেপ্টেম্বর, ২০১৬ খ্রি: তারিখে আইএমইডি'র পরিচালক জনাব পরিমল চন্দ্র বসু কর্তৃক পরিদর্শিত হয়। পরিদর্শনকালে রাজশাহী সিটি কর্পোরেশনের তত্ত্বাবধায়ক প্রকৌশলী, নির্বাহী প্রকৌশলী ও সহকারী প্রকৌশলীসহ সংশ্লিষ্ট সকল কর্মকর্তা উপস্থিত ছিলেন।

১৪। **পর্যবেক্ষণ:**

১৪.১ প্রকল্পটি জুলাই, ২০১০ হতে জুন, ২০১২ মেয়াদে বাস্তবায়নের নিমিত্তে ৭৮৮১.৬২ লক্ষ টাকা প্রাক্কলিত ব্যয়ে একনেক কর্তৃক অনুমোদিত হয়। উক্ত প্রাক্কলিত ব্যয়ের মধ্যে জিওবি অনুদান ৭৪৮৭.৫৪ লক্ষ টাকা এবং রাজশাহী সিটি করপোরেশন-এর নিজস্ব তহবিল হতে ৩৯৪.০৪ লক্ষ টাকা ব্যয় প্রাক্কলন করা হয়। প্রকল্পটির বাস্তবায়ন মেয়াদ জুন, ২০১৫ বৃদ্ধি করে ৮৬৬৮.৩৪ লক্ষ টাকা প্রাক্কলিত ব্যয়ে প্রকল্পটি ১ম বার সংশোধন করা হয়। প্রথম সংশোধিত প্রকল্পের প্রাক্কলিত ব্যয়ের মধ্যে জিওব অনুদান ৮২৩৪.৯৩ লক্ষ টাকা এবং রাজশাহী সিটি করপোরেশন-এর নিজস্ব তহবিল ছিল ৪৩৩.৪১ লক্ষ টাকা। মূল ও সংশোধিত প্রকল্পে রাজশাহী সিটি করপোরেশনের নিজস্ব তহবিল হতে বরাদ্দ প্রদান করা হবে প্রদর্শন করে প্রকল্পটি অনুমোদন করা হয়। কিন্তু প্রকৃতপক্ষে সিটি করপোরেশন হতে প্রকল্পে কোন খরচ করা হয়নি। ভুল তথ্য দিয়ে প্রকল্প অনুমোদন ও সিটি করপোরেশন হতে প্রতিশ্রুত অর্থ প্রদান না করার বিষয়ে প্রকল্প পরিচালক হতে ব্যাখ্যা চাওয়া যেতে পারে;

১৪.২ প্রকল্পের আওতায় শহীদ এ.এইচ.এম কামরূজ্জামান পার্কে ওয়াকওয়ে, লেকের ঢাল সংরক্ষণ, বাউন্ডারী ওয়াল এবং কার পার্কিং নির্মাণ করা হয়েছে। ওয়াকওয়ে, লেকের ঢাল সংরক্ষণ, বাউন্ডারী ওয়াল নির্মাণ নকশায় নান্দনিকতার ছোঁয়ার রয়েছে। তবে পার্কের বাইরে যে কার পার্কিং নির্মাণ করা হয়েছে তার যথাযথ ব্যবহার হচ্ছে না মর্মে মনে হয়েছে। কারণ কার পার্কিং-এর আয়তনের তুলনায় গাড়ির সংখ্যা অনেক কম। পরিদর্শনের সময় সংশ্লিষ্ট নির্বাহী প্রকৌশলী জানান যে, ছুটির দিনগুলো কার পার্কিং স্থান ভরে যায়;



**চিত্র-১: শহীদ কামরূজ্জামন পার্কের ওয়াকওয়ে**



চিত্র-২: **শহীদ কামরূজ্জামন পার্কের সীমানা প্রাচীর।**



**চিত্র-৩: শহীদ কামরূজ্জামন পার্কের লেকের তীর সংরক্ষণ**



**৪: শহীদ কামরূজ্জামন পার্কের কার পার্কিং।**

১৪.৩ প্রকল্পের আওতায় রাজশাহী উপ-শহর এলাকায় নতুন রাস্তা নির্মাণ, রাস্তা প্রশস্তকরণ এবং পানি নিষ্কাশনের জন্য ড্রেন নির্মাণ করা হয়েছে। রাস্তার কোথায় ভাঙ্গন পরিলক্ষিত হয় নাই। তবে রাস্তার সোল্ডারের পাশে কয়েকটি স্থানে পানি জমতে দেখা গেছে;



**চিত্র-৪: উপ-শহর এলাকায় নির্মিত রাস্তা**



**চিত্র-৫: উপ-শহর এলাকায় নির্মিত ড্রেন**

১৪.৪ সপুরা এলাকায় রাস্তা পরিদর্শনের সময় একটি রাস্তার বিভিন্ন স্থানে পানি জমে থাকতে দেখা যায়। রাস্তার দুই পাশে soft shoulder উঁচু থাকা এবং পেভমেন্ট এলাকার মাটি যথাযথ compaction না হওয়ায় depression তৈরী হয়েছে মর্মে মনে হয়েছে। রাস্তাটির পেভমেন্ট shoulder অপেক্ষা উঁচু হলে জলাবদ্ধতার সৃষ্টি হতো না। পানি জমে থাকার কারণে রাস্তার কয়েকটি স্থানের কার্পেটিং উঠে গেছে। এ বিষয়ে সংশ্লিষ্ট নির্বাহী প্রকৌশলীকে জিজ্ঞাসা করা হলে তিনি জানান যে, নতুন রাস্তা হওয়ায় এ স্থানুগলোতে যথাযথ compaction হয়নি, যার ফলে depression সৃষ্টি হয়েছে। এ depression গুলো মেরামত করতে সিটি করপোরেশনের সংশ্লিষ্ট প্রকৌশলীদের পরামর্শ দেয়া হয়;



**চিত্র-৬:** সপুরা এলাকায় পানি জমে থাকা ক্ষতিগ্রস্থ রাস্তার অংশ।

১৪.৫ প্রকল্পের আওতায় নির্মিত অবকাঠামো নিয়মিত মেরামত প্রসংগে সিটি করপোরেশনের সংশ্লিষ্ট কর্মকর্তাগণ জানান যে, রাজশাহী সিটি করপোরেশনে মোট ৩৫৭ কিলোমিটার রাস্তা নির্মিত এবং প্রায় ২২০ কিলোমিটার ড্রেন নির্মিত হয়েছে। এ ছাড়াও ওয়াকওয়ে, ফুটপাথ, পার্ক ইত্যাদি রয়েছে। এ সকল স্থাপনা রক্ষণাবেক্ষণ ও পরিচ্ছন্নতা কাজের জন্য সরকার হতে ২০১৬-২০১৭ অর্থ বছরে ৮.০০ কোটি টাকা বরাদ্দ প্রদান করা হয়েছে যা প্রয়োজনের তুলনায় খুব কম মর্মে কর্মকর্তাগণ জানান।

১৫। **প্রকল্পের ক্রয় সংক্রান্ত তথ্যাদি**:

প্রকল্পটির নতুন রাস্তা নির্মাণের নিমিত্ত NR-1 প্যাকেজের ক্রয় সংক্রান্ত তথ্যাদি পরীক্ষা করা হয়। তথ্যাদি পরীক্ষান্তে দেখা যায় যে, এ প্যাকেজের প্রাক্কলিত মূল্য ছিল ১১.৯৯ কোটি টাকা। এ প্যাকেজে সর্বনিম্ন দরদাতা ১৪.৪২% (১৩.২১ কোটি টাকা) above এ দরপত্র দাখিল করে এবং আনুপাতিক হারে কাজের scope কমিয়ে এ দরেই কার্যাদেশ দেয়া হয়।

১৬। **প্রকল্পের উদ্দেশ্যে অর্জন:**

| লক্ষ্য | অর্জন (পিসিআর অনুযায়ী) | মন্তব্য |
|---|---|---|
| (১) রাজশাহী সিটি করপোরেশনের অনুন্নত এলাকার ভৌত অবকাঠামো উন্নয়নের মাধ্যমে নগরায়নের ক্রমবর্ধমান চাহিদাকের সমন্বয় করা;<br>(২) রাজশাহী সিটি করপোরেশনের বিভিন্ন এলাকার রাস্তা, ড্রেন, ওয়াকওয়ে, ফুটপাথ, পার্কের অবকাঠামো নির্মাণ ও রাস্তার লাইট স্থাপনের মাধ্যমে সিটি করপোরেশনের উন্নয়ন করা;<br>(৩) নগরবাসীর আর্থ-সামাজিক অবস্থার উন্নয়ন, ব্যবসার সুবিধা সৃষ্টির মাধ্যমে দারিদ্র হ্রাসকরণ। | রাস্তার উন্নয়ন, ড্রেন, কালভার্ট, পদ্মার তীরে ওয়াকওয়ে, শহীদ এ.এইচ.এম. কামরুজ্জামান কেন্দ্রীয় পার্কের ওয়াকওয়ে, কার পার্কিং, সীমানা প্রাচীর, লেকের ঢাল নির্মাণ/সংরক্ষণ রাস্তায় বাতি স্থাপনের মাধ্যমে নগরবাসীর জীবন যাত্রার মান উন্নয়ন হয়েছে। | রাজশাহী সিটি করপোরেশন প্রতিশ্রুত অর্থ না দেওয়ায় ৪.১০ কিলোমিটার বিটুমিনাস রাস্তা নির্মাণ করতে পারে নাই। এতে প্রকল্পের পুরোপুরি লক্ষ্য অর্জিত হয়নি। |

১৭। **আইএমইডি'র মতামত :**

১৭.১ মূল ও সংশোধিত প্রকল্পে রাজশাহী সিটি করপোরেশনের নিজস্ব তহবিল হতে বরাদ্দ প্রদান করা হবে প্রদর্শন করে প্রকল্পটি অনুমোদন করা হয়। কিন্তু প্রকৃতপক্ষে সিটি করপোরেশন হতে প্রকল্পে কোন খরচ করা হয়নি। ভুল তথ্য দিয়ে প্রকল্প অনুমোদন ও সিটি করপোরেশন হতে প্রতিশ্রুত অর্থ প্রদান না করার বিষয়ে প্রকল্প পরিচালক হতে ব্যাখ্যা চাওয়া যেতে পারে;

১৭.২ সপুরা এলাকায় ক্ষতিগ্রস্থ রাস্তা জরুরী ভিত্তিতে মেরামত করা যেতে পারে। রাস্তার depression মেরামত এবং দুই পাশের সোল্ডার পেভমেন্টের সাথে সামঞ্জস্য করা যেতে পারে। প্রয়োজনে রাস্তা বরাবর ড্রেন নির্মাণ করে পানি নিষ্কাশনের স্থায়ী ব্যবস্থা গ্রহণ করা যেতে পারে;

১৭.৩ সমাপ্ত প্রকল্পটির আওতায় সম্পাদিত কার্যক্রম পরিচালনা ও রক্ষণাবেক্ষণের জন্য প্রতি বছর প্রয়োজনীয় বরাদ্দ রাখা যেতে পারেবে;

১৭.৪ প্রকল্পটির External Audit সম্পাদন এবং উপ-অনুচ্ছেদ: ১৭.১ হতে ১৭.৩ এ উল্লিখিত সুপারিশের বিষয়ে গৃহিত পদক্ষেপ আইএমইবিভাগকে অবহিত করতে হবে।

| Items of work (as per DPP) | Unit | Target (as per RDPP) | | Actual Progress | | Reasons for deviation) |
|---|---|---|---|---|---|---|
| | | Financial | Physical Quantity | Financial | Physical Quantity | |
| 1 | 2 | 3 | 4 | 5 | 6 | 7 |
| **Supplies & Services** | | | | | | |
| (i) Procurement of Computer (Lap Top) with Printer | Nos | 0.95 | 1 | 0.95 | 1 | |
| (ii) Procurement of Stations & Utensils | LS | 0.95 | 1 | 0.95 | 1 | |
| (iii) Procurement of Fuel | Liner | 1.00 | 1176.48 | 1.00 | 1176.48 | |
| **Acquisition Purchase of Assets** | | | | | | |
| (i) Procurement of Hydraulic Bearn lither | Nos | 91.96 | 1 | 91.96 | 1 | |
| (ii) Procurement of Motor Cycle | Nos | 4.87 | 4 | 4.87 | 4 | |
| (iii) Plantation of Road side | Km | 5.00 | 5 | 4.98 | 5 | -002 (GOB) |
| **Other Construction works:** | | | | | | |
| (i) construction of new Road by Bituminous Carpeting at different neighborhoods | km. | 3140.72 | 39.00 | 3140.72 | 39.79 | |
| (ii) Overlay of existing roads by Bituminous carpeting at different neighborhoods | km. | 1972.34 | 36.20 | 1538.95 | 32 10 | -433.41 (RCC) |
| (iii) Widening & improvement of existing roads by Bituminous carpeting at different neighborhoods | km | 1419.64 | 32..10 | 1409.40 | 32.10 | -0.10 (GOB) |
| (iv) Construction of R C C Drain & Cross Drain at different neighborhoods | km | 1368.10 | 29.36 | 1368.00 | 29.36 | -0.10(GOB) |
| (v) Construction of Culverts at Meharchandi-Rajshahi University Railway Station road | m | 9.86 | 75.80 | 9.86 | 75.80 | |
| (vi) Construction of Walkway at embankment of Padma river (P-1) and at Sekher chalk jiliur's house | km | 90.42 | 1.05 | 50.26 | 1.05 | -0.16 (GOB) |

| Items of work (as per DPP) | Unit | Target (as per RDPP) | | Actual Progress | | Reasons for deviation) |
|---|---|---|---|---|---|---|
| | | Financial | Physical Quantity | Financial | Physical Quantity | |
| 1 | 2 | 3 | 4 | 5 | 6 | 7 |
| to Sosan (Ghat (P-2) | | | | | | |
| (vii) Construction of Boundary wall at Central Park | m | 124.00 | 1185.05 | 123.92 | 1185.05 | -0.08 (GOB) |
| (viii) Construction of Stop protection work with Walkway at Lake side in Central Park | m | 258.00 | 1983.90 | 257.95 | 1983.90 | -0.05 (GOB) |
| (ix) Construction of Car Parking at Centiral Park | Sqm | 85.00 | 5362.48 | 85.00 | 5362.48 | |
| (x) Installation of Street Light (LVD Light Set) | Nos | 135.54 | 500.00 | 135.54 | 500.00 | |
| Total: | | 8668.34 | | 8224.28 | | -433.41 (RCC) -10.65 (GOB) |

## বরগুনা-বেতাগী-বাকেরগঞ্জ এবং আমতলী-তালতলী-সোনাকাটা সড়ক প্রশস্থকরণ ও উন্নয়ন” শীর্ষক প্রকল্পের সমাপ্ত মূল্যায়ন প্রতিবেদন

**( সমাপ্ত : জুন, ২০১৫)**

১। **নির্বাহী সংস্থা** : স্থানীয় সরকার প্রকৌশল অধিদপ্তর।

২। **প্রশাসনিক মন্ত্রণালয়** : স্থানীয় সরকার, পল্লী উন্নয়ন ও সমবায় মন্ত্রণলায়/স্থানীয় সরকার বিভাগ।

৩। **প্রকল্পের অবস্থান** : বরগুনা, বরিশাল জেলা।

৪। **প্রকল্পের বাস্তবায়ন সময় ও ব্যয়** :

(লক্ষ টাকায়)

| অনুমোদিত ব্যয় | | প্রকৃত ব্যয় | অনুমোদিত বাস্তবায়নকাল | | প্রকৃত বাস্তবায়নকাল | অতিক্রান্ত ব্যয় (মূল অনুমোদিত ব্যয়ের %) | অতিক্রান্ত সময় (মুল বাস্তবায়ন কালের %) |
|---|---|---|---|---|---|---|---|
| মূল | সর্বশেষ সংশোধিত | | মূল | সর্বশেষ সংশোধিত | | | |
| ১ | ২ | ৩ | ৪ | ৫ | ৬ | ৭ | ৮ |
| ১০৬৫২.৮১ | ১০৬৫২.৮১ | ১০০০৫.৬৪ | জুলাই, ২০১১ থেকে ডিসেম্বর, ২০১৩ | জুলাই, ২০১১ থেকে জুন, ২০১৫ | জুলাই, ২০১১ থেকে জুন, ২০১৫ | ০% | ২০০% |

৫। **অংগ ভিত্তিক অগ্রগতি: পরিশিষ্ট-ক**

৬। **কাজ অসমাপ্ত থাকলে তার কারণ:** প্রকল্পের প্রয়োজনীয় কোন অংগের কাজ অসমাপ্ত নেই।

৭। **প্রকল্পের উদ্দেশ্য:**

(১) বাংলাদেশের দক্ষিণাঞ্চলের জনগণের জন্য অধিকতর যোগাযোগ সুবিধা সৃষ্টির মাধ্যমে জীবন যাত্রার মান উন্নয়ন;

(২) দুটি ফেরী পারাপার পরিহার, বরিশাল-বরগুনার দুরত্ব ২০.০০ কিঃমিঃ হ্রাস এবং ভ্রমণ ব্যয় ও সময় কমানো;

(৩) প্রকল্পের মাধ্যমে গ্রামীণ দরিদ্র জনগণের কর্মসংস্থানের সুযোগ সৃষ্টি এবং

(৪) সোনাকাটা পর্যটন কেন্দ্রের সংযোগ সড়ক উন্নয়ন এবং উক্ত এলাকার পর্যটন সুবিধা বৃদ্ধিকরণ।

৮। **প্রকল্পের পটভূমি:**

বিদ্যমান রাস্তা দিয়ে বরগুনা হতে বরিশাল যেতে দুটি ফেরী পারাপারের প্রয়োজন হতো এবং সময় লাগতো অনেক বেশী। বরগুনা-বরিশাল রোডে ফেরি পারাপার পরিহার এবং দূরত্ব ২০.০০ কিঃমিঃ হ্রাস এবং ভ্রমণ ব্যয় ও সময় কমানো হ্রাস করতে প্রকল্পটি গ্রহণ করা হয়। স্থানীয় জনগণের অনুরোধের প্রেক্ষিতে মাননীয় প্রধানমন্ত্রী গত 06/05/2010 খ্রি: তারিখে বরগুনা সফরের সময় বরগুনা-বেতাগী -নিয়ামতী-বাকেরগঞ্জ এবং আমতলী-তালতলী-সোনাকাটা সড়ক প্রশস্তকরণ ও ঘোষণা দেন। উক্ত ঘোষণা বাস্তবায়নের জন্য আলোচ্য প্রকল্পটি প্রণয়ন ও বাস্তবায়ন করা হয়।

৯। **প্রকল্পের অনুমোদন:**

প্রকল্পটি ১০৬৫২.৮১ লক্ষ টাকা প্রাক্কলিত ব্যয় এবং জুলাই, ২০১১ হতে ডিসেম্বর ২০১৩ মেয়াদে বাস্তবায়নের জন্য ১৩/০৯/২০১১ খ্রি: তারিখে একনেক কর্তৃক অনুমোদিত হয়। পরবর্তীতে ADP-তে DPP অনুযায়ী বরাদ্দ না পাওয়ায় ১ম মেয়াদে জুলাই, ২০১১ হতে ডিসেম্বর ২০১৪ এবং ২য় মেয়াদে জুলাই ২০১১ হতে জুন, ২০১৫ খ্রি: পর্যন্ত সময় বৃদ্ধি করা হয়।

**১০। প্রকল্পের মূল কার্যক্রম:**

- বরগুনা - বেতাগী-নিয়ামতি-বাকরগঞ্জ এবং আমতলী-তালতলী-সোনাকাটা সড়ক উন্নয়ন-88.70 কিঃমিঃ।
- ব্রীজ/কালভার্ট নির্মাণ- 355.00 মিঃ।
- স্লোপ প্রোটেকশন- 7570.00 মিঃ
- Bus Bay ও প্যাসেঞ্জার সেড নির্মাণ- 30 টি।
- বৃক্ষরোপন- 6১.0০ কিঃমিঃ

**১১। প্রকল্প পরিচালক সম্পর্কিত তথ্য :**

| ক্রঃ নং | প্রকল্প পরিচালকের নাম | পদবী | পূর্ণকালীন/ খন্ডকালীন | সময়কাল |
|---|---|---|---|---|
| 1। | **জনাব মোঃ মতিয়ার রহমান** | প্রকল্প পরিচালক | পূর্ণকালীন | **01/07/2011 হতে 31/10/2011** |
| ২। | **জনাব মো: আনোয়ার হোসেন** | প্রকল্প পরিচালক | অতিঃ দায়িত্ব | **01/11/২০11 হতে 22/02/২০১২** |
| ৩। | **জনাব মো: রেজাউর রহমান** | প্রকল্প পরিচালক | পূর্ণকালীন | **23/02/২০১২ হতে ৩০/০৬/২০১৫** |

১২। প্রকল্প পরিদর্শন: প্রকল্পটির আওতায় বরিশাল ও বরগুনা জেলার স্কীমগুলো আইএমইডির পরিচালক জনাব পরিমল চন্দ্র বসু কর্তৃক 18/06/2016 এবং 19/06/2016 খ্রি: তারিখে পরিদর্শন করা হয়। পরিদর্শনকালে প্রকল্প পরিচালক জনাব মো: রেজাউর রহমান এবং বরিশাল ও বরগুনা জেলার নির্বাহী প্রকৌশলীসহ প্রকল্পের সংশ্লিষ্ট কর্মকর্তাগণ উপস্থিত ছিলেন।

**১৩। পর্যবেক্ষণ:**

১৩.১ আমতলী-তালতলী-সোনাকাটা সড়কের দৈর্ঘ্য ৪১.৩০ কিলোমিটার এবং প্রস্থ 5.5 মিঃ। এর মধ্যে প্রথম ৮ কিলোমিটার রাস্তায় প্রকল্পের আওতায় শুধু সিলকোট করা হয়েছে। অধিকাংশ স্থানে রাস্তার সিলকোট টিকে আছে। তবে রাস্তার অনেক স্থানেই সোল্ডার নেই এবং কয়েকটি স্থানে রেইন কাট হয়ে ভাঙ্গন প্রবণ হয়ে আছে;



ছবি-১: সিলকোটকৃত রাস্তা (আমতলী উপজেলার মানিকখালি এলাকা)

**১৩.২** বরগুনা জেলা আমতলী-তালতলী-সোনাকাটা রাস্তায় 8000 মিঃ চেইনেজে চাকামাইয়া নদীর উপর কচুপাত্র বাজার সেতু পরিদর্শন করা হয়। উক্ত স্থানে একটি জরাজীর্ণ লোহার সেতু ছিল যা ব্যবহারযোগ্য ছিলনা। নব নির্মিত সেতুর দৈর্ঘ্য 66 মিঃ এবং প্রস্থ 7.32 মিটার, স্প্যান ৩টি। সেতুর ফিনিশিং কাজ ভালো হয়নি এবং সেতুটি নতুন হলেও কোন রং করা হয়নি। এ বিষয়ে প্রকল্প পরিচালককে জিজ্ঞাসা করা হলে তিনি জানান যে, ব্রীজের নির্মাণ কাজে কোন ক্রটি নেই এবং ব্রীজ রং করার জন্য কোন বাজেট ছিল না বিধায় ব্রীজটি রং করা হয়নি। ঠিকাদার দ্বারা ব্রীজের ফিনিশিং কাজগুলো মেরামত করা হবে মর্মে তিনি জানান;



চিত্র-২: কলাপাড়া উপজেলার কচুপাত্র বাজার এলাকায় ৬৬ মিটার ব্রীজ।

১৩.৩ কচুপাত্র-ফকিরহাট বাজার পর্যন্ত রাস্তার দৈর্ঘ্য ৩৩.৩০ কিলোমিটার। রাস্তার মূল প্রস্থ ছিল ১২ ফুট যা প্রকল্পের আওতায় বর্ধিত করে ১৮ ফুট করা হয়েছে। পুরাতন ১২ ফুট প্রস্থ বিশিষ্ট রাস্তার অধিকাংশ স্থান যান চলাচলের অনুপযোগী ছিল। প্রায় পুরো ১৮ ফুট প্রস্থেই নতুন

করে কাজ করা হয়েছে মর্মে প্রকল্প পরিচালক জানান। সড়কটি খুঁড়ে ডিজাইন অনুযায়ী Improved sub-grade/Sand filling ১৫০ মিমি, সাব-বেইজ ১৫০ মিমি , ম্যাকাডাম ১৫০মিমি, কার্পেটিং ৪০ মিমি পাওয়া যায়। রাস্তাটিতে Dense Carpating করা হয়েছে বিধায় সিলকোট দেয়া হয়নি। রাস্তার ডিজাইন অনুযায়ী সোল্ডার ৩ ফুট এবং স্লোপ ১:১.৫ থাকার কথা। পরিদর্শনকৃত অংশে রাস্তার অধিকাংশ স্থানে সোল্ডার ৩ ফুট পাওয়া গেছে তবে ডিজাইন অনুযায়ী অনেক স্থানেই স্লোপ পাওয়া যায়নি। এ বিষয়ে সংশ্লিষ্ট কর্মকর্তাদের দৃষ্টি আকর্ষণ করা হলে তাঁরা জানান যে, স্লোপ তৈরীর জন্য জায়গার অভাব রয়েছে। রাস্তার পাশের ভূমির মালিকগণ জমি ছাড়তে চান না বলে ডিজাইন অনুযায়ী সোল্ডার ও স্লোপ নির্মাণ করা সম্ভব হয় না;



চিত্র-৩: কলাপাড়া উপজেলার কচুপাত্র বাজার এলাকার রাস্তা উন্নয়ন কাজ।



চিত্র-৪: কলাপাড়া উপজেলার কচুপাত্র বাজার এলাকার রাস্তা উন্নয়ন কাজ।

**13.৪** আমতলী-তালতলী-সোনাকাটা রাস্তাটি তালতলী উপজেলা এবং সোনাকাটা পর্যটন কেন্দ্রের একমাত্র সড়ক যোগাযোগ মাধ্যম। উক্ত রাস্তার সকল বাজার এলাকায় RCC দ্বারা রাস্তা উন্নয়ন করা হয়েছে। এ সকল RCC রাস্তার গুণগত মান সন্তোষজনক মনে হয়েছে। বরগুনা-বেতাগী-নিয়ামতি-বাকেরগঞ্জ সড়কের নতুন বাজার এলাকায় রিজিড পেভমেন্টের দু'টি স্থান

ডিপ্রেশন হয়ে ভেঙ্গে গেছে দেখা যায়। ভাঙ্গার কারণ সম্পর্কে বরিশাল-এর নির্বাহী প্রকৌশলী জানান যে, এ দু'টি স্থানে বিদ্যুতের পোল ছিল। পোল দু'টি স্থানান্তর করা হয়েছে কিন্তু সড়কটি মেরামত করা হয়নি। এ স্থান দু'টি দ্রুত মেরামত করতে পরামর্শ দেয়া হয়। অন্যথায় এ স্থানের ভাঙ্গনের বিস্তার ঘটবে;



চিত্র-৫: তালতলী বাজার এলাকার রিজিড পেভমেন্ট।



চিত্র-৬: বাকেরগঞ্জ নতুন বাজার এলাকার ক্ষতিগ্রস্থ রিজিড পেভমেন্ট।

১৩.৫ প্রকল্পের আওতায় বাজার এলাকার সবগুলোতেই আরসিসি রাস্তা নির্মাণ করা হয়েছে। এ সকল স্থানে সকাল বিকাল কাঁচা বাজারসহ অন্যান্য বাজার বসে। ফলে রাস্তার এ অংশে পানি জমে এবং শাক-সবজির আবর্জনা পড়ে থাকে। বিটুমিনাস রোড হলে রাস্তা নষ্ট হয়ে যেত। আরসিসি রাস্তা নির্মাণ করায় অধিকাংশ রাস্তা ক্ষতিগ্রস্থ হয়নি;

১৩.৬ আমতলী-তালতলী-সোনাকাটা রোডে ছোটভাই জোড়া ব্রীজ পরিদর্শন করা হয়। এ ব্রীজটি ১টি স্প্যান, ৩টি গার্ডারযুক্ত Pre-stress ব্রীজ। নব নির্মিত ব্রীজের পূর্বে এ স্থানে একটি পুরাতন ব্রীজ ছিল যা ভেঙ্গে নতুন ব্রীজ নির্মাণ করা হয়েছে। কিন্তু পুরাতন ব্রীজের দু'টি পিলার এখনও খালের মধ্যে রয়ে গেছে যা পানি প্রবাহে বাধার সৃষ্টি করছে। এ পিলার দু'টি অবিলম্বে অপসারণ করতে প্রকল্প পরিচালককে পরামর্শ দেয়া হয়;



চিত্র-৭: ছোটভাই জোড়া ব্রীজ।

1৩.৭ বরগুনা-বেতাগী-বাকেরগঞ্জ সড়ক পরিদর্শন করা হয়। রাস্তার দৈর্ঘ্য 47.4 কিঃমিঃ এবং প্রস্থ 5.5 মিঃ। পরিদর্শন কালে দেখা যায় যে, রাস্তার কিছু কিছু স্থানে সোল্ডার ক্ষতিগ্রস্থ হয়েছে যা জরুরী ভিত্তিতে মেরামত করা প্রয়োজন। এ বিষয়ে সংশ্লিষ্ট নির্বাহী প্রকৌশলী, এলজিইডি, বরগুনা ও বরিশাল-কে প্রয়োজনীয় ব্যবস্থা নেওয়ার জন্য পরামর্শ দেয়া হয়। এ সড়কের প্রায় সকল বাস ষ্টেশনে Bus Bay ও যাত্রীদের জন্য শেড নির্মাণ করা হয়েছে। Bus Bay-তে অধিকাংশ গাড়ি থামে না। Bus Bay-তে বাস থামানোর জন্য পরিবহন শ্রমিক ও সাধারণ জনগণের মধ্যে সচেতনতা তৈরী করা প্রয়োজন;



চিত্র-৮: নির্মিত অব্যবহৃত Bus Bay

১৩.৮ প্রকল্পের আওতায় রাস্তার বিভিন্ন অংশে বৃক্ষ রোপন করা হয়েছে। অনেক স্থানে রোপিত বৃক্ষ ভাঙ্গা দেখা গেছে। স্থানীয় জনসাধারণের নিকট বৃক্ষ রোপন সম্পর্কে জানতে চাওয়া হলে তাঁরা জানান যে, রাস্তার দুই পাশে বৃক্ষ রোপন করা হয়েছিল কিন্তু যথাযথ সুরক্ষা (protection) না থাকায় গরূ-ছাগল অনেক গাছ খেয়ে ফেলেছে এবং ভেঙ্গে ফেলেছে। তবে রোপিত বৃক্ষ

বিভিন্ন স্থানে দেখা যায় যা বড় হয়েছে। প্রকল্পের আওতায় রাস্তার দু'পাশে ১০০ কিলোমিটার ব্যাপী 211.50 লক্ষ টাকা ব্যয়ে বৃক্ষ রোপনের সংস্থান ছিল। এর বিপরীতে ৬১ কি:মি: ব্যাপী ১১০.১৯ লক্ষ টাকা ব্যয়ে বৃক্ষ রোপন করা হয়েছে। অনেক স্থানে পুরনো গাছ ছিল সে সকল স্থানে গাছ লাগানো হয়নি।

1৪। প্রকল্পের উদ্দেশ্য অর্জনঃ

| লক্ষ্য | অজন | মন্তব্য |
|---|---|---|
| ১) বরগুনা জেলা বেতাগী-বাকেরগঞ্জ সড়ক প্রশস্থকরণসহ ব্রীজ/কালভার্ট নির্মানের মাধ্যমে উন্নত যোগাযোগ প্রতিষ্ঠা করা; | সড়ক উন্নয়ন প্রশস্থকরণ ব্রীজ/কালভার্ট নির্মাণের মাধ্যমে উন্নত যোগাযোগ ব্যবস্থা প্রতিষ্ঠিত হয়েছে। বরগুনা-বরিশাল জেলার সাথে যোগাযোগ প্রতিষ্ঠিত হয়েছে এবং সহজ যোগাযোগ নেটওয়ার্ক তৈরী করা হয়েছে; | সমাপ্ত প্রকল্পটি বরিশাল ও বরগুনা জেলায় বাস্তবায়িত হয়েছে। প্রকল্পটির প্রায় ৬০% এলাকা পরিদর্শন করা হয়েছে। পরিদর্শিত এলাকার উপর সামগ্রিক মূল্যায়ন করা হয়েছে। |
| ২) বরগুনা জেলা আমতলী-তালতলী-সোনাকাটা সড়ক প্রশস্থ করন সহ ব্রীজ/কালভার্ট নির্মানের মাধ্যমে উন্নত যোগাযোগ প্রতিষ্ঠা করা। | তালতলী উপজেলায় ও সোনাকাটা পযটন কেন্দ্রের সহিত যোগাযোগ প্রতিষ্ঠিত হয়েছে এবং সোনাকাটার সহিত ব্যবসা বাণিজ্যের প্রসার ঘটেছে; | |
| ৩) বরিশাল-বরগুণার মধ্যে ২০ কি:মি: দূরত্ব কমানো এবং ২টি ফেরী পার না হওয়ার সময় সাশ্রয় করা; | বরিশাল-বরগুণার মধ্যে ২০ কি:মি: দূরত্ব কমেছে এবং কম সময়ে যাতায়াত করা যাচ্ছে; | |
| ৩) গ্রাম্য সড়কে বৃক্ষ রোপনের মাধ্যমে পরিবেশের উন্নয়ন সাধন করা; | বৃক্ষ রোপন করা হলেও রাস্তার অনেক স্থানে গরূ-ছাগল গাছগুলো খেয়ে/ভেঙ্গে ফেলেছে। প্রকল্পের বৃক্ষরোপন অংশটি পুরোপুরি সফল হয়নি; | |
| ৪) প্যাসেঞ্জার শেড ও Bus Bay শেড নির্মাণ করে এলাকার জন সাধারণের চলাচল নিরাপদ ও সহজ করা। | প্যাসেঞ্জার শেড নির্মাণ করার ফলে যাত্রীগণ বিশ্রাম নিতে পারেন। কিন্তু Bus Bay ব্যবহৃত হচ্ছে না বিধায় লক্ষ্য অর্জিত হয়নি। এতে অর্থের অপচয় হয়েছে মর্মে প্রতীয়মান হয়। | |

**১৫। আইএমইডি'র মতামত:**

১৫.১ নির্মিত রাস্তার যে সকল স্থানে পেভমেন্ট অংশ এবং সোল্ডার ক্ষতিগ্রস্থ হয়েছে তা অবিলম্বে মেরামতের ব্যবস্থা করতে হবে (অনুচ্ছেদ: ১৩.৪ ও ১৩.৭);

১৫.২ নির্মিত রাস্তা টেকসই করবার লক্ষ্যে রাস্তার সোল্ডার এবং ঢাল ডিজাইন অনুযায়ী যাতে নির্মাণ করা যায় সে বিষয়ে ব্যবস্থা গ্রহণ করতে হবে। এ লক্ষ্যে প্রয়োজনবোধে জমি অধিগ্রহণ না করে ক্ষতিপূরণ খাতে অর্থ বরাদ্দ রাখা যেতে পারে (অনুচ্ছেদ: ১৩.৩);

১৫.৩ Bus Bay-তে বাস থামানোর জন্য পরিবহন শ্রমিক ও সাধারণ জনগণের মধ্যে সচেতনতা মূলক কার্যক্রম গ্রহণ করা যেতে পারে (অনুচ্ছেদ: ১৩.৭);

১৫.৪ আমতলী-তালতলী-সোনাকাটা রোডে ছোটভাই জোড়া ব্রীজের নীচে পুরাতন ব্রীজের দু'টি পিলার এখনও খালের মধ্যে রয়ে গেছে যা পানি প্রবাহে বাধার সৃষ্টি করছে। এ পিলার দু'টি অবিলম্বে অপসারণ করা যেতে পারে(অনুচ্ছেদ: ১৩.৬);

১৫.৫ প্রকল্পটির উপর External Audit সম্পাদন করা যেতে পারে;

১৫.৬ উপ-অনুচ্ছেদ: ১৫.১ হতে ১৫.৫ এ উল্লিখিত সুপারিশের বিষয়ে গৃহিত পদক্ষেপ আইএমইবিভাগকে অবহিত করতে হবে।

পরিশিষ্ট-ক

প্রকল্পের অঙ্গাভিত্তিক অগ্রগতি:

(লক্ষ টাকায়)

| অনুমোদিত ডিপিপি অনুযায়ী অঙ্গা/আইটেম | | অনুমোদিত আরডিপিপি অনুযায়ী অঙ্গাভিত্তিক লক্ষ্যমাত্রা | | জুন/২০১৫ ইং অঙ্গাভিত্তিক ক্রমপুঞ্জিত ব্যয় | | মন্তব্য |
|---|---|---|---|---|---|---|
| | | পরিমাণ/সংখ্যা | প্রাক্কলিত ব্যয় | পরিমাণ/ সংখ্যা | প্রাক্কলিত ব্যয় | |
| ১ | | ২ | ৩ | ৪ | ৫ | ৬ |
| 0১। | জনবল | **5২8 জনমাস** | **96.35** | **330 জনমাস** | **66.87** | |
| 02। | আনুষাংগিক খরচ | **থোক** | **৬৭.56** | **থোক** | **47.08** | |
| 03। | **পূর্তকাজ :** | | | | | |
| | (ক)বরগুনা-বেতাগী-বাকেরগঞ্জ এবং আমতলী-তালতলী-সোনাকাটা সড়ক প্রশস্থ করন ও উন্নয়ন প্রকল্প। | **107.50 কি:মি:** | **7274.40** | **88.70 কি:মি:** | **7270.50** | |
| | (খ) ব্রীজ/কালভার্ট নির্মাণ | **530.00 মি:** | **2250.00** | **355.00 মি:** | **1958.00** | |
| | (গ) স্লোপ প্রটেকশন | **8000.0 মি:** | **400.00** | **7570.00মি** | **400.00** | |
| | (ঘ) প্যাসেন্জার শেড ও Bus Bay শেড নির্মাণ | **18** | **153** | **30** | **153** | |
| | (ঙ) বৃক্ষরোপন | **100.00 কি:মি:** | **143.53** | **61.00 কি:মি:** | **39.13** | |
| 04। | জমি অধিগ্রহন | **২ একর** | **60.00** | | | |
| 05। | পিকআপ ক্রয় | **১ টি** | **42.00** | **১ টি** | **41.08** | |
| 06। | মোটর সাইকেল ক্রয় | **05 টি** | **7.23** | **05 টি** | **7.23** | |
| 07। | অফিস যন্ত্রপাতি ক্রয় : | | | | | |
| | (ক) ফটোকপিয়ার | **03 টি** | **6.75** | **১ টি** | **6.75** | |
| | (খ) কম্পিউটার | **05 টি** | **3.50** | **05 টি** | **3.50** | |
| | (গ) ফ্যাক্স মেশিন ও ফার্নিচার | **থোক** | **12.50** | **থোক** | **1২.50** | |
| 0৮। | Physical Contingency | **থোক** | **70.00** | **-** | **-** | |
| | Price Contingency | **থোক** | **66.00** | **-** | **-** | |
| | **সবমোট** | | **10652.82** | | **10005.64** | |

## “সিলেট বিভাগের চারটি বৃহৎ সেতুর সম্ভাব্যতা সমীক্ষা ও ডিজাইন” শীর্ষক প্রকল্পের সমাপ্তি মূল্যায়ন প্রতিবেদন

**( সমাপ্ত : জুন, ২০১৫ )**

| | | | | |
|---|---|---|---|---|
| ১। | | প্রকল্পের নাম | : | সিলেট বিভাগের চারটি বৃহৎ সেতুর সম্ভাব্যতা সমীক্ষা ও ডিজাইন শীর্ষক প্রকল্প। |
| ২। | | বাস্তবায়নকারী সংস্থা | : | স্থানীয় সরকার প্রকৌশল অধিদপ্তর |
| ৩। | | উদ্যোগী মন্ত্রণালয়/বিভাগ | : | স্থানীয় সরকার, পল্লী উন্নয়ন ও সমবায় মন্ত্রণলায়/স্থানীয় সরকার বিভাগ |
| ৪। | | প্রকল্পের প্রক্কলিত ব্যয় (লক্ষ টাকায়) | : | ১৫৭.০০ লক্ষ টাকা |
| | ৪.১ | মূল অনুমোদিত | : | ১৫৭.০০ লক্ষ টাকা |
| | ৪.২ | ১ম সংশোধন | : | ১৫৭.০০ লক্ষ টাকা |
| | ৪.৩ | ২য় সংশোধন | : | - |
| | ৪.৪ | প্রকৃত ব্যয় | : | ১৪২.০৬ লক্ষ টাকা |
| | ৪.৫ | অতিরিক্ত ব্যয় (অনুমোদিত ব্যয়ের) | : | - |
| | ৪.৬ | মোট অব্যয়িত অর্থ | : | ১৪.৯৪ লক্ষ টাকা |
| ৫। | ৫.১ | অনুমোদিত মূল বাস্তবায়নকাল | : | মে, ২০১৩ হতে জুন, ২০১৪ |
| | ৫.২ | ১ম সংশোধন | : | মে, ২০১৩ হতে ডিসেম্বর, ২০১৪ |
| | ৫.৩ | ২য় সংশোধন | : | - |
(৩) কর্মসংস্থানের সুযোগ সৃষ্টির মাধ্যমে দারিদ্র দূরীকরণ;

(৪) বৃষ্টি/বর্ষার পানি নিষ্কাশন; স্যানিটেশন ব্যবস্থা উন্নয়ন; বর্জ্য দ্রব্য অপসারণ ও অন্যান্য অবকাঠামো সুবিধা সৃষ্টির মাধ্যমে পরিবেশ উন্নয়ন;

(৫) উপজেলা পর্যায়ের পৌরসভার নাগরিক সোবা প্রদানের জন্য দায়িত্ব প্রাপ্ত স্থানীয় সরকার প্রতিষ্ঠানিক দক্ষতা বৃদ্ধিকরণ এবং

(৬) বন্যায় ক্ষতিগ্রস্থ নগর অবকাঠামোসমূহ পূনর্বাসন এর মাধ্যমে অর্থনৈতিক প্রবৃদ্ধি ও সামাজিক কার্যক্রম পূর্বাবস্থায় নিয়ে আসা।

**৫.২ প্রকল্পের পটভূমি:** বিগত ১৯৬১-১৯৮০ দুই দশকে শহর অঞ্চল বৃদ্ধির গড় ছিল প্রায় শতকরা ৮ ভাগ। প্রায় ২৮.৮ লক্ষ লোক উপজেলা শহর অঞ্চলে বসবাস করে। নদী ভাংগন, কর্মের সুযোগ ও সামাজিক নিরাপত্তার কারনে গ্রাম অঞ্চল থেকে শহর অঞ্চলে মানুষের বসবাস বৃদ্ধি পায় । কিন্তু জনসংখ্যা বৃদ্ধির সাথে সাথে শহর অঞ্চলে নাগরিক সুযোগ সুবিধা সৃষ্টি করা যায়নি।

শহর অঞ্চলে জনসংখ্যার বৃদ্ধির বিষয়টি ও নাগরিক সুযোগ সুবিধা বৃদ্ধির লক্ষ্য প্রায় ২৮৬ টি গুরুত্বপূর্ন শহর অঞ্চলকে পৌরসভা হিসাবে গঠন করা হয়। গঠনকৃত পৌরসভাসমূহের মধ্যে এ-শ্রেণী ৬৫ টি, বি-শ্রেণী ৩৮ টি এবং সি-শ্রেণী ১৮৩ টি করা হয়। গঠনকৃত বি এবং সি শ্রেণীর পৌরসভাসমূহে দক্ষ জনবল ও প্রয়োজনীয় উন্নয়নমূলক কাজ ও পরিকল্পনার স্বল্পতার কারনে জরুরি নাগরিক সুযোগ সুবিধা প্রদান করা সম্ভব হয়নি। এ প্রেক্ষাপটে পৌরসভাসমূহে পরিকল্পিত উন্নয়ন ও নাগরিক সুযোগ সুবিধা সৃষ্টির লক্ষ্য পৌরসভার মাষ্টার প্লান ও ভুমি ব্যবহার পরিকল্পনা, ড্রেনেজ প্লান, ট্রাফিক ম্যানেজমেন্ট প্লান ও অন্যান্য জরুরি অবকাঠামো নির্মাণ করার জন্য আলোচ্য প্রকল্পটি গ্রহণ করা হয়।

**৫.৩ প্রকল্পের মূল কার্যক্রম:**

প্রকল্পের মূল কার্যক্রম নিম্নে উল্লেখ করা হলো:

- ❖ মাষ্টার প্লান প্রস্তুত - ২২৩টি
- ❖ বাস টার্মিনাল নির্মাণ - ১০টি
- ❖ রাস্ত উন্নয়ন/পুর্ণবাসন - ২৮৩.২৬ কিঃমিঃ
- ❖ ব্রীজ/কালভার্ট নির্মাণ/পুর্ণবাসন - ১০৫৫.৫৫ মিঃ
- ❖ ড্রেন নির্মাণ/পুর্নবাসন - ২০০ কিঃমিঃ
- ❖ ষ্ট্রীট লাইট স্থাপন - ২০০ কিঃমিঃ
- ❖ বর্জ্য ব্যবস্থাপনা ও সংযোগ সড়ক নির্মাণ - ২৫কিঃমিঃ
- ❖ স্যানিটেশন-পাবলিক টয়লেট - ১০০টি
- ❖ ভূমি অধিগ্রহণ - ৭ একর

৬। প্রকল্পের অঙ্গভিত্তিক অগ্রগতি ( প্রাপ্ত পিসিআর ও প্রকল্প তথ্য অনুসারে):

(লক্ষ টাকায় )

| অনুমোদিত ডিপিপি অনুযায়ী অঙ্গ/আইটেম | | অনুমোদিত আরডিপিপি অনুযায়ী অঙ্গভিত্তিক লক্ষ্যমাত্রা | | অগ্রগতি | |
|---|---|---|---|---|---|
| | | পরিমাণ/সংখ্যা | প্রাক্কলিত ব্যয় | ভৌত পরিমান ( % ) | আর্থিক ব্যয় |
| ১ | | ২ | ৩ | ৪ | ৫ |
| ১। | ২টি ফটোকপিয়ার, ৪ টি কম্পিউটার, ২ টি কম্পিউটার নোটবুক | সংখ্যা-৮ | ১৫.০০ | (১০০%) | ১৪.৮৫ |
| ২। | ভূমি অধিগ্রহণ | ৭ একর | ১১৮.৮৮ | (৩৫.৭১%) | ৬৩.৬৮ |
| ৩। | পূর্তকাজ | | | | |
| ৩.১ | বাস টার্মিনাল | ১০টি | ৬০০.০০ | (৯০.০০%) | ৫৫৪.৭৯ |
| ৩.২ | সড়ক উন্নয়ন | ২৮৩.২৬ কিঃমিঃ | ৮৭৮০.০০ | (১০০.০০%) | ৮৭৭৯.৯০ |
| ৩.৩ | ব্রীজ/কালভার্ট উন্নয়ন | ১০৫৫.৫৫ মিঃ | ১৪২৫.০০ | (৯৫.২১%) | ১৪২৫.০০ |
| ৩.৪ | ড্রেন নির্মাণ | ২০০.০০ কিঃমিঃ | ৩৪০০.০০ | (৮২.৫০%) | ৩৩৯৯.১৫ |
| ৩.৫ | স্যানিটেশন/পানি নিষ্কাশন | ১০০টি | ৫০০.০০ | (৯৭.০০%) | ৫০০.০০ |
| ৩.৬ | সড়ক বাতি | ২০০.০০ কিঃমিঃ | ১০০০.০০ | (৯৭.০০%) | ৯৫৮.০২ |
| ৩.৭ | বর্জ্য ব্যবস্থাপনা ও সংযোগ সড়ক নির্মাণ | ২৫.০০ কিঃমিঃ | ২৫০.০০ | (১০০.০০%) | ২০৫.০০ |
| ৩.৮ | মাষ্টার প্লান প্রস্তুত | ২২৩টি | ২৬৫২.০০ | (৯৭.৩০%) | ২৪১৩.০৬ |

৭। প্রকল্পের সংশোধিত ডিপিপিতে বরাদ্দ, এডিপি বরাদ্দ, অবমুক্তি এবং ব্যয়ের চিত্র ( প্রাপ্ত পিসিআর ও প্রকল্প তথ্য অনুসারে):

(লক্ষ টাকায়)

| অর্থ বছর | সংশোধিত ডিপিপিতে সংস্থান | সংশোধিত এডিপি বরাদ্দ | অবমুক্তি | ব্যয় |
|---|---|---|---|---|
| ২০০৪-০৫ | ১০.৮৯ | ১৫.০০ | ১৫.০০ | ১০.৮৯ |
| ২০০৫-০৬ | ৩৪৭.৫৪ | ৩৫০.০০ | ৩৫০.০০ | ৩৪৭.৫৪ |
| ২০০৬-০৭ | ৪৪৯.০০ | ৪৫০.০০ | ৪৫০.০০ | ৪৪৯.০০ |
| ২০০৭-০৮ | ১১৯৭.৮৪ | ১৩৬৬.০০ | ১৩৬৬.০০ | ১১৯৭.৮৪ |
| ২০০৮-০৯ | ১৪৯৪.৭১ | ১৫০০.০০ | ১৫০০.০০ | ১৪৯৪.৭১ |
| ২০০৯-১০ | ২৭১৪.৮২ | ২৭২৫.৫০ | ২৭২৫.৫০ | ২৭১৪.৮২ |
| ২০১০-১১ | ২৬৯৯.৩০ | ২৭০০.০০ | ২৭০০.০০ | ২৬৯৯.৩০ |
| ২০১১-১২ | ২৯৭৮.৯০ | ৩০০০.০০ | ৩০০০.০০ | ২৯৭৮.৯০ |
| ২০১২-১৩ | ৩৪৭৯.৬০ | ৩৫০০.০০ | ৩৫০০.০০ | ৩৪৭৯.৬০ |
| ২০১৩-১৪ | ২১৩৪.২৯ | ২১৩৯.০০ | ২১৩৯.০০ | ২১৩৪.২৯ |
| ২০১৪-১৫ | ২১৬৮.৩৮ | ১৮০৬.০০ | ১৮০৬.০০ | ১৭৩৮.২৫ |
| **মোট** | **১৯৬,৭৪.৪৭** | **১৯৫৫১.০০** | **১৯৫৫১.০০** | **১৯২,৪৪.৩৪** |

৮। **কাজ অসমাপ্ত থাকলে তার কারণ:** প্রকল্পের প্রয়োজনীয় কোন অংগের কাজ অসমাপ্ত নেই।

৯। **প্রকল্পের প্রধান ক্রয়কার্যক্রমসমূহ** (প্রাপ্ত পিসিআর অনুসারে): (১ কোটি টাকার বা অধিক মূল্যের পণ্য, কার্য ও সেবা ক্রয়)

| প্যাকেজের বর্ণনা | চুক্তি মূল্য (লক্ষ টাকা) | টেন্ডার/প্রস্তাব | | সমাপ্তির তারিখ | |
|---|---|---|---|---|---|
| | | আহবানের তারিখ | চুক্তি স্বাক্ষরের তারিখ | চুক্তি অনুসারে | প্রকৃত |
| প্যাকেজ নং-০১ মাষ্টার প্লান প্রস্তুত ১৯ পৌরসভা | ১৭০.৪০ | ২৮-১১-২০০৫ | ১৭-৩-২০০৮ | ৩১-৩-২০১৫ | ৩১-৩-২০১৫ |
| প্যাকেজ নং-০২ মাষ্টার প্লান প্রস্তুত ২০ পৌরসভা | ১৭৯.৩৬ | ২৮-১১-২০০৫ | ১৭-৩-২০০৮ | ৩১-৩-২০১৫ | ৩১-৩-২০১৫ |
| প্যাকেজ নং-০৩ মাষ্টার প্লান প্রস্তুত ২১ পৌরসভা | ১৮৭.৭০ | ২৮-১১-২০০৫ | ১৭-৩-২০০৮ | ৩১-৩-২০১৫ | ৩১-৩-২০১৫ |
| প্যাকেজ নং-০৪ মাষ্টার প্লান প্রস্তুত ১৪ পৌরসভা | ১২৫.৫৫ | ২৮-১১-২০০৫ | ১৭-৩-২০০৮ | ৩১-৩-২০১৫ | ৩১-৩-২০১৫ |
| প্যাকেজ নং-০৫ মাষ্টার প্লান প্রস্তুত ১৬ পৌরসভা | ১৪৩.৪৬ | ২৮-১১-২০০৫ | ১৭-৩-২০০৮ | ৩১-৩-২০১৫ | ৩১-৩-২০১৫ |
| প্যাকেজ নং-০৬ মাষ্টার প্লান প্রস্তুত ১৬ পৌরসভা | ১১৬.৬০ | ২৮-১১-২০০৫ | ১৭-৩-২০০৮ | ৩১-৩-২০১৫ | ৩১-৩-২০১৫ |
| প্যাকেজ নং-০৭ মাষ্টার প্লান প্রস্তুত ১৩ পৌরসভা | ১৭০.২৬ | ২৮-১১-২০০৫ | ১৭-৩-২০০৮ | ৩১-৩-২০১৫ | ৩১-৩-২০১৫ |
| প্যাকেজ নং-০৮ মাষ্টার প্লান প্রস্তুত ১৯ | ১৮৮.৩৪ | ২৮-১১-২০০৫ | ১৭-৩-২০০৮ | ৩১-৩-২০১৫ | ৩১-৩-২০১৫ |

| প্যাকেজের বর্ণনা | চুক্তি মূল্য (লক্ষ টাকা) | টেন্ডার/প্রস্তাব | | সমাপ্তির তারিখ | |
|---|---|---|---|---|---|
| | | আহবানের তারিখ | চুক্তি স্বাক্ষরের তারিখ | চুক্তি অনুসারে | প্রকৃত |
| পৌরসভা | | | | | |
| প্যাকেজ নং-০৯ মাষ্টার প্লান প্রস্তুত ১৯ পৌরসভা | ১৭৯.৩৫ | ২৮-১১-২০০৫ | ১৭-৩-২০০৮ | ৩১-৩-২০১৫ | ৩১-৩-২০১৫ |
| প্যাকেজ নং-১০ মাষ্টার প্লান প্রস্তুত ১৯ পৌরসভা | ১৪৩.৪৯ | ২৮-১১-২০০৫ | ১৭-৩-২০০৮ | ৩১-৩-২০১৫ | ৩১-৩-২০১৫ |
| প্যাকেজ নং-১১ মাষ্টার প্লান প্রস্তুত ১৯ পৌরসভা | ১৭০.২৬ | ২৮-১১-২০০৫ | ১৭-৩-২০০৮ | ৩১-৩-২০১৫ | ৩১-৩-২০১৫ |
| প্যাকেজ নং-১২ মাষ্টার প্লান প্রস্তুত ১৯ পৌরসভা | ১৭৯.৩৫ | ২৮-১১-২০০৫ | ১৭-৩-২০০৮ | ৩১-৩-২০১৫ | ৩১-৩-২০১৫ |

**১০। প্রকল্প পরিচালক সম্পর্কিত তথ্য :**

| ক্রঃ নং | প্রকল্প পরিচালকের নাম | পদবী | পূর্ণকালীন/ খন্ডকালীন | সময়কাল |
|---|---|---|---|---|
| ১। | জনাব কাজী এ বি সিদ্দিক | প্রকল্প পরিচালক | পূর্ণকালীন | জুলাই/২০০৪ হতে ০৮/১১/২০০৭ |
| ২। | জনাব মোঃ আনোয়ার হোসেন | প্রকল্প পরিচালক | পূর্ণকালীন | ০৮/১১/২০০৭ হতে ২৫/০৮/২০১১ |
| ৩। | জনাব মোঃ মোসলেহ উদ্দিন | প্রকল্প পরিচালক | পূর্ণকালীন | ২৫/০৪/২০১১ হতে ৩০/০৬/২০১৫ |

**১১। প্রকল্প পরিদর্শন:**

বিগত ২৫/০৯/২০১৬ তারিখে আইএমইডি'র পরিচালক জনাব মোঃ শামীমুল হক নরসিংদী জেলার ৩টি পৌরসভা পরিদর্শন করেন৷ পরিদর্শনকালে প্রকল্পের উপ পরিচালক, স্থানীয় সরকার প্রকৌশল অধিদপ্তরের নির্বাহী প্রকৌশলী (নরসিংদী), সংশ্লিষ্ট উপজেলা প্রকৌশলী এবং পৌরসভার প্রকৌশলী উপস্থিত ছিলেন । পরিদর্শিত পৌরসভাসমূহ হলো মনোহরদী, মাধবদী এবং সোনারগাঁও। আইএমইডি'র সহকারী পরিচালক জনাব নূর মোহাম্মদ হোসাইনী কর্তৃক গত ০৬ই অক্টোবর ২০১৬ তারিখে নাটোরের গুরুদাসপুর পৌরসভায় বাস্তবায়িত নির্মাণকাজ পরিদর্শন করা হয়। পরিদর্শনকালে পৌরসভার মেয়র, উপসহকারী প্রকৌশলী ও সংশ্লিষ্টরা উপস্থিত ছিলেন। পরিদর্শনকালীন পর্যবেক্ষণ:

**১১.১ মনোহরদী পৌরসভা :** পৌর পরিষদে মনোহরদী পৌরসভার প্রস্তুতকৃত মাষ্টার প্লানটি পৌরসভায় পর্যবেক্ষণ করা হয়। মনোহরদী একটি বি-ক্যাটাগরীর পৌরসভা যাহার লোক সংখ্যা ১৭৬০৫ জন ও আয়তন ৭.৪৫ বর্গকিলোমিটার। পরিকল্পিত উন্নয়ন ও নাগরিক সুযোগ সুবিধা সৃষ্টির লক্ষ্য পৌরসভার মাষ্টার প্লানে ভুমি ব্যবহার পরিকল্পনা, ড্রেনেজ প্লান, রাস্তা প্লান, পরিবেশ উন্নয়ন, ট্রাফিক ম্যানেজমেন্ট, কমিউনিটি সার্ভিস ও ওয়ার্ড একশন প্লান ও অন্যান্য জরুরি অবকাঠামো নির্মাণ প্লান অন্তর্ভূক্ত করা হয়েছে।





মনোহরদী পৌরসভার মাষ্টর প্লান

১১.২ মনোহরদী পৌরসভায় ১টি ড্রেনের কাজ পরিদর্শন করা হয়, যার দৈর্ঘ্য ৪১৩ মিঃ, প্রস্থ ৬০০ মিঃমিঃ। ড্রেনের উপর আরসিসি স্লাব নির্মাণ করা হয়েছে, স্লাবের পুরুত্ব ১২৫ মিঃমিঃ। এটি জনসাধারন পায়ে চলার পথ হিসাবে ব্যবহার করছে। ড্রেনটি পানি নিষ্কাশনের কাজ করছে। স্লাবের পাশে কিছু ময়লা আবর্জনা পড়ে থাকতে দেখা যায়।




মনোহরদী পৌরসভার ড্রেন নির্মাণ

**১১.৩** মনোহরদী পৌরসভায় প্রধান বাসষ্ট্যান্ড এলাকায় ১টি টয়লেট নির্মাণ করা হয়েছে যার ব্যয় ৬.৭৫ লক্ষ টাকা। টয়লেটে পুরুষ ও মহিলাদের আলাদা কক্ষ দেখা যায়। টয়লেটটি জনসাধারণ কর্তৃক ব্যাপকভাবে ব্যবহার করা হচ্ছে বলে উপকারভোগীরা জানান। এটি ব্যবহার করার জন্য জনপ্রতি ২ (দুই) টাকা দিতে হয়, যা এর রক্ষণাবেক্ষণের জন্য ব্যবহৃত হচ্ছে বলে তারা জানান। বাসষ্ট্যান্ডের পরিবেশ সুষ্ঠু রাখার জন্য এরকম পাবলিক টয়লেট অত্যন্ত কার্যকর। ব্যস্ত পাবলিক স্থানে এধরনের টয়লেট আরও নির্মাণ করলে পৌরসভার পরিবেশ উন্নত হবে বলে জনসাধারন অভিমত ব্যক্ত করেন।

**১১.৪ মাধবদী পৌরসভায়** : মাধবদী পৌরসভায় পরিষদে প্রস্তুতকৃত মাষ্টার প্লান পর্যবেক্ষণ করা হয়। মাধবদী পৌরসভা এ-ক্যাটাগরীর অন্তর্ভুক্ত যাহার আয়তন ৩.২ বর্গকিলোমিটার এবং জনসংখ্যা প্রায় ৪৯৫৮৩ জন। মাধবদী পৌরসভার বর্তমান ভুমির আবাসিক ৩৯.৫%, শিল্প ২৫.৫৬%, কৃষি ১০.২৩% এবং চলাচলের জন্য ৮.০৯% ব্যবহার হচ্ছে। এই পৌরসভার ড্রেনেজ ব্যবস্থা অত্যন্ত দুর্বল। পৌরসভার জন্য ২০ বছর মেয়াদে মাষ্টার প্লান করা হয়েছে। মাষ্টার প্লান পর্যালোচনা করে দেখা যায় পরিকল্পিত উন্নয়ন ও নাগরিক সুযোগ সুবিধা সৃষ্টির জন্য পৌরসভার মাষ্টার প্লানে ভুমি ব্যবহার পরিকল্পনা, ড্রেনেজ প্লান, রাস্তা প্লান, পরিবেশ উন্নয়ন, ট্রাফিক ম্যানেজমেন্ট, কমিউনিটি সার্ভিস ও ওয়ার্ড একশন প্লান ও অন্যান্য জরুরি অবকাঠামো নির্মাণ প্লান সন্নিবেশ করা হয়েছে।





মাধবদী পৌরসভার মাষ্টর প্লান

**১১.৫** সোনাগাঁও পৌরসভা : সোনাগাঁও পৌরসভার প্রস্তুতকৃত মাষ্টার প্লানটি পর্যবেক্ষণ করা হয়। সোনারগাঁও পৌরসভা সি-ক্যাটাগরীর পৌরসভা যাহার আয়তন ৮.৫৩ বর্গকিলোমিটার এবং জনসংখ্যা প্রায় ৩২৭৯৬ জন। সোনারগাঁও পৌরসভা এলাকাটি ঐতিহাসিক স্থান যা প্রাচীনকালে বাংলার রাজধানী ছিল। এই পৌরসভার ৪৬.২৭% ভুমি আবাসিক, ৩৩.০৭% কৃষি অবশিষ্ট অন্যান্য কাজে ব্যবহৃত হচ্ছে। এ পৌরসভার সড়ক নেটওয়ার্ক ও ড্রেনেজ ব্যবস্থা তেমন ভাল নয়। মাষ্টার প্লান পর্যালোচনা করে দেখা যায় পরিকল্পিত উন্নয়ন ও নাগরিক সুযোগ সুবিধা সৃষ্টির জন্য পৌরসভার মাষ্টার প্লানে ভুমি ব্যবহার পরিকল্পনা, ড্রেনেজ প্লান, রাস্তা প্লান, পরিবেশ উন্নয়ন, ট্রাফিক ম্যানেজমেন্ট, কমিউনিটি সার্ভিস ও ওয়ার্ড একশন প্লান ও অন্যান্য জরুরি অবকাঠামো নির্মাণ প্লান সন্নিবেশ করা হয়েছে। মাষ্টার প্লানটি ঐতিহাসিক এলাকাটির উন্নয়নে সহায়ক হবে বলে পৌরসভার মেয়র জানান। প্রসঙ্গক্রমে তিনি নুতন পৌরসভার অপ্রতুল আর্থিক সামর্থ্য বিবেচনা করে অবকাঠামো উন্নয়নের জন্য বিভিন্ন প্রকল্পের আওতায় সহায়তা করার অনুরোধ করেন।





সোনারগাঁও পৌরসভার মাষ্টর প্লান

১১.৬ সোনাগাঁও পৌরসভায় ১টি টয়লেট, ১টি কালভার্ট ২X৪X৫ মিটার ও ১ কিঃমিঃ ষ্ট্রীট লাইট পরিদর্শন করা হয়। ডিপিপি অনুযায়ী কালভাটটি দৈঘ্যে এবং প্রস্থে যথাযথ পাওয়া যায়। অবকাঠামোসমূহ নির্মাণের ফলে পৌরসভার সৌন্দর্য আগের চেয়ে বৃদ্ধি পেয়েছে উপকারভোগীরা জানান। ষ্ট্রীট লাইটের নীচে ময়লা আবর্জনা পড়ে থাকতে দেখা যায়।



সোনারগাঁও পৌরসভার ষ্ট্রীট লাইট নির্মাণ



সোনারগাঁও পৌরসভার কালভার্ট নির্মাণ

১১.৭ নাটোরের গুরুদাসপুর পৌরসভার চাঁচকৈড় পুরান পাড়া চাতাল হতে রোকেয়া মোড় পর্যন্ত রাস্তায় বেশ কটি পটহোল ও ক্ষতিগ্রস্ত অংশ পরিলক্ষিত হয়েছে।



চিত্র-: ভাঙ্গা আরসিসি ড্রেনের ঢাকনা এবং ময়লা আবর্জনা

সৈকত মন্ডলের বাড়ি হতে সাহাপাড়া নদী ঘাট পর্যন্ত নির্মিত আরসিসি ড্রেনের বেশকিছু স্থানে ঢাকনি ভেঙ্গে গিয়ে ময়লা আবর্জনা পরে ভরে আছে। ফলে পানি নিস্কাশন বাধাগ্রস্ত হয়। এছাড়া চাচঁকৈড় বাজারে ড্রেনের কয়েকটি স্থানে ময়লা আবর্জনা দেখা গেছে।

১১.৮ চাঁচকৈড় বাজারে নন্দকুঁজা নদীর পাড়ে নির্মিত পাবলিক টয়লেটটি ব্যবহৃত হচ্ছেনা। এটি লীজ দেয়া হয়নি বা পৌরসভা থেকে এর পরিচালনার কোন উদ্যোগ পরিলক্ষিত হয়নি। এই প্রকল্পের আওতায় পৌরসভার বিভিন্ন সড়কে বাতি/ ল্যাম্পপোস্ট বসানো হয়েছে। পরিদর্শনকালে ৩টি বক্স কালভার্ট দেখা হয়।



চিত্র: নির্মিত কালভার্টের সাথে কোন সংযোগসড়ক নেই



চিত্র: কালভার্টের গোড়ায় নির্মিত স্থাপনা।

চাঁচকৈড় মধ্যমপাড়ার কাছে আজিজ মাস্টারের বাড়ির পাশে কালভার্ট নির্মিত হলেও রাস্তার সংগে এর লেভেলিং যথাযথ সামঞ্জস্যপূর্ণ হয়নি। সাথে কোন সড়ক নেই বা তৈরী করা হয়নি। ফলে কালভার্টটি জনগণের কাজে খুব কমই লাগছে এবং যথাযথ সড়ক সংযোগ তৈরী করা জরুরী। আনন্দনগরে কালাম পোল্ট্রি ফার্মের কাছে নির্মিত কালভার্টটির একদম গোড়ায় বাড়ি তৈরী করা হয়েছে। ফলে এতে পানি নিস্কাশনে বাঁধাসৃষ্টি হতে পারে এবং ভবিষ্যতে এটি বেদখল হতে পারে। দক্ষিণ নরিবাড়ি গ্রামের শেষ মাথায় কালভার্টটি সঠিকভাবে নির্মিত হয়েছে ।

**১২। প্রকল্পের উদ্দেশ্য অর্জন (প্রাপ্ত পিসিআর এবং প্রকল্প তথ্য অনুসারে):**

| লক্ষ্যমাত্রা | অর্জন |
|---|---|
| (১) প্রকল্প এলাকায় ক্রমবর্ধমান মৌলিক নাগরিক চাহিদা মেটানোর নিমিত্তে এবং পরিকল্পিত অবকাঠামো ব্যবস্থার উন্নয়নের লক্ষ উপজেলা পর্যায়ের পৌরসভার Land use Plan, Drainage Master Plan & Traffic Management Plan সহ উপজেলা শহর মাষ্টার পৌরসভার মাষ্টার প্লান প্রণয়ন। | পৌরসভার মাষ্টার প্লান প্রস্তুত করা হয়েছে। |
| (২) বড় বড় শহরের উপর চাপ কমানোর লক্ষ উপজেলা পর্যায়ের পৌরসভার অবকাঠমো উন্নয়নসহ পর্যাপ্ত নাগরিক সুবিধা সৃষ্টি। | প্রকল্পের তথ্য অনুসারে সড়ক, ড্রেন, ব্রীজ/কালভার্ট, পাবলিক টয়লেট, ষ্ট্রীট লাইট ইত্যাদি অবকাঠামো নির্মান করা হয়েছে । |
| (৩) কর্মসংস্থানের সুযোগ সৃষ্টির মাধ্যমে দারিদ্র দূরীকরণ। | প্রকল্পের অবকাঠমোর নির্মাণ কালিন সময়ে সীমিত আকারে সাময়িক কর্মসংস্থান সৃষ্টি হয়েছিল । |
| (৪) বৃষ্টি/বর্ষার পানি নিষ্কাশন; স্যানিটেশন ব্যবস্থা উন্নয়ন; বর্জ্য দ্রব্য অপসারণ ও অন্যান্য অবকাঠামো সুবিধা সৃষ্টির মাধ্যমে পরিবেশ উন্নয়ন। | পৌরসভায় সড়ক, ড্রেন, টয়লেট, ষ্ট্রীটলাইট ও বাস টার্মিনাল নির্মানের ফলে পৌর এলাকায় পরিবেশের আংশিক উন্নতি হয়েছে বলে উপকারভোগীরা জানান। |
| (৫) উপজেলা পর্যায়ের পৌরসভার নাগরিক সেবা প্রদানের জন্য দায়িত্ব প্রাপ্ত স্থানীয় সরকার প্রতিষ্ঠানিক দক্ষতা বৃদ্ধিকরণ। | পৌরসভায় মাষ্টার প্লান ও অন্যান্য অবকাঠমো নির্মান কাজে পৌরসভার জনবল সরাসরি সংযুক্ত হওয়ায় তাদের সক্ষমতা আগের তুলনায় কিছুটা বৃদ্ধি পেয়েছে মর্মে প্রতীয়মান। |

**১৩। আইএমইডি'র পর্যবেক্ষণ :**

১৩.১ প্রস্তাবিত ২২৩টি পৌরসভার মধ্যে প্রকল্পের আওতায় ২১৭টি পৌরসভার মাষ্টার প্লান প্রস্তুত করা হয়েছে। ৬টি পৌরসভা কাঁটাখালি, মংলা, নওপাড়া, কুমিল্লা সদর দক্ষিণ, কদম রসুল এবং তারাবো পৌরসভার মাষ্টার প্লান প্রস্তুত করা হয়নি। তন্মধ্যে কাঁটাখালি পৌরসভা রাজশাহী উন্নয়ন কর্তৃপক্ষের অন্তর্ভূক্ত, মংলা ও নওপাড়া পৌরসভা খুলনা উন্নয়ন কর্তৃপক্ষের অন্তর্ভূক্ত, কুমিল্লা সদর দক্ষিণ পৌরসভা কুমিল্লা সিটি কর্পোরেশনের অন্তর্ভূক্ত, কদম রসুল পৌরসভা কুমিল্লা সিটি কর্পোরেশনের অন্তর্ভূক্ত এবং তারাবো পৌরসভা ঢাকা মেট্রোপলিটন উন্নয়ন কর্তৃপক্ষের অন্তর্ভূক্ত হওয়ায় মাষ্টার প্লান প্রস্তুত করা সম্ভব হয়নি বলে প্রকল্পের পক্ষ থেকে জানানো হয়।

১৩.২ পরিকল্পিত উন্নয়ন ও নাগরিক সুযোগ সুবিধা সৃষ্টির জন্য পৌরসভার মাষ্টার প্লানে ভুমি ব্যবহার পরিকল্পনা, ড্রেনেজ প্লান, রাস্তা প্লান, পরিবেশ উন্নয়ন, ট্রাফিক ম্যানেজমেন্ট, কমিউনিটি সার্ভিস ও ওয়ার্ড একশন প্লান ও অন্যান্য জরুরি অবকাঠামো প্লান সন্নিবেশ করা হয়েছে। নাগরিক সুবিধা নিশ্চিত করার জন্য মাষ্টার প্লান দ্রুত বাস্তবায়ন করা প্রয়োজন।

১৩.৩ প্রকল্পের আওতায় পৌরসভায় ২৮৩.১৬ কি:মি: সড়ক, ১৬৬ কিঃমিঃ ড্রেন, ১০০৫.০০ মি: ব্রীজ/কালভার্ট, ৯৭টি টয়লেট, ১৯৫ কি: মি: ষ্ট্রীট লাইট, ২৫ কি: বর্জ্য ব্যবস্থপনা সড়ক ইত্যাদি অবকাঠামো নির্মান করা হয়েছে বলে প্রকল্পের প্রাপ্ত তথ্যাদি থেকে পাওয়া যায়।

১৩.৪ নির্মিত রাস্তা, আরসিসি ড্রেনের ঢাকনায় যে সকল পটহোল ও ক্ষতিগ্রস্ত অংশ পরিলক্ষিত হয়েছে তা দ্রুত মেরামত এবং নির্মিত যেসকল কালভার্টের কোন সংযোগ সড়ক নেই তা করা এবং নির্মিত যে সকল পাবলিক টয়লেট ব্যবহারের উপযোগী নেই তা ব্যবহার উপযোগী করার ব্যবস্থা গ্রহণ প্রয়োজন (অনুঃ১২.৭)।

১৩.৫ নির্মিত অবকাঠামোর সৃষ্ট নাগরিক সুবিধা টেকসই করার জন্য এগুলো সংরক্ষণ করা প্রয়োজন (অনুঃ ১২.৮)।

১৩.৬ সকল পৌরসভার একটি করে মাষ্টার প্লান থাকা প্রয়োজন।

**১৪। সুপারিশঃ**

১৪.১ পরিকল্পিত উন্নয়ন ও নাগরিক সুযোগ সুবিধা সৃষ্টির জন্য পৌরসভার প্রস্তুতকৃত মাষ্টার প্লান বাস্তবায়নের উদ্যোগ গ্রহণ করতে হবে (অনুচ্ছেদ-১৩.২);

১৪.২ ক্ষতিগ্রস্ত রাস্তা, আরসিসি ড্রেনের ঢাকনা, কালভার্টের সংযোগ সড়ক দ্রুত মেরামতের ব্যবস্থা গ্রহণ করতে হবে (অনুচ্ছেদ-১৪.৪);

১৪.৩ নির্মিত অবকাঠামোর সৃষ্ট নাগরিক সুবিধা টেকসই করার জন্য এগুলো সংরক্ষণ করার জন্য পৌরসভা প্রয়োজনীয় উদ্যোগ গ্রহণ করবে (অনুচ্ছেদ-১৩.৫);

১৪.৪ যে সকল পৌরসভার এখনও মাষ্টার প্লান নেই সে সকল পৌরসভার মাষ্টার প্লান তৈরির উদ্যোগ গ্রহণ করা যেতে পারে (অনুচ্ছেদ-১৩.৬);

১৪.৫ Ab‡"Q` ১৪.১ n‡Z 1৪.৪ Gi wel‡q MnxZ e¨e¯v gšYvjq AvMvgx 1 gv‡mi g‡a¨ AvBGgBwW‡K AewnZ Ki‡e|

# "রায়ের বাজার জাতীয় শহীদ স্মৃতিসৌধ সংলগ্ন কবরস্থান উন্নয়ন" শীর্ষক প্রকল্পের সমাপ্ত মূল্যায়ন প্রতিবেদন

**(সমাপ্ত : জুন,২০১৫)**

| | | | |
|---|---|---|---|
| ১। | **প্রশাসনিক মন্ত্রণালয়/বিভাগ** | : | স্থানীয় সরকার বিভাগ, স্থানীয় সরকার, পল্লী উন্নয়ন ও সমবায় মন্ত্রণালয়। |
| ২। | **বাস্তবায়নকারী সংস্থা** | : | ঢাকা উত্তর সিটি কর্পোরেশন ও ১৪ স্বতন্ত্র ইঞ্জিনিয়ার ব্রিগেড, বাংলাদেশ সেনাবাহিনী। |
| ৩। | **প্রকল্পের অবস্থান** | : | রায়েরবাজার, মোহাম্মদপুর, ঢাকা। |
| ৪। | **প্রকল্পের বাস্তবায়ন সময় ও ব্যয়** | : | |

(লক্ষ টাকায়)

| প্রাক্কলিত ব্যয় (প্রঃসাঃ) | | প্রকৃত ব্যয় | পরিকল্পিত বাস্তবায়নকাল | | প্রকৃত বাস্তবায়নকাল | অতিরিক্ত ব্যয় (মূল প্রাক্কলিত ব্যয়ের %) | অতিরিক্ত সময় (মূল বাস্তবায়নকালের %) |
|---|---|---|---|---|---|---|---|
| মূল<br>জিওবি<br>ডিনসিসি<br>নিজস্ব | সর্বশেষ সংশোধিত<br>জিওবি<br>ডিনসিসি<br>নিজস্ব | জিওবি<br>ডিনসিসি<br>নিজস্ব | মূল | সর্বশেষ সংশোধিত | | | |
| (১) | (২) | (৩) | (৪) | (৫) | (৬) | (৭) | (৮) |
| ৫০৫৬০.১১<br>৪৮৭৭৫.১৭<br>১৭৮৪.৯৪ | ৫৪৪৩৬.৭৫<br>৫২১০০.৩২<br>২৩৩৬.৪৩ | ৫২২৬০.৬২<br>৫০১১০.৬২<br>২১৫০.০০ | জুলাই,২০১১-জুন,২০১৩ | জুলাই,২০১১ - জুন,২০১৪ | জুলাই,২০১১ - জুন,২০১৫ * | ১৭০০.৫১ (৩.৩৬৩%) | ২ বছর (১০০%) |

* প্রকল্পের মেয়াদ ব্যয় বৃদ্ধি ব্যতিরেকে ১ বছর বাড়ানো হয়েছে।

৫। **সাধারন পর্যবেক্ষণ** :

৫.১। **প্রকল্পের পটভূমি** :

ঢাকা মহানগরীর লোক সংখ্যা দেড় কোটির উপর এবং তন্মধ্যে প্রায় ৯০% মুসলিম। ঢাকা মহানগরীতে আজিমপুর, মিরপুর, বনানী ও জুরাইনে মুসলিম সম্প্রদায়ের জন্য মৃত্যু পরবর্তী দাফনের জন্য কবরস্থান রয়েছে। এসকল কবরস্থান বহুপূর্বে নির্মিত এবং ধারন ক্ষমতা প্রায় শেষ পর্যায়ে। ফলে মহানগরীর মুসলিম সম্প্রদায়ের মৃত্য পরবর্তী দাফনের জন্য ঢাকা উত্তর সিটি কর্পোরেশনের রায়ের বাজার এলাকায় জিওবি এবং ডিএনসিসি'র অর্থায়নে একটি নতুন কবরস্থান নির্মাণের নিমিত্ত আলোচ্য প্রকল্পটি গ্রহণ করা হয়।

৫.২। **প্রকল্পের উদ্দেশ্য :**

ঢাকা মহানগরীর মুসলিম সম্প্রদায়ের জন্য কবরস্থান স্থাপন করা।

৫.৩। **প্রকল্পের অনুমোদন ও সংশোধন :**

প্রকল্পটি ২২/০৩/২০১১ইং তারিখে ৫০৫৬০.১১ লক্ষ টাকা প্রাক্কলিত ব্যয়ে জুলাই,২০১১ থেকে ডিসেম্বর,২০১৩ মেয়াদে বাস্তবায়নের নিমিত্ত একনেক কর্তৃক অনুমোদিত হয়েছে। পরবর্তীতে ৫৪৪৩৬.৭৫ লক্ষ টাকা ব্যয়ে এবং জুলাই,২০১১ হতে জুন,২০১৪ পর্যন্ত মেয়াদকালে বাস্তবায়নের জন্য প্রকল্পটি চূড়ান্ত সংশোধন করা হয়।

৫.৪। **প্রকল্পের সার্বিক অগ্রগতিঃ**

প্রকল্পের আওতায় জুন, ২০১৫ পর্যন্ত ক্রমপুঞ্জিত আর্থিক অগ্রগতি হয়েছে ৫২২৬০.৬২ লক্ষ টাকা যা অনুমোদিত ব্যয় ৫৪৪৩৬.৭৫ লক্ষ টাকার ৯৬%(অনুচ্ছেদ-**৭.২)**।

৬। **প্রকল্পের মূল কাজ ও অঙ্গভিত্তিক বাস্তবায়ন:**

**৬.১। প্রকল্পের মূল কাজ:**

- ভূমি অধিগ্রহণ ৭৯.৬৫০৫ একর;
- বালি ভরাট ১২২১৮৫৮.০৪ ঘনমিটার;
- মাটি ভরাট ৫৮১৫২৮.৩৬ঘনমিটার;
- সীমানা প্রাচীর ৩২০৮.৫৪মিটার;
- অফিস ভবন ২১৪.৯৮বর্গ মিটার;
- জানাযা এবং মৃতদেহ রাখার ছাউনি ২৮৩.৭২ বর্গ মিটার;
- রাস্তা নির্মাণ ৬.৬৮৬৬ কিমি;
- ছাউনিসহ পায়ে চলার পথ এবং ফ্যাসিলিটিজ পয়েন্ট-২৯.৭১ কিমি;
- ড্রেনেজ পদ্ধতি-৯.২০২ কিমি;
- আর্চ/ফুটওভার ব্রীজ ৪৩৭.৭২ বর্গমিটার;
- বৈদ্যুতিক কাজ খুটি সংযোগ-১৪৫০টি;
- সিসিব্লক জিওটেক্সটাইল, বৃক্ষরোপন ইত্যাদি।

৬.২। **প্রকল্পের অঙ্গভিত্তিক বাস্তবায়ন (পিসিআর অনুসারে) :**

(লক্ষ টাকায়)

| ক্রমিক নং | অনুমোদিত সংশোধিত ডিপিপি অনুযায়ী কাজের অংশ | একক | অনুমোদিত সংশোধিত ডিপিপি অনুযায়ী লক্ষ্যমাত্রা | | প্রকৃত বাস্তবায়ন জুন ২০১৫ পর্যন্ত | |
|---|---|---|---|---|---|---|
| | | | বাস্তব | আর্থিক | বাস্তব (%) | আর্থিক (%) |
| (১) | (২) | (৩) | (৪) | (৫) | (৬) | (৭) |
| **(A) Revenue Component** | | | | | | |
| 1. | Survey Works | L.S | - | ১.০০ | ১০০% | ১.০০ |
| 2. | Consultancy Service & Allowances | L.S | - | ১২১.৭১ | ১০০% | ১২১.৭১ |
| | **Sub-Total (A)** | | | ১২২.৭১ | | ১২২.৭১ |
| **(B)Capital Component** | | | | | | |
| 1. | Acquisition and Litigation cost | একর | ৭৯.৬৫০৫ | ৩৮৮৬০.৫০ | ১০০% | ৩৬৮০০.৯২ |
| 2. | Land Development:<br>a) Sand filling | ঘঃমিঃ | ১২২১৮৫৮.০৪ | ৪৪০১.৭৯ | ১০০% | ৪৪০১.৭৯ |
| | b) Earth filling with Proper compaction | ঘঃমিঃ | ৫৮১৫২৮.৩৬ | ৩৫১৪.৮৭ | ১০০% | ৩৫১৪.৮৭ |
| 3. | Boundary wall | মিটার | ৩২০৮.৫৪ | ২০৯২.১৩ | ১০০% | ২০৯২.১৩ |
| 4. | Office Building | বঃমিঃ | ২১৪.৯৮ | ৮০.৬৯ | ১০০% | ৮০.৬৯ |
| 5. | Janaja and dead body shed | বঃমিঃ | ২৮৩.৭২ | ৪৮.৩০ | ১০০% | ৪৮.৩০ |
| 6. | Road work | ঘঃমিঃ | ৬.৬৮৬৬ | ৪৯২.৪৫ | ১০০% | ৪৯২.৪৫ |

| ক্র মি ক নং | অনুমোদিত সংশোধিত ডিপিপি অনুযায়ী কাজের অংশ | একক | অনুমোদিত সংশোধিত ডিপিপি অনুযায়ী লক্ষ্যমাত্রা | | প্রকৃত বাস্তবায়ন জুন ২০১৫ পর্যন্ত | |
|---|---|---|---|---|---|---|
| | | | বাস্তব | আর্থিক | বাস্তব (%) | আর্থিক (%) |
| (১) | (২) | (৩) | (৪) | (৫) | (৬) | (৭) |
| 7. | Walk way including walk-way shed & facilities point | কিঃমিঃ | ২৯.৭১ | ২০৭৬.৮৮ | ১০০% | ২০৭৬.৮৮ |
| 8. | Drainage system | কিঃমিঃ | ৯.২০২ | ৪৫৪.৮০ | ১০০% | ৪৫৪.৮০ |
| 9. | (a) Arch / Foot over Bridge | বঃমিঃ | ৪৩৭.৭২ | ১২৮৩.০৮ | ১০০% | ১২৮৩.০৮ |
| 10. | CC Block and Geo Textile (Expanded polystoring sheet (EPS) & Eco-friendly Plantation for side slope protection) | বঃমিঃ | ৩০০০০.০০ | ৩৯৭.০৫ | ১০০% | ৩৯৭.০৫ |
| 11. | Arboriculture (Tree Plantation + Turffing) | প্রতিটি বঃমিঃ | ২০০০+২৪৪ ১৭.০০ | ৩০০.০০ | ১০০% | ৩০০.০০ |
| 12. | Electrification work (Sub-Station, Pole, Fittings etc.) | প্রতিটি | ১৪৫০ | ২২৫.৯৫ | ১০০% | ২২৫.৯৫ |
| 13. | Purchase of Motor cycle | প্রতিটি | ২ | ৫.০০ | ১০০% | ৫.০০ |
| | | | | ৫৪২৩৩.৪৯ | | ৫২১৭৩.৯১ |
| | (-) Salvage value of materials (as per market value) which is to be auctioned openly | (-) | | ৩৬.০০ | ১০০% | (-) ৩৬.০০ |
| | Sub Total of (B)= | | | ৫৪১৯৭.৪৯ | - | ৫২১৩৭.৯১ |
| | Total (A+B) = | | | ৫৪৩২০.২০ | | ৫২২৬০.৬২ |
| | Physical Contingency | ১% | | ১১৬.৫৫ | - | - |
| | Price Contingency | | -- | - | - | |
| | **Grand Total** | | | **৫৪৪৩৬.৭৫** | **১০০%** | ৫২২৬০.৬২ |

৭। **ক্রয় সংক্রান্ত তথ্যাদি :**

পিসিআর অনুযায়ী দরপত্র সংক্রান্ত প্রধান প্রধান তথ্য নিম্নরূপ:

(কোটি টাকায়)

| | ক্রয় বিবরণী | প্রাক্কলিত মূল্য | দরপত্র | | | কাজ সমাপ্তির তারিখ | |
|---|---|---|---|---|---|---|---|
| | | | চুক্তিমূল্য | আহবানের তারিখ | চুক্তি স্বাক্ষর | চুক্তি অনুযায়ী | প্রকৃত |
| ১ | ২ | ৩ | ৪ | ৫ | ৬ | ৭ | ৮ |
| 1 | Sand filling | 44.0179 | | | | | |
| | (a) M/S Ismail Hossain | | 10.0425 | 29.04.13 | 16.05.13/ 10.05.13 | 14.8.13 | 02.09.13 |
| | (b) Thein Ching Global Traders Ltd | | 12.2168 | 29.04.13 | 16.05.13/ 10.05.13 | 14.8.13 | 21.09.13 |
| | (c) M/S Hossain Traders | | 9.2741 | 29.04.13 | 16.05.13/ 10.05.13 | 14.8.13 | 25.09.13 |
| | (d) M/S Parisa Builders | | 6.3003 | 29.04.13 | 16.05.13/ 10.05.13 | 14.8.13 | 24.08.13 |
| | (e) Amena Enterprise | | 6.1856 | 27.05.13 | 30.05.13 | 30.10.13 | 25.11.13 |
| 2 | Earth filling with Proper compaction | 35.1487 | | | | | |
| | Amena Enterprise | | 35.1487 | 02.05.13 | 30.05.13/ 13.05.13 | 30.10.13 | 25.12.13 |
| 3 | Boundary wall | 20.9213 | | | | | |
| | Amena Enterprise | | 4.8756 | 05.11.13 | 17.11.13 | 3010.14 | 14.12.14 |
| | NAF Engineers | | 5.1431 | 20.06.13 | 26.06.13/ 25.06.13 | 31.12.13 | 20.06.14 |
| 4 | Road work | 4.9245 | | | | | |
| | M/S Sunvee construction | | 3.2917 | 10.11.13 | 25.12.13/ 30.11.13 | 30.06.14 | 25.06.14 |
| 5 | Walk way including walkway shed & facilities point | 20.7688 | | | | | |
| | Amena Enterprise | | 6.2132 | 27.05.13 | 30.05.13 | 30.06.14 | 15.06.14 |
| | NAF Engineers | | 2.1515 | 06.11.13 | 15.06.14 | 30.12.14 | 20.12.14 |
| 6 | Drainage system | 4.5480 | | | | | |
| | AMTEC Enterprise | | 2.102.21 | 20.11.13 | 05.12.13/ 30.11.13 | 30.06.14 | 25.06.14 |
| 7 | Arch / Foot over Bridge | 12.8308 | | | | | |
| | (a) Mir Akhter Hossain ltd | | 7.2050 | 01.10.13 | 27.10.13/ 13.10.13 | 02.05.14 | 20.04.14 |
| | (b) NAF Engineers | | 3.1462 | 18.10.13 | 25.10.13 | 30.06.14 | 30.08.14 |
| 8 | Canal Embankment Protection | 3.9705 | | | | | |
| | (a) NAF Engineers | | 3.9705 | 01.08.13 | 01.09.13/ 25.11/13 | 30.06.14 | 30.10.14 |
| 9 | Arboriculture (Tree Plantation + Turffing) | 3.000 | | | | | |

(কোটি টাকায়)

| | ক্রয় বিবরণী | প্রাক্কলিত মূল্য | দরপত্র | | | কাজ সমাপ্তির তারিখ | |
|---|---|---|---|---|---|---|---|
| | | | চুক্তিমূল্য | আহবানের তারিখ | চুক্তি স্বাক্ষর | চুক্তি অনুযায়ী | প্রকৃত |
| ১ | ২ | ৩ | ৪ | ৫ | ৬ | ৭ | ৮ |
| | (a) Garden Centre | | 3.000 | 15.11.13 | 05.12.13/ 25.11.13 | 30.06.14 | 15.06.14 |
| 10 | Electrification work (Sub-Station, Pole, Fittings etc.) | 2.2595 | | | | | |
| | (a) RM Coorpora-tion | | 122.5444 | 20.11.13 | 10.01.14/ 01.12.13 | 30.06.14 | 15.03.15 |

৮। **প্রকল্প পরিচালক সংক্রান্ত তথ্যাদি:**

| ক্র নং | প্রকল্প পরিচালকের নাম ও পদবী | দায়িত্বের ধরণ | কর্মকাল |
|---|---|---|---|
| ১. | মোঃ মেজবাহুল করিম, নির্বাহী প্রকৌশলী, ঢাকা উত্তর সিটি কর্পোরেশন। | খন্ডকালীন | ২৮/০১/২০১০ হতে ১৬-০২-২০১২ |
| ২. | মোঃ শরীফ উদ্দীন,তত্ত্বাবধায়ক প্রকৌশলী (পুর), ঢাকা উত্তর সিটি কর্পোরেশন। | খন্ডকালীন | ১৭/০২/২০১২ হতে প্রকল্প সমাপ্ত পর্যন্ত |

৯। **এডিপি/ সংশোধিত আরএডিপি বরাদ্দ ও অগ্রগতি :**

প্রকল্পের পিসিআর ও সংস্থা কর্তৃক সরবরাহকৃত তথ্য অনুযায়ী আলোচ্য প্রকল্পের অনুকূলে বছরওয়ারী অর্থ বরাদ্দ, অবমুক্তি এবং ব্যয় নিম্নরূপ:

(লক্ষ টাকায়)

| **অর্থবছর** | **সংশোধিত বরাদ্দ ও লক্ষ্যমাত্রা** | | | **টাকা অবমুক্তি** | **ব্যয় বাস্তব অগ্রগতি** | | |
|---|---|---|---|---|---|---|---|
| | **মোট** | **টাকা** | **ডিএনসিসি'র নিজস্ব** | | **মোট** | **টাকা** | **ডিএনসিসি'র নিজস্ব** |
| (১) | (২) | (৩) | (৪) | (৫) | (৬) | (৭) | (৮) |
| ২০১১-২০১২ | ৭৪৯৬.০০ | ৭৪৯৬.০০ | - | ৭৪৯৬.০০ | ৭৪৯৬.০০ | ৭৪৯৬.০০ | - |
| ২০১২-২০১৩ | ২৮৯৪২.০০ | ২৮৩৪২.০০ | ৬০০.০০ | ২৮৩৪২.০০ | ২৮৯৪২.০০ | ২৮৩৪২.০০ | ৬০০.০০ |
| ২০১৩-২০১৪ | ১২৫৯৮.০০ | ১১৫৯৮.০০ | ১০০০.০০ | ১১৫৯৮.০০ | ১২৫৯৮.০০ | ১১৫৯৮.০০ | ১০০০.০০ |
| ২০১৪-২০১৫ | ৫২৯৬.৪৩ | ৪৬৫০.০০ | ৭৩৬.৪৩ | ৪৬৫০.০০ | ৩২২৪.৬২ | ২৬৭৪৭.৬২ | ৫৫০.০০ |
| **সর্বমোট** | **৫৪৪২২.৪৩** | **৫২০৮৬.০০** | ২৩৩৬.৪৩ | **৫২০৮৬.০০** | **৫২২৬০.৬২** | **৫০১১০.৬২** | ২১৫০.০০ |

১০। **কাজ অসম্পুর্ন থাকলে তার কারন** :

অনুমোদিত আরডিপিপি অনুযায়ী কাজ সমাপ্ত হয়েছে।

১১। **পরিদর্শন বর্ণনাঃ**

সমাপ্ত প্রকল্পের আওতায় বাস্তবায়িত কাজ পর্যালোচনা করার লক্ষ্যে গত ২৯ আগস্ট ২০১৬ তারিখে আইএমইডি'র পরিচালক জনাব মাহমুদুল হক এবং সহকারী পরিচালক জনাব নূর মোহাম্মদ হোসাইনী কর্তৃক প্রকল্পটি সরেজমিন

পরিদর্শন করা হয়। পরিদর্শনকালে প্রকল্প পরিচালক ও ঢাকা উত্তর সিটি কর্পোরেশনের তত্ত্বাবধায়ক প্রকৌশলী(পুর), নির্বাহী প্রকৌশলীসহ সংশ্লিষ্টরা উপস্থিত ছিলেন।

১১.১ প্রকল্পের আওতায় ৭৯.৬৫০৫ একর ভূমি অধিগ্রহণ করা হয়েছে। অধিগ্রহণ প্রক্রিয়ার উপর দীর্ঘদিন ধরে একাধিক মামলা চলমান ছিলো এবং নিষ্পত্তিতে দীর্ঘসময় ব্যয় হয়েছে। দখলউচ্ছেদ কাজে যথেষ্ট সময় ব্যয় হয়েছে। এতে প্রকল্পের স্বাভাবিক অগ্রগতি ব্যহত হয়েছে মর্মে প্রকল্প পরিচালক জানান।

| | |
|---|---|
|  |  |
| চিত্র-১: মেইন গেট | চিত্র-২: সীমানা প্রাচীর |

১১.২ রায়েরবাজার কবরস্থানের সাইটে ১২২১৮৫৮.০৪ ঘনমিটার বালি ভরাট এবং ৫৮১৫২৮.৩৬ঘনমিটার মাটি ভরাট করা হয়েছে যাতে যথাক্রমে ৪৪০১.৭৯ লক্ষ টাকা এবং ৩৫১৪.৮৭ লক্ষ টাকা ব্যয় হয়েছে। কবরস্থানের চারপাশ ঘিরে ৩২০৮.৫৪ মিটার সীমানা প্রাচীর তৈরী করা হয়েছে। সীমানা প্রাচীরের অনেক স্থানে আগাছা ও ঝোপঝাড় জন্মেছে। এগুলো নিয়মিত পরিষ্কার করা হয় না মর্মে পরিলক্ষিত হয়। এছাড়া প্রকল্পের আওতায় ১টি মূল গেট এবং ২টি ছোট গেট নির্মাণ করা হয়েছে।

| | |
|---|---|
|  |  |
| চিত্র-৩: লাশ ধোয়ার ঘরে অযুর স্থানের দেয়ালের ফাটল | চিত্র-৪: লাশ ধোয়ার ঘরে দেয়ালের টাইলসের মাঝে ফাটল। |

১১.৩ প্রকল্পের আওতায় ২১৪.৯৮বর্গ মিটারের একটি অফিস ভবন তৈরী করা হয়েছে এটি মূল গেটের পাশেই অবস্থিত। জানাযা এবং মৃতদেহ রাখার ২৮৩.৭২ বর্গ মিটারের ছাউনি তৈরী করা হয়েছে। জানাযা ছাউনির সিলিংএর কয়েকটি জায়গা ভেঙ্গে গেছে। বিশেষত লাশ ধোয়ার রুমের পাশের অজুর স্থানের সিলিং ভেংগে গেছে। এছাড়া পুরুষের অজুর স্থান ও লাশ ধোয়ার জায়গার দেয়ালে ফাটল দেখা গেছে। পরিদর্শনের দিন (বৃষ্টি হওয়ায়) ফ্লোরে বৃষ্টির পানি জমে থাকতে দেখা গেছে।



চিত্র-৫ ও ৬: লাশ ধোয়ার ঘর ও জানাযা শেডের ক্ষতিগ্রস্ত সিলিং



চিত্র-৭ ও ৮:লাশ ধোয়ার ঘরে পানি জমে থাকে।

এছাড়া লাশ ধোয়ার ঘরের দেয়ালে সোপকেস নেই। লাশ ধোয়ার জায়গায় যত্রতত্র সাবান ও অন্যান্য জিনিস পড়ে থাকতে দেখা গেছে। নারী মৃতদেহ ধোয়ার ঘরের দরজা/জানালায় বড় পর্দার ব্যবস্থা করা জরুরী।

১১.৪ পুরো কবরস্থান জুড়ে প্রায় ৬.৬৮ কিমি রাস্তা নির্মাণ করা হয়েছে। মূল ফটকের সাথে সংযুক্ত রাস্তা ও বিভিন্ন ওয়াক ওয়েতে ফাটল/ক্র্যাক পরিলক্ষিত হয়। রাস্তা/ওয়াকওয়ের কয়েকটি স্থানে বৃষ্টির পানি জমে থাকতে দেখা যায়।



চিত্র-৯ ও ১০: রাস্তা ও ওয়াকওয়ের দৃশ্যমান ফাটল ও ক্র্যাক

 

চিত্র-১১ ও ১২: ওয়াকওয়েের বিভিন্ন স্থানে ক্র্যাক ও জমে থাকা বৃষ্টির পানি

১১.৫ ছাউনিসহ পায়ে চলার পথ এবং ফ্যাসিলিটিজ পয়েন্ট করা হয়েছে প্রায় ২৯.৭১ কিমি। ২টি টয়লেটসহ ৫টি ফ্যাসিলিটিজ পয়েন্ট নির্মাণ করা হয়েছে। পরিদর্শনকালে একটি ফ্যাসিলিটিজ পয়েন্টে টয়লেটের বেসিন ও বৈদ্যুতিক বাতির পয়েন্ট ভাঙ্গা পাওয়া যায়। কবরস্থানে ৯.২০২ কিমি ড্রেনেজ সিস্টেম নির্মাণ করা হয়েছে। কবরস্থানের বিভিন্ন পয়েন্টে ৩০টি রেইনশেড এবং ২টি এম্বুলেন্স পয়েন্ট নির্মান করা হয়েছে। একটি দৃষ্টিনন্দন আর্চ ব্রীজ ও ২টি ফুটওভার ব্রীজ নির্মিত হয়েছে। এছাড়া এ প্রকল্পের আওতায় ১টি ২৫০কেভি বৈদ্যুতিক ট্রান্সফর্মারসহ ১৪৫০টি খুঁটি স্থাপন করা হয়েছে। রক্ষাপ্রদ কাজ হিসেবে সিসিব্লক জিওটেক্সটাইল ব্যহৃত হয়েছে। প্রকল্পের আওতায় ২০০০টি বৃক্ষরোপন করা হয়েছে ।



চিত্র-১৩:ব্যবহৃত কবরের ব্লক



চিত্র-১৪:সম্প্রতি দাফনকৃত কবরের ব্লক।

১১.৬ কবরস্থানটি রক্ষণাবেক্ষণ ও পুরোদমে চালানোর মতো লোকবল নেই। বিশালায়তনের নিরাপত্তা নিশ্চিত করার মতো জনবলের অভাব রয়েছে। কবরস্থানটি যথেষ্ট দৃষ্টিনন্দন হয়েছে এবং ২টি ব্লকে কবর দেয়া শুরু হয়েছে। সুবিশাল জায়গা ও ধারণ ক্ষমতার তুলনায় অত্যন্ত কম সংখ্যক মৃতদেহ কবর দেয়ার জন্য এখানে নিয়ে আসা হয়। ঢাকার সুবিধাজনক স্থানে অবস্থিত এই কবরস্থানের ব্যাপারে জনগণ যথেষ্ট ওয়াকিবহাল নয় বলে মনে হয়। পর্যাপ্ত জনবল এবং সুবিধাদি বৃদ্ধি করে এর সম্পর্কে প্রচার চালানো যেতে পারে।

## ১২। প্রকল্পের উদ্দেশ্য অর্জন :

| পরিকল্পিত | উদ্দেশ্য অর্জন |
|---|---|
| ঢাকা মহানগরীর মুসলিম সম্প্রদায়ের জন্য কবরস্থান স্থাপন করা। | প্রকল্পের আওতায় ঢাকা মহানগরীর মুসলিম সম্প্রদায়ের মৃত্যু পরবর্তী দাফনের ব্যবস্থা সম্প্রসারণ করা হয়েছে যাতে প্রায় ০১ (এক) লক্ষ কবরসহ আনুষঙ্গিক ব্যবস্থা রয়েছে মর্মে পিসিআরে উল্লেখ রয়েছে। |

১৩। **উদ্দেশ্য অর্জিত না হয়ে থাকলে তার কারনঃ** প্রযোজ্য নয়।

১৪। **অডিট সংক্রান্ত তথ্যাদি :**

প্রকল্পটি বাংলাদেশ সেনাবাহিনীর ১৪ স্বতন্ত্র ইঞ্জিনিয়ার ব্রিগেড কর্তৃক মাঠ পর্যায়ে সেনাবাহিনীর Project Implementation Policy (PIP) অনুযায়ী বাস্তবায়ন করা হয়েছে এবং নিয়মিতভাবে সেনা অডিট সম্পন্ন হয়েছে। এছাড়া ২৩/০৪/২০১৫ এর একটি অডিট আপত্তি নিষ্পত্তির অপেক্ষায় আছে মর্মে পিসিআরে উল্লেখ রয়েছে।

১৫। **পর্যবেক্ষণ:**

১৫.১ প্রকল্পটি বাস্তবায়নের ক্ষেত্রে মূল অনুমোদিত মেয়াদ ০১/০৭/২০১১ থেকে ৩০/০৬/২০১৩ পর্যন্ত ছিল। পরবর্তীতে প্রকল্পটি সংশোধন এবং ব্যয় বৃদ্ধি ব্যতিরেকে মেয়াদ বৃদ্ধি করা হয়। এর ফলে প্রকৃত বাস্তবায়নকাল দাঁড়ায় ০১/০৭/২০১১ থেকে৩০/০৬/২০১৫ পর্যন্ত। অর্থাৎ প্রকল্পের মেয়াদ ১০০% বৃদ্ধি পেয়েছে;

১৫.২ জানাযা ছাউনির সিলিংএর কয়েকটি জায়গা ভেঙ্গে গেছে। বিশেষত লাশ ধোয়ার রুমের পাশের অজুর স্থানের উপরে সিলিং ভেংগে গেছে (অনু: ১১.৩);

১৫.৩ লাশ ধোয়ার ঘরে পুরুষের অজুর স্থান ও লাশ ধোয়ার জায়গার দেয়ালে ফাটল দেখা গেছে। ফ্লোরে বৃষ্টির পানি জমে থাকতে দেখা গেছে (অনু: ১১.৩);

১৫.৪ রাস্তা এবং ওয়াকওয়েতে বেশ কয়েকটি স্থানে ফাটল/ক্র্যাক পরিলক্ষিত হয়েছে, অনেক স্থানে রাস্তায়/ওয়াকওয়েতে পানি জমে থাকে। (অনু: ১১.৪);

১৫.৫ ফ্যাসিলিটিজ পয়েন্টের একটি টয়লেটে বেসিন ও বৈদ্যুতিক বাতির পয়েন্ট ভাঙ্গা পাওয়া গেছে (অনু: ১১.৫);

১৫.৬ বিশালাকার কবরস্থানটি চালানো ও রক্ষণাবেক্ষণের জন্য প্রয়োজনীয় জনবলের অভাব পরিলক্ষিত হয়েছে (অনু:১১.৬)এবং

১৬.৭ পিসিআরে একটি অডিট অনিষ্পন্ন রয়েছে মর্মে উল্লেখ আছে (অনু: ১৬)।

১৬। **মতামত/ সুপারিশ:**

১৬.১। প্রকল্প মেয়াদ বারবার বৃদ্ধি এবং সংশোধন করার প্রবণতা পরিহার করতে হবে এবং ভবিষ্যতে অনুমোদিত মেয়াদের মধ্যে প্রকল্প বাস্তবায়নের কাজ সম্পন্ন করতে বাস্তবায়নকারী সংস্থার সচেষ্ট হওয়া প্রয়োজন (অনুচ্ছেদ-১০-খ );

১৬.২ জানাযা ছাউনির সিলিং এবং লাশধোয়া রুমের পাশের অজুর স্থানের ভাঙ্গা সিলিং দ্রুত মেরামত করতে হবে (অনু: ১১.৩);

১৬.৩ লাশ ধোয়ার ঘরে পুরুষের অজুর স্থান ও লাশ ধোয়ার জায়গার দেয়ালের ফাটল সৃষ্টি হবার বিষয়টি খতিয়ে দেখা যেতে পারে (অনু: ১১.৩);

১৬.৪ রাস্তা এবং ওয়াকওয়েতে সৃষ্টি হওয়া ফাটল/ক্র্যাক এবং লাশ ধায়ার ঘরের ফ্লোরে ও রাস্তায়/ওয়াকওয়েতে পানি জমে থাকার এর বিষয়টি খতিয়ে দেখা যেতে পারে, (অনু: ১১.৩ ও ১১.৪);

১৬.৬ ফ্যাসিলিটিজ পয়েন্টে টয়লেটের ভাঙ্গা বেসিন ও বৈদ্যুতিক বাতির পয়েন্ট দ্রুত মেরামত করতে হবে (অনু: ১১.৫);

১৬.৬ কবরস্থানের জনবল বৃদ্ধি এবং প্রাপ্ত সুবিধাদি সম্পর্কে প্রচারণার ব্যাপারে সংস্থা উদ্যোগ গ্রহণ করতে পারে;(অনু: ১১.৬);

১৬.৭ অনিষ্পন্ন অডিট দ্রুত নিষ্পত্তির উদ্যোগ গ্রহণ করতে হবে (অনুচ্ছেদ-১৫);

১৬.৮ উপরের অনুচ্ছেদ- ১৬.৪ হতে ১৬.৭ অনুযায়ী গৃহীত ব্যবস্থা সম্পর্কে স্থানীয় সরকার বিভাগ আইএমইডি-কে অবহিত করতে হবে।

## "মাদারীপুর জেলার শিবচর উপজেলায় গ্রামীণ সড়কে সেতু/কালভার্ট নির্মাণ (১ম সংশোধিত)" শীর্ষক প্রকল্পের সমাপ্ত মূল্যায়ন প্রতিবেদন

**(সমাপ্তঃ জুন, ২০১৫)**

১। **প্রশাসনিক মন্ত্রণালয়/বিভাগ** : স্থানীয় সরকার, পল্লী উন্নয়ন ও সমবায় মন্ত্রণালয়/স্থানীয় সরকার বিভাগ

২। **বাস্তবায়নকারী সংস্থা** : স্থানীয় সরকার প্রকৌশল অধিদপ্তর (এলজিইডি)

৩। **প্রকল্পের অবস্থান** : মাদারীপুর জেলার শিবচর উপজেলা

৪। **প্রকল্পের প্রাক্কলিত ব্যয় ও বাস্তবায়ন কালঃ**

(লক্ষ টাকায়)

| প্রাক্কলিত মূল্য | | প্রকৃত ব্যয় (জুন, ২০১৫ পর্যন্ত) | পরিকল্পিত বাস্তবায়নকাল | | প্রকৃত বাস্তবায়ন কাল | অতিক্রান্ত ব্যয় (মূল প্রাক্কলিত ব্যয়ের %) | অতিক্রান্ত সময় (মূল বাস্তবায়নকালের %) |
|---|---|---|---|---|---|---|---|
| মূল | সর্বশেষ সংশোধিত | | মূল | সর্বশেষ সংশোধিত | | | |
| ১ | ২ | ৩ | ৪ | ৫ | ৬ | ৭ | ৮ |
| ২১২৩.০০ | ২৩১১.০০ | ২৩১০.৬৩ | অক্টোবর/২০১৩ হতে জুন/২০১৫ইং | অক্টোবর/২০১৩ হতে জুন/২০১৫ইং | অক্টোবর/২০১৩ হতে জুন/২০১৫ইং | ১৮৭.৬৯ (৮.৮৪%) | - |

নোট: প্রকল্প সংশোধনের সময় মেয়াদ বৃদ্ধি করা হয়নি।

৫। **সাধারণ পর্যবেক্ষণঃ**

৫.১। **পটভূমিঃ**

গ্রামীণ ভৌত অবকাঠামো উন্নয়ন দারিদ্র বিমোচনের চাবিকাঠি হিসেবে বিবেচিত। গ্রামীণ পরিবহন অবকাঠামো উন্নয়নের মাধ্যমে কৃষি উপকরণ সরবরাহ ও কৃষি পণ্য বাজারজাত প্রক্রিয়া সহজীকরণের মাধ্যমে কার্যকর অর্থনৈতিক উন্নয়ন তথা দারিদ্র বিমোচন সম্ভব। নদীভাঙ্গান এবং পর্যায়ক্রমে বন্যার কারণে খারাপ যোগাযোগ ব্যবস্থা, উন্নয়নের জন্য অপর্যাপ্ত ব্যয়, কম ফলন এবং কম শিক্ষার হার দারিদ্রতার মূল কারণ। উপরোক্ত দারিদ্র দূরীকরণের জন্য অব্যাহতভাবে যোগাযোগ ব্যবস্থা উন্নয়ন করা অপরিহার্য। গ্রামীণ জনগণের কর্মসংস্থানের মাধ্যমে আয় বৃদ্ধিসহ প্রকল্প এলাকার দারিদ্র বিমোচন সহায়ক ভূমিকা পালন এবং উপজেলা ও জেলা সদরের সাথে সরাসরি যোগাযোগ স্থাপনের লক্ষ্যে আলোচ্য প্রকল্পটি গ্রহণ করা হয়।

৫.২। **উদ্দেশ্যঃ**

(ক) প্রকল্পে অন্তর্ভুক্ত ব্রীজ/কালভার্টগুলি নির্মাণের মাধ্যমে উপজেলা, ইউনিয়ন পরিষদ, গ্রোথ সেন্টার এবং গ্রাম্য বাজারের সাথে যোগাযোগ ব্যবস্থা সহজতর করা এবং কৃষি পণ্যসহ অন্যান্য মালামাল দ্রুত পরিবহন ও সরবরাহ সহজতর করা;

(খ) প্রকল্প বাস্তবায়নকালে এবং বাস্তবায়ন পরবর্তী রক্ষণাবেক্ষণ কাজে গ্রামীণ ভূমিহীন ও দরিদ্র জনগোষ্ঠীর স্বল্প ও দীর্ঘ মেয়াদী কর্মসংস্থানের সুযোগ সৃষ্টি;

(গ) সড়কের উভয় পার্শ্বে পানি প্রবাহ সহজতর করার মাধ্যমে পরিবেশের ভারসাম্য রক্ষা করা;

(ঘ) পরিবহন ব্যয় ও সময় হ্রাস করার মাধ্যমে কৃষি পণ্য পরিবহন সহজতর করা;

(ঙ) ব্রীজ/কালভার্ট নির্মাণের মাধ্যমে সড়ক নিরাপত্তা উন্নয়ন করা;

**৫.৩। প্রকল্পের প্রধান কার্যক্রমসমূহ:**

(১) ডিজাইন সার্ভে এবং সাব-সয়েল ইনভেস্টিগেশন ও অন্যান্য

(২) কম্পিউটার যন্ত্রণাংশ

(৩) ব্রীজ/কালভার্ট নির্মাণ

(৪) প্রচার ও বিজ্ঞাপন

৫.৪। **প্রকল্প অনুমোদন এবং সংশোধনঃ** গত ০৫-০২-২০১৪ তারিখে মূল ডিপিপি অনুমোদন এবং ১৩-০৪-২০১৫ তারিখে ১ম সংশোধিত ডিপিপি অনুমোদিত হয়।

৬। **প্রকল্পের অংগভিত্তিক বাস্তবায়নঃ** (প্রাপ্ত পিসিআর এর ভিত্তিতে)

(লক্ষ টাকায়)

| ক্রঃ নং | সংশোধিত ডিপিপি অনুযায়ী কাজের অংগ | একক | সংশোধিত ডিপিপি অনুযায়ী পরিকল্পিত লক্ষ্যমাত্রা | | প্রকৃত অগ্রগতি (জুন, ২০১৫ পর্যন্ত) | |
|---|---|---|---|---|---|---|
| | | | বাস্তব | আর্থিক | বাস্তব (%) | আর্থিক (%) |
| ১ | ২ | ৩ | ৪ | ৫ | ৬ | ৭ |
| ১। | ৬৭১.১৫মিঃ সেতু/কালভার্ট (মোট ৫০টি) | মিঃ | ৫০টি | ২২৭৭.০০ | ৫০টি ১০০% | ২২৭৭.০০ (৯৯.৯৮%) |
| ২। | প্রচার ও বিজ্ঞাপন | লা:সা: | | ৩.০০ | ১০০% | ৩.০০ ১০০% |
| ৩। | কম্পিউটার যন্ত্রণাংশ | লা:সা: | | ১.০০ | ১০০% | ১.০০ ১০০% |
| ৪। | ডিজাইন সার্ভে এবং সাব-সয়েল ইনভেস্টিগেশন ও অন্যান্য | লা:সা: | | ২৪.৮৫ | ১০০% | ২৪.৬৮ ৯৯.৩২% |

৭। **কাজ অসমাপ্ত থাকলে তার কারণঃ** প্রকল্পের অন্তর্ভুক্ত কোন কাজ অসমাপ্ত নেই।

৮। **প্রকল্পের সার্বিক অগ্রগতিঃ** পিসিআর-এর তথ্য অনুযায়ী প্রকল্পের শুরু হতে জুন, ২০১৫ইং পর্যন্ত ক্রমপুঞ্জিত আর্থিক অগ্রগতি হয়েছে মোট ২৩১০.৬৩ লক্ষ টাকা, যা অনুমোদিত প্রাক্কলিত ব্যয়ের ৯৯.৯৮% এবং বাস্তব অগ্রগতি ১০০% হয়েছে। প্রকল্পের বছরভিত্তিক সংশোধিত এডিপি বরাদ্দ, অবমুক্ত ও ব্যয়ের চিত্র নিম্নরূপঃ

(লক্ষ টাকায়)

| অর্থ বছর | সংশোধিত অনুমোদিত ডিপিপিতে বরাদ্দ | সংশোধিত এডিপি বরাদ্দ | | অবমুক্তি | ব্যয় | | অব্যয়িত অর্থ |
|---|---|---|---|---|---|---|---|
| | | মোট | জিওবি | | মোট | জিওবি | |
| ১ | ২ | ৩ | ৪ | ৫ | ৬ | ৭ | ৯ |
| ২০১৩-১৪ | | ২৫০.০০ | ২৫০.০০ | ২৫০.০০ | ২৫০.০০ | ২৫০.০০ | ০.০০ |
| ২০১৪-১৫ | | ২০৬১.০০ | ২০৬১.০০ | ২০৬১.০০ | ২০৬০.৬৩ | ২০৬০.৬৩ | ০.৩৭ |
| সর্বমোট | | ২৩১১.০০ | ২৩১১.০০ | ২৩১১.০০ | ২৩১০.৬৩ | ২৩১০.৬৩ | ০.৩৭ |

এ প্রকল্পের সর্বশেষ সংশোধিত অনুমোদিত ব্যয় ২৩১১.০০ লক্ষ টাকা এবং সর্বমোট ব্যয় হয়েছে ২৩১০.৬৩ লক্ষ টাকা। পিসিআর পর্যালোচনা করে দেখা যায় যে, প্রকল্পের অধীনে মোট ছাড়কৃত টাকার পরিমাণ ২৩১১.০০ লক্ষ টাকা। সমাপ্ত প্রকল্পের

ছাড়কৃত অব্যয়িত অর্থ ০.৩৭ লক্ষ টাকা (শূন্য দশমিক তিন সাত লক্ষ টাকা)। পিসিআর এ প্রদত্ত তথ্যানুযায়ী উক্ত অব্যয়িত অর্থ সরকারী কোষাগারে যথাসময়ে জমা দেওয়া হয়েছে।

**৯। প্রকল্পের প্রধান প্রধান প্যাকেজের প্রকিউরমেন্টের চিত্র নিম্নরূপ (প্রকল্প অফিসের তথ্য অনুসারে):**

| প্যাকেজ নং | দরপত্র ডকুমেন্ট অনুযায়ী প্রকিউরমেন্টের বর্ণনা | দরপত্র মূল্য (লক্ষ টাকায়) | | দরপত্র | | কাজ সমাপ্তির তারিখ | |
|---|---|---|---|---|---|---|---|
| | | প্রাক্কলিত মূল্য | চুক্তিমূল্য | দরপত্র অবস্থানের তারিখ | চুক্তি সম্পাদনের তারিখ | চুক্তি অনুযায়ী | বাস্তবে |
| CBCRRSUM /13-14/W/01 | ওমেদপুর ইউপি অফিস-দক্ষিণ ক্রোকচর হাট সড়ক ভায়া ভান্ডারীকান্দি হাইস্কুল, ভান্ডারীকান্দি ইউপি অফিস এবং এফডব্লিউসি সড়কে ৬৪৬মিঃ চেইনেজে ১২ মিটার দীর্ঘ আরসিসি গার্ডার ব্রীজ | ৪৯.৮৩ | ৫২.৩১ | ০৫-৩-১৪ | ১৬-০৫-১৪ | ২৮-০৫-১৪ | ২৩-১১-১৪ |
| CBCRRSUM /13-14/W/05 | নাজু মাদবরকান্দি বাড়ী হয়ে সাহাবুল সড়কে ২০০মিঃ চেইনেজে ১২ মিটার দীর্ঘ আরসিসি গার্ডার ব্রীজ | ৫৯.৮৯ | ৬২.৮৭ | ০৬-৩-১৪ | ১৫-০৫-১৪ | ২৯-০৫-১৪ | ২৪-১১-১৪ |
| CBCRRSUM /13-14/W/13 | বাহের চরে চান্দের বাজার সড়কে ২৮৫মিঃ চেইনেজে ৩০.৫ মিটার দীর্ঘ আরসিসি গার্ডার ব্রীজ | ১০৪.৪৪ | ১১৪.৮২ | ২৮-১০-১৪ | ২-১২-১৪ | ১৫-১২-১৪ | ১৫-০৫-১৫ |
| CBCRRSUM /13-14/W/19 | খবির মাতুব্বর কান্দি সড়কে ১৫৫০মিঃ চেইনেজে ৪.৫ মিটার দীর্ঘ আরসিসি বক্স কালভার্ট, | ২৭.৩৭ | ৩০.৩৭ | ৩-১০-১৪ | ২৮-১১-১৪ | ৯-১২-১৪ | ৯-০৫-১৫ |
| CBCRRSUM /13-14/W/30 | চিরা আবু তালেব মোল্লার বাড়ী সড়কে ১৮০.০০ চেইনেজে ৩০.০ মিটার দীর্ঘ আরসিসি গার্ডার ব্রীজ, | ১৩০.০০ | ১৪২.৯৯ | ২৫-১০-১৪ | ২৪-১২-১৪ | ৭-১-১৫ | ৭-৫-১৫ |
| CBCRRSUM /13-14/W/32 | সরদার বাড়ী ভায়া কাদের মোল্লা সড়কে ১০০.০০মিঃ চেইনেজে ১২.০ মিটার দীর্ঘ আরসিসি গার্ডার ব্রীজ | ৪৮.৩৪ | ৫০.৭৬ | ২৫-১০-১৪ | ২৪-১২-১৪ | ৭-১-১৫ | ৭-৫-১৫ |

| | | | | | | | |
|---|---|---|---|---|---|---|---|
| CBCRRSUM /13-14/W/34 | দিয়া খন্ড ভায়া নরু মাতব্বর সড়কে ৬০মিঃ চেইনেজে ৪৫ মিটার দীর্ঘ আরসিসি গার্ডার ব্রীজ | ২৭.৩৭ | ৩০.০৭ | ৩০/৯/১৪ | ২৮/১১/১৪ | ৯/১২/১৪ | ৯/৫/১৫ |

**১০। পরিদর্শন পর্যবেক্ষণ :** ১১ আগষ্ট, ২০১৬ তারিখে প্রকল্পটি আইএমইডি'র পরিচালক জনাব মোঃ শামীমুল হক কর্তৃক পরিদর্শন করা হয়। পরিদর্শনকালে প্রকল্প পরিচালক, মাদারীপুর স্থানীয় সরকার প্রকৌশল অধিদপ্তরের নির্বাহী প্রকৌশলী এবং শিবচর উপজেলা প্রকৌশলী উপস্থিত ছিলেন। পরিদর্শন পর্যবেক্ষণ নিম্নে উল্লেখ করা হলোঃ

১০.১। **সেতু/কালভার্ট নির্মাণঃ** অনুমোদিত ডিপিপি অনুযায়ী মাদারীপুর জেলার শিবচর উপজেলায় গ্রামীন সড়কে ৫০টি সেতু/কালভার্ট (মোট ৬৭১.১৫ মিটার) নির্মাণ করার কথা ছিল। এর মধ্যে ৪.৫০ মিটার দৈঘ্যের-৪টি, ৫.০০ মিটার দৈঘ্যের-১টি, ৬.০০ মিটার দৈঘ্যের-২টি, ৯.০০ মিটার দৈঘ্যের-১৬টি, ১০.০০ মিটার দৈঘ্যের-৬টি, ১২.০০ মিটার দৈঘ্যের-১০টি, ১২.৫০ মিটার দৈঘ্যের-১টি, ১৩.৫০ মিটার দৈঘ্যের-১টি, ১৫.০০ মিটার দৈঘ্যের-২টি, ১৮.০০ মিটার দৈঘ্যের-১টি, ৩০.০০ মিটার দৈঘ্যের-১টি, ৩০.৫০ মিটার দৈঘ্যের-২টি, ৪৫.০০ মিটার দৈঘ্যের-২টি, ৪৮.০০ মিটার দৈঘ্যের-১টি। ৫০টি সেতু/কালভার্ট নির্মাণ করা হয়েছে।

১০.২। পরিদর্শনকালে ১৫টি সেতু/কালভার্ট পরিদর্শন করা হয়। যেমনঃ ওমেদপুর ইউপি অফিস-দক্ষিণ ক্রোকচর হাট সড়ক ভায়া ভান্ডারীকান্দি হাইস্কুল, ভান্ডারীকান্দি ইউপি অফিস এবং এফডব্লিউসি সড়কে ৬৪৬মিঃ চেইনেজে ১২ মিটার দীর্ঘ আরসিসি গার্ডার ব্রীজ, নাজু মাদবরকান্দি বাড়ী হয়ে সাহাবুল সড়কে ২০০মিঃ চেইনেজে ১২ মিটার দীর্ঘ আরসিসি গার্ডার ব্রীজ, বাহের চরে চান্দের বাজার সড়কে ২৮৫মিঃ চেইনেজে ৩০.৫ মিটার দীর্ঘ আরসিসি গার্ডার ব্রীজ, খবির মাতুব্বর কান্দি সড়কে ১৫৫০মিঃ চেইনেজে ৪.৫ মিটার দীর্ঘ আরসিসি বক্স কালভার্ট, চিরা আবু তালেব মোল্লার বাড়ী সড়কে ১৮০.০০ চেইনেজে ৩০.০ মিটার দীর্ঘ আরসিসি গার্ডার ব্রীজ, সরদার বাড়ী ভায়া কাদের মোল্লা সড়কে ১০০.০০মিঃ চেইনেজে ১২.০ মিটার দীর্ঘ আরসিসি গার্ডার ব্রীজ, দিয়া খন্ড ভায়া নরু মাতব্বর সড়কে ৬০মিঃ চেইনেজে ৪৫ মিটার দীর্ঘ আরসিসি গার্ডার ব্রীজ পরিদর্শন করা হয়। পরিদর্শিত সেতু/কালভার্ট মাপে যথাযথ আছে।

১০.৩। পরিদর্শিত ১৫টি সেতু/কালভার্ট এর মধ্যে ওমেদপুর ইউপি অফিস-দক্ষিণ ক্রোকচর হাট সড়ক ভায়া ভান্ডারীকান্দি হাইস্কুল, ভান্ডারীকান্দি ইউপি অফিস এবং এফডব্লিউসি সড়কে ৬৪৬মিঃ চেইনেজে আরসিসি গার্ডার ব্রীজটি পরিমাপ করা হয়; যা দৈঘ্যে ১২.০০ মিটার এবং প্রস্থে ৪.০০ মিটার পাওয়া যায়। নাজু মাদবরকান্দি বাড়ী হয়ে সাহাবুল সড়কে ২০০মিঃ চেইনেজে আরসিসি গার্ডার ব্রীজটি পরিমাপ করা হয়; যা দৈঘ্যে ১২.০০ মিটার এবং প্রস্থে ৪.০০ মিটার পাওয়া যায়। চিরা আবু তালেব মোল্লার বাড়ী সড়কে ১৮০.০০ চেইনেজে ৩০.০ মিটার দীর্ঘ আরসিসি গার্ডার ব্রীজ, যা দৈঘ্যে ৩০.০০ মিটার এবং প্রস্থে ৪.২৫ মিটার পাওয়া যায়। পরিদর্শিত সেতু/কালভার্ট-এর দৈঘ্য ও প্রস্থ স্পেসিফিকেশন অনুযায়ী যথাযথ আছে বলে প্রথীয়মান হয়।

১০.৪। **উপকারভোগীদের মতামতঃ** প্রকল্প এলাকায় বাস্তবায়িত ব্রীজ/কালভার্ট নির্মাণের ফলে এলাকার জনসাধারণের যোগাযোগ ব্যবস্থার উন্নয়নসহ কৃষি পণ্য বাজারজাতকরণ সহজ হয়েছে বলে পরিদর্শনকালে এলাকাবাসী জানায়।



১১। **প্রকল্প পরিচালক সম্পর্কিত তথ্যঃ** প্রকল্পের শুরু থেকে শেষ পর্যন্ত এলজিইডি'র প্রকৌশলী জনাব মোঃ মজিবুর রহমান সিকদার প্রকল্প পরিচালকের দায়িত্ব পালন করেছেন। গত ১২-০২-২০১৪ তারিখে প্রকল্পে খন্ডকালীন প্রকল্প পরিচালক হিসেবে তিনি যোগদান করে ১ বছর ৯ মাস কর্মরত ছিলেন।

১২। **প্রকল্পের উদ্দেশ্য অর্জনঃ**

| | পরিকল্পিত উদ্দেশ্য | অর্জিত ফলাফল |
|---|---|---|
| ক) | প্রকল্পে অন্তর্ভুক্ত ব্রীজ/কালভার্টগুলি নির্মাণের মাধ্যমে উপজেলা, ইউনিয়ন পরিষদ, গ্রোথ সেন্টার এবং গ্রাম্য বাজারের সাথে যোগাযোগ ব্যবস্থা সহজতর করা এবং কৃষি পণ্যসহ অন্যান্য মালামাল দ্রুত পরিবহন ও সরবরাহ সহজতর করা। | প্রকল্পে অন্তর্ভুক্ত ব্রীজ/কালভার্টগুলি নির্মাণের মাধ্যমে উপজেলা, ইউনিয়ন পরিষদ, গ্রোথ সেন্টার এবং গ্রাম্য বাজারের সাথে যোগাযোগ ব্যবস্থা এবং কৃষি পণ্যসহ অন্যান্য মালামাল দ্রুত পরিবহন ও সরবরাহ সহজতর হয়েছে। |
| খ) | প্রকল্প বাস্তবায়নকালে এবং বাস্তবায়ন পরবর্তী রক্ষণাবেক্ষণ কাজে গ্রামীণ ভূমিহীন ও দরিদ্র জনগোষ্ঠীর স্বল্প ও দীর্ঘ মেয়াদী কর্মসংস্থানের সুযোগ সৃষ্টি। | প্রকল্প বাস্তবায়নকালে গ্রামীণ ভূমিহীন ও দরিদ্র জনগোষ্ঠীর সাময়িক কর্মসংস্থানের সুযোগ সৃষ্টি হয়েছিল। বাস্তবায়ন পরবর্তীকালে রক্ষণাবেক্ষণ কাজের জন্য সীমিত কর্মসংস্থানের সুযোগ সৃষ্টি হবে। |
| গ) | সড়কের উভয় পার্শ্বে পানি প্রবাহ সহজতর করার মাধ্যমে পরিবেশের ভারসাম্য রক্ষা করা। | সড়কের উভয় পার্শ্বে স্বাভাবিক পানি প্রবাহে কোন বাধার সৃষ্টি হচ্ছে না বলে প্রতীয়মান হয়। |
| ঘ) | পরিবহন ব্যয় ও সময় হ্রাস করার মাধ্যমে কৃষি পণ্য পরিবহন সহজতর করা। | কৃষি পণ্য বাজারজাতকরণে পরিবহন খরচ অনেকাংশে কমেছে বলে পিসিআর-এ উল্লেখ আছে। |
| ঙ) | ব্রীজ/কালভার্ট নির্মাণের মাধ্যমে সড়ক নিরাপত্তা উন্নয়ন করা। | ব্রীজ/কালভার্ট নির্মাণের ফলে সড়ক নিরাপত্তা পূর্বের তুলনায় ভাল হয়েছে বলে উপকারভোগীরা জানায়। |

১৩। **উদ্দেশ্য পুরোপুরি অর্জিত না হলে এর কারণঃ** প্রকল্পের কাঙ্খিত উদ্দেশ্য অর্জিত হয়েছে।

১৪। **প্রকল্প বাস্তবায়ন সমস্যাঃ**

প্রকল্প বাস্তবায়নে কোন প্রকার বিলম্ব হয়নি। প্রকল্প বাস্তবায়ন কালীন পুরা সময়ে কোন প্রকল্প পরিচালক পরিবর্তন হয়নি। প্রকল্প বাস্তবায়নে কোন সমস্যা পরিলক্ষিত হয়নি বলে প্রকল্প পরিচালক জানান।

**১৫। আইএমইডি'র পর্যবেক্ষণ :**

১৫.১ ডিপিপি অনুযায়ী মাদারীপুর জেলার শিবচর উপজেলায় গ্রামীন সড়কে ৫০টি সেতু/কালভার্ট (মোট ৬৭১.১৫ মিটার) নির্মাণ করা হয়েছে বলে জানা যায়।

১৫.২ পরিদর্শিত সেতু/কালভার্ট স্পেসিফিকেশন অনুযায়ী যথাযথ দৈর্ঘ্য ও প্রস্থে করা হয়েছে।

১৫.৩ শিবচর উপজেলার গ্রামীন সড়কে ৫০টি সেতু/কালভার্ট নির্মান করায় এলাকার যোগাযোগ ব্যবস্থার উন্নতি হয়েছে। এ সুবিধা টেকসই করার জন্য সেতু/কালভার্টগুলো এবং এর এ্যাপ্রোচ রোড সংরক্ষণ করা প্রয়োজন।

১৫.৪ মূল অনুমোদিত বাস্তবায়নকালের কোন বৃদ্ধি ব্যতিরেকে প্রকল্পটি বাস্তবায়ন করা হয়েছে এবং প্রকল্প পরিচালক পরিবর্তন হয়নি, যা প্রশংসনীয়।

১৫.৫ প্রকল্পটির এক্সটারনাল অডিট সম্পন্ন হয়নি মর্মে প্রতীয়মান হয়।

১৫.৬ শুধু একটি উপজেলার সেতু/কালভার্ট নির্মান জন্য ২৩.১১ কেটি টাকা প্রাক্কলিত ব্যয়ে গৃহীত প্রকল্পটি খুব ছোট। জাতীয় পর্যায়ে শুধু একটি উপজেলার সেতু/কালভার্ট নির্মান জন্য আলাদা প্রকল্প গ্রহণ না করে কয়েকটি কয়েক জেলার জন্য সমন্বিত প্রকল্প গ্রহন করা হলে প্রকল্প ব্যবস্থাপনার ব্যয় কমে সরকারী অর্থের সাশ্রয় হত।

**১৬.০ মতামত/সুপারিশ :**

১৬.১ শিবচর উপজেলার গ্রামীন সড়কের সুবিধা টেকসই করার জন্য সেতু/কালভার্টগুলো এবং এর এ্যাপ্রোচ রোড সংরক্ষণ করা (অনুচ্ছেদ ১৫.৩)।

১৬.২ জাতীয় পর্যায়ে শুধু একটি উপজেলার সেতু/কালভার্ট নির্মান জন্য আলাদা প্রকল্প গ্রহণ না করে ভবিষ্যতে প্রকল্প প্রণয়নের সময় কয়েকটি কয়েক জেলার জন্য সমন্বিত প্রকল্প গ্রহন করা (অনুচ্ছেদ ১৫.৬)।

১৬.৩ প্রকল্পটির অডিট দ্রুত সম্পাদনের উদ্যোগ গ্রহণ করতে হবে। এতে কোন আপত্তি উত্থাপিত হলে তা দ্রুত নিষ্পত্তির ব্যবস্থা গ্রহণ করতে হবে (অনুচ্ছেদ-১৫.৬)।

১৬.৪ Ab‡"Q` 1৬.১ n‡Z 1৬.৩ Gi we l‡q MnxZ e¨e¯v gšŸYvjq AvMvgx 1 gv‡mi g‡a¨ AvBGgBwW‡K AewnZ Ki‡e|

## “বিশেষ গ্রামীণ পানি সররবাহ” শীর্ষক প্রকল্পের সমাপ্ত মূল্যায়ন প্রতিবেদন

**( সমাপ্ত : জুন, ২০১৫)**

১। **উদ্যোগী বিভাগ/মন্ত্রণালয়** : স্থানীয় সরকার, পল্লী উন্নয়ন ও সমবায় মন্ত্রণালয়, স্থানীয় সরকার বিভাগ।

২। **বাস্তবায়নকারী সংস্থা** : জনস্বাস্থ্য প্রকৌশল অধিদপ্তর।

৩। **প্রকল্পের অবস্থান** : সমগ্র বাংলাদেশের গ্রামীণ এলাকা।

৪। **প্রকল্পের বাস্তবায়ন কাল ও ব্যয়** :

লক্ষ টাকা

| প্রাক্কলিত ব্যয় (প্রঃ সাঃ) | | প্রকৃত ব্যয় (প্রঃসাঃ) | পরিকল্পিত বাস্তবায়নকাল | | প্রকৃত বাস্তবায়ন কাল | অতিক্রান্ত ব্যয় (মূল প্রাক্কলিত ব্যয়ের %) | অতিক্রান্ত সময় (মূল বাস্তবায়নকালের %) |
|---|---|---|---|---|---|---|---|
| মূল | সর্বশেষ সংশোধিত | | মূল | সর্বশেষ সংশোধিত | | | |
| ৬৯৯,৯৯.৪৪ | ৭৩৭,১২.৬২ | ৭৩৬,৫৯.১৮ | জুলাই/২০১০ হতে জুন/২০১৩ | জুলাই/২০১০ হতে জুন/২০১৫ | জুলাই/২০১০ হতে জুন/২০১৫ | ৩৬৫৯.৭৪ (৫.২৩%) | ৬৬.৬৭% |

৫। **সাধারণ পর্যবেক্ষণ** :

৫.১। **প্রকল্পের পটভূমি** : স্বাস্থ্য এবং অর্থসামাজিক উন্নয়নের জন্য নিরাপদ পানি সরবরাহ অপরিহার্য। বছরব্যাপী নিরাপদ পানি প্রাপ্তি মানুষের অধিকার এবং এটি পুরণের লক্ষ্যে সরকারের পক্ষে জনস্বাস্থ্য প্রকৌশল অধিদপ্তর কাজ করছে। গণতান্ত্রিক সরকার ২০১১ সালের মধ্যে সকলের জন্য আর্সেনিকমুক্ত নিরাপদ পানি সকল কাজে ব্যবহারের লক্ষ্যমাত্রা নির্ধারণ করেছিল। সরকার কর্তৃক নির্ধারিত এই লক্ষ্যমাত্রা অর্জনের জন্য সমগ্রদেশের গ্রামাঞ্চলে যেখানে নিরাপদ পানির অভাব সেখানে যে প্রযুক্তি লাগসই তার মাধ্যমে বিশেষ গ্রামীণ পানি সররবরাহ প্রকল্পটি গ্রহন করা হয়েছিল।

৫.২। **উদ্দেশ্য** :

- গ্রামীণ জনগণকে নিরাপদ পানি সরবরাহের মাধ্যমে পানি বাহিত ও পানি সংক্রান্ত রোগের প্রার্দুভাব হ্রাসকরণ;
- নিরাপদ পানি সরবরাহের কভারেজ বৃদ্ধিকরণ এবং
- প্রাকৃতিক দূর্যোগকালীন সময়ে নিরাপদ পানি সরবরাহ ব্যবস্থা সচল রাখা।

৫.৩ **প্রকল্পের প্রধান অঙ্গসমূহ** :

- তথ্যানুসন্ধান মূলক খনন কাজ
- বৃষ্টির পানি সংক্ষণ
- অগভীর নলকূপ স্থাপন
- অগভীর তারা নলকূপ স্থাপন
- রিংওয়েল নলকূপ স্থাপন
- গভীর নলকূপ স্থাপন

৬। প্রকল্পের অনুকূলে বছরভিত্তিক বরাদ্দ, অবমুক্তি ও ব্যয়ের চিত্র (পিসিআর এর ভিত্তিতে):

| অর্থ বছর | সর্বশেষ সংশোধিত ডিপিপিতে সংস্থান | সংশোধিত এডিপি বরাদ্দ | অবমুক্ত | ব্যয় |
|---|---|---|---|---|
| ২০১০-১১ | ৮৭৪৪.৭৪ | ৮৭৬০.০০ | ৮৭৬০.০০ | ৮৭৪৪.৭৪ |
| ২০১১-১২ | ১৪৮৮২.৪৫ | ১৪৮৯৯.০০ | ১৪৮৯৯.০০ | ১৫৮৮২.৪৫ |
| ২০১২-১৩ | ১৩৪৪৮.৭১ | ১৩৪৫২.০০ | ১৩৪৫২.০০ | ১৩৪৪৮.৭১ |
| ২০১৩-১৪ | ১৪০২৫.০০ | ১৪০২৫.০০ | ১৪০২৫.০০ | ১৪০২৪.০৬ |
| ২০১৪-১৫ | ২২৬১১.৭২ | ২২৬০০.০০ | ২২৫৭৬.০০ | ২২৫৫৯.১৮ |

৭। কাজের অঙ্গভিত্তিক বাস্তবায়ন অগ্রগতি :

(লক্ষ টাকায়)

| ক্রমিক নং | অঙ্গের বিবরণ (সর্বশেষ অনুমোদিত ডিপিপি অনুযায়ী) | একক | পরিকল্পিত লক্ষমাত্রা (সর্বশেষ অনুমোদিত ডিপিপি অনুযায়ী) | | প্রকৃত বাস্তবায়ন | | মন্তব্য |
|---|---|---|---|---|---|---|---|
| | | | বাস্তব (%) | আর্থিক | বাস্তব (%) | আর্থিক | |
| (ক) | মূলধন অংগ সমুহ | | | | | | |
| ১.০ | তথ্যানুসন্ধান মূলক খনন কাজ | টি | ১০০ | ৯৬.০০ | ১০০ | ৯৬.০০ | |
| ২.০ | বৃষ্টির পানি সংক্ষণ | টি | ১৩০০ | ৪৮৮.০২ | ১৩০০ | ৪৮৮.০২ | |
| ৩.০ | পানির উৎস | | | | | | |
| ৩.১ | পি.এস.এফ | টি | ১৭০০০ | ১০৮৩.৩ | ১৭০০ | ১০৮৩.৩০ | |
| ৩.২ | এসএসটি/ভিএসএসটি | টি | ২৫০ | ৫৬.৩০ | ৫৬.৩০ | ২৫০ | |
| ৩.৩ | অগভীর নলকূপ | টি | ১৬০০০ | ৩২০০.৭২ | ১৬০০০ | ৩২০০.৭২ | |
| ৩.৪ | অগভীর তারা নলকূপ | টি | ২৮৮৭৭ | ৯৬৭৭.৭৩ | ২৮৮৭৭ | ৯৬৭৭.৭৩ | |
| ৩.৫ | অগভীর তারা নলকূপ (মডিফাইড) | টি | ২২০০ | ১২২২.৮৯ | ২২০০ | ১২২২.৮৯ | |
| ৩.৬ | গভীর ৬নং নলকূপ | টি | ৪৬২৫৩ | ৩৫৬৫২.৭১ | ৪৬২৫৩ | ৩৫৬৩১.৬০ | |
| ৩.৭ | রিংওয়েল | টি | ৮২১৪ | ৬৭১৪.৪০ | ৮২১৪ | ৬৭০৪.৪০ | |
| ৩.৮ | গভীর তারা নলকূপ | টি | ১৬২৭৬ | ১৩৯৮১.৬০ | ১৬২৭৬ | ১৩৯৭৮.৪৯ | |
| ৪.০ | পানি বিশুদ্ধ করণ ইউনিট | | | | | | |
| ৪.১ | কমিউনিটি ভিত্তিক আর্সেনিক এবং আয়রণ দুরিকরণ ইউনিট তৈরী | টি | ৩০ | ৩০.০০ | ৩০ | ২৮.০০ | |

| | | | | | | | |
|---|---|---|---|---|---|---|---|
| ৪.২ | কমিউনিটি ভিত্তিক রির্ভাস ইউনিট তৈরী | টি | ১০০ | ৫ | ৯৯.৮৫ | ৫ | |
| ৫.০ | যানবাহন | | | | | | |
| ৫.১ | জীপ গাড়ী | টি | ১ | ৪৫.০০ | ১ | ৪৫.০০ | |
| ৫.২ | ডাবল কেবিন পিকআপ | টি | ১ | ২৭.৭০ | ১ | ২৭.৭০ | |
| ৫.৩ | মোটর সাইকেল | টি | ১০ | ১০.০০ | ১০ | ১০.০০ | |
| ৬.০ | যন্ত্রপাতি ও সরঞ্জামাদি | | | | | | |
| ৬.১ | কম্পিউটার, প্রিন্টার ও অন্যান্ন যন্ত্রাংশ | টি | ১০ | ৭.৫০ | ১০ | ৭.৫০ | |
| ৬.২ | ফটোকপিয়ার | টি | ২ | ৪.০০ | ২ | ৪.০০ | |
| ৬.৩ | ফ্যাক্স | টি | ১ | ০.৫০ | ১ | ০.৫০ | |
| ৮.০ | আসবাবপত্র | থোক | | ২.০০ | | ২.০০ | |
| ৯.১ | প্রশিক্ষণ | থোক | | ২০.০০ | | ১৯.৯৯ | |
| ৯.২ | গবেষণা ও উন্নয়ন, প্রযুক্তিগত ম্যাপ তৈরী এবং পাইলোটিং নতুন/বিকল্প পানির উৎস | থোক | | ১৭৫.২৫ | | ১৭৫.২৫ | |
| ৯.৩ | সচেতনতা বৃদ্ধি | থোক | | ৫০.০০ | | ৫০.০০ | |
| ৯.৪ | সরবরাহ ও সেবা | থোক | | ৯০০.০০ | | ৮৯৬.৬১ | |
| ১০.০ | অফিস সরঞ্জাম এবং যানবাহ এর মেরামত ও সংরক্ষণ | থোক | | ৪৬.০০ | | ৪৬.০০ | |
| ১১.০ | জনবল | জন | | ১২১.০০ | | ১০৭.৩০ | |
| | **সর্বমোটঃ** | | | **৭৩৭১২.৬২** | | **৭৩৬৫৯.১৪** | |

৮। **কাজ অসমাপ্ত থাকলে তার কারণ** : প্রকল্পের গুরুত্বপূর্ণ কোন কার্যক্রম অসমাপ্ত নেই।

৯। **প্রকল্পের প্রধান প্রধান প্যাকেজের প্রকিউরমেন্ট চিত্র** (প্রাপ্ত পিসিআর অনুসারে):

| প্যাকেজের বর্ণনা | চুক্তি মূল্য (লক্ষ টাকা) | টেন্ডার/প্রস্তাব | | সমাপ্তির তারিখ | |
|---|---|---|---|---|---|
| 2 | Development of Kewarjure UP Office to Hemantagonj Launch Ghat road (Ch 00-4470m) | 4.84 | 4.84 | 17.01.2013 | 18.08.2013 | 17.08.2014 | 30.04.2014 |
| 3 | Development of Kazirkhola launch Ghat to Telikhat Bazar road ( Ch:00-3740m) | 3.95 | 3.95 | 17.01.2013 | 18.08.2013 | 17.08.2014 | 30.04.2014 |
| 4 | Development of incomplete portion of road from Abdullahpur UP Office-kalimpur, Khairpur-Kadirpur road (Ch 5000-9329m) | 5.38 | 5.80 | 17.01.2013 | 27.10.2013 | 26.10.2014 | 12.03.2015 |
| 5 | Development of Abdullahpur Up office-isapur road (Ch.00-3040m) | 4.13 | 4.13 | 17.01.2013 | 13.10.2013 | 12.10.2014 | 09.03.2015 |

১৩। **<u>পরিদর্শন বর্ণনা:</u>**

গত ১৬ হতে ১৭ নভেম্বর ২০১৬ তারিখে যথাক্রমে মিঠামইন ও অষ্টগ্রাম উপজেলায় আইএমই বিভাগের সহকারী পরিচালক জনাব নূর মোহাম্মদ হোসাইনী কর্তৃক প্রকল্পের বাস্তবায়ন কাজ সরেজমিনে পরিদর্শন করা হয়। পরিদর্শনকালে নির্বাহী প্রকৌশলী, উপজেলা প্রকৌশলী ও ঠিকাদারী প্রতিষ্ঠানের প্রকৌশলীসহ সংশ্লিষ্টরা উপস্থিত ছিলেন।



চিত্র-১: আটপাশা ফেরীঘাট হতে সিংগা লঞ্চঘাট সড়ক

১৩.১ কিশোরগঞ্জ জেলার মিঠামইন উপজেলার ঢাকী ইউনিয়নের আটপাশা ফেরিঘাট হতে সিংগা লঞ্চঘাট রাস্তাটি শুষ্ক মৌসুমে উপজেলা ও জেলা সদর এবং রাজধানীসহ ভৈরব বাজার যাবার একমাত্র রাস্তা। রাস্তাটির অবস্থা ভাল বলে প্রতীয়মান হয়।



চিত্র ২: আটপাশা ফেরীঘাট হতে সিংগা লঞ্চঘাট সড়কের প্রশস্ততা ও আরসিসির পুরুত্ব মাপা হয়।



চিত্র ৩: জলমগ্ন সাবমার্জিবল সড়ক

১৩.২ পরিদর্শনকালে রাস্তার প্রশস্ততা মেপে দেখা হয় এবং আরসিসি'র পুরুত্ব মেপে ১৫০মিলিমিটার পাওয়া যায়। রাস্তার কয়েকটি স্থানে সফট শোল্ডার পানিতে ক্ষয়ে গেছে। কিছু স্থানে রাস্তার গাইড ওয়ালের ইট ভেঙ্গে গেছে। মূলত জলমগ্ন থাকার সময় নৌকার আঘাতে গাইডওয়াল ক্ষতিগ্রস্ত হয় বলে জানা যায়।

১৩.৩ মিঠামইন উপজেলাধীন ঘাগড়া ইউনিয়নের ঘাগড়া হাইস্কুল হতে চারিগ্রাম ফেরিঘাট রাস্তাটি অত্র এলাকার জন্য গুরুত্বপূর্ণ। পরিদর্শনকালে রাস্তাটির প্রশস্ততা এবং আরসিসি ঢালাইয়ের পুরুত্ব স্পেসিফিকেশন অনুযায়ী সঠিক পাওয়া যায়। তবে সড়কের কোন নামফলক/নির্দেশক পাওয়া যায়নি।



চিত্র-৪:ঘাগড়া হাইস্কুল হতে চারিগ্রাম ফেরীঘাট সড়ক উন্নয়ন(চেইঃ ০০-১৫০০ মিঃ)।

১৩.৪ ১৮ নভেম্বর ২০১৬ তারিখে প্রকল্পের আওতায় অষ্টগ্রাম উপজেলায় বাস্তবায়িত কাজ পরিদর্শন করা হয়। এই উপজেলার আবদুল্লাহপুর ইউপি অফিস হতে ইছাপুর সড়কটি ইছাপুর গ্রামটিকে আবদুল্লাহপুরের সাথে যুক্ত করেছে। এটি প্রাথমিক বিদ্যালয় ও উচ্চ বিদ্যালয়সহ ইসলামপুর বাজারকে যুক্ত করেছে। ফলে এর মাধ্যমে যাতায়াত ব্যবস্থার উন্নয়নসহ আর্থসামাজিক অগ্রগতির সুযোগ প্রসারিত হয়েছে।



চিত্র-৫: আবদুল্লাহপুর ইউপি অফিস-ইছাপুর সড়ক।

১৩.৫ পরিদর্শনকালে রাস্তার প্রশস্ততা ও আরসিসির পুরুত্ব মেপে দেখা হয়। রাস্তার দুই একটি স্থানে আরসিসি সারফেস অমসৃন ও ক্ষতিগ্রস্ত/ক্ষয়প্রাপ্ত অবস্থায় পাওয়া যায়।(চিত্র:৭) রাস্তা নির্মাণের দুইএক বছরের মধ্যে ক্ষতিগ্রস্ত হওয়া কাম্য নয়। স্থানীয় সরকার প্রকৌশল অধিদপ্তর বিষয়টি কখতিয়ে দেখতে পারে।



চিত্র-৬: আবদুল্লাহপুর ইউপি অফিস-ইছাপুর সড়কের একাংশ।



চিত্র-৭: সড়কের ক্ষয়প্রাপ্ত আরসিসির সারফেস

১৩.৬ সার্বিকভাবে পরিদর্শিত সড়কসমূহ অবস্থাদৃষ্টে পরিকল্পনা অনুযায়ী নির্মিত হয়েছে বলে প্রতীয়মান হয়। বছরের বেশিরভাগ সময় পানির নিচে থাকা এবং Flash Food Prone এলাকা হওয়ায় সড়ক ও সফট শোল্ডার নিয়মিত রক্ষণাবেক্ষণ ও নজরদারী রাখতে হবে। এছাড়া কয়েকটি সড়কে নামফলক/নির্দেশক পাওয়া যায়নি।

১৩.৭ পরিদর্শনকালে প্রতিটি রাস্তার পার্শ্ববর্তী এলাকাবাসী জানান সড়কগুলোর মধ্যমে হাওরাঞ্চলের জনগণ উপকৃত হয়েছেন। ইউনিয়ন ও গ্রামসমূহের অধিবাসীরা সদরের সাথে সরাসরি যুক্ত হওয়ার সুযোগ সৃষ্টি হয়েছে। সড়ক চালু হওয়ায় প্রচুর যানবাহন চলাচল করছে।

১৪। **অন্যান্য যন্ত্রপাতি/গাড়ি ক্রয়/সংস্থান:**

প্রকল্পের আওতায় কোন যন্ত্রপাতি/গাড়ি ক্রয় করা হয়নি।

১৫। **অডিটসংক্রান্ত তথ্যঃ**

পিসিআর ও প্রাপ্ত তথ্যাদি পর্যালোচনা করে দেখা যায় যে, প্রকল্পটির সকল অর্থ বৎসরের External Audit করা হয়েছে যাতে পাঁচটি আপত্তি নিষ্পত্তির অপেক্ষা রেয়েছে। এর Internal অডিট করা হয়নি বা অডিট সম্পন্নের বিষয়ে উক্ত প্রতিবেদনে কোন উল্লেখ করা হয়নি।

১৬। **প্রকল্পের উদ্দেশ্য অর্জন:**

| পরিকল্পিত | অর্জন |
|---|---|
| ক) হাওরাঞ্চলে সাব-মার্জিবল সড়ক নির্মানের মাধ্যমে যোগাযোগ নেটওয়ার্কের উন্নয়ন ও কৃষিপণ্য উৎপাদন ও বাজারজাতকরণ ফ্যাসিলিটেট করার মাধ্যমে গ্রামীণ জনগোষ্ঠীর আর্থসামাজিক উন্নয়ন;<br>খ) সড়ক যোগাযোগব্যবস্থার গতিরোধক (Bottleneck) দূরীকরণ ও গ্রামীণ সড়কে যাতায়াত ও বাজারজাতকরণ ব্যয় হ্রাস করা;<br>গ) যোগাযোগ ব্যবস্থা নির্মাণের মাধ্যমে গ্রামীণ দারিদ্র জনগোষ্ঠীর স্বল্প ও দীর্ঘ মেয়াদী কর্মসংস্থানের সুযোগ সৃষ্টি ও দারিদ্র হ্রাস করা। | মিঠামইন ও অষ্টগ্রাম উপজেলার যোগাযোগ ব্যবস্থার উন্নয়নে সড়কসমূহ নির্মাণ সম্পন্ন হওয়ায় প্রকল্পটির ইপ্সিত উদ্দেশ্য অর্জিত হয়েছে। সড়কে নিরাপদ, সাশ্রয়ী ও যোগাযোগ স্থাপন হয়েছে এবং উপজেলার যোগাযোগ নেটওয়ার্ক উন্নত ও শক্তিশালী হয়েছে যা এলাকার আর্থ-সামাজিক উন্নয়ন অবদান রাখবে বলে পিসিআর এ উল্লেখ রয়েছে। |

১৭। **পর্যবেক্ষণ:**

১৭.১ আবদুল্লাহপুর ইউপি অফিস-ইছাপুর সড়কে আরসিসি সারফেসের কিছু অংশ ক্ষয়প্রাপ্ত হয়েছে (অনু: ১৩.৫);

১৭.২ পরিদর্শিত সবগুলো সড়কেরই অনেকস্থানে সফট শোল্ডার ক্ষয় হয়েছে/ পাওয়া যায়নি (অনু: ১৩.২, ১৩.৫);

১৭.৩ নির্মিত কয়েকটি সড়কের নির্দেশক বা নামফলক রাখা হয়নি (অনু: ১৩.৬);

১৭.৪ সমাপ্ত প্রকল্পটির Internal অডিট সম্পন্ন করা হয়নি (অনু: ১৫)।

১৮। **মতামত/সুপারিশঃ**

১৮.১। আবদুল্লাহপুর ইউপি অফিস-ইছাপুর সড়কে আরসিসি সারফেসের ক্ষয়প্রাপ্ত অংশের নির্মাণে সঠিক গুণগত মান রক্ষা করা হয়েছে কিনা তা স্থানীয় সরকার প্রকৌশল অধিদপ্তর খতিয়ে দেখতে পারে (অনু: ১৩.৫);

১৮.২ সড়ক ও সফট শোল্ডার নিয়মিত রক্ষণাবেক্ষণ ও মেরামতের জন্য প্রয়োজনীয় অর্থের সংস্থান রাখতে হবে (অনু: ১৩.২, ১৩.৫);

১৮.৩ সড়কের নামফলক/নির্দশক নির্মানের উদ্যোগ করতে (অনুচ্ছেদ-১৩.৬ );

১৮.৪ প্রকল্পটির Internal অডিট দ্রুত সম্পাদনসহ উত্থাপিত আপত্তিসমূহ নিষ্পন্নের উদ্যোগ গ্রহণ করতে হবে (অনুচ্ছেদ-১৪);

১৮.৫ উপরের অনুচ্ছেদ- ১৮.১ হতে ১৮.৪ অনুযায়ী গৃহীত ব্যবস্থা সম্পর্কে স্থানীয় সরকার বিভাগকে আইএমইডি-কে অবহিত করতে হবে।

## নারায়নগঞ্জ শহরের পানি সরবরাহ ব্যবস্থার সম্প্রসারণ ও পুনর্বাসন প্রকল্প (১ম সংশোধিত) প্রকল্পের সমাপ্তি মূল্যায়ন প্রতিবেদন।

(সমাপ্তঃ জুন, ২০১৫)

| | | | |
|---|---|---|---|
| ১। | প্রকল্পের নাম | : | নারায়নগঞ্জ শহরের পানি সরবরাহ ব্যবস্থার সম্প্রসারণ ও পুনর্বাসন প্রকল্প (১ম সংশোধিত) |
| ২। | প্রশাসনিক মন্ত্রণালয়/বিভাগ | : | স্থানীয় সরকার, পল্লী উন্নয়ন ও সমবায় মন্ত্রণালয়/স্থানীয় সরকার বিভাগ। |
| ৩। | বাস্তবায়নকারী সংস্থা | : | ঢাকা ওয়াসা। |
| ৪। | প্রকল্পের অবস্থান | : | নারায়ণগঞ্জ জেলা। |

৫। প্রকল্পের বাস্তবায়ন সময় ও ব্যয় (পিসিআর অনুসারে):

(লক্ষ টাকায়)

| প্রাক্কলিত ব্যয় | | প্রকৃত ব্যয় | পরিকল্পিত বাস্তবায়নকাল | | প্রকৃত বাস্তবায়নকাল | অতিক্রান্ত ব্যয় (মূল প্রাক্কলিত ব্যয়ের %) | অতিক্রান্ত সময় (মূল বাস্তবায়ন কালের %) |
|---|---|---|---|---|---|---|---|
| মূল | সর্বশেষ সংশোধিত | | মূল | সর্বশেষ সংশোধিত | | | |
| ১ | ২ | ৩ | ৪ | ৫ | ৬ | ৭ | ৮ |
| ৮১২১.০০ | ৮১১৪.৮৮ | ৭৪৪৫.০০ | জানুয়ারী ২০০৯ হতে ডিসেম্বর ২০১১ | জানুয়ারী ২০০৯ হতে জুন, ২০১৫ | জানুয়ারী ২০০৯ হতে জুন, ২০১৫ | (-)৬.১২ (০.০৮%) | ৩ বছর ৬ মাস (১১৬.৬৭%) |

নোট: প্রকল্পটি ৩ বছর মেয়াদে বাস্তবায়নের জন্য অনুমোদন করা হলেও এর প্রকৃত বাস্তবায়ন সময় লেগেছে ৬ বছর ৬ মাস। অর্থাৎ প্রকল্পটির মূল অনুমোদিত মেয়াদের তুলনায় মেয়াদ বৃদ্ধি পেয়েছে ৩ বছর ৬ মাস (১১৬.৬৭%)।

৫। **প্রকল্পের অংগভিত্তিক বাস্তবায়ন(পিসিআর অনুসারে):**

(লক্ষ টাকায়)

| Items of Work (as per PP) | Unit | Target (as per PP) | | Actual Progress | |
|---|---|---|---|---|---|
| | | Financial | Physical (Quantity) | Financial | Physical (Quantity) |
| 1 | 2 | 3 | 4 | 5 | 6 |
| Service (Drawing, Design & Super-vision) | LS | 72.00 | 1 | 72.00 | 1 |
| Double cabin pickup | Nos | 19.50 | 1 | 19.50 | 1 |
| Motor cycle | Nos | 6.25 | 5 | 6.25 | 5 |
| **Materials** | | | | | |
| Deep tubewell (New) | Nos | 745.02 | 15 | 745.02 | 15 |
| Deep tubewell (Replacement) | Nos | 259.25 | 8 | 259.25 | 8 |
| Water line (New) | KM | 1254.75 | 110 | 1254.75 | 110 |
| Water line (Rehab.) | KM | 346.95 | 20 | 346.95 | 20 |
| Low lift pump(Godnail) | Nos | 135.39 | 6 | 135.39 | 6 |
| Low lift pump (sonakanda) | Nos | 131.76 | 3 | 131.76 | 3 |
| Hi lift pump (Godnail) | Nos | 110.00 | 5 | 110.00 | 5 |
| Hi lift pump (Sonakanda) | Nos | 82.50 | 3 | 82.50 | 3 |
| Lifting pump (Khanpur) | Nos | - | - | - | - |
| Spare parts for hi lift & low lift | LS | 50.00 | LS | - | - |

| Items of Work (as per PP) | Unit | Target (as per PP) | | Actual Progress | |
|---|---|---|---|---|---|
| | | Financial | Physical (Quantity) | Financial | Physical (Quantity) |
| pump | | | | | |
| **Construction** | | | | | |
| Deep tubewell (New) | Nos | 537.60 | 15 | 537.60 | 15 |
| Deep tubewell (Replacement) | Nos | 221.12 | 8 | 221.12 | 8 |
| Low lift pump(Godnail) | Nos | 93.70 | 6 | 93.70 | 6 |
| Low lift pump (sonakanda) | Nos | 67.00 | 3 | 67.00 | 3 |
| Hi lift pump (Godnail) | Nos | 41.00 | 5 | 41.00 | 5 |
| Hi lift pump (Sonakanda) | Nos | 15.10 | 3 | 15.10 | 3 |
| Intake structure (Godnail) | LS | 349.00 | 1 | 255.00 | 1 |
| **Water line Installation** | | | | | |
| DCI pipe (1000 mm, Godnail) | KM | - | - | - | - |
| DCI pipe (700 mm, Godnail) | KM | - | - | - | - |
| DCI pipe (450 mm, Sonakanda) | KM | 97.00 | 500.00 | 87.97 | 500 |
| Clarifier (Sonakanda) | LS | 550.00 | 1 | 500.00 | 1 |
| Filter (Sonakanda) | LS | 315.00 | 1 | 236.37 | 1 |
| Reservoir (Sonakanda) | LS | 190.00 | 1 | 190.00 | 1 |
| Construction of pump house & ancil-lary | LS | 530.00 | 1 | 416.96 | 1 |
| Lifting pump with reservoir (Khan-pur) | LS | - | - | - | - |
| **Water line Expansion** | | | | | |
| DCI pipe (450 mm) | KM | 30.00 | 3 | 30.00 | 3 |
| DCI pipe (300 mm) | KM | 120.00 | 12 | 120.00 | 12 |
| PVC C-class pipe (200 mm) | KM | 412.50 | 55 | 385.00 | 55 |
| PVC C-class pipe (150 mm) | KM | 252.00 | 40 | 252.00 | 40 |
| Road cutting charge | KM | 676.62 | 110 | 540.00 | 82 |
| **Water line Rehabilitation** | | | | | |
| DCI pipe (300 mm) | M | 60.00 | 6 | 25.00 | 6 |
| PVC C-class pipe (200 mm) | M | 67.50 | 9 | 67.50 | 9 |
| PVC C-class pipe (150 mm) | M | 31.50 | 5 | 31.50 | 5 |
| Road cutting charge | M | 138.87 | 20 | 62.21 | 12 |
| Other expenditure | LS | 106.00 | 1 | 106.00 | 1 |

| Items of Work (as per PP) | Unit | Target (as per PP) | | Actual Progress | |
|---|---|---|---|---|---|
| | | Financial | Physical (Quantity) | Financial | Physical (Quantity) |
| Cost escalation (5% of base cost) | LS | - | - | - | - |
| **Grand total=** | - | **8114.88** | - | **7445.00** | - |

৬। **প্রকল্প পরিচালক সম্পর্কিত তথ্যঃ** প্রকল্পের শুরু থেকে শেষ পর্যন্ত ০৩ জন কর্মকর্তা প্রকল্প পরিচালকের দায়িত্ব পালন করেছেন। প্রকল্প পরিচালক সংক্রান্ত তথ্যাদি নিচে প্রদান করা হলঃ

| ক্রমিক নং | প্রকল্প পরিচালকের নাম ও পদবী | দায়িত্বের ধরণ | | কর্মকাল |
|---|---|---|---|---|
| | | পূর্ণকালীন | খন্ডকালীন | |
| ১ | ২ | ৩ | ৪ | ৫ |
| 1. | Ashim Kumar Ghosh<br>Executive Engineer | হ্যাঁ | - | ০১.০১.২০০৯ থেকে ২৬.০৬.২০০৯ |
| 2. | Md. Bazlur Rahman<br>Superintending Engineer | হ্যাঁ | - | ২৬.০৬.২০০৯ থেকে ২০.০৮.২০০৯ |
| 3. | A.B.M Shahadat Ali Khan<br>Superintending Engineer | হ্যাঁ | - | ২০.০৮.২০০৯ থেকে ৩০.০৬.২০১৫ |

৭। **দরপত্র সংক্রান্ত তথ্য:** প্রকল্পের দরপত্র সংক্রান্ত পূর্ণাঙ্গ তথ্য প্রেরিত পিসিআরে অর্ন্তভুক্ত করা হয়নি। পিসিআর-এ প্রাপ্ত তথ্যানুযায়ী আলোচ্য প্রকল্পে ৪টি প্রধান প্যাকেজের আওতায় দরপত্র আহবানপূর্বক ঠিকাদার নিয়োগ করা হয় যা নিম্নরূপ:

**(লক্ষ টাকায়)**

| | Description of Procurement (Goods/works) | Tender/Bid/Proposal cost (In crore taka) | | | Date of completion of Works/Services and Supply of Goods | |
|---|---|---|---|---|---|---|
| | | Contracted value | Invitation Date | Contract Signing | Asper Contract | Actual |
| | ১ | ৩ | ৪ | ৫ | ৬ | ৭ |
| 1 | Construction of surface water treatment plant at sonakanda (Package-1) | 642.00 | 02.02.2011 | 30.06.2011 | 23.10.2010 | 11.10.2015 |
| 2 | Construction of surface water treatment plant at sonakanda (Package-2) | 1086.00 | 10.01.2011 | 09.05.2011 | 30.06.2013 | 30.06.2015 |
| 3 | Construction of a new intake pump station at goadnail water treatment plant at Naryangonj | 359.00 | 10.01.2011 | 09.05.2011 | 23.03.2012 | 25.01.2015 |
| 4 | Supply & Installation of low lift & high lift pump, replacement of filter sand and other ancillary work at Godnail water works Na-ryangonj | 234.00 | 20.12.2010 | 23.03.2011 | 27.09.2011 | 03.11.2014 |
| 5 | Procurement of 300mm dia DCI pipe | 275.00 | 19.11.2009 | 26.01.2010 | 18.04.2010 | 20.05.2010 |
| 6 | Procurement of 450mm dia DCI pipe(Group-A) | 224.00 | 24.11.2009 | 03.03.2010 | 02.06.2010 | 24.11.2010 |
| 7 | Procurement of 300mm dia DCI pipe(Group-B) | 260.00 | 24.11.2009 | 03.03.2010 | 02.06.2010 | 24.11.2010 |

৮। **প্রকল্প অনুকূলে বরাদ্দ ও অগ্রগতিঃ**

প্রকল্পের আওতায় জুন, ২০১৫ পর্যন্ত ক্রমপুঞ্জিত আর্থিক অগ্রগতি হয়েছে ৭৪৪৫.০০ লক্ষ টাকা যা সংশোধিত অনুমোদিত ব্যয় ৮১১৪.৮৮ লক্ষ টাকার ৯১.৭৫%। পিসিআর অনুযায়ী প্রকল্পের বছরভিত্তিক সংশোধিত এডিপি বরাদ্দ, অবমুক্ত ও ব্যয়ের চিত্র নিম্নরূপঃ

(লক্ষ টাকায়)

| অর্থবছর | সংশোধিত ডিপিপি অনুযায়ী চাহিত বরাদ্দ | সংশোধিত এডিপি অনুযায়ী বরাদ্দ | টাকা অবমুক্তি | ব্যয় |
|---|---|---|---|---|
| ২০০৮-০৯ | - | ৪৫.০০ | ৪৫.০০ | ৪৫ |
| ২০০৯-১০ | - | ১৫০০.০০ | ২৪০০.০০ | ১৫০০.০০ |
| ২০১০-১১ | ৩৫৪৪.৮৯ | ১৪০০.০০ | ২০০০.০০ | ১৫২৬.০০ |
| ২০১১-১২ | ২৮৩৮.২৬ | ১২০০.০০ | ১২০০.০০ | ১২৫১.০০ |
| ২০১২-১৩ | ১৭৩৭.৭৩ | ১১২৫.০০ | ১১২৫.০০ | ১১২৫.০০ |
| ২০১৩-১৪ | - | ১১২৫.০০ | ১১২৫.০০ | ১০৩২.০০ |
| ২০১৪-১৫ | - | ১০০.০০ | ০.০০ | ৯৬৬.০০ |
| মোট= | ৮১১৪.৮৮ | ৬৪৯৫.০০ | ৭৮৯৫.০০ | ৭৪৪৫.০০ |

৯। **কাজ অসমাপ্ত থাকলে তার কারণঃ** পিসিআর পর্যালোচনায় দেখা যায়, প্রকল্পের আওতায় কোনো কাজ অসমাপ্ত নেই।

১০। **সাধারণ পর্যবেক্ষণঃ**

১০.১ **প্রকল্পের পটভূমিঃ**

বর্তমানে নারায়ণগঞ্জ শহরের লোকসংখ্যা প্রায় ৭ লক্ষ। মাথাপিছু দৈনিক ১৬০ লিটার হিসাবে প্রায় ৯ কোটি লিটার পানির চাহিদার বিপরীতে ঢাকা ওয়াসা বর্তমানে দৈনিক ৩.৬৭ কোটি লিটার পানি নারায়ণগঞ্জে সরবরাহ করছে। দৈনিক ঘাটতির পরিমাণ প্রায় ৫.৩৩ কোটি লিটার। অপরদিকে জনসংখ্যা বৃদ্ধির সাথে সাথে নতুন নতুন এলাকা যুক্ত হয়ে নারায়ণগঞ্জ শহরের পরিধি বিস্তৃত হচ্ছে। এ প্রেক্ষিতে নারায়ণগঞ্জ সিটি কর্পোরেশন এলাকায় মানুষের দৈনন্দিন পানির চাহিদা মেটানোর লক্ষ্যে প্রকল্পটি গৃহীত হয়।

১০.২ **প্রকল্পের উদ্দেশ্যঃ**

প্রকল্পটির মূল উদ্দেশ্য হলো নারায়ণগঞ্জ শহরে অতিরিক্ত ৫৮.০০ এমএলডি নিরাপদ পানি সরবরাহ করার লক্ষ্যে বিদ্যমান পানি সরবরাহ ব্যবস্থার সম্প্রসারণ ও পুনর্বাসন।

১০.৪ **প্রকল্পের অনুমোদন ও সংশোধনঃ**

| | মেয়াদকাল | প্রাক্কলিত ব্যয় |
|---|---|---|
| মূল অনুমোদিত | ০১/০১/২০০৯ হতে ৩১/১২/২০১১ পর্যন্ত | ৮১২১.০০ |
| ১ম সংশোধিত অনুমোদিত | ০১/০১/২০০৯ হতে ৩১/১২/২০১২ পর্যন্ত | ৮১১৪.৮৮ |
| ব্যয় বৃদ্ধি ব্যতিরেকে মেয়াদ বৃদ্ধি ১ম বার | ০১/০১/২০০৯ হতে ৩০/০৬/২০১৪ পর্যন্ত | ৮১১৪.৮৮ |
| ব্যয় বৃদ্ধি ব্যতিরেকে মেয়াদ বৃদ্ধি ২য় বার | ০১/০১/২০০৯ হতে ৩১/১২/২০১৪ পর্যন্ত | ৮১১৪.৮৮ |
| ব্যয় বৃদ্ধি ব্যতিরেকে মেয়াদ বৃদ্ধি ৩য় বার | ০১/০১/২০০৯ হতে ৩০/০৬/২০১৫ পর্যন্ত | ৮১১৪.৮৮ |

১১। **প্রকল্প পরিদর্শনঃ** গত ০৬/০৯/২০১৫ তারিখে আইএমইডি'র সহকারী পরিচালক জনাব মোঃ ফজলুর রহমান কর্তৃক প্রকল্পটি সরেজমিন পরিদর্শন করা হয়। পরিদর্শনকালে ঢাকা ওয়াসার নির্বাহী প্রকৌশলী ও উপ-বিভাগীয় প্রকৌশলী উপস্থিত ছিলেন। পরিদর্শন পর্যবেক্ষণ নিম্নরূপঃ

১১.১ প্রকল্পের আওতায় সোনাকান্দায় ১৭২৮.০০ লক্ষ টাকা ব্যয়ে ১২ এমএলডি ক্ষমতাসম্পন্ন একটি ভূ-উপরিস্থ পানি শোধনাগার নির্মাণ করা হয়েছে। এ শোধনাগারের মাধ্যমে শীতলক্ষ্যা নদীর পানি ট্রিটমেন্ট করে নারায়ণগঞ্জ শহরে পানি সরবরাহ করা হচ্ছে। শোধনাগারে পানি শোধন প্রক্রিয়াকরণসহ পানি সরবরাহ করার জন্য ডিপিপি'র সংস্থান অনুযায়ী ৩টি হাই লিফট পাম্প, ৩টি লো লিফট পাম্প স্থাপন এবং ১টি clarifier, ১টি filter ও ১টি reservoir নির্মাণ করা হয়েছে। তাছাড়াও সার্বক্ষণিক পানি সরবরাহ নিশ্চিত করার লক্ষ্যে একটি বৈদ্যুতিক জেনারেটর স্থাপন করা হয়েছে। ট্রিটমেন্ট প্লান্টের মিক্সিং চেম্বারের আশেপাশে পানি শোধনের জন্য ব্যবহৃত উপকরণ যেমন-ব্লিচিং পাউডার ও সোডা ইত্যাদি মাটিতে ছড়িয়ে পড়ে থাকতে দেখা যায়। এতে একদিকে যেমন সম্পদের অপচয় হচ্ছে অন্যদিকে তেমনি পরিবেশ দূষিত ও নোংরা হচ্ছে।



চিত্র-১: ট্রিটমেন্ট প্লান্টের একাংশ



চিত্র-২: পানি ফিল্টারিং করা হচ্ছে



চিত্র-৩: কেমিক্যাল মিক্সিং ইউনিট



চিত্র-৪: বৈদ্যুতিক জেনারেটর

১১.২ প্রকল্পের আওতায় মোট ২৩টি গভীর নলকূপ স্থাপন করা হয়েছে মর্মে প্রকল্প সংশ্লিষ্ট কর্মকর্তা জানান। এর মধ্যে ধনকুন্ডায় স্থাপিত গভীর নলকূপটি পরিদর্শন করা হয়। ধনকুন্ডায় পাম্প হাউজসহ ১৮০০ লিটার/মিনিট ক্ষমতাসম্পন্ন এটি গভীর নলকূপ স্থাপন করা হয়েছে। পরিদর্শনে দেখা যায়, নলকূপটির মাধ্যমে পানি উত্তোলন করে পানি সরবরাহ করা হচ্ছে।

১১.৩ প্রকল্পের আওতায় গোদনাইলে ৪৫ এমএলডি ক্ষমতাসম্পন্ন এটি সারফেস ওয়াটার ট্রিটমেন্ট প্লান্টের পুনর্বাসন করা হয়েছে। এ ট্রিটমেন্ট প্লান্টে ৫টি হাই লিফট পাম্প ও ৬টি লো লিফট পাম্প প্রতিস্থাপন করা হয়েছে এবং পাম্পগুলোর সাহায্যে বর্তমানে পানি সরবরাহ করা হচ্ছে। ১টি লো লিফট পাম্প নতুন স্থাপন করা হয়েছে। তাছাড়া ইন্টেক স্ট্রাকচারের সংস্কারসহ পাম্প স্থাপন করা হয়েছে।

১২। **প্রকল্পের উদ্দেশ্য অর্জনঃ**

| পরিকল্পিত উদ্দেশ্য | অর্জিত ফলাফল |
|---|---|
| প্রকল্পটির মূল উদ্দেশ্য হলো নারায়ণগঞ্জ শহরে অতিরিক্ত ৫৮.০০ এমএলডি নিরাপদ পানি সরবরাহ করার লক্ষ্যে বিদ্যমান পানি সরবরাহ ব্যবস্থার সম্প্রসারণ ও পুনর্বাসন। | প্রকল্পের আওতায় নারায়ণগঞ্জ শহরে বর্তমানে ৫৮.০০ এমএলডি পানি সরবরাহ করা হচ্ছে মর্মে প্রকল্প পরিচালক জানান। |

১৩। **উদ্দেশ্য পুরোপুরি অর্জিত না হলে এর কারণঃ** প্রযোজ্য নয়।

১৪। **রাজস্ব খাতে স্থানান্তরঃ** প্রকল্পের আওতায় সম্পাদিত কাজ ইতোমধ্যে ঢাকা ওয়াসার রাজস্ব খাতে স্থানান্তর করা হয়েছে।

১৫। **অডিট সংক্রান্তঃ** মন্ত্রণালয় হতে প্রেরিত পিসিআর পর্যালোচনায় দেখা যায়, প্রকল্প বাস্তবায়নকালীন Internal অডিট এবং External Audit করা সম্পন্ন করা হয়েছে। Internal অডিটে কোনো আপত্তি ছিল কিনা কিন্তু External Audit অডিটে জনপ্রশাসন মন্ত্রণালয়ের অর্ডার এবং অর্থ মন্ত্রণালয়ের অনুমোদন ছাড়া যানবাহন ক্রয়ের বিল প্রদানের জন্য আপত্তি ছিল। এটি নিষ্পত্তির জন্য আবেদন করা হয়েছে, যা বর্তমানে প্রক্রিয়াধীন রয়েছে। তাছাড়া মন্ত্রণালয় কর্তৃক সমাপ্তি প্রতিবেদন প্রেরণের পূর্বে (প্রকল্প সমাপ্তির পর) প্রকল্পটির External Audit করা প্রয়োজন ছিল।

১৬। **পর্যবেক্ষণঃ**

১৬.১ মূল অনুমোদিত প্রকল্পের বাস্তবায়নকাল ছিল ৩ বছর। সর্বশেষ সংশোধিত প্রকল্পের মেয়াদ ছিল ৬ বছর ৬ মাস। প্রকল্পটি মূল অনুমোদিত ডিপিপি'র বাস্তবায়ন মেয়াদ হতে ৩ বছর ৬ মাস পরে প্রকল্প সমাপ্ত হয়েছে অর্থাৎ ১১৬% মেয়াদ বৃদ্ধি পেয়েছে (অনুচ্ছেদ-৪);

১৬.২ পিসিআর-এ উল্লিখিত এডিপি'র বরাদ্দ, টাকা অবমুক্তি ও ব্যয়ের হিসাব পর্যালোচনায় দেখা যায়, ২০০৯-১০ ও ২০১০-১১ অর্থবছরে এডিপিতে প্রকল্পের অনুকূলে বরাদ্দকৃত অর্থের পরিমান যথাক্রমে ১৫০০.০০ ও ১৪০০.০০ লক্ষ টাকা। কিন্তু এ দুই বছরে অবমুক্ত টাকার পরিমান যথাক্রমে ২৪০০.০০ ও ২০০০.০০ লক্ষ টাকা এবং ব্যয়ের পরিমান যথাক্রমে ১৫০০.০০ ও ১৪০০০.০০ লক্ষ টাকা । অর্থাৎ এই দুই অর্থবছরে বরাদ্দকৃত অর্থ থেকে বেশি টাকা অবমুক্ত করা হলেও বরাদ্দকৃত অর্থের সমপরিমান টাকা ব্যয় করা হয়েছে। পর্যালোচনায় দেখা যায়, প্রকল্পটি অনুকূলে মোট ৬৪৯৫.০০ লক্ষ টাকা বরাদ্দ প্রদান করা হয়েছে; যার বিপরীতে মোট ৭৮৯৫.০০ লক্ষ টাকা অবমুক্ত করা হয়েছে এবং ৬৩০২.০০ লক্ষ টাকা ব্যয় করা হয়েছে। অর্থাৎ অবমুক্ত টাকা হতে মোট ১৫৯৩.০০ লক্ষ টাকা কম ব্যয় হয়েছে। অব্যয়িত ১৫৯৩.০০ লক্ষ টাকার মধ্যে ২০১০-১১ ও ২০১৩-১৪ অর্থ বছরে মোট ৬৯৩.০০ লক্ষ টাকা সরকারি কোষাগারে জমা দেয়া হয়েছে। অবশিষ্ট ৯০০.০০ লক্ষ টাকা এখনো সরকারি কোষাগারে জমা দেয়া হয়নি (অনুচ্ছেদ-৮);

১৬.৩ সোনাকান্দা ট্রিটমেন্ট প্লান্টের মিক্সিং চেম্বারের আশেপাশে পানি শোধনের জন্য ব্যবহৃত উপকরণ যেমন-ব্লিচিং পাউডার ও সোডা ইত্যাদি মাটিতে ছড়িয়ে পড়ে থাকতে দেখা যায় (অনুচ্ছেদ-১১.১); এবং

১৬.৪ প্রকল্প বাস্তবায়নকালীন সময়ে External Audit-এ যানাবহন ক্রয় কাজের আপত্তি প্রদান করে। যেটি এখনো নিষ্পত্তি করা হয়নি। প্রকল্পটি সমাপ্তির পর External Audit করা সম্পন্ন করা হয়নি (অনুচ্ছেদ-১৫)।

## ১৭। **সুপারিশঃ**

১৭.১ প্রকল্পটি বাস্তবায়নে মূল অনুমোদিত প্রকল্প হতে অতিরিক্ত সময় ব্যয় হয়েছে ৩ বছর ৬ মাস। এছাড়া ডিপিপি অনুযায়ী বছরভিত্তিক প্রকল্পের বরাদ্দ প্রদান করা হয়নি। এমটিবিএফ মন্ত্রণালয় হিসেবে স্থানীয় সরকার বিভাগ ভবিষ্যতে MTBF-এর Basket অনুযায়ী প্রকল্প গ্রহণ এবং ডিপিপির আলোকে বরাদ্দ নিশ্চিত করবে;

১৭.২ প্রকল্পের আওতায় অব্যয়িত ৯০০.০০ লক্ষ টাকা দ্রুত সরকারি কোষাগারে জমা দিতে হবে;

১৭.৩ পরিশোধনের জন্য ব্যবহৃত উপকরণসমূহ যেমন-ব্লিচিং পাউডার ও সোডা ইত্যাদি সঠিক পরিমানে ও যথাযথ উপায়ে ব্যবহার করতে হবে যেন ট্রিটমেন্ট প্লান্টের মিক্সিং চেম্বারের আশে পাশের পরিবেশ দূষিত না হয় এবং সম্পদের অপচয় না হয়;

১৭.৪ প্রকল্প বাস্তবায়নকালীন সময়ে External Audit-এ যানাবহন ক্রয় কাজের আপত্তি দ্রুত নিষ্পত্তি করতে হবে। প্রকল্প সমাপ্ত পরবর্তী সময়ের External Audit দ্রুত সম্পন্ন করতে হবে;

১৭.৫ উপরের ১৭.১ হতে ১৭.৩ অনুচ্ছেদের সুপারিশ অনুযায়ী গৃহীত ব্যবস্থা সম্পর্কে আগামী ০১ (এক) মাসের মধ্যে বাস্তবায়ন পরিবীক্ষণ ও মূল্যায়ন বিভাগ-কে অবহিত করতে হবে।

## চট্টগ্রাম সিটি কর্পোরেশনের বিভিন্ন এলাকার অবকাঠামো উন্নয়ন (১ম সংশোধিত) প্রকল্পের সমাপ্তি মূল্যায়ন প্রতিবেদন

(সমাপ্তঃ জুন, ২০১৫)

১। প্রকল্পের নাম : চট্টগ্রাম সিটি কর্পোরেশনের বিভিন্ন এলাকার অবকাঠামো উন্নয়ন (১ম সংশোধিত)।

২। প্রশাসনিক মন্ত্রণালয়/বিভাগ : স্থানীয় সরকার বিভাগ; স্থানীয় সরকার, পল্লী উন্নয়ন ও সমবায় মন্ত্রণালয়।

৩। বাস্তবায়নকারী সংস্থা : চট্টগ্রাম সিটি কর্পোরেশন।

৪। প্রকল্পের অবস্থান : চট্টগ্রাম সিটি কর্পোরেশন এলাকা।

৫। প্রকল্পের বাস্তবায়ন সময় ও ব্যয় (স্থানীয় সরকার বিভাগ হতে প্রেরিত পিসিআর অনুসারে):

(লক্ষ টাকায়)

| প্রাক্কলিত ব্যয় | | প্রকৃত ব্যয় | পরিকল্পিত বাস্তবায়নকাল | | প্রকৃত বাস্তবায়নকাল | অতিক্রান্ত ব্যয় (মূল প্রাক্কলিত ব্যয়ের %) | অতিক্রান্ত সময় (মূল বাস্তবায়ন কালের %) |
|---|---|---|---|---|---|---|---|
| মূল | সর্বশেষ সংশোধিত | | মূল | সর্বশেষ সংশোধিত | | | |
| ১ | ২ | ৩ | ৪ | ৫ | ৬ | ৭ | ৮ |
| ৮৬৯৪.০০ | ১১৮০৪.০০ | ১১১৮১.৬০ | জুলাই ২০১০ হতে জুন ২০১২ | জুলাই ২০১০ হতে জুন ২০১৫ | জুলাই ২০১০ হতে জুন ২০১৫ | ২৪৮৭.৬০ (২৮.৬১%) | ৩ বছর (১৫০.০০%) |

৬। **প্রকল্পের অংগভিত্তিক বাস্তবায়ন (স্থানীয় সরকার বিভাগ হতে প্রেরিত পিসিআর অনুসারে):**

(লক্ষ টাকায়)

| SL | Items of Work (as per PP) | Unit | Target (as per PP) | | Actual Progress | |
|---|---|---|---|---|---|---|
| | | | Financial | Physical (Quantity) | Financial | Physical (Quantity) |
| 1 | 2 | 3 | 4 | 5 | 6 | 7 |
| 1. | Development of Shenbari roads (Sagarika Stadium to CornaleJ-hones road) | Km | 100.00 | 0.91 | 95.00 | 0.91 |
| 2. | Dev. of road and Const. of car parking at Sagorika. Parking (400 No's Capacity ) at Sagarica | Km | 500.00 | 1.66 | 475.00 | 1.66 |
| 3. | Dev, and ext. of Road at west side of sagorika stadium neermohesh-khal(Jelley Para to BarunirSnung-hat) | Km | 100.00 | 0.59 | 95.00 | 0.59 |
| 4. | Dev. &Extention of RoadRaselVe-gitableInd. To Jalepara toFalliatali bazar. | Km | 200.00 | 1.42 | 190.00 | 1.42 |
| 5. | Dev. &Extention of Port Connec-tingRoad &K.L.Block (without Non-Motorized Lane) | Km | 2010.00 | 4.63 | 1909.50 | 4.63 |
| 6. | Ext. & Dev. of Road at Airport to Kalurghat | | | | | |
| | a) AirPortNimtala Junction | Km | 3000.00 | 11.00 | 2850.00 | 11.00 |
| | b) Nimtala Junction to Dewanhat More | Km | 500.00 | 3.66 | 475.00 | 3.66 |
| | c) Dewan hat more to GEC More | Km | 200.00 | 1.60 | 190.00 | 1.60 |
| | d) GEC more to Bahadder hat Junction | Km | 500.00 | 2.50 | 475.00 | 2.50 |

| SL | Items of Work (as per PP) | Unit | Target (as per PP) | | Actual Progress | |
|---|---|---|---|---|---|---|
| | | | Financial | Physical (Quantity) | Financial | Physical (Quantity) |
| 7. | Construction of R/W & subgrade alongFirringi Bazar to karnafully-Bridge | Km | 1250.00 | 1.35 | 1187.50 | 1.35 |
| 8. | Impovement of Road at Firringi-Bazar toKarnafullyApproach Road | Km | 115.00 | 0.70 | 109.25 | 0.70 |
| 9. | Development of ZakirHossain | Km | 300.00 | 2.80 | 285.00 | 2.80 |
| 10. | Construction Drain at South side ofSagarica Stadium | Km | 90.00 | 0.37 | 85.50 | 0.37 |
| 11. | Development of "A" Block Main Roadat 11 No Ward | Km | 300.00 | 0.75 | 285.00 | 0.75 |
| 12. | Development of "H" Block Main Road at 11 No Ward | Km | 270.00 | 0.60 | 256.50 | 0.60 |
| 13. | Development of "B" Block Main Roadat 36 No Ward | Km | 300.00 | 0.91 | 285.00 | 0.91 |
| 14. | Development of S.S Khaled Road | Km | 75.00 | 1.34 | 71.25 | 1.34 |
| 15. | Development of Pologround road | Km | 75.00 | 1.19 | 71.25 | 1.19 |
| 16. | Development of Badsha mia chowdhory road | Km | 75.00 | 0.65 | 71.25 | 0.65 |
| 17. | Development of K.B Fazlul Kader. | Km | 150.00 | 1.14 | 142.50 | 1.14 |
| 18. | Bridge | | | | | |
| | a) Re-Construction R.C.C girder Bridge at over Mohesh Khall at B.block Halishahar | M | 250.00 | 18.29 | 237.50 | 18.29 |
| | b) Construction R.C.C girder Bridge over Jalilganj Khall at pa-tharghata | M | 144.00 | 18.29 | 136.80 | 18.29 |
| | c) ConstructionR.C.CgirderBridge over FirringiBazerKhall | M | 144.00 | 18.29 | 136.80 | 18.29 |
| | d) Re-Construction P.C girder Bridgeat over Chaktai Canal mouth | M | 400.00 | 42.00 | 380.00 | 42.00 |
| | e) Construction P.Cgirder Bridge at over RazaKhal | M | 750.00 | 62.46 | 680.00 | 62.46 |
| 19. | Motor Cycle | Nos | 6.00 | 4 | 6.00 | 4 |
| | **Total** | - | **11804.00** | - | **11181.60** | - |

৭। **প্রকল্প পরিচালক সম্পর্কিত তথ্য:** প্রকল্পের শুরু থেকে শেষ পর্যন্ত ০২ জন কর্মকর্তা প্রকল্প পরিচালকের দায়িত্ব পালন করেছেন। প্রকল্প পরিচালক সংক্রান্ত তথ্যাদি নিচে প্রদান করা হলো:

| ক্রমিক নং | প্রকল্প পরিচালকের নাম ও পদবী | দায়িত্বের ধরণ | | কর্মকাল |
|---|---|---|---|---|
| | | পূর্ণকালীন | খন্ডকালীন | |
| ১ | ২ | ৩ | ৪ | ৫ |
| 1. | Md. Mokhter Alam<br>Chief Engineer(CCC) &<br>Project Director | - | হ্যাঁ | ০১/০৭/২০১০ হতে ৩০/০৬/২০১৪ |
| 2. | Anowar Hossain<br>Superintendent Engineer(CCC) &<br>Project Director | - | হ্যাঁ | ০১/০৭/২০১৪ হতে বর্তমান সময় পর্যন্ত |

৮। **দরপত্র সংক্রান্ত তথ্য:** প্রকল্পের দরপত্র সংক্রান্ত তথ্যাদি প্রেরিত পিসিআরে অর্ন্তভুক্ত করা হয়নি। চট্টগ্রাম সিটি হতে প্রাপ্ত তথ্যানুযায়ী আলোচ্য প্রকল্পের ৮টি প্রধান প্যাকেজের আওতায় দরপত্র আহবানপূর্বক ঠিকাদার নিয়োগ করা হয় যা নিম্নরূপ:

(লক্ষ টাকায়)

| Sl.No. | Description of Procurement (Goods/works) | Tender/Bid/Proposal cost | | | Date of completion of Works/services and supply of Goods | |
|---|---|---|---|---|---|---|
| | | Contract value | Invitation date | Contract signing | As per contract | Actual |
| 1 | 2 | 3 | 4 | 5 | 6 | 7 |
| 1. | Dev. of road and Const. of car parking at Sagorika. Parking (400 No's Capacity ) at Sagarica | 475.00 | 29/11/2010 | 5/04/11 | 25/03/11 | 25/05/12 |
| 2. | Dev. & Extention of Port Con-nectingRoad &K.L.Block (without Non-Motorized Lane) | 1909.50 | 29/11/2010<br>13/11/2014 | 5/04/11<br>15/03/15 | 25/03/11<br>2/03/15 | 25/05/12<br>30/06/15 |
| 3. | Ext. & Dev. of AirPort to Nim-tala Junction | 2850.00 | 29/11/2010<br>13/11/2014 | 5/04/11<br>15/03/15 | 25/03/11<br>2/03/15 | 25/05/12<br>30/06/15 |
| 4. | Ext. & Dev. of Nimtala Junc-tion to Dewanhat More | 475.00 | 29/11/2010 | 5/04/11 | 25/03/11 | 25/05/12 |
| 5. | Ext. & Dev. of GEC more to Bahadder hat Junction | 475.00 | 29/11/2010 | 5/04/11 | 25/03/11 | 25/05/12 |
| 6. | Construction of R/W & sub-grade along Firringi Bazar to karnafully Bridge | 1187.50 | 29/11/2010 | 5/04/11 | 25/03/11 | 25/05/13 |
| 7. | Re-Construction of P.C girder Bridgeat over Chaktai Canal mouth | 380.00 | 16/07/2011 | 25/10/11 | 14/10/11 | 30/06/13 |
| 8. | Construction P.Cgirder Bridgeat over Raza Khal | 680.00 | 16/07/2011 | 25/10/11 | 14/10/11 | 25/10/14 |

৯। **প্রকল্প অনুকূলে বরাদ্দ ও অগ্রগতি:**

প্রকল্পের আওতায় জুন, ২০১৫ পর্যন্ত ক্রমপুঞ্জিত আর্থিক অগ্রগতি হয়েছে ১১১৮১.৬০ লক্ষ টাকা যা অনুমোদিত ব্যয় ১১৮০৪.০০ লক্ষ টাকার ৯৪.৭২%। পিসিআর অনুযায়ী প্রকল্পের বছরভিত্তিক সংশোধিত এডিপি বরাদ্দ, অবমুক্ত ও ব্যয়ের চিত্র নিম্নরূপঃ

(লক্ষ টাকায়)

| অর্থ বছর | সংশোধিত ডিপিপি'তে সংস্থান | | | সংশোধিত এডিপি বরাদ্দ | | | টাকা অবমুক্তি | ব্যয় | | |
|---|---|---|---|---|---|---|---|---|---|---|
| | মোট | জিওবি | সংস্থার নিজস্ব | মোট | জিওবি | সংস্থার নিজস্ব | | মোট | জিওবি | সংস্থার নিজস্ব |
| ১ | | | | ২ | ৩ | ৪ | ৫ | ৬ | ৭ | ৮ |
| ২০১০-২০১১ | ৪০০০.০০ | ৪০০০.০০ | - | ৫০৭৪.৮৫ | ৪০০০.০০ | ১০৭৪.৮৫ | ৪০০০.০০ | ৪০০০.০০ | ৪০০০.০০ | ০.০০ |
| ২০১১-২০১২ | ৩৪২৪.২৪ | ১৬৫০.০০ | ১৭৭৪.২৪ | ২০৯৩.৩৭ | ১৬৫০.০০ | ৪৪৩.৩৭ | ১৬৫০.০০ | ১৬৫০.০০ | ১৬৫০.০০ | ০.০০ |
| ২০১২-২০১৩ | ৪৩৭৯.৭৬ | ৩৬৫৪.০০ | ৭২৫.৭৬ | ০.০০ | ০.০০ | ০.০০ | ০.০০ | ০.০০ | ০.০০ | ০.০০ |
| ২০১৩-২০১৪ | - | - | - | ১৬৪৯.৩২ | ১৩০০.০০ | ৩৪৯.৩২ | ১৩০০.০০ | ১৩০০.০০ | ১৩০০.০০ | ০.০০ |
| ২০১৪-২০১৫ | - | - | - | ২৯৮১.৪৮ | ২৩৫০.০০ | ৬৩১.৪৮ | ২৩৫০.০০ | ৪২৩১.৬০ | ২৩৫০.০০ | ১৮৮১.৬০ |
| মোটঃ | ১১৮০৪.০০ | ৯৩০৪.০০ | ২৫০০.০০ | ১১৭৯৯.০২ | ৯৩০০.০০ | ২৪৯৯.০২ | ৯৩০০.০০ | ১১১৮১.৬০ | ৯৩০০.০০ | ১৮৮১.৬০ |

নোট-১: প্রকল্প অনুকূলে ২০১২-১৩ অর্থ বছরে কোন বরাদ্দ প্রদান করা হয়নি। এ প্রসঙ্গে প্রকল্প সংশ্লিষ্ট কর্মকর্তা জানিয়েছেন যে, ২০১২-১৩ অর্থ বছরে প্রকল্পটি সংশোধনের জন্য একনেক সভায় উপস্থাপন করা হলে চট্টগ্রাম বন্দরের কাছে চট্টগ্রাম সিটি কর্পোরেশনের পাওনা ৩০০.০০ কোটি টাকা নিয়ে জিওবি অর্থ ছাড়া প্রকল্পটি বাস্তবায়ন করার জন্য

নির্দেশনা দেয়া হয়। পরবর্তীতে চট্টগ্রাম সিটি কর্পোরেশর আর্থিক অবস্থা বিবেচনা করে জিওবি ও চট্টগ্রাম সিটি কর্পোরেশনের সমন্বিত অর্থায়নে প্রকল্পটি বাস্তবায়নের জন্য মাননীয় স্থানীয় সরকার মন্ত্রীর অনুরোধের প্রেক্ষিতে সংশোধিত প্রকল্পটি অনুমোদনের জন্য একনেক সভায় উপস্থাপন করা হয়। একনেক সভায় মোট ১১৮০৪.০০ লক্ষ টাকা (জিওবি ৯৩০৪.০০ লক্ষ টাকা এবং চট্টগ্রাম সিটি কর্পোরেশনের ২৫০০.০০ লক্ষ টাকা) ব্যয়ে প্রকল্পটি অনুমোদিত হয়। এজন্য প্রকল্পটি অনুকূলে ২০১২-১৩ অর্থ বছরে কোন প্রদান করা হয়নি মর্মেও তিনি জানিয়েছেন।

নোট-২: প্রকল্পের আওতায় জুন, ২০১৫ পর্যন্ত ক্রমপুঞ্জিত আর্থিক অগ্রগতি হয়েছে ১১১৮১.৬০ লক্ষ টাকা (জিওবি ৯৩০০.০০ লক্ষ টাকা এবং চসিক-এর নিজস্ব ১৮৮১.৬০ লক্ষ টাকা )। সংশোধিত এডিপি অনুযায়ী প্রকল্প অনুকূলে মোট ১১৭৯৯.০২ লক্ষ টাকা (জিওবি ৯৩০০.০০ লক্ষ টাকা এবং চসিক-এর নিজস্ব ২৪৯৯.০২ লক্ষ টাকা ) বরাদ্দ প্রদান করা হয়েছিল। অর্থাৎ জিওবি খাতের বরাদ্দ সমুদয় টাকা ব্যয় করা হয়েছে, চসিক-এর নিজস্ব ৬১৭.৪২ লক্ষ টাকা ব্যয় করা হয়নি।

১০। **কাজ অসমাপ্ত থাকলে তার কারণ:** পিসিআর পর্যালোচনায় দেখা যায়, প্রকল্পের আওতায় কোন কাজ অসমাপ্ত নেই।

১১। **সাধারণ পর্যবেক্ষণ:**

১১.১ **প্রকল্পের পটভূমি:**

জাতীয় অর্থনীতিতে চট্টগ্রাম শহরের অবদান খুবই গুরুত্বপূর্ণ। রপ্তানি আয়ের ৮০% চট্টগ্রাম বন্দরের মাধ্যমে অর্জিত হয়। চট্টগ্রাম বন্দর হতে মালামাল আমদানি ও রপ্তানির জন্য চট্টগ্রাম শহরের উপর দিয়ে দেশের বিভিন্ন স্থানে পরিবহণ করা হয়। চট্টগ্রাম মহানগরীর বাণিজ্যিক গুরুত্বের পাশাপাশি ২০১১ সালের বিশ্বকাপ ক্রিকেটের ২টি ম্যাচ চট্টগ্রামের জহুর আহমেদ চৌধুরী স্টেডিয়ামে হবে বিধায় আইসিসি টুর্ণামেন্ট আয়োজনের জন্য আইসিসি'র চাহিদা অনুযায়ী শহরের নাগরিক সুযোগ-সুবিধা তথা রাস্তা, ফুটপাথ, ড্রেন উন্নয়নের জন্য আলোচ্য প্রকল্পটি গ্রহণ করা হয়।

১১.২ **প্রকল্পের উদ্দেশ্য:**

রাস্তা, ড্রেন এবং ব্রিজ নির্মাণ ও সম্প্রসারণের মাধ্যমে চট্টগ্রাম শহরের পরিবেশ ও পরিবহণ ব্যবস্থার উন্নয়ন করা।

১১.৩ **প্রকল্পের প্রধান প্রধান কার্যক্রম:**

- সাগরিকায় রাস্তা উন্নয়ন ও কার পার্কিং নির্মাণ: ১.৬৬ কি.মি;
- রাসেল ভেজিটেবল ইন্ডাঃ হতে জেলেপাড়া হয়ে ফল্লিয়াতলী বাজার পর্যন্ত রাস্তা সম্প্রসারণসহ উন্নয়ন: ১.৪২ কি.মি;
- পোর্ট সংযোগ রাস্তা উন্নয়ন ও বর্ধিতকরণ: ৪.৬৩ কি.মি;
- এয়ারপোর্ট হতে বদ্দারহাট পর্যন্ত রাস্তা উন্নয়ন ও বর্ধিতকরণ: ১৮.৭৬ কি.মি;
- ফিরিঙ্গি বাজার হতে কর্ণফুলি ব্রিজ পর্যন্ত রিটেইনিং ওয়ালসহ সাবগ্রেড রাস্তা নির্মাণ: ১.৩৫ কি.মি;
- জাকির হোসেন রোড উন্নয়ন: ২.৮ কি.মি;
- ১১নং ওয়ার্ডের এ ব্লক মেইন রোড উন্নয়ন: ০.৭৫ কি.মি;
- ২৫ নং ওয়ার্ডের এইচ ব্লক মেইন রোড উন্নয়ন: ০.৬০ কি.মি;
- ২৬ নং ওয়ার্ডের বি ব্লক মেইন রোড উন্নয়ন: ০.৯১ কি.মি;
- মহেশ খালের খালের উপর আরসিসি গার্ডার ব্রিজ পুনঃনির্মাণ: ১৮.২৯ মিটার;
- জলিলগঞ্জ খালের উপর আরসিসি গার্ডার ব্রিজ নির্মাণ: ১৮.২৯ মিটার;
- ফিরিঙ্গি বাজার খালের উপর আরসিসি গার্ডার ব্রিজ নির্মাণ: ১৮.২৯ মিটার;
- চাক্তাই খালের উপর পিসি গার্ডার ব্রিজ পুনঃনির্মাণ: ৪২.০০ মিটার;
- রাজা খালের উপর পিসি গার্ডার ব্রিজ নির্মাণ: ৬২.৪৬ মিটার

১১.৪ **<u>প্রকল্পের অনুমোদন ও সংশোধন:</u>**

| ডিপিপি | মেয়াদকাল | প্রাক্কলিত ব্যয় |
|---|---|---|
| মূল অনুমোদিত | ০১/০৭/২০১০ হতে ৩০/০৬/২০১২ পর্যন্ত | ৮৬৯৪.০০ |
| ব্যয় বৃদ্ধি ব্যতিরেকে মেয়াদ বৃদ্ধি (১ম বার) | ০১/০৭/২০১০ হতে ৩০/০৬/২০১৩ পর্যন্ত | ৮৬৯৪.০০ |
| ১ম সংশোধিত অনুমোদিত | ০১/০৭/২০১০ হতে ৩০/০৬/২০১৪ পর্যন্ত | ১১৮০৪.০০ |
| ব্যয় বৃদ্ধি ব্যতিরেকে মেয়াদ বৃদ্ধি (২য় বার) | ০১/০৭/২০১০ হতে ৩০/০৬/২০১৫ পর্যন্ত | ১১৮০৪.০০ |

১২। **<u>প্রকল্প পরিদর্শন:</u>** গত ১৩/১০/২০১৬ তারিখে আইএমইডি'র সহকারী পরিচালক জনাব মোঃ ফজলুর রহমান কর্তৃক প্রকল্পটি সরেজমিন পরিদর্শন করা হয়। পরিদর্শনকালে চট্টগ্রাম সিটি কর্পোরেশনের নির্বাহী পরিচালক জনাব অসিম বড়ুয়া এবং সহকারী প্রকৌশলী জনাব জসিম উদ্দিন উপস্থিত ছিলেন। পরিদর্শন পর্যবেক্ষণ নিম্নরূপঃ

১২.১ প্রকল্পের আওতায় সাগরিকায় ১.৬৬ কিলোমিটার রাস্তা ও কার পার্কিং নির্মাণ করা হয়। মূলতঃ চট্টগ্রামের সাগরিকা স্টেডিয়ামে আগত দর্শকদের জন্য এ কার পার্কিং নির্মাণ করা হলেও বিভিন্ন ধরণের মালামাল বহণকারী কাভার্ট ভ্যান/ট্রাক পার্কিং করা অবস্থায় দেখা যায়। এ প্রসঙ্গে সহকারী প্রকৌশলী জানান যে, ক্রিকেট খেলা চলাকালীন সময়ে স্টেডিয়ামে আগত দর্শকদের কার পার্কিং করার জন্য এসব কাভার্ট ভ্যান/ট্রাক এখান থেকে সরানো হয়। তাছাড়া পার্কিং এলাকায় ফুটপাথের উপর কিছু দোকান বসতে দেখা যায়।



চিত্রঃ কার পার্কিং এলাকায় মালামাল বহণকারী কাভার্ট ভ্যান/ট্রাক



চিত্রঃ পার্কিং এলাকায় ফুটপাথের উপর দোকান

১২.২ সাগরিকা স্টেডিয়াম হতে কর্ণেল জোন্স রোড পর্যন্ত ড্রেনসহ ০.৯১ কিলোমিটার রাস্তার উন্নয়ন করা হয়। এ রাস্তায় ভাঙ্গন/খানা-খন্দ তৈরি হতে দেখা যায়নি। রাসেল ভেজিটেবল ইন্ডাঃ হতে জেলেপাড়া হয়ে ফল্লিয়াতলী বাজার পর্যন্ত ১.৪২ কিলোমিটার রাস্তা সম্প্রসারণসহ উন্নয়ন করা হয়। এ অংশের কিছু জায়গায় বৃষ্টির পানি জমে থাকতে দেখা যায়। ফলে কিছু কিছু স্থানে রাস্তা ক্ষতিগ্রস্ত হয়েছে। সাগরিকা স্টেডিয়ামের পশ্চিমপাশে জেল্লি পাড়া হতে বাড়ুনির সেনঘাট পর্যন্ত ০.৫৯ কিলোমিটার রাস্তা সম্প্রসারণসহ উন্নয়ন করা হয়।

১২.৩ "A" ব্লকে ০.৭৫ কিলোমিটার এবং "B" ব্লকে ০.৯১ কিলোমিটার মেইন রাস্তার উন্নয়ন করা হয়। এ দু'টি অংশের কিছু জায়গায় রাস্তার কার্পেটিং উঠে নিচের ইটের খোয়া বের হয়ে থাকতে দেখা যায় এবং অপর দু'টি জায়গায় রাস্তা খুড়ার কাজ চলমান অবস্থায় দেখা যায়। এ বিষয়ে প্রকল্প সংশ্লিষ্ট কর্মকর্তা জানান যে, চট্টগ্রাম ওয়াসা পানি সরবরাহ লাইন/পাইপ স্থাপনের জন্য রাস্তা কাটা হচ্ছে। ওয়াসার কাজ সমাপ্ত হলেই তা দ্রুত মেরামত করা হবে। "B" ব্লকে রাস্তার পাশের ড্রেনে ময়লা/আবর্জনা জমে ড্রেন অনেকটা বন্ধ হয়ে থাকতে দেখা যায়। এতে এ এলাকার পানি প্রবাহ

ব্যহত হতে পারে। তাছাড়া, “B” ব্লকের ফুটপাথের উপর কিছু ফার্নিচার এবং রিক্সা মেরামতের দোকান থাকতে দেখা যায়। এ বিষয়ে সিটি কর্পোরেশনের প্রতিনিধি জানান যে, কয়েকবার তাদেরকে উচ্ছেদ করা হয়েছে। কিন্তু কিছুদিন পরে তারা আবারও দোকান বসাচ্ছে। “H” ব্লকে ০.৬০ কিলোমিটার রাস্তার উন্নয়ন করা হয়।



চিত্রঃ “B” ব্লকে ওয়াসার পানি সরবরাহ কাজের জন্য রাস্তা কাটা হচ্ছে



চিত্রঃ “B” ব্লকে রাস্তার ফুটপাথে ফার্নিচারের দোকান

১২.৪ ফিরিঙ্গি বাজার হতে কর্ণফুলি ব্রিজ পর্যন্ত ১.৩৫ কিলোমিটার রিটেইনিং ওয়ালসহ রাস্তা নির্মাণ করা হয়। পরিদর্শনে দেখা যায়, রাস্তার দুই পাশে মাটি ফেলে ভরাট করা হয়েছে। এক পাশে চট্টগ্রাম বন্দর কর্তৃপক্ষ মাটি ভরাট করে সৌন্দর্য বর্ধনের কাজ করেছে এবং অন্য পাশে সিটি কর্পোরেশন কর্তৃক রাস্তা সম্প্রসারণের জন্য মাটি ফেলে ভরাট করা হয়েছে। রিটেইনিং ওয়াল দিয়ে রাস্তা নির্মাণ করা হলেও রাস্তার দুই পাশে মাটি ফেলে ভরাট করায় রিটেইনিং ওয়াল এর উপযোগিতা হারিয়েছে বলে প্রতীয়মান হয়। এ বিষয়ে প্রকল্প সংশ্লিষ্ট কর্মকর্তা জানান যে, প্রকল্পের আওতায় নির্মিত রাস্তাটির জায়গা চট্টগ্রাম বন্দর কর্তৃপক্ষের ছিল। প্রকল্প গ্রহণের পূর্বে চট্টগ্রাম বন্দর কর্তৃপক্ষ এবং চসিক-এর সৌন্দ্যর্য বর্ধন ও রাস্তা সম্প্রসারণ কাজের কোন পরিকল্পনা ছিল না মর্মে তিনি জানান। তাছাড়া, ফিরিঙ্গি বাজার-কর্ণফুলি ব্রিজ রোডের ০.৭০ কিলোমিটার এপ্রোচ রোড নির্মাণ করা হয়। এপ্রোচ রোডের একপাশে কিনারাসহ রাস্তা ভেঙ্গে যেতে দেখা যায়।



চিত্রঃ ফিরিঙ্গি বাজার হতে কর্ণফুলি ব্রিজ পর্যন্ত রিটেইনিং ওয়ালসহ সাবগ্রেড রাস্তা



চিত্রঃ এপ্রোচ রোডের একপাশে কিনারাসহ ভেঙ্গে যাওয়া রাস্তা

১২.৫ এয়ারপোর্ট হতে কালুরঘাট পর্যন্ত মোট ১৮.৭৬ কিলোমিটার রাস্তা সম্প্রসারণ ও উন্নয়ন করা হয়। এর মধ্যে এয়ারপোর্ট হতে নিমতলা জংশন পর্যন্ত ১১.০০ কিলোমিটার এবং নিমতলা জংশন হতে দেওয়ানহাট মোড় পর্যন্ত ৩.৬৬ কিলোমিটার রাস্তার কিছু জায়গায় সীলকোট উঠে গেছে মর্মে দেখা গেছে। তাছাড়া মাঝে মাঝে রাস্তার পাশে ফুটপাথ ও রাস্তার মিডিয়ানের কিছু অংশ ক্ষতিগ্রস্ত/কিনারা ভেঙ্গে যেতে দেখা যায় এবং ফুটপাথের কিছু অংশে দোকান

বসতে দেখা যায়। বাকি ৪.১ কিলোমিটার (দেওয়ানহাট মোড় হতে বদ্দারহাটহাট জংশন পর্যন্ত) রাস্তায় ফ্লাইওভার নির্মাণ কাজ চলমান থাকায় রাস্তা ক্ষতিগ্রস্ত হয়ে আছে বলে এ অংশ পরিদর্শন করা হয়নি।

১২.৬ "B" ব্লকের মহেশ খালের উপর এপ্রোচসহ ১৮.২৯ মিটার দীর্ঘ একটি আরসিসি গার্ডার ব্রিজ পুনঃনির্মাণ করা হয়েছে। জলিলগঞ্জ ও ফিরিঙ্গি বাজার খালের উপর প্রতিটি ১৮.২৯ মিটার দীর্ঘ মোট দু'টি আরসিসি গার্ডার ব্রিজ নির্মাণ করা হয়েছে। চাক্তাই খালের উপর ৪২.০০ মিটার দীর্ঘ একটি পিসি গার্ডার ব্রিজ পুনঃনির্মাণ এবং রাজা খালের উপর ৬২.৪৬ মিটার দীর্ঘ একটি পিসি গার্ডার ব্রিজ নির্মাণ করা হয়েছে। এদের মধ্যে রাজা খাল ও চাক্তাই খালের উপর নির্মিত ব্রিজে রডের কিছু অংশ বের হয়ে থাকতে দেখা যায়। এ বিষয়ে সহকারী প্রকৌশলী জানান যে, শীঘ্রই তা অপসারণ করা হবে।



চিত্রঃ "B" ব্লকের মহেশ খালের উপর নির্মিত আরসিসি গার্ডার ব্রিজ



চিত্রঃ রাজা খালের উপর নির্মিত পিসি গার্ডার ব্রিজ

১৩। **<u>প্রকল্পের উদ্দেশ্য অর্জন:</u>**

| পরিকল্পিত উদ্দেশ্য | অর্জিত ফলাফল |
|---|---|
| রাস্তা, ড্রেন এবং ব্রিজ নির্মাণ ও সম্প্রসারণের মাধ্যমে চট্টগ্রাম শহরের পরিবেশ ও পরিবহণ ব্যবস্থার উন্নয়ন করা। | প্রকল্পের আওতায়-<br>• বিভিন্ন ধরণের মোট ৩৯.৪০ কিলোমিটার রাস্তা নির্মান/উন্নয়ন/সম্প্রসারণ করা হয়েছে;<br>• ০.৩৭ কিলোমিটার ড্রেন নির্মাণ করা হয়েছে;<br>• বিভিন্ন দৈর্ঘ্যের মোট ৫টি ব্রিজ নির্মাণ করা হয়েছে। |

১৪। **<u>উদ্দেশ্য পুরোপুরি অর্জিত না হলে এর কারণ:</u>** পিসিআর পর্যালোচনায় দেখা যায় যে, প্রকল্পের আওতায় সংস্থানকৃত কাজ সম্পন্ন করা হয়েছে।

১৫। **<u>রাজস্ব খাতে স্থানান্তর:</u>** প্রকল্পের আওতায় সম্পাদিত কাজ ইতোমধ্যে চট্টগ্রাম সিটি কর্পোরেশনের রাজস্ব খাতে স্থানান্তর করা হয়েছে।

১৬। **<u>অডিট সংক্রান্ত:</u>** মন্ত্রণালয় হতে প্রেরিত পিসিআর পর্যালোচনায় দেখা যায় প্রকল্পটির জন্য Internal অডিট এবং প্রকল্প বাস্তবায়নকালীন সময়ে ও সমাপ্তির পর External Audit করা সম্পন্ন করা হয়েছে।

১৭। **<u>পর্যবেক্ষণ:</u>**

১৭.১ মূল অনুমোদিত প্রকল্পের বাস্তবায়নকাল ছিল ২বছর। সর্বশেষ সংশোধিত প্রকল্পের মেয়াদ ছিল ৫ বছর। প্রকল্পটি মূল অনুমোদিত ডিপিপি'র বাস্তবায়ন মেয়াদ শেষ হওয়ার ৩ (তিন) বছর পরে প্রকল্প সমাপ্ত করা হয়েছে অর্থাৎ ১৫০% মেয়াদ বৃদ্ধি পেয়েছে। প্রকল্পের প্রাক্কলিত ব্যয় মূল অনুমোদিত ডিপিপি অপেক্ষা ৩১১০.০০ লক্ষ টাকা বৃদ্ধি পেয়েছে। অর্থাৎ মেয়াদ বৃদ্ধির সাথে প্রকল্পের ব্যয় বৃদ্ধি পেয়েছে (অনুচ্ছেদ-৪);

১৭.২ চট্টগ্রামের সাগরিকায় জহুর আহমেদ স্টেডিয়ামে আগত দর্শকদের কার পার্কিং-এর জন্য নির্মাণ করা হলেও বিভিন্ন ধরণের মালামাল বহণকারী কাভার্ট ভ্যান/ট্রাক পার্কিং করা অবস্থায় দেখা যায়। তাছাড়া পার্কিং এলাকায় ফুটপাথের উপর কিছু দোকানের উপস্থিতি দেখা যায় (অনুচ্ছেদ-১২.১);

১৭.৩ রাসেল ভেজিটেবল ইন্ডাঃ হতে জেলেপাড়া হয়ে ফল্লিয়াতলী বাজার পর্যন্ত অংশের কিছু জায়গায় বৃষ্টির পানি জমে রাস্তা কিছুটা ক্ষতিগ্রস্ত হয়েছে(অনুচ্ছেদ-১২.২);

১৭.৪ "A" ব্লকে এবং "B" ব্লকের কিছু জায়গায় রাস্তার কার্পেটিং উঠে ইটের খোয়া বের হয়ে থাকতে দেখা যায় এবং অপর দু'টি জায়গায় চট্টগ্রাম ওয়াসার পানি সরবরাহ লাইন মেরামতের জন্য রাস্তা খুড়ার কাজ চলমান অবস্থায় দেখা যায়। "B" ব্লকে রাস্তার পাশের ড্রেনে ময়লা/আবর্জনা জমে ড্রেন অনেকটা বন্ধ হয়ে থাকতে দেখা যায়। তাছাড়া, "B" ব্লকের ফুটপাথের উপর কিছু ফার্নিচার এবং রিক্সা মেরামতের দোকান থাকতে দেখা যায় (অনুচ্ছেদ-১২.৩);

১৭.৫ প্রকল্পের আওতায় নির্মিত ফিরিঙ্গি বাজার হতে কর্ণফুলি ব্রিজ পর্যন্ত রিটেইনিং ওয়ালসহ ১.৩৫ কিলোমিটার রাস্তার দুই পাশে মাটি ফেলে ভরাট করা হয়েছে। এতে রিটেইনিং ওয়াল এর উপযোগিতা হারিয়েছে মর্মে প্রতীয়মান হয়। তাছাড়া, ফিরিঙ্গি বাজার-কর্ণফুলি ব্রিজ রোডের এপ্রোচ রোডের একপাশে কিনারাসহ রাস্তা ভেঙ্গে যেতে দেখা যায় (অনুচ্ছেদ-১২.৪);

১৭.৬ এয়ারপোর্ট হতে নিমতলা জংশন পর্যন্ত এবং নিমতলা জংশন হতে দেওয়ানহাট মোড় পর্যন্ত রাস্তার কিছু জায়গায় সীলকোট উঠে গেছে। তাছাড়া মাঝে মাঝে রাস্তার পাশে ফুটপাথ ও রাস্তার মিডিয়ানের কিছু অংশ ক্ষতিগ্রস্ত/কিনারা ভেঙ্গে যেতে দেখা যায় এবং ফুটপাথের কিছু অংশে দোকান বসতে দেখা যায় (অনুচ্ছেদ-১২.৫);

১৭.৭ রাজা খাল ও চাক্তাই খালের উপর নির্মিত ব্রিজে রডের কিছু অংশ বের হয়ে থাকতে দেখা যায় (অনুচ্ছেদ-১২.৬);

১৮। **মতামত:**

১৮.১ চট্টগ্রামের সাগরিকায় জহুর আহমেদ চৌধুরী স্টেডিয়ামের জন্য নির্মিত কার পার্কিং এলাকা এবং "B" ব্লকসহ যেসব জায়গায় ফুটপাথের উপর অবৈধ দোকান রয়েছে সেসব জায়গা হতে অবৈধ দোকান উচ্ছেদের জন্য চট্টগ্রাম সিটি কর্পোরেশন প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করবে;

১৮.২ রাসেল ভেজিটেবল ইন্ডাঃ হতে জেলেপাড়া হয়ে ফল্লিয়াতলী বাজার পর্যন্ত অংশের যেসব জায়গায় বৃষ্টির পানি জমে রাস্তা ক্ষতিগ্রস্ত হয়েছে সেসব জায়গা দ্রুত মেরামত করতে হবে;

১৮.৩ "A" ব্লক এবং "B" ব্লকের যেসব জায়গায় রাস্তার কার্পেটিং উঠে ইটের খোয়া বের হয়ে আছে সেসব জায়গা দ্রুত মেরামতের উদ্যেগ গ্রহণ করতে হবে। তাছাড়া, "B" ব্লকে ময়লা/আবর্জনা জমে বন্ধ হয়ে থাকা ড্রেন পরিস্কার করতে হবে;

১৮.৪ ফিরিঙ্গি বাজার-কর্ণফুলি ব্রিজ রোডের এপ্রোচ রোডের কিনারাসহ রাস্তার ভেঙ্গে যাওয়া অংশ দ্রুত মেরামত করতে হবে;

১৮.৫ এয়ারপোর্ট হতে নিমতলা জংশন পর্যন্ত এবং নিমতলা জংশন হতে দেওয়ানহাট মোড় পর্যন্ত রাস্তার যেসব জায়গায় সীলকোট উঠে গেছে এবং ফুটপাথ ও রাস্তার মিডিয়ানের কিছু অংশ ক্ষতিগ্রস্ত/কিনারা ভেঙ্গে গেছে সেসব জায়গা চিহ্নিত করে মেরামতের উদ্যেগ গ্রহণ করতে হবে;

১৮.৬ রাজা খাল ও চাক্তাই খালের উপর নির্মিত ব্রিজে বের হয়ে থাকা রড দ্রুত অপসারণ করতে হবে;

১৮.৭ প্রকল্পের অওতায় ফিরিঙ্গি বাজারে রিটেইনিং ওয়ালসহ নির্মিত রাস্তার দু'পাশে মাটি ফেলে ভরাট করার কারণে রিটেইনিং ওয়ালের উপযোগিতা হারিয়েছে। ভবিষ্যতে প্রকল্প গ্রহণের সময় ভবিষ্যৎ পরিকল্পনা মাথায় রেখে প্রকল্প গ্রহণ করতে হবে;

১৮.৮ প্রকল্পের আওতায় নির্মিত রাস্তা এত অল্প সময়ে মধ্যে ক্ষতিগ্রস্ত হওয়ার কারণ মন্ত্রণালয় খতিয়ে দেখবে এবং প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করবে;

১৮.৯ প্রকল্পের মেয়াদ বৃদ্ধি হ্রাস করার বিষয়ে ভবিষ্যতে নজর রাখতে হবে; এবং

১৮.১০ উপরের ১৮.১ হতে ১৮.৯ অনুচ্ছেদের সুপারিশ অনুযায়ী গৃহীত ব্যবস্থা সম্পর্কে আগামী ০১ (এক) মাসের মধ্যে বাস্তবায়ন পরিবীক্ষণ ও মূল্যায়ন বিভাগ-কে অবহিত করতে হবে।

## দ্বিতীয় নগর পরিচালন ও অবকাঠামো উন্নতিকরণ (সেক্টর) প্রকল্প (UGIIP-II) এর সমাপ্ত মূল্যায়ন প্রতিবেদন

(সমাপ্ত জুন/২০১৫)

১। **প্রকল্পের অবস্থান** : **ঢাকা বিভাগঃ** মুন্সিগঞ্জ, ভাঙ্গা, ময়মনসিংহ, ফরিদপুর, শ্রীপুর, জামালপুর, ঘোড়াশাল, মির্জাপুর, মাদারীপুর, গোপালগঞ্জ ও ধনবাড়ী পৌরসভা।

**চট্টগ্রাম বিভাগঃ** কক্সবাজার, নোয়াখালী, চাঁদপুর, বি-বাড়ীয়া, কুমিল্লা, চৌমুহনী, পরশুরাম, খাগড়াছড়ি, বান্দরবান, বসুরহাট ও হাজীগঞ্জ পৌরসভা।

**খুলনা বিভাগঃ** সাতক্ষীরা, ঝিনাইদহ, সড়াইল, বাগেরহাট, বেনাপোল, চুয়াডাঙ্গা ও কুষ্টিয়া পৌরসভা

**রাজশাহী বিভাগঃ** নাটোর, সিরাজগঞ্জ, নাচোল, কাকনহাট ও পাবনা পৌরসভা।

**বরিশাল বিভাগঃ** ভোলা, বরগুনা, ঝালকাঠি, কলাপাড়া, পটুয়াখালী ও লালমোহন পৌরসভা।

**সিলেট বিভাগঃ** সুনামগঞ্জ, শ্রীমঙ্গল, গোলাপগঞ্জ ও মাধবপুর পৌরসভা।

**রংপুর বিভাগঃ** রংপুর, ঠাকুরগাঁও, দিনাজপুর, কুড়িগ্রাম, গাইবান্ধা, নীলফামারী ও পাটগ্রাম পৌরসভা।

২। **বাস্তবায়নকারী সংস্থা** : স্থানীয় সরকার প্রকৌশল অধিদপ্তর (এলজিইডি)

৩। **প্রশাসনিক মন্ত্রণালয়/বিভাগ** : স্থানীয় সরকার, পল্লি উন্নয়ন ও সমবায় মন্ত্রণালয়/স্থানীয় সরকার বিভাগ।

৪। **প্রকল্পের বাস্তবায়ন সময় ও ব্যয়** :

(লক্ষ টাকায়)

| প্রাক্কলিত ব্যয় | | প্রকৃত ব্যয় (জুন/২০১৫ পর্যন্ত) | পরিকল্পিত বাস্তবায়নকাল | | প্রকৃত বাস্তবায়নকাল | অতিক্রান্ত ব্যয় (মূল প্রাক্কলিত ব্যয়ের %) | অতিক্রান্ত সময় (মূল বাস্তবায়ন কালের %) |
|---|---|---|---|---|---|---|---|
| মূল | সর্বশেষ সংশোধিত | | মূল | সর্বশেষ সংশোধিত | | | |
| ১ | ২ | ৩ | ৪ | ৫ | ৬ | ৭ | ৮ |
| ১১৪,৮৫৪.৭৫ | ১২৪,৮০০.০০ | ১২৩,৭৫৩.১০ | জানুয়ারী/২০০৯ হতে ডিসেম্বর/২০১৪ (৬ বছর) | জানুয়ারী/২০০৯ হতে জুন/২০১৫ (৬ বছর ৬ মাস) | জানুয়ারী/২০০৯ হতে জুন/২০১৫ (৬ বছর ৬ মাস) | ৮৮৯৮.৩৫ (৮.৩৩%) | ৬ মাস (৭.৭৫%) |

৫। **প্রকল্পের অঙ্গভিত্তিক বাস্তবায়ন :** (লক্ষ টাকায়)

| ক্রমিক নং | সংশোধিত ডিপিপি অনুযায়ী কাজের অংগ | একক | সংশোধিত ডিপিপি অনুযায়ী পরিকল্পিত লক্ষ্যমাত্রা | | প্রকৃত বাস্তবায়ন (জুন/২০১৫ পর্যন্ত) | |
|---|---|---|---|---|---|---|
| | | | বাস্তব | আর্থিক | বাস্তব (%) | আর্থিক (%) |
| ১ | ২ | ৩ | ৪ | ৫ | ৬ | ৭ |
| ১ | রাজস্ব ব্যয় | | | | | |
| | কর্মকর্তাদের বেতন | সংখ্যা | ৪৯৮ | ১,৩৯৯.৯০ | ৪৯৮ (১০০%) | ১,৩৫২.৪০ (৯৬.৬১%) |
| | পে অব স্টাবলিশমেন্ট | সংখ্যা | ৪৫১ | ১,১৮৯.৫২ | ৪৫১ (১০০%) | ১,০৯৮.৫১ (৯২.৩৫%) |

| ক্রমিক নং | সংশোধিত ডিপিপি অনুযায়ী কাজের অংগ | একক | সংশোধিত ডিপিপি অনুযায়ী পরিকল্পিত লক্ষ্যমাত্রা | | প্রকৃত বাস্তবায়ন (জুন/২০১৫ পর্যন্ত) | |
|---|---|---|---|---|---|---|
| | | | বাস্তব | আর্থিক | বাস্তব (%) | আর্থিক (%) |
| ১ | ২ | ৩ | ৪ | ৫ | ৬ | ৭ |
| | ভাতাদী | থোক | থোক | ১,৫৭০.৭৬ | থোক | ১,৫২২.২৬ (৯৬.৯১) |
| | সরবরাহ ও সেবা | থোক | থোক | ১৬,১০৩.৩৫ | থোক | ১৬,১০৩.২০ (১০০%) |
| | নির্মাণ, রক্ষণাবেক্ষণ ও পুনর্বাসন ব্যয় | থোক | থোক | ৩৪৮.৪২ | থোক | ৩৪৮.৪২ (১০০%) |
| | **উপ-মোট (১):** | | | **২০,৬১১.৯৫** | | **২০,৪২৪.৭৯ (৯৯.০৯%)** |
| ২ | **বিনিয়োগ ব্যয়** | | | | | |
| | সম্পদ অধিগ্রহণ | | | ৯,৫৪৮.৪৯ | | ৯,৫৪৮.৪৯ |
| | ভুমি অধিগ্রহণ ও অবকাঠামো ক্ষতিপূরণ | একর | ২৪.৭৯২ | ১,৮০৭.৯৯ | ২৪.৭৯২ (১০০%) | ১,৮০৭.৪৯ (১০০%) |
| | নির্মাণ কাজ | | | ৮৭,০৪০.৬৫ | ১০০% | ৮৬,৪৬৯.০৩ (৯৯.৩৪%) |
| | ডেভলপমেন্ট ইমপোর্ট ডিউটি ও ভ্যাট | | | ৩,৬১২.৭১ | ১০০% | ৩,৩৯৬.৫০ (৯৪.০২%) |
| | ইন্টারেস্ট চার্জ | | | ২,১৭৮.২১ | ১০০% | ২,১০৬.৮০ (৯৬.৭২%) |
| | **উপ-মোট –(২):** | | | **১০৪,১৮৮.০৫** | ১০০% | **১০৩,৩২৮.৩১ (৯৯.১৭%)** |
| | **সর্বমোট (১+২)** | | | **১২৪,৮০০.০০** | ১০০% | **১২৩,৭৫৩.১০ (৯৯.১৬%)** |

**৬। কাজ অসমাপ্ত থাকলে তার কারণ** : প্রকল্পের আওতায় সকল কাজ ১০০% সমাপ্ত হয়েছে।

**৭। সাধারণ পর্যবেক্ষণ:**

**৭.১। পটভূমিঃ** বিগত তিন দশকে বাংলাদেশের নগরায়ন বৃদ্ধি পাচ্ছে। দেশের ৩ কোটি ৮০ লক্ষ লোক নগর এলাকায় বসবাস করে যা মোট জনসংখ্যার শতকরা ২৭ ভাগ। নগর জনসংখ্যা বৃদ্ধির হার ২.৫% যা দেশের মোট জনসংখ্যা বৃদ্ধির হারের (১.৫%) চেয়ে বেশি। জনসংখ্যা বৃদ্ধির হারের তুলনায় দেশে নগরায়ন হয় নাই। বর্তমান জনসংখ্যা ও নগরায়ন বৃদ্ধির হার ঠিক থাকলে ২০১৫ সালের পর নগর এলাকায় বসবাসরত লোকের সংখ্যা হবে ৫ কোটি ১০ লক্ষ। নগর সেক্টর দেশের অর্থনীতিতে জিডিপি এর শতকরা ৫০ ভাগের উপরে অবদান রেখে থাকে। দ্রুত ও অনিয়ন্ত্রিত নগরায়নের ফলে অবকাঠামোর চাহিদা ব্যাপক বৃদ্ধি পেয়েছে।

দেশের এক তৃতীয়াংশ পৌরসভায় পানি সরবরাহ ব্যবস্থা থাকলেও তা দিনে মাত্র ২ থেকে ৪ ঘন্টার জন্য। পানির গুনগতমানও ভাল নয় এবং অনেক ক্ষেত্রে আর্সেনিকযুক্ত। নগরের শতকরা ৩০ জন লোকের স্বাস্থ্য সম্মত স্যানিটারী লেট্রিন নেই। নগরের বস্তি এলাকায় শতকরা ৪০ ভাগ মানুষ খোলা পায়খানা ব্যবহার করে এবং তাদের কোন স্যানিটারী লেট্রিন নেই। ঢাকা শহরের কিছু এলাকা ব্যতীত বাংলাদেশের নগর এলাকার কোথাও সুয়ারেজ লাইন নেই। নগর এলাকায় বর্জ্যদ্রব্য সংগ্রহের পরিমাণ শতকরা ২০ ভাগ। নগরবাসী তাদের বর্জ্যদ্রব্য রাস্তা, খোলা জায়গা এবং ড্রেনে ফেলে দেয়। পৌরসভার ড্রেনেজ ব্যবস্থা দূর্বল এবং যথাযথ রক্ষণাবেক্ষণ করা হয় না। বর্ষার সময় নগরের রাস্তা প্রায়ই পানিতে ডুবে যায়। চাহিদা অনুসারে রাস্তা ও নগরের ব্রীজ ও কালভার্টসমূহ পর্যাপ্ত না থাকায় নগর এলাকায় যানজট লেগেই থাকে। উল্লেখযোগ্য অগ্রগতি হওয়ার পরেও নগরের অনেক মানুষ দারিদ্রসীমার নীচে বাস করে। নগরের দরিদ্র জনসংখ্যার পরিমান ১ কোটি ১০ লক্ষ যা প্রায় শতকরা ৩০ ভাগ। নগরের অর্থনৈতিক সুযোগ সুবিধা

গ্রামের গরীব লোকদের শহরের দিকে আকর্ষণ করে। নগরের বস্তি এলাকায় মৌলিক সুবিধা ব্যতীত অনেক গরীব লোক বসবাস করে।

পৌরসভা পরিচালনায় জনগণের সম্পৃক্ততা কম থাকায় এবং জবাবদিহিতার অভাবসহ আর্থিক ব্যবস্থাপনার দূর্বলতার কারণে পৌরসভার পরিচালন ব্যবস্থাপনা তুলণামূলকভাবে দূর্বল। পৌরসভার নিজস্ব আয় কম হওযায় সবসময়েই সরকারের বরাদ্দের উপরেই পৌরসভাকে নির্ভর করতে হয়। পৌরসভার হোল্ডিং ট্যাক্স আদায়ের পরিমাণও খুবই কম। পৌরসভা পরিচালনায় দক্ষ ও প্রশিক্ষিত জনবল কম এবং অনেক পৌরসভাতেই প্রয়োজনীয় লোকবলেরও খুব অভাব। পৌরসভার ভূমি ব্যবহারের কোন Land use plan নেই। অপরিকল্পিত ও দ্রুত নগরায়ন বসবাসকারী জনগণের জন্য ব্যাপক অবকাঠামোসহ নাগরিক সেবার চাহিদা বাড়িয়ে দিয়েছে। বাংলাদেশের নগরের ভৌত অবকাঠামোসহ নাগরিক সেবার চাহিদা পূরণের লক্ষ্যে বিভিন্ন উন্নয়ন সহযোগী সংস্থার সহায়তায় সরকার কয়েকটি প্রকল্প বাসত্মবায়ন করে। তবে এগুলোর বাসত্মবায়নকালে পৌরসভার দক্ষতা বৃদ্ধি তেমন না হওয়ায় ও জনগণের সম্পৃক্ততা কম থাকায় এশীয় উন্নয়ন ব্যাংক (ADB) এর সহায়তায় ২০০৩-১০ সন পর্যন্ত ''নগর পরিচালন ও অবকাঠামো উন্নয়ন প্রকল্প'' (UGIIP-I) দেশের ৩০ (ত্রিশ)টি পৌরসভায় বাস্তবায়িত হয়। এই প্রকল্পে প্রথম বারের মত শর্তাধীনে ও পৌরসভার শর্তপালনে সফলতার ভিত্তিতে অবকাঠামো তহবিল বরাদ্দের ব্যবস্থা রাখা হয়। এই শর্তগুলো মূলতঃ পৌরসভার দক্ষতা, স্বচ্ছতা ও জবাবদিহিতা বৃদ্ধি এবং দায় দেনা পরিশোধ করে নিজস্ব আয় বাড়ানো সংক্রান্ত। এশীয় উন্নয়ন ব্যাংকের সহায়তায় ইতিপূর্বে Urban Sector এ বাস্তবায়িত প্রকল্পসমূহ থেকে বিশেষত UGIIP-I প্রকল্পের শিক্ষা ও অভিজ্ঞতা গ্রহণ করে টেকসই উন্নয়নের জন্য দ্বিতীয় নগর পরিচালন ও অবকাঠামো উন্নতিকরণ (সেক্টর) প্রকল্প নির্বাচিত ৩৫ (পয়ত্রিশ) টি পৌরসভায় গ্রহণ করা হয়।

**৭.২ উদ্দেশ্যঃ এ প্রকল্পের মূল উদ্দেশ্যসমূহ হলোঃ**

- পৌরসেবা প্রদানে পৌরসভার দক্ষতা বৃদ্ধিকরণ;
- নাগরিকদের প্রতি পৌরসভার দায়বদ্ধতা নিশ্চিতকরণ; এবং
- ভৌত অবকাঠামো উন্নয়ন এবং মৌলিক পৌরসেবার মান উন্নয়ন।

**৭.৩ প্রকল্প অনুমোদন ও সংশোধনঃ**

